ফারুক ভাই রহিমাহুল্লাহর সংশোধন পন্থা ও দীক্ষা দানের একটি পন্থা হলো: তিনি সঙ্গীদের কাছ থেকে মুহব্বত স্নেহ সহকারে তাদের কাজের খোঁজ-খবর নিতেন। তিনি সঙ্গীদের নামাযের অবস্থা সম্পর্কে জিজ্ঞেস করতেন, তিলাওয়াত সম্পর্কে প্রশ্ন করতেন, প্রত্যেক সাথিকে তার আমলের কারণে সান্ত্বনা দান করতেন। একইভাবে যদি কোনো সাথির ভুল ত্রুটি অথবা গুনাহের কথা জানতে পারতেন, তাকে আলাদাভাবে মুহব্বত সহকারে বোঝাতেন, তার সম্মানের কথা লক্ষ্য রাখতেন, তার ভালো দিকগুলোর প্রশংসা করতেন এবং সান্ত্বনা দিয়ে তাকে সংশোধন করতেন। তিনি শুধু বড় বড় নিষিদ্ধ বিষয়গুলো সংশোধনের চিন্তা করতেন না, বরং সাথি ভাইদের আদব-আখলাক চাল-

---

[12] ওই রাসুল যিনি তোমাদের সামনে আল্লাহর আলো দানকারী আয়াত সমূহ পাঠ করে শোনান ঈমানদার ও সৎকর্মশীল ব্যক্তিদের কে অন্ধকার থেকে আলোর পথে নিয়ে আসার জন্য [সুরা তালাক আয়াত নং ১১]

চলন —এক কথায় সমস্ত বিষয় অভিভাবকের মতো সংশোধন করে দিতেন। ওই সময়টাতে আমি কত যুবককে দেখেছি তাঁর নামে পাগল! তারা তাঁকে সবকিছু উজাড় করে ভালোবাসতো। তাকে নিজেদের শায়খ ও মুরুব্বি মনে করতো এবং তার মাধ্যমে আত্মশুদ্ধি করাতো।

সৃষ্টির সেবার আগ্রহ
বিভিন্ন দাওয়াতী ও শুদ্ধিমূলক কর্মপ্রয়াসের পাশাপাশি যখন কোথাও কোন দুর্বল কিংবা অসহায় ব্যক্তির সাহায্যের প্রয়োজন হতো সেখানে তিনি সাহায্যের জন্য পৌঁছে যেতেন। তিনি সৃষ্টির সেবায় নিয়োজিত হওয়ার জন্য অন্যান্য কার্যক্রম স্থগিত করে দিতেন। সর্বোপরি তিনি দুর্বল ও অসহায়দের সাহায্যের জন্য অস্থির হয়ে উঠতেন এবং নিজের সকল যোগ্যতা এই কাজের জন্য উৎসর্গ করে দিতেন।

খুব সম্ভব ১৯৯৯ সালের কথা; কিছুটা আগে পরে হতে পারে। রাওয়ালপিন্ডিতে প্রসিদ্ধ লাই নালায় অত্যধিক বৃষ্টি বর্ষণের কারণে পানি উপচে পড়ে এবং বন্যায় রাওয়ালপিন্ডির কয়েকটি বসতি ডুবে যায়। কিছু লোক ওই বন্যায় নিহত হয় এবং হাজার হাজার মানুষ বাস্তুহারা হয়। তিনি এ সময় বন্ধু- বান্ধবদেরকে নিয়ে বন্যাপীড়িতদের সাহায্যের জন্য যান। খাদ্য পানীয় থেকে আরম্ভ করে অন্যান্য প্রয়োজনীয় বস্তু নিয়ে সেখানে বিতরণের চেষ্টা করেন। সারাটা দিন ঘুরে ঘুরে লোকদের প্রয়োজনের তথ্য নেন এবং তাদের প্রয়োজন অনুসারে ত্রাণ প্রস্তুত করেন। বন্যা এতটা ধ্বংসাত্মক ছিল যে, সেখানে মহামারী দেখা দেয়। পানিতে রোগের প্রভাব দেখা দেয়। লাই নালার আশপাশের কিছু বস্তিতে কাজ করতে গিয়ে তাঁকে ওই পানিই পান করতে হয়। পানি খাওয়ার পর তাঁর পেটে কঠিন ইনফেকশন হয় এবং তিনি [85]

অসুস্থ হয়ে পড়েন। অতঃপর অনেক চিকিৎসা করানো হয় কিন্তু শাহাদাত লাভের আগ পর্যন্ত ওই ইনফেকশনের প্রভাব আর দূর হয়নি। শেষ সময় পর্যন্ত তিনি পেটের বিভিন্ন অসুখে ভোগেন। আল্লাহ তাআলা তার প্রতি সন্তুষ্ট হোন, আমীন।

সহায়তা কার্যক্রমের সময় যেখানেই সুযোগ পেতেন তিনি দীনী দাওয়াতের কাজ করতেন। লোকদেরকে নামাযের প্রতি যত্নবান হবার এবং অনৈতিক কাজ পরিহারের নসীহত করতেন। তার নসীহত ও উপদেশের মাঝে স্নেহ নম্রতা প্রবল হতো।

ওই দিনগুলোতেই একবার তার এক বন্ধু তাকে বলেন, আপনি সহায়তা কার্যক্রমের ছবি তুলে রিপোর্ট বানিয়ে সেগুলো ছাপছেন না কেন? এরপর এখানে বন্যা কবলিত বস্তিতে অথবা মিডিয়াতে সেগুলো প্রচারের জন্য দিন। এটা আপনার দাওয়াতী কার্যক্রমে ভূমিকা রাখবে। কিন্তু তিনি বন্ধুর ঐ প্রস্তাব নাকচ করে দেন। তার কথা ছিল, এভাবে আত্মপ্রদর্শনের পন্থায় দাওয়াত দেয়ার দ্বারা ফায়দার পরিবর্তে ক্ষতি হয়। আল্লাহ তাআলা আমাদের নিষ্ঠা দেখেন। যদি নিষ্ঠা থাকে, তাহলে আল্লাহ তাআলা নিজেই আমাদের কাজে বরকত দান করবেন।

এমন পুষ্প বাগিচা, যার সুবাস সর্বদা সবার জন্য

ফারুক ভাই রহিমাহুল্লাহকে যখন থেকে আমি দেখেছি, তখন থেকে নিয়ে তার শাহাদাতের আগ পর্যন্ত আমি তার বন্ধুদের তালিকায় সর্বদা ছিলাম। এটা আমার জন্য অনেক বড় গর্বের বিষয়। কিন্তু এ কথাও সত্য, এই পুরো সময়ে তার অফিসিয়াল সাথিদের মধ্যে অফিসিয়ালি আমি সবচেয়ে বেশি বাহিরে এবং তার থেকে দূরে ছিলাম। কিন্তু তা সত্ত্বেও যখনই ব্যক্তিগত আত্মসংশোধনের বিষয় এসেছে, তখন তিনি

[86]

আমার চেয়েও বেশি আমার কল্যাণকামী হয়ে আমার উদাসীনতা দূর করেছেন। যাই হোক, এতক্ষণ কথা হচ্ছিলো শহীদ ফারুক ভাই রহিমাহুল্লাহর জিহাদ ও হিজরত-পূর্ব সময়কার। তিনি সর্ব বিষয়ে বন্ধু- বান্ধবের দীক্ষা সংশোধন এবং দীনী কল্যাণের চিন্তা করতেন। আমার মনে পড়ে, ইন্টার শেষ করার পর ফয়সালাবাদের কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটরিনারি মেডিসিন

13 বা পশু চিকিৎসা বিভাগে আমার ভর্তি হতে
হয়। পরিস্থিতির কারণে হঠাৎ ঘর থেকে বের হই এবং বের হওয়া মাত্রই তাঁর সঙ্গে মিলিত হই। ভালো কথা। কিছুদিন পর যখন ছুটিতে ঘরে ফিরি তখন তিনি কপট রাগ দেখিয়ে আমাকে অভ্যর্থনা জানান। অতঃপর খুব গাম্ভীর্য সহকারে আমাকে নিয়ে বসে পড়েন এবং বলতে থাকেন, “ভাই আল্লাহ আপনাকে পশু চিকিৎসার পেছনে নিজের জীবন উৎসর্গ করে দেয়ার চেয়ে অনেক বড় উদ্দেশ্যের জন্য সৃষ্টি করেছেন। তিনি আমাকে বোঝাতে থাকেন, দীনী উদ্দেশ্য নিয়ে জীবন-যাপন করা এবং দীনী বিষয় শিখতে চেষ্টা করা উচিত। এটা ওই সময়কার কথা, যখন তিনি ইসলামী বিশ্ববিদ্যালয়ে তিন বছর পড়াশোনা করেছিলেন আর এ কারণেই তিনি বিশ্ববিদ্যালয়ের অবস্থা সম্পর্কে ভালোভাবে অবগত ছিলেন। তাই তিনি বলেন, “আমি এ কথা বলছি না, বিশ্ববিদ্যালয়ের ইলমী মান অনেক ভালো; কিন্তু তবুও পশু দেখাশোনার কাজের চেয়ে কয়েকগুণ ভালো তাতে সন্দেহ নেই। তাই আপনি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে কিছু দীনি ইলম ও শাস্ত্র শিখে নিন — যা কাল কিয়ামতের দিন আপনার কাজে আসবে।” এরপর তাঁর এবং আরও কিছু ভাইয়ের পীড়াপীড়ির কারণে আমি কৃষি বিশ্ববিদ্যালয় ছেড়ে দিই এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের শরীয়া ফ্যাকাল্টিতে ভর্তি হই। আল্লাহ তাআলা এই সিদ্ধান্তের মাঝে কল্যাণ দান করেন। ইসলামী বিশ্ববিদ্যালয়ে আমাদের

13 Veterinary medicine
[87]

আসাটাই পরবর্তীতে আমার এবং ফারুক ভাই রহিমাহুল্লাহর জন্য জিহাদের সঙ্গে যুক্ত হবার বাহ্যিক কারণ হিসেবে প্রমাণিত হয়। হে রব! সকল প্রশংসা একমাত্র আপনার জন্য।

যাই হোক কথা হচ্ছে ফারুক রহিমাহুল্লাহ বন্ধু- বান্ধব এবং সাথিদের সঙ্গে নিষ্ঠাপূর্ণ নিখাদ সম্পর্ক রাখতেন। তার সঙ্গে কারও সম্পর্ক থাকলে ঐ ব্যক্তি নিশ্চিন্ত থাকতো, তার ঈমান ও আখিরাতের ব্যাপারে তিনি খেয়াল রাখবেন এবং নসীহত করবেন। এখানে আবারও বলতে চাই, যে সময়ে তিনি আমার বিশ্ববিদ্যালয়ে ভর্তির ব্যাপারে খুবই উদ্বুদ্ধ করেন, তখন আমি তার সাথি সঙ্গীদের থেকে আলাদা ছিলাম; এমনকি আমার নির্বুদ্ধিতার কারণে তার কিছু দাওয়াতী কর্মপদ্ধতির সঙ্গে আমার মতপার্থক্য পর্যন্ত ছিল; কিন্তু তা তাঁর ভালোবাসা নিষ্ঠা ও বন্ধুত্বে কোনো প্রভাব ফেলেনি।

ইসলামী বিশ্ববিদ্যালয়ে উলামায়ে কেরামের মসনদে..
জামিয়া ইসলামিয়া ইসলামাবাদে আমাদের সময়ে একটা রীতি চালু ছিল। সপ্তাহে একবার সন্ধ্যার সময় হোস্টেলের সবুজ প্রাঙ্গনে (যা ওই সময় জামে মসজিদের ভূমিকা পালন করতো) আসর নামাযের পর কুরআনের ক্লাস অনুষ্ঠিত হতো। কুরআনের ওই ক্লাসে বিশ্ববিদ্যালয়ের শত শত শিক্ষার্থী অংশগ্রহণ করতো। বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ এই ক্লাসের আয়োজন করতো এবং প্রতি সপ্তাহে বিশ্ববিদ্যালয়ের বড় বড় আলেম অধ্যাপকদের মধ্য থেকে কোনো একজন আত্মশুদ্ধি ইত্যাদি বিষয়ের উপর [88]

আলোচনা করতেন। এই উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের আরব অনারব এমন উলামায়ে কেরামকে বাছাই করা হতো, আত্মশুদ্ধির অঙ্গনে যাদের অভিজ্ঞতা রয়েছে। ফারুক ভাই রহিমাহুল্লাহর ব্যক্তিত্ব ও প্রতিভা দেখে এবং তার শিক্ষকদের সুপারিশের ভিত্তিতে একবার কুরআন ক্লাসের জন্য কর্তৃপক্ষের পক্ষ থেকে তাঁকে নির্বাচন করা হয়। অথচ তখন পর্যন্ত তিনি তালিবুল ইলম তথা শিক্ষার্থী ছিলেন। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সীরাতের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীর মাঝে এটা আশ্চর্যের বিষয় ছিল যে, আলেমদের আসনে ফারুক ভাই রহিমাহুল্লাহকে বসানো হয়েছে। আমি তখন কোনো ব্যস্ততার কারণে উক্ত ক্লাসে অংশগ্রহণ করতে পারিনি, কিন্তু ফারুক ভাই রহিমাহুল্লাহর ব্যাপারে না জানার কারণে তার প্রতি বিদ্বেষী মনোভাবাপন্ন কিছু ছাত্রের মুখে ওই ক্লাসের ব্যাপারে প্রশংসা শুনেছি।

এতক্ষণ পর্যন্ত ফারুক ভাই রহিমাহুল্লাহর প্রথম জীবনের অবস্থা নিয়ে আলোচনা হলো। সামনে থেকে শুরু হবে জিহাদের দাওয়াত লাভ এবং এর সঙ্গে যুক্ত হওয়ার সময়কালের আলোচনা। তিনি দীনি দাওয়াত এবং জিহাদ ফী সাবীলিল্লাহ উভয় অঙ্গনের অশ্বারোহী ছিলেন। তার জীবনের দ্বিতীয় মারহালা সম্পর্কে সামনের অধ্যায়ে বিস্তারিত আলোচনা করা হবে ইনশাআল্লাহ।

চতুর্থ অধ্যায়: জিহাদের খোঁজে
সফর

[89]

বন্ধুদের মজলিসে রেশমি কাপড়ের মতো নরম *** হক-বাতিলের রণাঙ্গনে ঈমানদার হলো লোহার মতো শক্ত

ফারুক ভাই রহিমাহুল্লাহ পূর্ণাঙ্গ দীনের ওপর চলার কথা বলতেন। কুরআন হাদীস আমাদেরকে কোন্ বিষয়ের আহ্বান জানায়, এটাই ছিল তার আসল বিষয়বস্তু। আল্লাহ তাআলার সন্তুষ্টি অর্জন করার মতো আমলগুলোতে প্রতিযোগিতা করা ছিল তার পরিচয়। কুরআন হাদীস থেকে জীবনের প্রতিটি ক্ষেত্রে দিকনির্দেশনা নেয়া ছিল তার কর্মপন্থা। এমন ভাগ্যবান ব্যক্তি দীন ইসলামের সবচেয়ে মহান অধ্যায় জিহাদ ফী সাবীলিল্লাহ থেকে দূরে থাকা কেমন করে সম্ভব হতে পারে? তিনি এমন ময়দানে কেন নিজের দেহে ধুলো মাখবেন না, যে পথে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জীবনের বিরাট অংশ অতিবাহিত করেছেন? তিনি কেমন করে ওই সমস্ত ফ্রন্ট থেকে দূরে থাকবেন, যেখানে এক মুহূর্তে অবস্থান করা দুনিয়া এবং দুনিয়ার মধ্যে যা কিছু রয়েছে সবকিছু থেকে উত্তম? সুন্নতের আশেক যে ব্যক্তি- চলাফেরা এবং পোশাক পরিচ্ছদেও নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাহ অনুসরণের প্রতি ব্যাকুল, সে ব্যক্তি তরবারি ওয়ালা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জিহাদ ও কিতালের সুন্নত কেমন করে পরিত্যাগ করতে পারেন? ফারুক ভাই রহিমাহুল্লাহ জানতেন, নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এতটাই গভীর সম্পর্ক ছিল জিহাদ ফী সাবীলিল্লাহর সঙ্গে, যার কারণে ফুকাহায়ে কেরাম “সিয়ার” শব্দটিকে জিহাদ ও কিতালের জন্য বিশেষায়িত করেছেন। অথচ সিয়ার বা সীরাত শব্দটি আরবী ভাষায় মূলত জীবনী বোঝানোর জন্য ব্যবহৃত হয়। কিন্তু যেহেতু জিহাদ ও কিতাল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বরকতময় [90]

জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও মৌলিক অঙ্গ— অথবা এমনটা বলা যেতে পারে: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মোবারক জীবনের সবচেয়ে উল্লেখযোগ্য এবং সবিস্তার অঙ্গ— এজন্য শারঈ আইনশাস্ত্রে সীরাত অথবা সিয়ার শব্দকে জিহাদের মাসায়েল বর্ণনার জন্য বিশেষায়িত করে দেয়া হয়েছে।

ফারুক ভাই রহিমাহুল্লাহর ব্যক্তিত্ব দেখে মনে হতো, তার দীক্ষা এবং ঈমানী অবস্থাকে আল্লাহ তাআলা এমন স্তরে উন্নীত করতে চাচ্ছিলেন, যার পর তিনি যে কোনো জায়গা থেকে জিহাদের দাওয়াত পাওয়া মাত্রই এতদিনের দাওয়াতী কাজ স্থগিত করে জিহাদী কাজ আরম্ভ করে দেবেন। তিনি ইবাদতের ফযীলত ও শ্রেষ্ঠত্ব শোনাতেন এবং সে অনুযায়ী আমল করার ক্ষেত্রে অগ্রসর ছিলেন। এখন তিনি যখন জিহাদের বিরাট ও সীমাহীন ফযীলতগুলো পড়েন; খোদ রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে আমলের চেয়ে অধিক ফযীলতপূর্ণ কোনো পথ পাননি, তা থেকে দূরে থাকা তাঁর পক্ষে কেমন করে সম্ভব হতে পারে?

অতঃপর উম্মাহর মায়া-মমতায় নিমজ্জিত সংবেদনশীল হৃদয়ের অধিকারী এবং মুসলিম উম্মাহর দুঃখ-দুর্দশা, ইহুদী কাফের ও হিন্দু মুশরিকদের প্রতারণা সম্পর্কে অবগত ব্যক্তির জন্য উম্মাহর প্রতিষ্ঠার কোন পথ পেয়ে যাওয়া সত্ত্বেও সে পথে সবকিছু উজাড় করে না দিয়ে স্থির থাকা কেমন করে সম্ভব হতে পারে?

শৈশব কাল থেকেই জিহাদ ও শাহাদাতের আগ্রহ

[91]

তাঁর পরিবার ও শৈশবকালের আলোচনায় আমরা বলেছি, জীবনের প্রথম বছরগুলোতে জিহাদ ও শাহাদাতের আগ্রহ তার মাঝে বিদ্যমান ছিল। রুশ বিরোধী জিহাদ চলাকালে মুজাহিদীনের সঙ্গে সম্পর্কের কিছু স্মৃতি তাঁর মাঝে জিহাদের আগ্রহ সর্বদাই জাগ্রত রাখতো। তার স্মরণ ছিল, যখন তিনি একেবারেই ছোট ছিলেন, তার সম্মানিত পিতার সঙ্গে মুজাহিদীনের কয়েকজন বড় নেতার বৈঠকে অংশগ্রহণ করেন। এরপর ধীরে ধীরে যখন তিনি পরিণত বয়সে পৌঁছুতে থাকেন, কুরআনের সঙ্গে যখন তার সম্পর্ক উত্তরোত্তর বৃদ্ধি পেতে থাকে, তখন জিহাদ ও শাহাদাতের আগ্রহও তার মাঝে বৃদ্ধি পায়। যখন কাশ্মীর জিহাদের গর্জনে পাকিস্তানের দেয়ালগুলো প্রকম্পিত হয়ে ওঠে, তখন কিশোর ফারুক ভাই রহিমাহুল্লাহ কাশ্মীর জিহাদের ঘটনাবলী ও কবিতা শুনে শুনে জিহাদের আগ্রহ মনের মধ্যে লালন করতে থাকেন।

দরসগুলোতে জিহাদ ও শাহাদাতের আলোচনায় আবেগ আপ্লুত হয়ে ওঠা
ফারুক ভাই রহিমাহুল্লাহর প্রথম দিকের ক্লাসগুলো আসলে আত্মশুদ্ধিমূলক বিভিন্ন বিষয়ের উপর হতো। মৌলিকভাবে তার আলোচনা অরাজনৈতিক ছিল এবং তাতে আবেগ জযবার পরিবর্তে গাম্ভীর্য ও সরলতা অধিক পরিমাণে পাওয়া যেত। কিন্তু তা সত্ত্বেও যখন কুরআন তালিমের মাঝে জিহাদের আলোচনা আসতো এবং শাহাদাতের ব্যাপারে কথা হতো, তখন তিনি আবেগে আপ্লুত হয়ে উঠতেন। তিনি নিজের জন্য এবং সাথি- সঙ্গীদের জন্য জিহাদে অংশগ্রহণের দোয়া চাইতেন, শাহাদাতের তামান্না করতেন, তার আওয়াজ ভারী হয়ে উঠতো এবং চোখ ভিজে যেত। তিনি বারবার এই কথা বলতেন যে, জিহাদ ফরয হবার পর আমাদের সবকিছু ছেড়ে জিহাদে অংশগ্রহণ করতে হবে। প্রকৃতপক্ষে তাঁর

[92]

ক্লাসগুলোর মধ্য দিয়ে তিনি এমন প্রজন্ম তৈরি করে যাচ্ছিলেন, যারা আল্লাহর প্রতিটি নির্দেশ অনুযায়ী কাজ করার জন্য প্রতিনিয়তই প্রস্তুত থাকবে। এরপর যেই মাত্র তিনি জিহাদ ফরয হওয়ার কথা জানতে পারেন এবং এপথ তার সামনে খুলে যায় তৎক্ষণাৎ তিনি সে পথে অগ্রসর হন।

তালেবানের আফগানিস্তানে সফর ১৯৯৯ সালে আফগানিস্তানে দুর্ভিক্ষের অবস্থা তৈরি হয়। আমেরিকা এবং জাতিসংঘ অন্যায় অবরোধ আরোপ করে আফগানিস্তানের জন্য বাণিজ্যের সকল পথ বন্ধ করে দেয়। ফলে শস্যের অভাব দেখা যায় এবং খাদ্য সামগ্রীর মূল্য অনেক বেড়ে যায়। অপরদিকে আফগানিস্তানে অনাবৃষ্টির কারণে স্থানীয় ফসলের অভাব দেখা দেয়। সবকিছু মিলিয়ে আফগানিস্তানে দুর্ভিক্ষ আসে। দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী সেখানকার সাধারণ মানুষের জন্য জীবন ধারণ করা কঠিন থেকে কঠিনতর হয়ে ওঠে। অপরদিকে পশ্চিমা সমর্থনপ্রাপ্ত উত্তরাঞ্চলীয় জোটের বিরুদ্ধে পুরোদমে যুদ্ধ চলার কারণে তালেবানের পক্ষে জনসাধারণের প্রতি মনোযোগ দেয়া কঠিন হয়ে যায়। এমন পরিস্থিতিতে পাকিস্তানের সৎকর্মশীল ব্যক্তিগণ প্রাণ খুলে আফগান ভাইদের সাহায্যে এগিয়ে আসেন। তারা আফগান ভাইদের জন্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী প্রেরণ করেন। রেশন তাঁবু কাপড় সহ নিত্য প্রয়োজনীয় পণ্যদ্রব্য সরবরাহে তারা ভ্রাতৃত্বের সর্বোত্তম দৃষ্টান্ত স্থাপন করেন।

মুসলিমদের প্রয়োজনের এই সংবেদনশীল সময়ে তিনি নিজের সকল ব্যস্ততা ছেড়ে আফগান ভাইদের সাহায্য-সহযোগিতায় কোমর বেঁধে নেমে পড়েন। ঘরে বাজারে মহল্লায় গিয়ে গিয়ে রেশন, আর্থিক সহযোগিতা, [93]

কাপড় ইত্যাদি সংগ্রহ করতে থাকেন। এই কর্ম প্রয়াসে আমারও তার পাশে থাকার সৌভাগ্য ঘটে। আমরা দুজন বের হতাম এবং যেখানে কোনো হৃদয়বান লোকের সন্ধান পেতাম, সেখানে গিয়ে আফগান মুসলিমদের অবস্থা উল্লেখ করে তার কাছে সাহায্যের আবেদন করতাম। এ সময় অপরকে প্রাধান্য দান ও আত্ম-উৎসর্গের এমন দৃষ্টান্ত আমরা দেখতে পাই, যা হতবাক করে দেয়। পুরুষেরা নিজেদের ব্যাংক ব্যালেন্স খালি করে দেয় এবং মা-বোনেরা তাদের গলার হার ও বালা খুলে দিয়ে দেয়। প্যাকিং করার জন্য যখন আমরা দ্রব্য সামগ্রী নিয়ে বসতাম, তখন কখনও কখনও এমন কিছু জিনিস চোখে পড়তো, যা আমাদেরকে বিস্মিত করে দিতো। নব দুলহানের মূল্যবান বিয়ের পোশাক দ্রব্য সামগ্রী বের হয়ে আসতো। সেগুলো দেখে আমাদের মুখ হা হয়ে যেত। আমরা বলতাম, এই নাজুক সময়ে আফগানরা এগুলো দিয়ে কি করবে? কিন্তু প্রেরণকারীদের পক্ষ থেকে জবাব আসতো, ভাই নিজেদের ঘরের সবচেয়ে মূল্যবান ও প্রিয় জিনিস যেহেতু আল্লাহর রাস্তায় দিয়ে দিতে হবে, তাই এখন আমাদের ঘরে এগুলোই সবচেয়ে মূল্যবান; তাছাড়া আমাদের আফগান বোনদেরও তো বিয়ে-শাদী হবে, সে কারণে এগুলো রেখে দিন।

যাইহোক বেশ কয়েকদিনের কর্মপ্রচেষ্টার পর অনেক দ্রব্য সামগ্রী সংগৃহীত হয়। অনেকগুলো ট্রাকে সেগুলো বোঝাই করা হয়। প্রথম গাড়িতে আফগান পথপ্রদর্শক চড়ে বসেন। তার পিছনে কাফেলা চলতে আরম্ভ করে। রাহবার সাহেবের গাড়িতে একটি সিট খালি দেখে ফারুক ভাই রহিমাহুল্লাহ সঙ্গে যাবার আবেদন করেন। যাওয়ার জন্য আমরা দুজনেই আগ্রহী ছিলাম কিন্তু আমার বয়স কম হওয়ার কারণে তিনি যান। (আমার বয়স সে সময় ১৪ বছর এবং ফারুক রহিমাহুল্লাহ এর বয়স ১৭ বছর ছিল) এভাবেই তিনি গাড়িতে বসে যাত্রা আরম্ভ করেন আর আমি চোখে অশ্রু

[94]

নিয়ে ঘরে ফিরে আসি। তিনি প্রায় এক সপ্তাহের জন্য আফগানিস্তানে অবস্থান করেন। যতদূর আমার মনে পড়ে, জালালাবাদ এবং কাবুলে তিনি এই সময়টা অতিবাহিত করেন। এখানে তার আব্বাজানের সাথি ভাই তালেবানের উচ্চপদস্থ নেতৃবৃন্দের সঙ্গে তিনি সাক্ষাতের সুযোগ পান— যাদের মাঝে উল্লেখযোগ্য হলেন, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের তদানীন্তন প্রধান মোল্লা উবায়দুল্লাহ আখুন্দ

14

রহিমাহুল্লাহ। তালেবানের অনুমতিক্রমে ও দিকনির্দেশনায় আফগানিস্তানের দুর্ভিক্ষ পীড়িত অঞ্চলগুলোতে গিয়ে তিনি দ্রব্য সামগ্রী বিতরণ করেন। তালেবানের নেতৃবৃন্দের সঙ্গে সাক্ষাৎ এবং এই সফর তাঁকে সীমাহীন প্রভাবিত করে। তাঁর ছিল অনুসন্ধানী মন এবং সত্য উদ্ঘাটনের কৌতূহল। তাই তিনি ইমারতে ইসলামিয়ার দায়িত্বশীলদের সঙ্গে তালেবানের শাসন ব্যবস্থা এবং আফগানিস্তানের সার্বিক অবস্থা সম্পর্কে আলাপ আলোচনা করেন এবং বিভিন্ন কিছু জিজ্ঞেস করে জেনে নেন।

সফর থেকে ফিরে আসার পর তিনি বন্ধু-বান্ধবদেরকে জড়ো করে তার আফগানিস্তানের সফর-কাহিনী বর্ণনা করেন। কয়েকটি বৈঠকে তিনি পুরো বিষয়টি আলোচনা করেন। এই বৈঠকগুলোতে তিনি আফগানিস্তানের সর্বশেষ পরিস্থিতি, তালেবান আন্দোলন পরিচিতি, তাদের সাফল্য এবং জিহাদ ফী সাবীলিল্লাহের দাওয়াতের উপর জোর দেন।

যদিও ওই সময় তালেবান মুজাহিদীন আফগানিস্তানের ৯০% এলাকা নিয়ন্ত্রণে নিয়ে নিয়েছিল, এমনকি ইসলামী শাসন ব্যবস্থা চালু করে নিজেদের দেশে শান্তি নিরাপত্তা নিশ্চিত করেছিল কিন্তু

14 মোল্লা উবায়দুল্লাহ আখন্দ প্রথম টার্মে তালেবান সরকারের প্রতিরক্ষামন্ত্রী ছিলেন। পাকিস্তানি সিকিউরিটি এজেন্সি তাকে গ্রেফতার করে। ২০১০ সালে তিনি আটক অবস্থায় শহীদ হন। আল্লাহ তাঁর প্রতি সন্তুষ্ট হোন!! পাকিস্তানবাসীকে তাঁর প্রতিশোধ নেওয়ার তৌফিক দান করুন আমীন!!

[95]

আন্তর্জাতিক মহলে মুসলিম বিশ্বের একটা বড় অংশ আফগানিস্তানে তালেবান আন্দোলনকে অভ্যন্তরীণ জাতীয়তাবাদী লড়াইয়ের একটি দল মনে করতো। তাই দেখা যেত তালেবানের সরলতা ও তাকওয়া দ্বারা প্রভাবিত অনেক হযরত উত্তরাঞ্চলীয় জোটের বিরুদ্ধে তাদের ভয়াবহ যুদ্ধের ঘটনা শুনে তালেবানের পক্ষে দাঁড়ানো থেকে বিরত থাকতো। ‘যরবে মুমিন’ মিডিয়ার মাধ্যমে তালেবানের বিজয় ধারা এবং ইতিবাচক সংবাদ আসতো, কিন্তু বিপরীত দিকের ভারী আওয়াজে তা শুনতে পাওয়া যেত না। এমন পরিস্থিতিতে তাঁর ক্লাস আমাদেরকে প্রকৃত অবস্থা সম্পর্কে অবহিত করে। তিনি তার ওই আলোচনায় যে সমস্ত চিত্তাকর্ষক তথ্য পেশ করেন, তন্মধ্যে বাছাইকৃত কিছু পয়েন্ট নিম্নরূপ:

০১- আফগানিস্তানে তালেবানের পূর্ণাঙ্গ সরকার সুপ্রতিষ্ঠিত। আফগানিস্তান বিবদমান যুদ্ধরত একাধিক গ্রুপের মাঝে বন্টিত কখনোই নয়; বরং পঞ্চশীর উপত্যকার ছোটো এলাকা এবং তাজিকিস্তান সংলগ্ন উত্তরাঞ্চলীয় প্রদেশের কিছু এলাকা ছাড়া গোটা আফগানিস্তানে তালেবানের নিয়ন্ত্রণ রয়েছে।

০২- তালেবান আফগানিস্তানে ইসলামী শরীয়াহ ভিত্তিক শাসন ব্যবস্থা কার্যকর করেছে। তারা দৈনন্দিন ছোটো ছোটো কাজ-কর্ম থেকে নিয়ে আন্তর্জাতিক সকল বিষয়ের সমাধান শরীয়তের আলোকে গ্রহণ করে থাকে। তালেবানের এখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আনীত শরীয়তের মাপকাঠি রয়েছে। এটাই তাদের আইন এবং এই আইন অনুসারেই তারা বিচার-ফয়সালা করে থাকে। তারা সৎ কাজের আদেশ করে এবং অসৎ কাজে বারণ করে। ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে ওই সফরে একজন সাথি ছিলেন যিনি পেশার দিক থেকে চিত্রশিল্পী (ফটোগ্রাফার)। আল্লাহর কুদরত এবং বিভিন্ন পবিত্র [96]

জায়গার চিত্তাকর্ষক ছবি তৈরি করা তার কাজ ছিল। তার কাবুলে গমনের একটা উদ্দেশ্য ছিল তালেবান আমলের কাবুল এবং যুদ্ধ পরবর্তী কাবুলের কিছু চিত্র তৈরি করা। কিন্তু যখন কাবুলে পৌঁছে তিনি ক্যামেরার সাহায্যে ছবি তুলতে আরম্ভ করেন তখন তালেবানের আমর বিল মারূফ তথা সৎ কাজের আদেশ বিভাগের দায়িত্বশীলগণ তাকে বারণ করেন। অতঃপর তাকে নম্রতা সহকারে সরলভাবে বোঝান, আপনি কি চান আল্লাহ আপনাকে দোযখে নিক্ষেপ করুন? আপনার কি জানা নেই আল্লাহ ছবি তৈরি কারীদেরকে অভিশাপ দিয়েছেন?” তালেবান দায়িত্বশীলের উপদেশে কাজ হয়। ঐ ভাই উক্ত পেশা থেকে তওবা করেন।

তিনি আমাদের কাছে আরও স্পষ্ট করেন, তালেবানের বিরুদ্ধে যুদ্ধরত উক্ত উত্তরাঞ্চলীয় জোট নামে যে গ্রুপটা রয়েছে, আফগানিস্তানের দশ শতাংশের চেয়েও কম এলাকা তাদের নিয়ন্ত্রণে। এই গ্রুপকে পশ্চিমা রাষ্ট্রগুলো বিশেষ করে আমেরিকা ও ফ্রান্স পুরোপুরিভাবে আর্থিক, সামরিক ও ইন্টেলিজেন্স সহায়তা দিয়ে যাচ্ছে। এই গ্রুপের মধ্যে সাবেক রুশ বিরোধী জিহাদের কতক মুজাহিদ রয়েছেন, কিন্তু তারা ব্যক্তিগত স্বার্থ ও ক্ষমতার জন্য একদিকে হাজার হাজার মুসলিমের রক্ত প্রবাহিত করেছে, অপরদিকে যেখানেই তারা ক্ষমতা পেয়েছে, সেখানে শরীয়তের শাসন প্রতিষ্ঠার ব্যাপারে সন্তোষজনক কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। এ কারণে এমন জালেমদের বিরুদ্ধে লড়াই করা কোনোরূপ গৃহযুদ্ধ নয়; বরং জিহাদ ফী সাবীলিল্লাহর একটি গুরুত্বপূর্ণ অঙ্গ।

গোটা বিশ্বে প্রসিদ্ধ তালেবান এবং তাদের নেতৃবৃন্দের সরলতা ও অকপটতা দ্বারা তিনি সীমাহীন প্রভাবান্বিত হন। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কার্যকলাপ এবং প্রতিরক্ষা মন্ত্রীর সরলতা লিল্লাহিয়াত, নিষ্ঠা, মহব্বত তাকে তালেবানের [97]

গুণগ্রাহী বানিয়ে দেয়। মন্ত্রী ও মন্ত্রণালয় নাম শুনলেই আমাদের পাকিস্তানিদের মানসপটে ভেসে ওঠে বিরাট আলিশান দালান, এরপর প্রটোকলের সারি সারি গাড়ি এবং সিকিউরিটি ফোর্সের সরো সরো হাঁকডাক, আর এই সব কিছুর মধ্যে দাম্ভিক অহঙ্কারী কিছু চেহারা। কিন্তু ফারুক ভাই রহিমাহুল্লাহ আফগানিস্তানে যা দেখেছেন সেটা তো সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুমের ঘটনাবলীর মাঝেই কেবল পাওয়া যায়।

একইভাবে তালেবানের ব্যাপারে একটা প্রোপাগান্ডা ছিল, তারা নারীদের ওপর জুলুম ও বাড়াবাড়ি করে। তিনি এই প্রোপাগান্ডার জবাবে কয়েকটি ঘটনা বর্ণনা করেন। এতে আফগান সমাজে পারিবারিক ও সাংসারিক সুসংহত জীবন গঠনে নারীদের গুরুত্বপূর্ণ ভূমিকা আমাদের সামনে চলে আসে। এ বিষয়গুলো তিনি ওই সময় প্রত্যক্ষ করেন যখন তিনি সহায়তা সামগ্রী বন্টনের জন্য আফগানিস্তানের বিভিন্ন মহল্লায় যান।

তিনি ধ্বংস ও আঘাতপ্রাপ্ত কাবুল নগরী প্রত্যক্ষ করেন, যেখানে দেয়ালগুলো গুলির আঘাতে ছড়ে গিয়েছিল এবং জায়গায় জায়গায় ধ্বংসপ্রাপ্ত ভবনের ধ্বংসাবশেষ নজরে পড়ছিল। কিন্তু এই ধ্বংসের পর ইসলামী শাসন ব্যবস্থায় এবং আল্লাহ রাব্বুল আলামীনের শরীয়তের বরকতে কাবুলে শান্তি নিরাপত্তা বিরাজ করে এবং প্রত্যেকের প্রাণ সম্পদ এবং অন্যান্য বিষয় সুরক্ষিত থাকে। এসব দেখে তিনি এই শিক্ষা অর্জন করেন যে, আল্লাহ তাআলার দীন প্রতিষ্ঠার পথ সহজ নয়। এটি ফুল বিছানো পথ নয়। এই পথে কখনো সবুজ শ্যামল শহরও ধ্বংসপ্রাপ্ত হয়ে যেতে পারে; কিন্তু মানুষ যদি ধৈর্য ও অবিচলতা সহকারে নিজ দায়িত্ব পালন করে, জুলুম অত্যাচার

[98]

থেকে বেঁচে থাকে, তাহলে ওই ধ্বংসাবশেষের নিচ থেকে বিজয়ের দালান উত্থিত হবে এবং আল্লাহর সাহায্যের বহু পথ বের হয়ে আসবে। সত্য অবশ্যই বিজয়ী হবে কিন্তু এই বিজয়ের পথে অনেক ত্যাগ-তিতিক্ষা ও পরীক্ষা সহ্য করতে হবে।

এক কথায় তাঁর ওই আলোচনা আফগানিস্তান সম্পর্কে স্বয়ং তার ওপর এবং তার সাথি-সঙ্গীদের ওপর খুবই ইতিবাচক প্রভাব বিস্তার করে। তালেবানের ব্যাপারে সংশয়-সন্দেহ দূর হয়ে যায় এবং তাদের সঙ্গে মহব্বত ভালোবাসা এবং তাদেরকে সাহায্য-সহায়তা করার অনুপ্রেরণা তৈরি হয়। এরই মধ্য দিয়ে তারা জিহাদ ফী সাবীলিল্লাহির একটা নগদ দাওয়াত পেয়ে যান। রণাঙ্গনে যাবার —এবং সত্যি করে বলতে.. সবার আগে তালেবানকে দেখার আগ্রহ তাদের মাঝে তৈরি হয়। কিন্তু একে তো ওই সময় কেউ নিয়মতান্ত্রিকভাবে তাদেরকে আফগানিস্তানের জিহাদে অংশগ্রহণের দাওয়াত দেয়নি, অপরদিকে রুটিন মাফিক তাদের শিক্ষা জীবন চলছিল। এ কারণে ওই সময় জিহাদের জন্য বের হবার কোন প্রোগ্রাম তৈরি করা যায়নি।

১১ই সেপ্টেম্বরের রণাঙ্গন: সত্য মিথ্যার পার্থক্য নির্ণয়ের দিন
২০০১ সালের ১১ই সেপ্টেম্বরে বিশ্বের ইতিহাসে একটি যুগান্তকারী ঘটনা সংঘটিত হয়। এই ঘটনার আগ পর্যন্ত পুরো পৃথিবী দীর্ঘ সময় যাবৎ বিভিন্ন ব্লক, বিবিধ জোট এবং এমনই চটকদার দুইয়ের অধিক পক্ষে বিভক্ত ছিল। এ ঘটনার পর পুরো বিশ্ব দুই ভাগে বিভক্ত হয়ে যায়। একদিকে ইসলামী ব্লক, যা প্রতিষ্ঠা করেছেন আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ উমর রহিমাহুল্লাহ এবং কায়েদে জিহাদ

[99]

শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ, অপরদিকে কাফেরদের ব্লক, যা প্রতিষ্ঠা করেছে বুশ, টনি ব্লেয়ার, পারভেজ মোশাররফ প্রমুখ ব্যক্তিবর্গ। গোটা বিশ্বের মুসলিমদের এবং বিশেষভাবে পাকিস্তানের আত্মমর্যাদাবোধ সম্পন্ন মুসলিমদের ধর্মীয় ভাবাবেগ এই সময় দেখার মতো ছিল।

আমেরিকা জুলুম ও অনাচারের উৎসমুখ

ইহুদীদের বৈশ্বিক পরিকল্পনা এবং অবৈধ ক্ষমতার সবচেয়ে বড় সমর্থক ও মদদদাতা ছিল আমেরিকা। আম্বিয়া কেরামের সালাতের স্থান আমাদের প্রথম কেবলা, যেখানে সর্বশ্রেষ্ঠ মানব রাহমাতুল্লাহ আলামিন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আম্বিয়ায়ে কেরাম আলাইহিমুস সালামের সালাতের ইমামতি করেছেন; ওই পবিত্র ভূমি, যেখানে শত শত নবী এসে নিজেদের দাওয়াত প্রচার করেছেন; ওই পবিত্র ভূখণ্ড, যেখানকার পাহাড় ও ফলের শপথ করে আল্লাহ তাআলা কুরআনে মাজীদে আয়াত নাযিল করেছেন; ওই ফিলিস্তিন ভূখণ্ড, যেখান থেকে আল্লাহ তাআলা ইহুদীদেরকে তাদের অপরাধের কারণে বহিষ্কার করেছেন, আম্বিয়ায়ে কেরাম এবং আল্লাহর অলিদের হত্যাকাণ্ড, আল্লাহর আয়াত সমূহ বিক্রি করে জাগতিক স্বার্থ হাসিল করা এবং অন্যান্য কুকর্মের কারণে সেখান থেকে আল্লাহ তাদেরকে বের করে দিয়েছেন, সেই ভূখণ্ডে এই আমেরিকার তত্ত্বাবধান ও পৃষ্ঠপোষকতায় ইহুদীদের পুনর্বাসনের ব্যবস্থা এবং এখন থেকে ফিলিস্তিনিদেরকে জোরপূর্বক বের করে দেয়া হচ্ছিলো। ফিলিস্তিনি মুসলিমদের উপর নৃশংসতা, পাশবিকতা, ধ্বংসযজ্ঞ, হত্যাকাণ্ড, গ্রেপ্তারি চাপিয়ে দিয়ে তাদের জায়গায় ইহুদীদেরকে বসবাসের সুযোগ দেয়া হচ্ছিলো। [100]

ইসরাইলের অভিশপ্ত অস্তিত্ব গোটা বিশ্বে ইসলাম ও মুসলিমদের বিরুদ্ধে ষড়যন্ত্রের কেন্দ্র ভূমি হয়ে উঠছিল। এই সবকিছুতে আমেরিকা পৃষ্ঠপোষকতা দিয়ে যাচ্ছিলো। খোদ আমেরিকা ইরাকে উপাসাগরীয় যুদ্ধ এবং সাদ্দামের জুলুম অত্যাচারের বাহানায় খাদ্য ও ওষুধ সামগ্রীর ওপর অবরোধ আরোপ করে। এভাবে আমেরিকা ১৫ লক্ষের অধিক নিষ্পাপ ইরাকি শিশুকে হত্যা করে। জাযিরাতুল আরবে ইরাকের বিরুদ্ধে সহায়তার অজুহাতে মার্কিন সেনাবাহিনী হারামাইন শারিফাইনের (আল্লাহ উভয়ের মর্যাদা আরও বৃদ্ধি করুন) আশেপাশে ঘাঁটি স্থাপন করে। এভাবেই কার্যত তারা আরব দখল করে নেয়। এই আমেরিকাই সারা পৃথিবী বিশেষত মুসলিম বিশ্বে অন্যায় ও ষড়যন্ত্রমূলক রাজনীতির মাধ্যমে এমন অর্থনীতি ও পররাষ্ট্র নীতি চালু করে রাখে, যার কারণে মুসলিম দেশগুলো কার্যতভাবে তার আনুগত্য মেনে জীবন যাপন করতে বাধ্য হয়। আমেরিকা এবং তার বিশ্ব নিয়ন্ত্রণের দ্বিতীয় অঙ্গ জাতিসংঘের পলিসি, প্রতারণামূলক সিদ্ধান্ত এবং পরোক্ষ সরকারের কারণে বায়ান্নের অধিক মুসলিম রাষ্ট্রের কোনটাতে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আনীত শরীয়ত বাস্তবায়ন করা সম্ভব হচ্ছিলো না। মুসলিম বিশ্বের খনিজ সম্পদ, নানান উপায় সম্ভাবনা এবং বিশেষ করে মুসলিম উম্মাহর তেল ও গ্যাসের খনি লুট করা এবং হাতিয়ে নেয়া সম্ভব হয়েছে মার্কিন পলিসির কারণেই। ফলে প্রাকৃতিক সম্পদের দিক থেকে পৃথিবীর সবচেয়ে ধনী মুসলিম দেশ সামগ্রিক বিবেচনায় পৃথিবীর সবচেয়ে দরিদ্র ও পশ্চাৎপদ দেশ ও জাতি হিসেবে অবস্থান নিয়েছে। এক কথায় পৃথিবীতে ইসলামের বিরুদ্ধে সকল ষড়যন্ত্রের পেছনে আমেরিকার হাত থাকার দর্শনটি একটা চাক্ষুষ বাস্তবতা ও সর্বসম্মত বিষয় হয়ে দাঁড়িয়েছিল।

[101]

আজ আমরা মাথা তুলে দাঁড়াতে সক্ষম
এই অবস্থায় ১১ই সেপ্টেম্বরের হামলাগুলোতে মুসলিমরা কতটা আনন্দিত হতে পারে তা বোধগম্য বিষয়। এতে মুসলিমদের মাথা উঁচু হয়েছে। এতদিন পর্যন্ত তারা আমেরিকার শান-শওকতের ঘটনা শুনে এসেছে। আমেরিকার এটম ও হাইড্রোজেন বোমা এবং বিমানবাহী নৌবাহিনীর বিরুদ্ধে ঘটনা শুনে এসেছে। আমেরিকার শহর নগরের আকাশচুম্বী ইমারত এবং নাসার মহাকাশ গবেষণা ও নভোযাত্রার ঘটনা শুনে এসেছে। কিন্তু আজ গোটা পৃথিবী আমেরিকার শান-শওকত মাটিতে মিশে যেতে দেখে। আজ মুসলিমরা শতাব্দীকালের প্রতিশোধ নেয়ার আনন্দ লাভ করে। সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুমের হাতে রোম সাম্রাজ্যের শান-শওকত মাটিতে মিশিয়ে দেয়া ইয়ারমুক যুদ্ধের স্মৃতি সেদিন জাগ্রত হয়েছিল। সেদিন মুসলিমদের নিজেদের দীনের উপর, আল্লাহ তাআলার তাওহীদের উপর এবং জিহাদ ফী সাবীলিল্লাহের উপর আস্থা বৃদ্ধি পেয়েছিল। এভাবেই কুফরের অসারতা ও তুচ্ছতা স্পষ্ট হয়েছিল। ১১ই সেপ্টেম্বর মুসলিম উম্মাহর নবজাগরণের সূচনা ছিল।

এই হামলা কেন করা হয়েছে তাই স্পষ্ট। ১১ই সেপ্টেম্বরের পরের দিন সন্ধ্যায় আমি মহল্লার একজনকে জিজ্ঞেস করি, আমেরিকার উপর কারা এবং কেন হামলা করলো? ওই ব্যক্তি হেসে উদ্দীপ্ত হয়ে বলে: সম্ভবত ফিলিস্তিনিরা করেছে। দিন শেষে তাদের কাছে এছাড়া আর কিই বা করার ছিল?” আমি সরল ভাবে জিজ্ঞেস করি: “ফিলিস্তিনিরা যদি করে থাকে তাহলে ইসরাইলের পরিবর্তে আমেরিকার ওপর কেন?” ওই ব্যক্তি তখন অকপটে বলে ওঠেন: “ভাই আমেরিকা এবং ইসরাইল মাঝে কোনো পার্থক্য নেই। ইসরাইল যা কিছু করছে আমেরিকার ভরসাতেই করতে পারছে।” এক কথায় ১১ই সেপ্টেম্বরের পরপরই আমেরিকা কারও ওপর অপবাদ আরোপের আগেই মুসলিম উম্মাহর একজন সাধারণ সদস্যের [102]

কাছে এই হামলার কারণ স্পষ্ট ছিল। প্রকৃতপক্ষে পাকিস্তানের একজন সাধারণ মুসলিমের মধ্যে এই হামলার পর সর্বপ্রথম এই চিন্তা এসেছে যে, এটা ফিলিস্তিনের প্রতিশোধ। আর এ বিষয়টাই মুজাহিদীনের হামলার প্রকৃত উদ্দেশ্য, যা কায়েদে জিহাদ শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ একটি বিবৃতিতে স্পষ্ট করেছেন। তাতে তিনি ঐতিহাসিক শপথ করে বলেন:

“আমি ওই আল্লাহর কসম করে বলছি যিনি আসমান সমূহ কোনো খুঁটি ছাড়া স্থির রেখেছেন... আমেরিকা এবং সেখানে যারা রয়েছে, তারা ততক্ষণ পর্যন্ত শান্তিতে ঘুমোতে পারবে না, যতক্ষণ পর্যন্ত আমরা ফিলিস্তিনে শান্তি ও নিরাপত্তা না পাবো এবং সকল কাফের বাহিনীকে নবী আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আরব ভূখণ্ড থেকে বহিষ্কৃত না করবো”

আমেরিকার যুদ্ধ ঘোষণা এবং মুসলিম উম্মাহর পাল্টা জবাব
হামলার প্রতিক্রিয়া স্বরূপ আমেরিকা তৎক্ষণাৎ আমীরুল মুজাহিদীন শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ এবং তাঁর সাথি-সঙ্গীদেরকে আমেরিকার হাতে তুলে দেয়ার জন্য তালেবানকে নির্দেশ দেয় এবং এই নির্দেশ পালন না করলে প্রস্তর যুগে পাঠিয়ে দেবার হুমকি দেয়। আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ উমর রহিমাহুল্লাহর আত্মমর্যাদা ও দীনি আবেগপূর্ণ জবাবে গোটা বিশ্ব হয়রান হয়ে যায়। তিনি পূর্ণ আত্মবিশ্বাস সহকারে গর্জে ওঠেন: “এটা (মুসলিমদেরকে সাহায্য করা) একটি ঈমানী দায়িত্ব। আমরা সর্বপ্রকার বিপদ মেনে নিতে প্রস্তুত। আমেরিকা যা করার করুক। আমেরিকা যদি আফগানিস্তানের প্রতিটি বৃক্ষ পাথর [103]

এবং দালান জ্বালিয়ে কয়লা বানিয়ে দেয়, তবুও উসামা রহিমাহুল্লাহকে আমেরিকার হাতে তুলে দেয়ার চিন্তাও আমরা করতে পারি না।”

আল্লাহর উপর তাওয়াক্কুল বিশ্বাস ও আস্থার ভিত্তিতে আমীরুল মুমিনীন রহিমাহুল্লাহ নিজের ঐতিহাসিক ইলহামী যুক্তি উপস্থাপন করেন:

“বুশ আমাদেরকে বলেছে তোমরা পরাজিত হবে, অপরদিকে আল্লাহ তাআলা বলেছেন, ঈমানদাররা বিজয়ী হবে। এখন আমরা দেখবো কার কথা সত্য? আল্লাহর নাকি বুশের!”

তালেবানের এই ঈমানী সাহসিকতাপূর্ণ অবস্থানের কারণে মুসলিম উম্মাহর মাথা গর্বে উঁচু হয়ে যায়। উম্মাহর যুবক শিশু বৃদ্ধ সকলেই রাজপথে বেরিয়ে আসে। তারা গলা ফাটিয়ে স্লোগান দিতে থাকে: দিল দিল জান জান তালেবান তালেবান » আমীরুল মুমিনীন এই অবস্থানের কারণে মুসলিম উম্মাহর অনুসরণীয় ও প্রিয়ভাজন ব্যক্তিত্ব হয়ে যান। মোল্লা উমর নামটি সাহসিকতা ও আত্মমর্যাদার প্রবাদ হয়ে ওঠে। অপরদিকে আমেরিকার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা, আমেরিকায় হামলার পরিকল্পনা এবং উম্মাহকে সম্মানের আসনে অধিষ্ঠিত করার কারণে ইসলামের সিংহ শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ উম্মাহর হিরো ও নেতা হয়ে ওঠেন। গলিতে গলিতে মহল্লায় মহল্লায় এই স্লোগান ধ্বনিত হতে থাকে:

[104]

ইসলামের হিরো নাম্বার ওয়ান ♠ আমাদের সিংহ উসামা বিন লাদেন

ইসলামের তরে নিবেদিত যার দেহ মন মনন ♠ (তিনি হলেন) আমার শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লা

শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর কতটা গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তা ছিল তা আমরা অনুমান করে নিতে পারি একটা বিষয় থেকে। বিভিন্ন কোম্পানি নিজেদের খ্যাতি ও বিক্রি বাড়ানোর জন্য শায়খ উসামা রহিমাহুল্লাহর ছবি অঙ্কিত প্রোডাক্ট বানাতে শুরু করে। ওই সময়ের একটি ঘটনা মনে পড়েছে। আমাদের কলেজের সহজ-সরল কিসিমের একজন শিক্ষার্থী একবার কলেজ থেকে বের হওয়ার পর একটা তেঁতুলের খালি প্যাকেট দেখতে পায়, যেখানে শায়খ উসামা রহিমাহুল্লাহর ছবি ছিল। তৎক্ষণাৎ ঝুঁকে সে প্যাকেটটি ওঠায়। শায়খ উসামা রহিমাহুল্লাহর ছবিতে চুমু খায় এবং অত্যন্ত আদব-সম্মান সহকারে তেঁতুলের প্যাকেট কলেজের দেয়ালের উপর রেখে দেয়। এই ঘটনার দ্বারা শায়খ উসামা রহিমাহুল্লাহর প্রতি মুসলিম জনসাধারণের ভালোবাসা এবং আমেরিকার প্রতি বিদ্বেষ ও ঘৃণা ভাব অনুমান করা যায়।

[105]

জেগে ওঠো হে গাযী ময়দানের ডাক এসেছে চলে ১১ই সেপ্টেম্বরের পর যে অবস্থা তৈরি হয়,
তা গোটা মুসলিম উম্মাহকে আন্দোলিত করে। তখন ফারুক ভাই রহিমাহুল্লাহর মতো সংবেদনশীল এবং উম্মাহর প্রতি মায়া লালনকারী ব্যক্তির পক্ষে প্রভাবিত না হয়ে উপায় ছিল না। তার অন্তর কাটা মুরগির মতো ছটফট করতে আরম্ভ করে। তিনি অস্থির হয়ে ওঠেন। তাঁর তর সইছিল না, কেমন করে তিনি উড়ে গিয়ে তালেবানের আন্দোলনে অংশগ্রহণ করবেন এবং এই মোবারক জিহাদের বাহনে চড়ে বসবেন। তিনি রাতে উঠে আল্লাহ তাআলার কাছে কেঁদে কেঁদে অশ্রু ঝরিয়ে দোয়া করতেন, যেন আল্লাহ তাআলা তাকে জিহাদে অংশগ্রহণের কোনো পথ দেখিয়ে দেন। যতদূর আমার মনে পড়ে, তিনি সে সময় পাকিস্তানে নিযুক্ত তালেবানের রাষ্ট্রদূত ‘মোল্লা আব্দুস সালাম জয়ীফ’ সাহেবের কাছ থেকে দিকনির্দেশনা নেওয়ার চেষ্টা করেন, যিনি সৌভাগ্যক্রমে ওই সময় ইসলামাবাদে তার সফর সঙ্গী ছিলেন। কিন্তু বোমাবর্ষণের সময় আফগানিস্তান অভিমুখে আসতে বারণ করাই তালেবানের সে সময়কার সাধারণ অবস্থান ছিল। তালেবানের জন্য সহায়তা সামগ্রী সংগ্রহ, দোয়া, কুনুতে নাযেলা —অন্য মুসলিমদের মতো তিনিও এগুলো করে যাচ্ছিলেন। কিন্তু এই দিনগুলোতে তিনি জিহাদ ফী সাবীলিল্লাহর বিভিন্ন বিষয়বস্তু নিয়ে ক্লাসে ধারাবাহিক আলোচনা করতে আরম্ভ করে দেন। তার দৃষ্টিতে আশা ও বিশ্বাসের উজ্জ্বলতা দেখা যাচ্ছিলো। এক ক্লাসে তিনি সূরাতুল ফীল-এর তাফসীরের আলোকে বর্তমান পরিস্থিতিতে আমাদের জন্য করণীয় শীর্ষক আলোচনা করেন। তিনি আমেরিকা এবং তার সহযোগীদেরকে আবরাহা এবং তার সাথি- সঙ্গীদের সঙ্গে তুলনা করেন। ইয়ামেনের আবরাহার বানানো ঘরে আবর্জনা ফেলে আসার ঘটনাকে আমেরিকায় হামলার সঙ্গে তুলনা করেন। অতঃপর আল্লাহর কাবার

[106]

বড়ত্ব ও মাহাত্ম্য বর্ণনা করেন। এই কাবা ঘরের মর্যাদা রক্ষার দায়িত্ব আল্লাহ নিয়েছেন এবং দুর্বল পাখির মাধ্যমে কাবা পানে এগিয়ে আসা তাগুত বাহিনীকে ধ্বংস করেছেন। তিনি আরও বলেন, মুসলিম উম্মাহ এবং মুসলিমের রক্তের সম্মান আল্লাহ তাআলার নিকট কাবা ঘরের চেয়ে কোনো দিক থেকেই কম নয়। আবরাহার বাহিনী চলার পথে যে সমস্ত আরব তাদেরকে পথ দর্শন করেছে, তারা কতটা খারাপ পরিণতি বরণ করেছিল এবং আরব সমাজে কতটা লাঞ্ছিত হয়েছিল, ফারুক ভাই রহিমাহুল্লাহ সে কোথাও বর্ণনা করেন। নবী পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দাদা আব্দুল মোত্তালেবের অসহায়ত্ব বর্ণনা করে বলেন, তিনি আবরাহাকে প্রতিরোধ করতে অক্ষম ছিলেন বটে; কিন্তু যা তিনি করতে পারতেন, সেটা অবশ্যই করেছেন —অর্থাৎ কাবা ঘরের পর্দার সঙ্গে নিজেকে জড়িয়ে কেঁদে কেঁদে আল্লাহর সাহায্য চেয়েছেন। ওই ক্লাসগুলোতে তিনি আবেগপ্রবণ হয়ে গিয়েছিলেন। আল্লাহর সাহায্য ইসলামের বিজয় ও প্রতিষ্ঠার ব্যাপারে দৃঢ়বিশ্বাস রাখার কথা আলোচনা করেছিলেন। “আব্দুল মোত্তালেব তো অসহায় ছিলেন কিন্তু আমরা কি অসহায়?” —তিনি এমনও বলেন। “কোনো কোনো বর্ণনায় কিছু আরব লোক আবরাহার মোকাবেলা করার চেষ্টা করেছিলেন বলে জানা যায় এবং কোনো কোনো বর্ণনাকারী এ কথা পর্যন্ত বলেছেন যে, আত্মমর্যাদাশীল কিছু আরব লোকই কঙ্কর নিক্ষেপ করতে আরম্ভ করেছিল।” এই পয়েন্ট উল্লেখ করে তো তিনি আবেগে উদ্দীপ্ত হয়ে ওঠেন। তার শ্রোতাদের মধ্যে এমন কেউ ছিল না, যে আফগানিস্তানে আমেরিকার বিরুদ্ধে জিহাদের আবেগে প্রভাবিত না হতো। কিন্তু এত কিছু সত্ত্বেও সে সময় কার্যত কোনো কিছু করার ছিল না বললেই চলে। আফগানিস্তানে বি ফিফটি টু বোমারু বিমান, ক্রুজ ক্ষেপণাস্ত্র, ক্লাস্টার

[107]

বোমা বৃষ্টির মতো বর্ষণ হচ্ছিলো। তালেবানের পক্ষ থেকে নির্দেশানায় বলা হয়েছিল, এ সময় জনবল ও সরঞ্জাম বাঁচিয়ে মুখোমুখি সংঘর্ষের পরিবর্তে গোটা আফগানিস্তানে ছড়িয়ে গিয়ে একটি সুশৃঙ্খল গেরিলা আন্দোলন যেন শুরু করা হয়।

আফগানদের সঙ্গে সম্পর্ক কিসের? লা ইলাহা ইল্লাল্লাহ
গোটা বিশ্বের মতো পাকিস্তানের মুসলিমরাও
পথে নেমে আসে। হৃদয়ের আগুন নেভানোর এবং আফগানিস্তানের মুসলিমদের সঙ্গে একাত্মতা প্রকাশের এটাই একটি পন্থা বলে মনে হচ্ছিলো। তাদের মনে আকাঙ্ক্ষা টগবগ করছিল, হয়তোবা এভাবেই আমেরিকার সঙ্গে লড়াইয়ের কোনো সুযোগ তারা পেয়ে যাবে। সাইয়েদেনা ইবরাহীম আলাইহিস সালামের আগুন নেভানোর চেষ্টায় চড়ুই পাখিও অংশ নিয়েছিল। সারাদিন আলজিহাদ আলজিহাদ স্লোগানে পাকিস্তানের অলিগলি প্রকম্পিত ছিল।

ইসলামাবাদে এই দৃশ্যগুলো ছিল আরও আশ্চর্যের। ইসলামাবাদের লাল মসজিদ এক্ষেত্রে কেন্দ্রীয় ভূমিকা পালন করে। প্রতিদিন ওখান থেকে আমেরিকা এবং তার মিত্রদের বিরুদ্ধে মিছিল বের হচ্ছিলো। ওই সমস্ত মিছিলে জিহাদের ভালোবাসা এবং আমেরিকা ও তার মিত্রদের প্রতি ঘৃণা প্রদর্শন করা হচ্ছিলো। শুক্রবারে হতো মহা সমারোহ। এই দিনের আড়ম্বরই ছিল আলাদা ধরনের। লাল মসজিদে মাওলানা আব্দুল আজীজ হাফিযাহুল্লাহর ঈমানী বক্তৃতা এবং জুমার নামাযের পরে জিহাদ ও মুজাহিদীনের জন্য কেঁদে কেঁদে দোয়া করার দৃশ্য ছিল খুবই ঈমান জাগানিয়া। এরপর শুরু হতো মিছিল। সাধারণত আবপাড়া চক পর্যন্ত গিয়ে মিছিল থামতো। ফারুক ভাই রহিমাহুল্লাহ যেহেতু শুরু থেকেই ধুমধাম ও [108]

জাঁকজমকের রাজনীতি থেকে দূরে ছিলেন, এজন্য এই সমস্ত বিক্ষোভ মিছিলে তার তেমন আগ্রহ ছিল না বরং তিনি নিজের পড়াশুনা ও দাওয়াতী কার্যক্রমে মনোযোগী ছিলেন।

আমেরিকা যখন আফগানিস্তানে হামলা করে এবং বোমাবর্ষণ তীব্র থেকে তীব্রতর হতে থাকে, তখন এক শুক্রবারে লাল মসজিদ থেকে মার্কিন অ্যাম্বাসির দিকে মিছিল নিয়ে যাওয়ার ঘোষণা হয়। এর আগেও নেতৃবৃন্দ এমনই বিভিন্ন হুমকি-ধমকি দিয়েছিল যে, আমরা মার্কিন অ্যাম্বাসির দিকে পদযাত্রা করবো। এই ঘোষণা শুনেই সকলের অন্তরে জিহাদের তাড়না জেগে ওঠে। ঐদিন অধিকাংশ লোক শাহাদাতের নিয়তে মিছিলে অংশগ্রহণ করেছিল।

মিছিল যখন আবপাড়া চক পর্যন্ত পৌঁছে, তখন লোকজনের আবেগ চূড়ান্ত সীমায় পৌঁছে যায়। তাদের চোখ দিয়ে অশ্রু গড়িয়ে পড়তে থাকে এবং কন্ঠে স্লোগান উচ্চারিত হতে থাকে। মার্কিন দূতাবাসে যাওয়ার পথে পুলিশ ও সেনাবাহিনীর ভারি দল রাস্তা পুরোপুরি বন্ধ করে প্রস্তুত হয়ে দাঁড়িয়েছিল। তারা নিজেদের আগ্নেয়াস্ত্র মিছিলের দিকে তাক করে পজিশন নিয়ে রেখেছিল। মিছিলে অংশগ্রহণকারীদের সংখ্যা ছিল হাজার হাজার। জযবা আবেগে তারা টগবগ করছিল। আফগান মুসলিমদের হত্যাকারী আমেরিকার বিরুদ্ধে ক্ষোভ এত তীব্র ছিল যে, আমেরিকা তো বটেই তাদেরকে সুরক্ষা দানকারী সেনাবাহিনীকেও আগুনে জ্বালিয়ে দিতে মন চাইছিল।

এমন আবেগ ও শোরগোলের মাঝখানে হঠাৎ আমি কাঁধে কারও হাতের স্পর্শ পাই। পিছনে তাকিয়ে দেখি ফারুক ভাই রহিমাহুল্লাহ দাঁড়িয়ে মুচকি হাসছেন। জযবা ও আবেগে তার চেহারা জ্বলজ্বল করছিল। তার হাতে বিশ্ববিদ্যালয়ের কিতাব পত্র ছিল। সম্ভবত ক্লাস থেকে সোজা এখানে চলে এসেছেন। আমি তাকে দেখে হতবাক

[109]

হয়ে যাই। কারণ তিনি তো শোরগোল ও ছলনাময়ী রাজনীতি অপছন্দ করতেন। যাই হোক তার উপস্থিতিতে বেশ আনন্দিত হই এবং মনোবল বৃদ্ধি পায়। আমি তাকে বলি: “হযরত আজ তো পরিবেশ গরম মনে হচ্ছে কিছু একটা হয়ে যাবে”। জবাবে তিনি বলতে লাগলেন: “এজন্যই তো অংশ নিতে এসেছি”। আমি বললাম: “আজ যদি সেনাবাহিনী এবং পুলিশ ফায়ারিং করে তাহলে কি হবে?” তিনি বলেন: “লড়াই করবো এবং শহীদ হয়ে যাবো আর কি হবে?” আসলে তিনি শাহাদাতের জন্য প্রস্তুত হয়ে পরিণতির কথা চিন্তা না করেই চলে এসেছিলেন।

একদিকে যেমন মিছিলে অংশগ্রহণকারীরা আমেরিকান দূতাবাসে ঝড় তোলার জন্য উত্তেজিত ছিল, অপরদিকে এই আশঙ্কা হচ্ছিলো, সরকার এবং সরকারি এজেন্সিগুলো আবার না প্রতারণার মাধ্যমে মিছিলের গতিমুখ পরিবর্তন করে দেয়! কিছুদূর যাওয়ার পর দেখা গেল, যার আশঙ্কা, সেটাই হতে যাচ্ছে। হঠাৎ মিছিলের নেতৃবৃন্দ যাত্রা ঘোষণা করেন। অংশগ্রহণকারীদের আকাশ কাঁপানো স্লোগানের গর্জনে মিছিল এগিয়ে যেতে থাকে। কিন্তু পূর্ব দিকে আমেরিকান অ্যাম্বাসি অভিমুখে যাবার পরিবর্তে নেতৃবৃন্দের স্টেজবাহী গাড়ি পশ্চিম দিকে জিরো পয়েন্ট অভিমুখে এগিয়ে যায়। নেতৃবৃন্দের পেছনে যাওয়া ছাড়া অংশগ্রহণকারীদের অন্য কোন উপায় ছিল না। ২০ কিলোমিটারের দীর্ঘ রাজপথে নেতৃবৃন্দের স্টেজবাহী গাড়ির পেছনে চলতে থাকে জনসাধারণ। যখন জিরো পয়েন্টে পৌঁছে তখন স্লোগান দিয়ে দিয়ে এবং পায়ে হেঁটে হেঁটে সকলেই ক্লান্ত হয়ে পড়ে। আবেগ জযবার অগ্নিশিখাও ঠাণ্ডা হয়ে যায়। কাছেই ওয়াগন দাঁড়ানো ছিল, সকলেই সেগুলোতে চড়ে নিজ নিজ ঘরের পথ ধরে। »

[110]

মিছিল মিটিং-এ অনাগ্রহ
মিছিল মিটিং-এর এমন পরিসমাপ্তি এবং সরকার ও এজেন্সিগুলোর প্রতারণা জানতে পেরে ফারুক রহিমাহুল্লাহ মিটিং মিছিলের ব্যাপারে নিরাশ হয়ে পড়েন। তার কথা ছিল, এভাবে শুধু স্লোগানের পেছনে যোগ্যতা প্রতিভা ও সময় খরচ করে এবং ধর্মীয় নেতৃবৃন্দের স্টেজবাহী ট্রাকের পেছনে দৌড়ে দৌড়ে কি লাভ? অপরদিকে ধর্মীয় দলগুলোর নেতৃবৃন্দ কোনো সুদৃঢ় অবস্থান তুলে ধরতে পারছেন না। তারা অনুসারীদের উদ্দীপনা বৃদ্ধির জন্য আবেগপূর্ণ স্লোগান দিচ্ছেন এবং দাবি করছেন অনেক কিছুরই, কিন্তু কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে পারছেন না। বরং পরবর্তী শুক্রবারে অথবা পরবর্তী মিটিং-এর অপেক্ষা করে ধৈর্য ধারণ করার দিকনির্দেশনা দিয়ে তারা প্রোগ্রাম শেষ করছেন। কিন্তু ফারুক ভাই রহিমাহুল্লাহর আগ্রহ উদ্দীপনা কোনো সাময়িক বিষয় ছিল না। বরং জিহাদ ফী সাবীলিল্লাহর অস্থিরতা উদ্দীপনা তিনি কুরআন মাজীদ থেকে শিখেছিলেন এবং এই আজিমুশ শান কুরআনের ছায়াতলে জিহাদে অংশ নিতে তিনি ব্যাকুল ছিলেন। আফগানিস্তান জিহাদে অংশগ্রহণের কোন কার্যকরী পথ না পাওয়ার কারণে তিনি জিহাদী প্রস্তুতি গ্রহণের জন্য বের হবার সিদ্ধান্ত নেন। উলামায়ে কেরামের রায় হলো: যদি জিহাদ ফী সাবীলিল্লাহে অংশগ্রহণে কোনো প্রতিবন্ধকতা থাকে, তাহলেও ইদাদ (প্রস্তুতি গ্রহণ) ও সামরিক প্রশিক্ষণ গ্রহণ করা অবশ্যই জরুরি এবং আবশ্যকীয়।

[111]

জ্বলছে কাশ্মীর; বাঁচাও কাশ্মীর…
ফারুক ভাই রহিমাহুল্লাহ প্রশিক্ষণ গ্রহণের জন্য কাশ্মীরি জিহাদী প্রশিক্ষণ কেন্দ্রে যাবার সিদ্ধান্ত নেন। অন্যান্য সফরের মতো এই সফরেও প্রাণপ্রিয় বন্ধু এবং বিশিষ্ট সফর সঙ্গী শহীদ উসামা ইবরাহীম গৌরী রহিমাহুল্লাহ সঙ্গে ছিলেন।

কাশ্মীর জিহাদের আবেগ উদ্দীপনা তো আমাদের এই প্রজন্মের প্রতিটি সন্তান খুব সহজেই লাভ করে। কাশ্মীরের মুসলিমদেরকে স্বাধীন করা, কাশ্মীরের মা-বোনদের সম্ভ্রম রক্ষা করার জন্য স্বর্গীয় এই উপত্যকায় যাওয়ার আগ্রহ শৈশবকাল থেকেই অন্তরে লালিত পালিত হচ্ছিলো। সেলিম নায বেরলভি মরহুমের এই কবিতা অন্তরের আকুতি তুলে ধরে:

হে কাশ্মীর তোমার জান্নাতে আসবো একদিন; জুলুম অত্যাচার থেকে তোমাকে মুক্ত করবো একদিন »

অত্যাচারিতদের সাহায্যার্থে অত্যাচারীর বিরুদ্ধে জিহাদ করা জিহাদ ফী সাবীলিল্লাহের অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গ। কাশ্মীরীদের ওপর হিন্দুদের নির্যাতন-নিপীড়নের কাহিনী অনেক পুরানো। শুধু মুসলিম হবার কারণে কাশ্মীরীরা গোটা দেড় শতাব্দী যাবৎ সরকারি জুলুম অত্যাচারের মুখোমুখি ছিল। কাশ্মীরি মুসলিমদের ব্যক্তি স্বাধীনতা শেষ করার জন্য তাদেরকে হিন্দুদের দাসত্ব করতে বাধ্য করা হচ্ছিলো। অবশেষে যখন কাশ্মীরিগণ জিহাদের পতাকা সমুন্নত করে, তখন তাদের দেখে পাকিস্তানের মুসলিমগণ লাব্বাইক বলেন। গোটা পাকিস্তান থেকে হাজার হাজার যুবক ওই জিহাদে রক্ত বিলিয়ে দেন। জটিলতার দিক থেকে কাশ্মীর জিহাদ দুনিয়ার অন্যান্য জিহাদী ফ্রন্টের চেয়ে বেশি ছিল। আকাশচুম্বী যে পাহাড়গুলো বছরের একটা দীর্ঘ সময় পর্যন্ত বরফের [112]

সাদা চাদরে আবৃত থাকে; গভীর যেই পরিখাগুলো দেখেই কলিজার পানি শুকিয়ে যায়; ঘন জঙ্গল এবং আধুনিক অস্ত্র সজ্জিত ইন্ডিয়ান আর্মির মোকাবেলা করা বাহ্যত অসম্ভব কাজ ছিল। কিন্তু মুসলিমরা ঈমানী শক্তি এবং ইসলামী ভ্রাতৃত্বের উদ্দীপনায় একে সম্ভব করে তোলেন। অর্থ সম্পদ জীবন ভাষা সহ সর্বপ্রকার উপায় অবলম্বন নিয়ে পাকিস্তানের মুসলিমরা এই দিকে এগিয়ে আসেন। রুশ বিরোধী জিহাদ শেষ হবার পর প্রশিক্ষিত যুবকদের একটা বড় সংখ্যা আল্লাহর সন্তুষ্টি অর্জনের নতুন দরজা পেয়ে যায়। যেখানে যেখানে রণাঙ্গন প্রস্তুত হয় সেখানেই মুজাহিদীনের সাফল্য ও বিজয় বৃদ্ধি পেতে থাকে। মুজাহিদীনের আবেগ উদ্দীপনা বৃদ্ধি পায়। তারা শ্রীনগর থেকে অগ্রসর হয়ে এখন দিল্লির লালকেল্লা এবং বাবরি মসজিদ পুনরুদ্ধার করতে চান।

কাশ্মীর জিহাদের প্রশিক্ষণ কেন্দ্রে… ফারুক ভাই রহিমাহুল্লাহ ২০০২ সালে মানসেহরা জঙ্গলে অবস্থিত কাশ্মীর জিহাদী প্রশিক্ষণ শিবির থেকে মৌলিক সামরিক প্রশিক্ষণ গ্রহণ করেন। দৈহিকভাবে শক্তিশালী এবং উচ্চ মনোবল সম্পন্ন হবার কারণে তাঁকে তিন মাস ব্যাপী উচ্চতর প্রশিক্ষণের জন্য নির্বাচন করা হয়। তিনি উচ্চতর প্রশিক্ষণের সব কটি স্তর সুন্দরভাবে অতিক্রম করেন। কাশ্মীরি প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণের ধরন এ সমস্ত কঠিন স্তরের কারণে বেশ প্রসিদ্ধ। নিঃসন্দেহে কাশ্মীরের দুর্গম ফ্রন্টে কাজ করার জন্য এমন কঠোর প্রশিক্ষণের প্রয়োজন ছিল। ২৫ কেজি বোঝা পিঠে নিয়ে দৈনিক ১৮ ঘণ্টা অস্ত্র সহকারে পাহাড়ের উপর আরোহণ করা অথচ খাবারের জন্য শুধু থাকবে শুকনো চানা বুট এবং পানি। এই কষ্ট দুর্বল প্রকৃতির মানুষদেরকে

[113]

যেভাবে হতোদ্যম করে, অপরদিকে উচ্চ মনোবল সম্পন্ন ব্যক্তিদের প্রত্যয় ও দৃঢ়তা বৃদ্ধি করে। তিনি পুরোপুরি শহুরে জীবন থেকে বেরিয়ে এসেছিলেন। তথাপি আশ্চর্যজনকভাবে এই সকল প্রশিক্ষণে তিনি সবার মাঝে অনন্য ছিলেন। যদিও আল্লাহ তাআলা তাকে সুঠাম ও শক্তিশালী দেহের অধিকারী বানিয়ে ছিলেন, কিন্তু তার উচ্চ মনোবল ও মানসিক দৃঢ়তা তার কাজে বিরাট অবদান রেখেছিল। অতঃপর তার নৈতিকতা স্বভাব চরিত্র ইবাদত বন্দেগিতে মশগুল থাকার বিষয়টিও তার প্রশিক্ষক ও সাথিদেরকে অনেক প্রভাবিত করে। প্রশিক্ষণ সম্পন্ন করার পর তিনি সর্বস্ব জিহাদের জন্য উৎসর্গ করে দিতে প্রস্তুত হয়ে যান। তিনি সে সময় বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষে ছিলেন কিন্তু পড়াশোনা ছেড়ে শুধু কাশ্মীর যাবার তাড়না তাকে পেয়ে বসে। তিনি দায়িত্বশীলদের সঙ্গে জিদ ধরে থাকেন যে, আমাকে কাশ্মীর পাঠিয়ে দিন, আর যদি তা না হয়, তাহলে শুধু এখানে প্রশিক্ষণ শিবিরেই জিহাদ ও সামরিক প্রশিক্ষণের জন্য আমাকে পুরোপুরি নিযুক্ত করুন। কিন্তু দায়িত্বশীলদের ইচ্ছা ছিল এই দুজন অমূল্য রত্নকে (শহীদ ইবরাহীম গৌরী রহিমাহুল্লাহ এই সকল স্তরে ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে ছিলেন শুধু, উচ্চতর প্রশিক্ষণে তিনি শরীক হতে পারেননি কোমরে চোট পাওয়ার কারণে) নিচে শহরগুলোতেই রেখে দেয়ার এবং তাদেরকে দিয়ে দাওয়াত ও তহবিল সংগ্রহের কাজ করানোর। ওই সময়ে পারভেজের শাসনামলের কড়াকড়ির কারণে কাশ্মীরে প্রবেশ করাও কঠিন বিষয় ছিল।

অপরদিকে কাশ্মীরি জিহাদী সংগঠনগুলোর নেতৃবৃন্দ সরল প্রাণ মুজাহিদীনকে এ কথা বলে প্রভাবিত করার চেষ্টা করতো যে, আমরা জিহাদী কার্যক্রম পাকিস্তানি গোপন এজেন্সি থেকে লুকিয়ে পুরোপুরি স্বাধীন পলিসির অধীনে পরিচালনা করতে পারছি; [114]

এজেন্সির কর্মকর্তারা প্রশিক্ষণ শিবিরে আসলে আমরা নিজেদের অস্ত্র লুকিয়ে ফেলার নাটকও করে যাচ্ছি। কিন্তু একে তো এখন স্বয়ং আইএসআই ধীরে ধীরে এ লৌকিকতা শেষ করতে চাচ্ছিলো, সেনাবাহিনীর হস্তক্ষেপ ও যাতায়াত প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে বেড়ে গিয়েছিল এবং কর্তৃপক্ষ বুঝতে পেরেছিল যে, এই দুই হযরতের মেধা বুদ্ধিমত্তা বিচক্ষণতা এবং ধর্মীয় বিষয়ে সংবেদনশীলতার কারণে সরাসরি যুদ্ধ ফ্রন্টে থাকা অথবা প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবস্থাপনায় থাকার কারণে তাদের কাছে কোন কিছুই আর রহস্য নয়। এককথায় কাশ্মীর জিহাদের দায়িত্বশীলরা তাকে যুদ্ধ-ফ্রন্টে না পাঠাতে অটল সিদ্ধান্ত নেন। তাকে শহরে রিক্রুটমেন্ট এবং তহবিল সংগ্রহে ব্যস্ত থাকতে বলেন। এভাবেই ফারুক ভাই রহিমাহুল্লাহ অনিচ্ছা সত্ত্বেও ফিরে আসেন এবং কিছুদিন পর্যন্ত তিনি কাশ্মীর জিহাদের দাওয়াতে ব্যস্ত থাকেন।

এই সময়ে কাশ্মীর জিহাদে পাকিস্তানি গোপন সংস্থার ভূমিকা তিনি কাছ থেকে দেখার ও জানার সুযোগ পান। সেই সঙ্গে তাঁর কল্যাণকামী কিছু লোক যারা নিজেরাও কাশ্মীর জিহাদের দায়িত্বশীলদের অন্তর্ভুক্ত ছিলেন, তাকে কাশ্মীরে প্রবেশ করতে বাধা দেয়ার জন্য এই জিহাদে এজেন্সির নিকৃষ্ট ভূমিকা বিস্তৃতভাবে তাকে জানাতে আরম্ভ করেন। তাঁর ব্যক্তিত্বের বৈশিষ্ট্য হলো সত্যের সঙ্গে চলা- কোথাও বিচ্যুতি দেখেও ব্যক্তি স্বার্থের কারণে নীরব থাকবেন, তিনি এমন ছিলেন না। আইএসআই’র অসৎ ভূমিকা জানার পর ফারুক ভাই রহিমাহুল্লাহ এবং তার বন্ধু উসামা ইবরাহীম রহিমাহুল্লাহ কাশ্মীর জিহাদী সংগঠনগুলো থেকে আলাদা হয়ে যাবার সিদ্ধান্ত গ্রহণ করেন।

[115]

পাকিস্তানের গোয়েন্দা এজেন্সিগুলোর ভূমিকা কাশ্মীর নিয়ে পাক ফৌজ এবং আইএসআই'র ভূমিকা
ছিল চরম নিকৃষ্ট। রাজনৈতিক ফোরামগুলোতে কাশ্মীরের স্বাধীনতা আন্দোলনকে সমর্থনের স্লোগান উচ্চারণকারী পাকিস্তানের শাসকবর্গ কাশ্মীর সমস্যাকে শুধু নিজেদের রাজনৈতিক ও অর্থনৈতিক স্বার্থে ব্যবহার করে যাচ্ছিলো। যখন রাজনৈতিকভাবে ইন্ডিয়াকে চাপে ফেলে স্বার্থ উদ্ধার করা যেত, তখন কাশ্মীরে যুদ্ধের আগুন জ্বালিয়ে দেয়া এবং এরপর যখন বৈশ্বিক চাপ শুরু হতো, তখন সকল ত্যাগ প্রতীক্ষা নষ্ট করে শান্তি চুক্তির আলোচনা শুরু করা- শুরু থেকেই সেনাবাহিনীর পলিসি ছিল। এইসব কিছুর মাঝে হাজার হাজার নিষ্ঠাবান ব্যক্তির রক্ত বয়ে যেত অথবা পবিত্র নারীদের সম্মান ভূলুণ্ঠিত হতো। কিন্তু সেগুলো নিয়ে পাক-ফৌজের কোনো পরোয়া ছিল না। তাদের চাই পাকিস্তানের স্বার্থ। এই স্বার্থের জন্য কাশ্মীরি মারা যাক, আফগান মারা যাক কিংবা খোদ পাকিস্তানি, তাতে তাদের কিছু যায় আসে না। এরপর পাকিস্তানি স্বার্থ বলেও বোঝানো হতো শুধু সেনাবাহিনী এবং আইএস আই'র স্বার্থকে।

পাকিস্তান প্রতিষ্ঠার পর যখন কাবায়েলি বা গোত্রীয় অঞ্চলের আত্ম মর্যাদাবোধ সম্পন্ন মুসলিমরা কাশ্মীর জিহাদ আরম্ভ করে কাশ্মীরের একটা বড় অংশ স্বাধীন করেন, তখন পাকিস্তান আর্মির ওই সময়কার কমান্ডার চিফ জেনারেল ডগলাস গ্রেসি অগ্রসর হতে বারণ করেন। এভাবেই কাশ্মীরীদের দাসত্বের এবং হিন্দুদের অধীন হয়ে থাকার পেছনে পাক আর্মিরই ভূমিকা থাকে। একটি মজার বিষয় এখানে মনে রাখা উচিত। পাকিস্তানি ফৌজের প্রথম দুজন প্রধান ছিলেন কাফের ইংরেজ।

[116]

১৯৬৫ সালে কাশ্মীর যুদ্ধ ছড়িয়ে পড়ার পর কিছু এলাকা জয় করাকে পাকিস্তানী সেনাবাহিনীর অবদান মনে করা হয়। আমাদের এক বন্ধু মুজাহিদ কারী বেলাল ইউসুফ (হাশিম খান) —যিনি পরবর্তীতে আফগানিস্তানে জিহাদে অংশগ্রহণ করেন— আমাকে বলেছেন, তিনি কাশ্মীরে সুরাংকোট পুঞ্চ জেলায় জিহাদে ব্যস্ত ছিলেন। একদিন একজন কাশ্মীরি প্রবীণ লোকের সঙ্গে তার সাক্ষাৎ হয়। মুরুব্বি যখনই জানতে পারলেন, বেলাল ভাই পাকিস্তানি, তখন পাকিস্তানি সেনাবাহিনীকে বিশ্রী ভাষায় গালাগাল দিতে আরম্ভ করেন। কারী বেলাল নিজের রাগ দমন করে পাকিস্তানি সেনাবাহিনীর সঙ্গে তার এই বিশেষ মহব্বতের কারণ জানতে চান। তখন কাশ্মীরি মুরুব্বী লোকটি যা বললেন সেটা আমরা তার ভাষাতেই শুনবো।

পাকিস্তানি সেনাবাহিনীর প্রতি কাশ্মীরি মুরুব্বির ক্ষোভ কেন?
মুরুব্বী অনেকটা এমন বলেছেন: “১৯৬৫ সালের কথা। পাকিস্তানি আর্মির যুবকেরা আমাদের এলাকায় প্রবেশ করে। আমাদের এলাকায় ইন্ডিয়ান আর্মি আগেও ছিল না। ওই সময়টা আমাদের জীবনের সবচেয়ে আনন্দঘন সময় ছিল। আমরা নিজেদের ঘরের সবচেয়ে মূল্যবান জিনিসগুলো এনে ওই মুজাহিদীনে ইসলামের (!) সেবায় পেশ করি। যেখানে ঐ আর্মির ঘাঁটি ছিল, সেখানে দৈনিক আমাদের গ্রামের প্রত্যেকে স্বচ্ছ মনে তাদের কাছে গিয়ে তাদের সেবা যত্ন করতো, তাদের কাপড় ধুয়ে দিতো এবং তাদের ভালো খাবারের ব্যবস্থা করতো। এর বিনিময়ে আমরা তাদের থেকে প্রতিশ্রুতি নিই, তোমরা কখনও আমাদেরকে ছেড়ে যাবে না; যদি চলে যাও তাহলে হিন্দুরা আমাদের এই সমস্ত কাজের এমন বদলা নেবে, যা আমরা চিন্তাও করতে পারি না। আমরা তাদেরকে আরও বলি, যদি তোমাদের ফিরে

[117]

যেতে হয়, তাহলে অন্ততপক্ষে আমাদেরকে সঙ্গে নিয়ে যাবে, অন্যথায় আমাদের নারীদের সম্মান ভূলুণ্ঠিত হবে। বেশ ভালোই দিন যাচ্ছিলো। আমরা তাদের সেবা যত্ন করে যাচ্ছিলাম। আমাদের এলাকায় পাকিস্তানের সবুজ হেলালি (চন্দ্রাঙ্কিত) নিশান উড়ছিল। যেন আনন্দে নেচে যাচ্ছে। এরপর হঠাৎ একদিন সকালে যখন আমরা পাকিস্তানি আর্মির ঘাঁটিতে পৌছি, তখন সেখানে খালি প্যাকেট এবং ব্যবহৃত জিনিসের আবর্জনা পাওয়া যায়, কিন্তু ইসলামের মুজাহিদীনের কোন পাত্তা নেই। রাতে তারা পালানোর সময় যখন কোনো মুসলিম সাহস দিয়ে তাদেরকে বলেছে, তোমরা থেকে যাও, তখন তারা বলেছে: উপর থেকে আমাদের অর্ডার এসেছে ফিরে যাওয়ার জন্য। বারণকারীরা পিছন থেকে এ কথাও বলেছে, ভাইয়েরা! ইন্ডিয়ান আর্মির তো কোনো নাম নিশানাও দেখা যাচ্ছে না। কিন্তু পেছনে ফিরে দেখারও সাহস তাদের ছিল না। তারা যাওয়ার পর পর ইন্ডিয়ান আর্মি আমাদের এখানে আসে। বিরাট সংখ্যক পুরুষকে শহীদ করে। নারীদের সম্মান সম্ভ্রম নিয়ে আমি কথা বলতে চাই না। আমাদের গ্রামকে পাকিস্তানপ্রীতির এমন শাস্তি তারা দেয়, যার দৃষ্টান্ত পূর্বে গত হয়নি। তাই এখন যখনই কাপুরুষ নিকৃষ্ট বিশ্বাসঘাতক স্বার্থান্বেষী এ বাহিনীর আলোচনা আসে, অন্তরে আগুন জ্বলে যায় এবং অনিচ্ছা সত্ত্বেও তাদের বিরুদ্ধে হৃদয় ও মুখ দিয়ে গালি বের হয়। তাদের প্রতারণার কারণেই আমাদের সকল মান-সম্মান বরবাদ হয়ে গিয়েছে।”

কাশ্মীরের মুরব্বী যা বলেছেন সেটাই শতাব্দীকাল যাবৎ কাশ্মীরের ব্যাপারে পাকিস্তানি সেনাবাহিনীর অবস্থানের সারকথা। এরা কাশ্মীরিদের মান-সম্মান ও জীবন নিয়ে খেলে, তাদেরকে নিজেদের স্বার্থের জন্য ব্যবহার করে অকূল পাথারে ছেড়ে চলে আসে। পরবর্তীকালে জিহাদী সংগঠনগুলোর

[118]

ব্যাপারে তারা এই নীতি অনুসরণ করে। মুজাহিদীনকে ভেতরে পাঠিয়ে অস্ত্রশস্ত্র ও সরঞ্জাম সরবরাহ হঠাৎ বন্ধ করে দেয়। বিভিন্ন প্রতারণার মাধ্যমে নিষ্ঠাবান সরল প্রাণ বলিয়ান জিহাদী নেতৃবৃন্দকে রাস্তা থেকে সরিয়ে দেয়। মুজাহিদীনের গোপনীয়তা শত্রুর কাছে ফাঁস করে দেয়। নিজেদের মধ্যে হানাহানির জন্য মুজাহিদীনকে উস্কানি দেয়, ষড়যন্ত্র করে। এমনিভাবে বিভিন্ন নিকৃষ্ট অপপ্রয়াস এই গোয়েন্দা সংস্থাগুলো এবং পাকিস্তানের সেনাবাহিনী শুরু থেকেই করে আসে।

মহান কাশ্মীর জিহাদে দীনের শত্রু সেনাবাহিনী এবং গোয়েন্দা সংস্থার সাহায্য নেওয়াটা মূল প্রশ্ন নয়; বরং দীন ও জাতির শত্রু পাকিস্তানি সেনাবাহিনী ও এজেন্সির অধীনতা ও তত্ত্বাবধানে জিহাদ করাটা হচ্ছে এখানে মূল বিষয়। (সাহায্য নেয়া এক বিষয় আর তাদের তত্ত্বাবধানে কাজ করা ভিন্ন বিষয়) ফারুক ভাই রহিমাহুল্লাহর মতো বিচক্ষণ ব্যক্তির জন্য বিশ্বাসঘাতকদের তত্ত্বাবধানে কাজ করা অসম্ভব ছিল। এ কারণে তিনি এমন জিহাদের খোঁজ করতে আরম্ভ করেন, যেখানে সেগুলোর কোনো হস্তক্ষেপ থাকবে না। ১১ই সেপ্টেম্বরের পর এমনিতেই আইএসআই'র মুখোশ উন্মোচন হয়ে গিয়েছিল। এটা ছিল ওই নাপাক সংস্থা, যা আফগানিস্তান থেকে পালিয়ে আসা আরব মুজাহিদীন ও তালেবানকে ধরে ধরে আমেরিকার হাতে তুলে দেয় এবং বিনিময়ে ডলার কামিয়ে তারা জায়গা জমি ও প্লটের ব্যবসা করে। এমন সংস্থার তত্ত্বাবধানে জিহাদ— এটা ফারুক ভাই রহিমাহুল্লাহর আলোকিত বিচক্ষণ হৃদয় কিছুতেই মেনে নেয় না।

[119]

শহীদ আব্দুল রহমান বাঙ্গালী শহীদ রহিমাহুল্লাহ সাক্ষাৎ
যে সময়টায় ফারুক ভাই রহিমাহুল্লাহ কাশ্মীর জিহাদে রত ছিলেন, সে সময় বাঙালি মুজাহিদীনের সংগঠন জামাতুল মুজাহিদীন বাংলাদেশের আমীর শায়খ আব্দুর রহমান বাঙ্গালীর সঙ্গে তাঁর সাক্ষাৎ ঘটে। শায়খ আব্দুর রহমান শত শত বাংলাদেশি মুজাহিদীনের সঙ্গে আফগানিস্তানে তালেবানের কাঁধে কাঁধ মিলিয়ে লড়াইয়ে অংশগ্রহণ করেছিলেন। তিনি এবং তার প্রধান সহকারী শহীদ সিদ্দিকুল ইসলাম বাংলা ভাই ১৯৯৮ সালে জামাতুল মুজাহিদীন বাংলাদেশ নামে একটি সংগঠন প্রতিষ্ঠা করেন। আমেরিকা যখন আফগানিস্তানে হামলা করে, তখন তার সঙ্গে যুক্ত প্রায় ৭০ জন বাঙালি মুজাহিদ তালেবানের কাঁধে কাঁধ মিলিয়ে বড় তাগুত আমেরিকার বিরুদ্ধে লড়াইয়ে শাহাদাতের পেয়ালা মুখে তুলে নেন। হাজার হাজার সদস্য বায়আতবদ্ধ হয় এবং বাংলাদেশে শরীয়ত প্রতিষ্ঠা, সমাজ থেকে অশ্লীলতা অনাচার অপসারণ এবং দেশকে লোক চক্ষুর অন্তরালে ভারত সরকারের দাসত্ব থেকে মুক্ত করার জন্য জিহাদ আরম্ভ করে। ২০০৭ সালে শায়খ আব্দুর রহমান- বাংলাদেশী সিকিউরিটি ফোর্সের হাতে গ্রেপ্তার হন। দীনের দুশমন ভারতের গোলাম বাংলাদেশ সরকার তাকে ফাঁসি দিয়ে শহীদ করে দেয়। আল্লাহ তার উপর রহমত বর্ষণ করুন এবং জান্নাতুন-নাঈমে তাকে ঠিকানা দান করুন, আমীন।

যাই হোক খুব সম্ভব ২০০২ সালে শায়খ আব্দুর রহমান রহিমাহুল্লাহর সঙ্গে ফারুক ভাই রহিমাহুল্লাহর সাক্ষাৎ ঘটে। এটা ওই সময়কার কথা, যখন ফারুক ভাই রহিমাহুল্লাহ কাশ্মীর জিহাদে যুক্ত এবং আইএসআই'র তত্ত্বাবধানে পরিচালিত একটি জিহাদী সংগঠনের কাজ করতেন। শায়খ আব্দুর রহমান রহিমাহুল্লাহ তাকে [120]

নসীহত করেন, জিহাদের জন্য যদি জীবন উৎসর্গ করতে হয়, তাহলে এমন লোকদের হাতে হাত রাখুন, যাদের আসল উদ্দেশ্য শরীয়ত প্রতিষ্ঠা এবং যারা তাগুতি এজেন্সির তত্ত্বাবধানে চলেন না। তিনি এদিকে ইশারা করেন যে, যদি সম্ভব হয় তাহলে আফগানিস্তানে চলে যান এবং আমীরুল মুমিনীন মোল্লা উমর রহিমাহুল্লাহর বাহিনীতে শামিল হয়ে নিজের জিহাদের জীবন উৎসর্গ করে দিন। শায়খ আব্দুর রহমান রহিমাহুল্লাহ আরও বলেছেন, আফগানিস্তানের বর্তমান পরিস্থিতির কারণে যদি তালেবানের সঙ্গে মিলিত হওয়া সম্ভব না হয় তাহলে বৈশ্বিক জিহাদের পতাকাবাহী উম্মাহর নেতা শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর সাথিদের সঙ্গে যুক্ত হবার চেষ্টা করুন। শায়খ আব্দুর রহমান রহিমাহুল্লাহর উপদেশের কারণেও ফারুক ভাই রহিমাহুল্লাহর মাঝে ইমারতে ইসলামিয়া এবং শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর সঙ্গে সরাসরি যুক্ত হবার অথবা অন্ততপক্ষে তাদের ব্যাপারে আরও যাচাই-বাছাই করার মনোভাব তৈরি হয়। কিন্তু তখনও এ কাজের কোনো নিয়মতান্ত্রিক পন্থা তার সামনে ছিল না।

আরব মুজাহিদীনকে সাহায্যের সৌভাগ্য
ওই সময়ের ফারুক ভাই রহিমাহুল্লাহ আরব মুজাহিদীনের খেদমত এবং তাদেরকে সাহায্য-সহযোগিতা করার সুযোগ লাভ করেন। গোটা পৃথিবী থেকে সাধারণভাবে এবং আরব বিশ্ব থেকে বিশেষভাবে হাজার সংখ্যক মুসলিম প্রথমে রুশবিরোধী জিহাদে অংশগ্রহণের জন্য এবং পরবর্তীতে তালেবানের শাসনামলে ইসলামী সরকার প্রতিরক্ষা করে আল্লাহর বাণী সমুন্নত করার জন্য আফগানিস্তানে জমায়েত হন। আমেরিকা যখন আফগানিস্তানে হামলা করে তখন এই মুজাহিদীনই তোরাবোরা ও শাহীকোটে জীবন হাতে নিয়ে

[121]

49 ক্বারী ইমরান সাহেবের আসল নাম মাওলানা ওবায়দুল্লাহ। মুলতান জেলার একজন আলেমেদ্বীন তিনি। মুলতানের প্রসিদ্ধ মাদ্রাসা জামিয়া খাইরুল মাদারিস থেকে তিনি শিক্ষা সমাপন করেন। সেখান থেকে ফিরে এসে কাশ্মীর জিহাদে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তালেবানের পতনের পর আরব মুজাহিদীনের সহযোগিতায় পাশে দাঁড়ানোর জন্য ব্যতিব্যস্ত হয়ে পড়েন। সে সময় আই এস আই'র লোকদের হাতে গ্রেফতার হন। কয়েদ অবস্থায় অনেক জুলুম অত্যাচারের মুখোমুখি হন কিন্তু ইসলামের মহত্বের ব্যাপারে কিছু মাত্র ছাড় দিতে রাজি হন না। কয়েদ থেকে মুক্ত হবার পর পাকিস্তান জিহাদ সংগঠিত করার জন্য সহযোদ্ধাদেরকে একত্রিত করেন। শত শত মুজাহিদকে তিনি শহুরে যুদ্ধের প্রশিক্ষণ প্রদান করেন। আফগানিস্তানেও তিনি ক্রুসেডারদের বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব দান করেন। আলকায়দা উপমহাদেশ গঠিত হবার পর তিনি আফগানিস্তান শাখার দায়িত্বশীল এবং শুরা পরিষদের সদস্য হন। “জরবে ওজব” অপারেশন চলাকালে মুজাহিদীনের সামরিক নেতৃত্ব দেন। তিনি

[302]

রহিমাহুল্লাহ এবং করাচির উস্তাদ মুহাম্মাদ হানিফ জেরার[50] শহীদ রহিমাহুল্লাহ বিশেষভাবে উল্লেখযোগ্য। এই দুই হযরত পাকিস্তানি গ্রুপগুলোর নেতৃবৃন্দের মাঝে গণ্য হতেন। তাই পূর্বপরিচয়ের কারণে শায়খ আবু দুজানা রহিমাহুল্লাহর সঙ্গে পাকিস্তানি সাথিদের খুব দ্রুতই সখ্য ও ঘনিষ্ঠতা গড়ে ওঠে এবং তাদের মাঝে

সাহসিকতা বীরত্ব ও পরিচালনা -যোগ্যতায় অতুলনীয় ব্যক্তি ছিলেন। অবশেষে ফারুক ভাই রাহমাতুল্লাহি আলাইহির শাহাদাতের কিছুদিন আগে ২০১৫ সালের জানুয়ারিতে আমেরিকান ড্রোন হামলায় শাহাদাত বরণ করেন। আল্লাহ তাআলা তাঁর প্রতি সন্তুষ্ট হোন ! আমীন!!

[50] মুজাহিদীনের অভিজ্ঞ প্রশিক্ষক স্নেহশীল নেতা উস্তায মুহাম্মদ হানিফ "ভাই জেরার" নামে পরিচিত ছিলেন। আলকায়িদা উপমহাদেশের কেন্দ্রীয় শুরা পরিষদের সদস্য এবং একজন কেন্দ্রীয় সামরিক নেতা ছিলেন। করাচির অধিবাসী জেরার ভাই যুবক বয়সের শুরু থেকে নিজেকে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠিত করার লক্ষ্যে জিহাদ ফী সাবিলিল্লাহর জন্য উৎসর্গ করে দেন। পাকিস্তানি জিহাদী সংগঠনের প্রশিক্ষণ শিবিরে ট্রেনিং নেয়ার পর তিনি তালেবানের ইসলামী সরকারের প্রথম সময়টাতে শাইখ উসামা বিন লাদেন রহমাতুল্লাহি আলাইহির প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে বিস্তারিত প্রশিক্ষণ গ্রহণের সুযোগ লাভ করেন। আরব মুজাহিদীনের প্রসিদ্ধ প্রশিক্ষক শাইখ আবু আতা তিউনুসী রহমাতুল্লাহি আলাইহির কাছ থেকে তিনি সামরিক বিষয়ে জ্ঞান লাভ করেন। ওই প্রশিক্ষণের কারণে একদিকে তিনি যুদ্ধ বিষয়ে অভিজ্ঞ প্রশিক্ষক হয়ে ওঠেন অপরদিকে বৈশ্বিক জিহাদী আন্দোলনের চিন্তা তার মাঝে ভালোভাবে স্থান করে নেয়। তালেবানের ইসলামী সরকারের আমলে উত্তরাঞ্চলীয় জোটের বিরুদ্ধে উত্তর আফগানিস্তানের কয়েকটি রণাঙ্গনে তিনি প্রথম সারিতে বীরত্ব প্রদর্শন করেন। অপরদিকে কাশ্মীর জিহাদের মুজাহিদীনকে প্রশিক্ষণ দানের জন্য আজাদ কাশ্মীরের প্রশিক্ষণ কেন্দ্রগুলোতেও দীর্ঘ সময় ধরে শত শত মুজাহিদকে যুদ্ধের বিভিন্ন শাস্ত্র শিক্ষা দান করেন। তিনি সাহসিকতা ও ঈমানি আত্মমর্যাদার ক্ষেত্রে শুরু থেকেই অনন্য ব্যক্তিত্ব ছিলেন। মৃত্যুভয় ও কাপুরুষতা যেন তার অভিধানেই ছিল না। জিহাদ ফী সাবিলিল্লাহে যুক্ত হবার পাশাপাশি আত্মশুদ্ধি সংশোধন ও পথপ্রদর্শনের জন্য আকাবীর উলামায়ে কেরামের শরণাপন্ন হতেন। হযরতে আকদাস মুফতি রশিদ আহমদ (নাওয়ারাল্লাহ মার্কাদাহু)'র হালকায়ে এরাদাতে তিনি শামিল ছিলেন। <<(((১৭৪ নম্বর পৃষ্ঠার শুরুর দিক থেকে ৮ নম্বর লাইন)))>>। হযরত ওয়ালা রহমাতুল্লাহি আলাইহি তাকে খুবই ভালবাসতেন এবং স্নেহ করতেন। আফগানিস্তানে মার্কিন হামলা পর্যন্ত তিনি ইসলাম প্রতিরক্ষার জন্য কোমর বেঁধে কাবুলের বিভিন্ন প্রান্তে অবস্থান করেন। মার্কিন হামলার সময় আরব প্রশিক্ষক — বিশেষ করে দৃঢ় সংকল্প ও প্রত্যয়ের মূর্ত প্রতীক শাইখ আবুল ফারাজ লিবি (আল্লাহ তাকে কয়েদ থেকে মুক্তি দান করুন)'র নির্দেশে করাচি চলে যাবার পর পাকিস্তানে আমেরিকা এবং তাদের তাবেদারদের বিরুদ্ধে জিহাদের আদেশ পান। তিনি আপন সহচর ও নেতা - ভাই ইমরান (হাজী অলিউল্লাহ রহমাতুল্লাহি আলাইহি)'র সঙ্গে মিলে করাচিতে আমেরিকান সেনাবাহিনী এবং তাদের ফ্রন্ট লাইন জোটের ওপর হামলার পরিকল্পনা করেন। "হরকাতুল মুজাহিদীন আল আলামি" নামে তিনি একটি গ্রুপ গঠন করেন। এভাবেই পাকিস্তান জিহাদের অগ্রসৈনিকদের মাঝে তার নাম চলে আসে। করাচিতে তিনি এবং তার সহযোদ্ধাগণ মার্কিন দূতাবাসে ২০০২ সালের জুন মাসে হামলা করেন। এরপর দ্বীন ও জাতির শত্রু আমেরিকার গোলাম পারভেজ মোশারফের ওপর হামলার পরিকল্পনা ও প্রস্তুতিকালে গ্রেফতার হন। তার ব্যাপারে সন্ত্রাসবাদের বিশেষ ট্রাইব্যুনালে মোকাদ্দমা চালানো হয়। তিনি আদালত কক্ষে প্রকাশ্যে আমেরিকানদের বিরুদ্ধে জিহাদ করার কারণে গর্ব প্রকাশ করেন এবং উদাত্ত কণ্ঠে ঘোষণা করেন, আমরা যা কিছু করেছি তা কুরআন-সুন্নাহের অনুসরণে করেছি। এ কারণে তাকে মৃত্যুদণ্ডাদেশ শোনানো হয় এবং আদালত চলাকালে তিনি তাকবির ধ্বনি দেন, আর শাহাদাতের আনন্দে তার চেহারা ঝলমলিয়ে ওঠে। প্রায় এক দশক সিন্ধু প্রদেশের কারাগারে কাটানোর পর আল্লাহ তাআলা তাকে মুক্তি দান করেন। মুক্তি লাভের পর করাচিতে তিনি সহযোদ্ধাদেরকে সংঘটিত করেন, দাওয়াতি প্রোগ্রাম করেন এবং অল্প সময়ের মধ্যেই সাথীদেরকে নিয়ে

আস্থা পূর্ণ সম্পর্ক তৈরি হয়ে যায়। অতঃপর শায়খ আবু দুজানা রহিমাহুল্লাহ নিজের উন্নত চারিত্রিক ও নৈতিক উৎকর্ষের দিক থেকে এমন এক উচ্চ আবস্থানে ছিলেন যে, তার মজলিসে অংশগ্রহণকারী সকলেই তার প্রতি ভক্ত অনুরাগী হয়ে যেত। বড়দেরকে সম্মান করা এবং ছোটোদেরকে স্নেহ করার নববী গুণ বিশেষভাবে আমরা শায়খ আবু দুজানা রহিমাহুল্লাহর ব্যক্তিত্বের মাঝে প্রত্যক্ষ করেছি। জিহাদী জীবনে বহু আগেই অংশগ্রহণ করা, শরীয়তের ইলম, সামরিক পারদর্শিতা এবং নেতৃত্ব ও পরিচালনার যোগ্যতা সত্ত্বেও তিনি এতটাই বিনয় প্রদর্শন করতেন যে, তাকে দেখে সালফে সালেহীনের কথা মনে পড়ে যেত। এক কথায় খুব অল্প সময়ের ভেতরেই শায়খ আবু দুজানা পাশা রহিমাহুল্লাহ পাকিস্তানি জামাতগুলোর জিম্মাদার ও নেতৃবৃন্দের কাছে এমন একজন প্রিয়ভাজন নেতার আসনে অধিষ্ঠিত হন যে, তার নির্দেশগুলো পালন করাকে প্রত্যেকেই নিজের জন্য সৌভাগ্য বলে মনে করতো।

জামাতের ইমারত বা নেতৃত্ব
পাকিস্তানি জামাতগুলোর দায়িত্বশীলদের সঙ্গে সাক্ষাতের মাধ্যমেও শায়খ আবু দুজানা রহিমাহুল্লাহ মাওলানা আসিম উমর রহিমাহুল্লাহ-এর

ওয়াজিরিস্তানে হিজরত করেন। হাজী অলিউল্লাহ সাহেব রহমতুল্লাহি আলাইহির নেতৃত্বে ওয়াজিরিস্তানে একটি জিহাদী গ্রুপ গঠন করা হয় এবং পুনরায় তিনি মুজাহিদীনের প্রশিক্ষণ কার্যে আত্মনিয়োগ করেন। সে সময় করাচিতে তিনি বড় পরিসরে জিহাদের দাওয়াত দেন এবং শতশত লোককে ওয়াজিরিস্তানে ডেকে এনে সামরিক ও মনস্তাত্ত্বিক প্রশিক্ষণ দেন। আলকায়দা উপমহাদেশ গঠিত হবার পর তিনি কেন্দ্রীয় পরিষদের সদস্য নির্বাচিত হন, পুনরায় পাকিস্তানের সামরিক কাজের সহকারী দায়িত্বশীল হিসেবে নিযুক্ত হন। সেই সঙ্গে আমির মুহতারাম মাওলানা আসিম ওমর রাহমাতুল্লাহি আলাইহির বিশেষ সহযোগী হন। তিনি করাচি শহরে দ্বীনের শত্রু আমেরিকার গোলাম বিভিন্ন সামরিক সংস্থা এবং মুসলিমদের জান-মালের শত্রু দুষ্কৃতিকারী এম কিউ এম দলের নীতি নির্ধারকদের বিরুদ্ধে কয়েকটি সফল হামলা করেন। আফগানিস্তানে এক সংঘর্ষে ক্রুসেডরদের বিরুদ্ধে লড়াইয়ের সময় তার যুবক পুত্র সাইফুল্লাহ জেরার শাহাদাত বরণ করেন। দক্ষিণ পশ্চিম আফগানিস্তানে তার উপরেও ক্রুসেডাররা ফাঁদ পেতে হামলা করে এবং রাতের অন্ধকারে হঠাৎ তাকে ঘেরাও করে আত্মসমর্পণ করতে বলে। তিনি মার্কিন সৈন্যদের উদ্দেশ্যে গর্জন ছাড়েন এবং উচ্চ আওয়াজে তাকবীর ও কালিমায়ে তাইয়্যেবা পড়তে পড়তে ক্রুসেডারদের উপর ঝাঁপিয়ে পড়েন। তিনি গ্রেনেডের মাধ্যমে আমেরিকানদের উপর হামলা করেন। এর জবাবে শত্রুদের ফায়ারিংয়ে তিনি শাহাদাত বরণ করেন। এভাবে প্রায় তিন দশক যাবত প্রতিকূলতা কাটিয়ে জিহাদ ও লড়াইয়ের ময়দানে অবিচল থাকার পর তিনি আপন রবের সঙ্গে মিলিত হন। আল্লাহ তাআলা তার প্রতি সন্তুষ্ট হোন!

[304]

উন্নত গুণাবলি ও নৈতিক সৌন্দর্য সম্পর্কে আরও অধিক অবগতি লাভ করেন। তাই ফারুক ভাই রহিমাহুল্লাহ এই দুই হযরতের পারস্পরিক সাক্ষাতের ব্যবস্থা করেন। এই সাক্ষাতের ফলে তারা একে অপরকে আরও ভালোভাবে চিনতে পারেন, জানতে পারেন এবং তাদের মধ্যে আস্থা-বিশ্বাসের সম্পর্ক আরও সুদৃঢ় হয়ে ওঠ। এরপর শায়খ আবু দুজানা রহিমাহুল্লাহ এবং মাওলানা সাহেব রহিমাহুল্লাহর মাঝে আরও কয়েকবার সাক্ষাৎ হয় এবং বেশ কিছু বৈঠক অনুষ্ঠিত হয়। তন্মধ্যে কিছু কিছু বৈঠক এমন ছিল, যেগুলোর একেকটা শেষ হতেই কয়েকদিন লেগে যেত। ওই সাক্ষাৎগুলোতে ইলমি, ফিকহী বিভিন্ন বিষয়ে চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গিগত বিভিন্ন বিষয়, রাজনৈতিক ও কূটনৈতিক সম্পর্ক বিষয়ক বিভিন্ন তথ্য সহ চিত্তাকর্ষক আরও বিভিন্ন বিষয়বস্তু নিয়ে বিস্তারিত আলাপ আলোচনা হতো। ওই বৈঠকগুলোতে মাওলানা সাহেব রহিমাহুল্লাহ শায়খ আবু দুজানা রহিমাহুল্লাহর হাতে কায়েদে জিহাদ শায়খ আইমান আয-যাওয়াহিরীর আনুগত্য মেনে নিয়ে শরীয়াহর সীমারেখার ভিতরে থেকে যথাসাধ্য জিহাদ করার বায়আত প্রদান করেন।

যেমনটা পূর্বেই আলোচনা করা হয়েছে যে, তানজীমের আকাবির ও শীর্ষস্থানীয় ব্যক্তিদের ইচ্ছা ছিল, তাদের হাতে বায়আতকৃত উপমহাদেশের মুজাহিদীনকে একটি জামাতের আদলে সঙ্ঘবদ্ধ সংগঠিত ও একতাবদ্ধ করে শরীয়ত অনুসরণের মধ্য দিয়ে বৈশ্বিক জিহাদের অংশ বানানো। শায়খ আবু দুজানা রহিমাহুল্লাহর চেষ্টা প্রচেষ্টার ফলে জিম্মাদার সাথি ও দায়িত্বশীলগণ এই কাজের জন্য প্রস্তুত থাকার, জীবন বিসর্জন দেয়ার এবং যেকোনো প্রকার ত্যাগ-তিতিক্ষার স্বীকার করার জন্য তৈরি হয়ে যান। ওই জামাআতের নেতৃত্ব ভার গ্রহণের জন্য সকলের দৃষ্টি মাওলানা সাহেব রহিমাহুল্লাহর দিকে ফিরে যায়।

[305]

স্বয়ং শায়খ আবু দুজানা রহিমাহুল্লাহ দায়িত্বশীল সকলের সঙ্গে আলাদা আলাদাভাবে পরামর্শ করেন এবং শায়খ আবু দুজানা রহিমাহুল্লাহর নিজেরও রায় ছিল মাওলানা সাহেব রহিমাহুল্লাহর দিকে। সেই মর্মে তিনি জামাতের কেন্দ্রীয় নেতৃবৃন্দের কাছে নিজের মত ব্যক্ত করেন। অতঃপর এই সকল পরামর্শের বিষয়গুলো কায়েদে জিহাদ শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহ পর্যন্ত পৌঁছানো হয়। তাই ঐ সকল পরামর্শের আলোকে শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহ ২০১৪ সালের শুরুর দিকে জামাআত আল-কায়েদা উপমহাদেশের গোড়াপত্তন করেন এবং মাওলানা আসিম উমর রহিমাহুল্লাহকে এই জামাতের আমীর নিযুক্ত করেন।

আমীর নিযুক্ত হবার পর থেকে ২২শে সেপ্টেম্বর ২০১৯ সালে শাহাদাত লাভের আগ পর্যন্ত প্রায় ছয় বছর সময়কালে মাওলানা সাহেব রহিমাহুল্লাহ ধৈর্য, কষ্ট সহিষ্ণুতা, অটলতা, অবিচলতা, সাহসিকতা, বীরত্ব, ঈমান ইয়াকীন এবং সাথিদেরকে সান্ত্বনা ও অনুপ্রেরণা দানের মাধ্যমে সুচারুভাবে নিজ দায়িত্ব পালন করেন। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ بلغت القلـوب الحنـاجر - তথা প্রাণ ওষ্ঠাগত হওয়ার মতো কঠিন পরিস্থিতিতেও আল-কায়েদা উপমহাদেশকে শক্ত হাতে ধরে রাখেন, টিকিয়ে রাখেন। তিনি জামাআতকে সুশৃঙ্খল রাখেন, শরীয়তের সুস্পষ্ট দলীল প্রমাণ এবং সুস্থ রুচিবোধ অনুযায়ী জামাতের গতিপথ নির্ধারণ করতে থাকেন। বিভিন্ন অবস্থা, নানা সমস্যা, অনেক রকম পরীক্ষা মাওলানা সাহেব রহিমাহুল্লাহ এবং তার সাথি -সহযোদ্ধাদের গতিরোধ করতে চেষ্টা করেছে। সমকালীন জিহাদে এত দুঃখ দুর্দশা ও কঠিন অবস্থা অন্য কোনো গ্রুপের উপর দিয়ে অতিবাহিত হয়েছে কিনা সন্দেহ রয়েছে। কিন্তু উম্মাহর এই নেতা আপন বাহিনীকে সকল প্রকার অন্ধকার ও তুফানের মধ্যেও

অগ্রযাত্রা অব্যাহত রাখতে দিকনির্দেশনা দিয়েছেন, তাদের মনোবল বৃদ্ধি করেছেন, তাদের হিম্মত উঁচু করেছেন, তাদের ঈমানকে বারংবার জাগ্রত করেছেন, পদস্খলন ও পিছলে পড়ে যাওয়া থেকে বাঁচিয়েছেন এবং জাগতিক ভোগ বিলাস ও তাগুতি প্রস্তাবনা ও অফারের কাছে হেরে যাওয়া থেকে দূরে রেখেছেন। অবশেষে ভারতের মুরাদাবাদ থেকে আগত উম্মাহর এই বীর বাহাদুর সন্তান দেশের গ্রামে গ্রামে আল্লাহর দীনের মশাল জ্বালিয়েছেন, ঈমানের পতাকা সমুন্নত করেছেন, আল্লাহর বাণীর ও রাসূলের বাণীর স্লোগান উচ্চকিত করেছেন, মুসলিম উম্মাহর শ্রেষ্ঠত্ব ও গৌরবের কবিতা আবৃত্তি করেছেন, জিহাদ ও দাওয়াত ইলাল্লাহর কাজে নেতৃত্ব দান করেছেন, খোরাসানে নৃশংস মার্কিন হামলা প্রতিরোধে লড়াই করে নিজের দুইজন অল্পবয়সী পুত্র এবং আরো সাতজন সাথি সহকারে এই অস্থায়ী পৃথিবী ত্যাগ করে স্থায়ী জগতে চলে গিয়েছেন— আল্লাহ তাআলা তার প্রতি সন্তুষ্ট হয়ে যান এবং জান্নাতুল ফেরদাউসের একজন সরদার হিসেবে তাকে কবুল করুন, আমীন।

শহীদ আমীরে মুহতারাম রহিমাহুল্লাহর নেতৃত্বকালের বিস্তারিত আলোচনা আমাদের এই কিতাবের মৌলিক বিষয়বস্তু — উস্তাদ ফারুক রহিমাহুল্লাহর সীরাত তথা জীবন কর্ম— থেকে আলাদা স্বতন্ত্র এক বিষয়বস্তু বলে মনে হয়। অবশ্য শহীদ মাওলানা সাহেব রহিমাহুল্লাহর চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গি নিয়ে কিছুটা আলোচনা করা এই কারণে জরুরি যে, মাওলানা সাহেব রহিমাহুল্লাহ ছিলেন ফারুক ভাই রহিমাহুল্লাহর নির্বাচিত ও মনোনীত ব্যক্তিত্ব। ফারুক ভাই রহিমাহুল্লাহ তাকে নিজের নেতা হিসেবে গ্রহণ করেছেন এবং আমাদের সামনেও তাকে নেতা হিসেবে রেখে গেছেন। তাই তো এমন নেতা ও সরদারের কিছু গুণ ও ভালো দিক নিয়ে সংক্ষিপ্ত

[307]

আলোচনা করা এই এই কিতাবে অপ্রাসঙ্গিক হবে না বলে আশা রাখছি।

কিছু এমন গুণ যা শুধু তার মাঝেই পাওয়া যায়

** আকাশচুম্বী চিন্তাধারা

মাওলানা আসিম উমর রহিমাহুল্লাহ খুবই উচ্চ চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গির অধিকারী ছিলেন। কোন অঞ্চল বা মাতৃভূমির সীমানার ভেতর থেকে সীমাবদ্ধ চিন্তাধারা পোষণের বিরোধী ছিলেন তিনি। তার সঙ্গে মুহসিনে উম্মাহ শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ-এর চিন্তাধারা ও দৃষ্টিকোণের মাঝে বড় সাদৃশ্য লক্ষ্য করা যায়। বরং এভাবেও বলা যায়, সম্ভবত মাওলানা সাহেবের এমন দৃষ্টিভঙ্গি ও চিন্তাধারা ছিল বলেই তিনি তানজীম আল-কায়েদার সঙ্গে যুক্ত হয়েছেন। বৈশ্বিক অবস্থার বিশ্লেষণ ও সমাধানের পন্থা নির্ধারণে তার সঙ্গে আল-কায়েদার অন্য নেতৃবৃন্দের আশ্চর্য মিল পাওয়া যায়।

বিদ্যমান কুফরী ব্যবস্থা নিয়ে গভীর অধ্যয়ন এবং দাজ্জালের ফিতনার গোলক ধাঁধা ও প্যাঁচানো পথ জানার পর মাওলানা সাহেব রহিমাহুল্লাহর কাছে এ বিষয়টা স্পষ্ট হয়ে গিয়েছিল যে, গোটা পৃথিবীতে আমাদের শত্রু অভিন্ন এবং ওই শত্রুই প্রতিটি অঞ্চলে মুসলিম উম্মাহর ওপর চাপিয়ে দেয়া ধ্বংসযজ্ঞের জন্য দায়ী। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ এমনটা মনে করতেন যে, ইহুদী এবং তাদের পৃষ্ঠপোষক আমেরিকা সহ জাতিসংঘের মতো আন্তর্জাতিক সংস্থাগুলোর বিরুদ্ধেই আমাদের আসল লড়াই। বিভিন্ন মুসলিম অঞ্চলে চলমান যুদ্ধগুলোকে যতক্ষণ পর্যন্ত আমরা বৈশ্বিক [308]

জিহাদের দৃষ্টিকোণ থেকে না দেখবো; বিচার না করবো, ততক্ষণ পর্যন্ত আমাদের ফলাফল শূন্যই থেকে যাবে। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ বুঝতে পেরেছিলেন যে, বৈশ্বিক কুফরী ব্যবস্থার বিরুদ্ধে পরিচালিত জিহাদ ততক্ষণ পর্যন্ত সফলভাবে অগ্রসর হতে পারবে না, যতক্ষণ পর্যন্ত গোটা বিশ্বের মুজাহিদীনের মাঝে পারস্পরিক সম্পর্ক উন্নয়ন না ঘটবে, তারা একতাবদ্ধ না হবে, তাদের মাঝে সৌহার্দ্য সম্প্রীতি ও ভালোবাসা পূর্ণ সম্পর্ক স্থাপিত না হবে। তাদের এই ঘনিষ্ঠতা ও ঐক্য এমন হতে হবে যে, ইয়ামেনে থাকা আরব মুজাহিদ ইয়ামেনে বসে উপমহাদেশের জিহাদে সাহায্য-সহযোগিতা করবে; এমনিভাবে উপমহাদেশের মুজাহিদ উপমহাদেশে বসে সিরিয়ার জিহাদে শত্রুপক্ষের স্বার্থগুলোকে উপমহাদেশে বিনষ্ট করবে। মাওলানা সাহেব রহিমাহুল্লাহর পরিপক্ক চিন্তা এমন ছিল যে, গোটা বিশ্বে চলমান জিহাদী আন্দোলনগুলোকে সমন্বিত ও একমুখী বানিয়ে একক নেতৃত্বের অধীনে কাজ করানোর দ্বারা ইহুদী বিশ্ব, তাদের হাতে তৈরি পৃথিবীর নকশা এবং তাদের পরিকল্পিত বৈশ্বিক প্যাটার্ন মুছে যেতে আরম্ভ করবে। তখন ইহুদীরা মুসলমানদের মাঝে বিভক্তি তৈরির পরিকল্পনায় ব্যর্থ হবে এবং এমন এক নতুন ইসলামী জগৎ অস্তিত্ব লাভ করবে, যা ইহুদীদের বানানো রাষ্ট্রীয় সীমান্তের বাধা লংঘন করে 'আল ওয়ালা ওয়াল বারা'

51 তথা আল্লাহর
জন্য বন্ধুত্ব এবং আল্লাহর জন্য শত্রুতা ও সম্পর্কচ্ছেদের সীমারেখা এঁকে দেবে। বাস্তবিক পক্ষে তার এই চিন্তা এমন এক অশ্রুত স্লোগান ছিল, ৯০ এর দশক থেকেই কায়েদে জিহাদ শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ এবং শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহ যা ঘোষণা করে যাচ্ছিলেন। এটা ছিল আমেরিকা ও ইসরাইলের নেতৃত্বে

51 অর্থাৎ, কোন ব্যক্তি, জাতি, স্বদেশ ইত্যাদির সঙ্গে আল্লাহর জন্যই সম্পর্ক স্থাপন করা এবং আল্লাহর জন্য সম্পর্ক ছিন্ন করা

[309]

প্রতিষ্ঠিত বৈশ্বিক জায়নবাদী ক্রুসেডার জোটের বিরুদ্ধে গোটা পৃথিবীতে যুদ্ধের ঘোষণা। জায়নবাদী ও ক্রুসেডার চক্র গোটা উম্মাহর শত্রু এবং তাদের কুফরী ও দুষ্কৃতির ব্যাপারে গোটা উম্মাহ একমত। তাদের বিরুদ্ধে জিহাদ ফরয হওয়ার বিধান সম্পর্কে সকলেই একমত। এখন তাদের স্বার্থ সারা পৃথিবীতে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। তাই গোটা উম্মাহকে একত্রিত করে বৈশ্বিক কুফরী জোটের বিরুদ্ধে রণাঙ্গন প্রস্তুত করা উচিত। এটাই ছিল আল-কায়েদার সেই মানহাজ, যাকে আমরা কৌশল বলতে পারি, কর্মপন্থা বলতে পারি কিংবা অন্য যেকোনো কিছু বলতে পারি। তাদের এই মানহাজ আগেও ছিল এখনও রয়েছে। মাওলানা আমীরে মুহতারাম রহিমাহুল্লাহ নিজেও পুরোপুরি উপলব্ধি ও অনুভব সহকারে এই কর্মপন্থা গ্রহণ করেছিলেন, এ বিষয়ে তিনি অন্যদেরকে সচেতন করতেন এবং তারই ফলে তার রচিত গ্রন্থাবলিতে তিনি এই কর্মপন্থার দিকে ইশারা করতেন। সর্বোপরি এই উদ্দেশ্য পূরণের জন্যই তিনি তানজীম আল-কায়েদার সঙ্গে যুক্ত হন।

নিশ্চয়ই এটা ছিল এক বিশ্বব্যাপী আকাশচুম্বী চিন্তার সারাংশ যা উপলব্ধি করার কারণে তিনি মুজাহিদীনকে অমুসলিম জনসাধারণ, ভ্রান্ত দল এবং বিভিন্ন এলাকা ও অঞ্চলের ছোটো ছোটো টার্গেট থেকে দৃষ্টি সরিয়ে সাপের মাথা আমেরিকা ও ইহুদীদের সমস্ত স্থানীয় তাবেদার শ্রেণির দিকে দৃষ্টি নিবদ্ধ করাতে চাইতেন। এ ব্যাপারেই মাওলানা সাহেব রহিমাহুল্লাহ তার এক নসীহত বাণীতে বলেছেন:

« বর্তমান সময়ে যা প্রয়োজন তা হলো, এই বৈশ্বিক জিহাদী কাফেলাকে সঠিক মানহাজ ও কর্মপন্থার উপর প্রতিষ্ঠিত রাখা। এখানে প্রথম লক্ষ্য স্থল হচ্ছে কুফরী সরকার ব্যবস্থা এবং তার পক্ষে থাকা সকল শক্তি ও সংস্থা। যদিও বৈশ্বিক কুফরী শক্তি এই সময়ে এমন ষড়যন্ত্র করে রেখেছে যে, বৈশ্বিক [310]

জিহাদ যেন কুফরী রাষ্ট্র ব্যবস্থা এবং সেগুলোকে সুরক্ষা দানকারী শক্তি থেকে দৃষ্টি সরিয়ে অন্যান্য লক্ষ্য স্থল ও টার্গেটের দিকে ফিরিয়ে দেয় ; যেন ইহুদী শক্তি এবং তাদেরকে সুরক্ষা দানকারী সেনাবাহিনী নিজ নিজ দেশে আরামে থাকে এবং মুজাহিদীন ছোটো ছোটো টার্গেটের উপর নিজেদের কার্যক্রমকে সীমাবদ্ধ করে ফেলে , যার দরুন সরকার ও কুফরী রাষ্ট্র ব্যবস্থা দ্বিতীয়বার শক্তিশালী হয়ে উঠতে পারে। এই কারণে প্রত্যেক মুজাহিদের **উচিত কুরআনের এই মূলনীতি সামনে রাখা যেখানে** আল্লাহ তাআলা ইরশাদ করেছেন فَقَـاتِلُوا أَئِمَّةَ الْكُفْـرِ – "অতএব তোমরা কুফরীর সর্দারদের বিরুদ্ধে লড়াই করো"[52] **শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ এই** লক্ষ্যস্থলকেই সাপের মাথা বলে ব্যক্ত করেছেন। তাই কুফরী ব্যবস্থা পরিচালনাকারী শক্তিগুলো এবং প্রত্যেক দেশে এই ব্যবস্থাকে সুরক্ষা দানকারী শক্তিগুলোই মুজাহিদীনের টার্গেট হওয়া উচিত। তবেই গিয়ে এ জিহাদ সফলভাবে আপনযাত্রা অব্যাহত রাখতে পারবে। বর্তমান সময়ে কুফরী শক্তির এই সামর্থ্য নেই যে , সে জিহাদের গতিরোধ করতে পারে। এ কারণেই কুফরী শক্তি চেষ্টা করে যাচ্ছে মুজাহিদীনের জিহাদের গতিপথ পরিবর্তন করে দিতে। »

আল্লাহর সঙ্গে সম্পর্ক

মাওলানা সাহেব রহিমাহুল্লাহ সৎ কর্মের ব্যাপারে এমন অধ্যবসায়ী ছিলেন যে , তা খুবই আশ্চর্যের বিষয় ছিল। তিনি রাতের ইবাদতকারী এবং দিনের বেলা দুনিয়া বিমুখী ব্যক্তিত্ব ছিলেন। সম্ভবত খুব অল্প সংখ্যক মানুষকেই এমন অর্ধ রজনী জাগরণকারী পাওয়া যাবে , মাওলানা সাহেব

---

52 অতএব এখন কুফরের সর্দারদের বিরুদ্ধে লড়াই করো [সূরা তাওবা , আয়াত নং: ১২]

রহিমাহুল্লাহ যতটা ছিলেন। কখনও কখনও আলাপচারিতা ও কথাবার্তা বলতে বলতে অর্ধেক রাত পার হয়ে যেত এবং ফজরের এক ঘণ্টা আধঘণ্টা আগে ঘুমের সুযোগ মিলতো। কিন্তু অধিকাংশ সময়েই এমন হতো, মাওলানা সাহেব রহিমাহুল্লাহ দোয়া মোনাজাতে কেঁদে কেঁদে সময় পার করতেন আর তার মোনাজাতের আওয়াজে চক্ষু খুলে গেলে আমরা বুঝতে পারতাম, মাওলানা সাহেব রহিমাহুল্লাহ রাব্বুল আলামীনের দরবারে মোনাজাতে লিপ্ত রয়েছেন। ফজরের ওয়াক্ত হওয়ার পরে নিজেই আযান দিতেন এবং হালকা আওয়াজে তিলাওয়াত আরম্ভ করে দিতেন। সে সময় আস্তে আস্তে আমাদেরকেও নিদ্রা থেকে জাগ্রত করার জন্য অত্যন্ত স্নেহভরে ডেকে দিতে আরম্ভ করতেন। এটা তার একটা স্বতন্ত্র আমল ছিল এবং—শীতের দিন হোক কিংবা গরমের দিন; নিরাপত্তার অবস্থা হোক কিংবা যুদ্ধাবস্থা—তিনি এই আমল পালন করতে কখনও ত্রুটি করতেন না। মাওলানা সাহেব হাফেজ হওয়ার পাশাপাশি খুবই সুরেলা কন্ঠের অধিকারী কারী ছিলেন এবং তার তিলাওয়াতে এক বিশেষ উত্তাপ পাওয়া যেত। আপন সাথিদের আধ্যাত্মিক উন্নতি সাধন এবং আল্লাহর সঙ্গে সম্পর্ক তৈরির ব্যাপারে তিনি বিশেষভাবে খেয়াল রাখতেন এবং নিজে বাস্তব নমুনা হবার পাশাপাশি অন্যান্য মাধ্যম ব্যবহার করে আপন সাথিদের দীক্ষা ও আধ্যাত্মিক উন্নতি সাধনের প্রচেষ্টা করতেন। মুজাহিদ ভাইদেরকে একবার নসীহত করতে গিয়ে তিনি বলেন:

« আল্লাহর আদেশ সমূহ পালন করা এবং নিষিদ্ধ বিষয়গুলো থেকে বেঁচে থাকার পাশাপাশি অধিক পরিমাণে নফল আমল বিশেষ করে তাহাজ্জুদ... সুবাহানাল্লাহ এই তাহাজ্জুদ তো উম্মাহর জন্য অনেক বড় হাদিয়া; এই তাহাজ্জুদে রয়েছে শোকাহতদের দুঃখের নিরাময়, পোড়া ও তিক্ত হৃদয়ের জন্য আশা এবং স্বপ্ন আকাঙ্ক্ষার নতুন

[312]

ঠিকানা। অতঃপর জিহাদী রাত ... সুবহানাল্লাহ আল্লাহ তাআলা কতটা প্রেম ভালোবাসা মেখে ইরশাদ করছেন :

تَتَجَافَىٰ جُنُوبُهُمْ عَنِ الْمَضَاجِعِ يَدْعُونَ رَبَّهُمْ خَوْفًا وَطَمَعًا وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنفِقُونَ ﴿١٦﴾

অর্থ : "তাদের পার্শ্ব শয্যা থেকে আলাদা থাকে। তারা তাদের পালনকর্তাকে ডাকে ভয়ে ও আশায় এবং আমি তাদেরকে যে রিযিক দিয়েছি, তা থেকে ব্যয় করে।"[53]
অন্যত্র ইরশাদ হয়েছে

كَانُوا قَلِيلًا مِّنَ اللَّيْلِ مَا يَهْجَعُونَ ﴿١٧﴾ وَبِالْأَسْحَارِ هُمْ يَسْتَغْفِرُونَ ﴿١٨﴾

অর্থ : "তারা রাত্রির সামান্য অংশেই নিদ্রা যেত,"
** "রাতের শেষ প্রহরে তারা ক্ষমাপ্রার্থনা করতো,[54]

এর সঙ্গে যদি চাশতের নামায থাকে তাহলে তো আরও বড় সৌভাগ্যের কথা (যারা এই আমল করতে পারবে তারা অনেক বড় সৌভাগ্যবান) সূর্যোদয় ও সূর্যাস্তের পূর্বে আল্লাহর যিকির, বিভিন্ন তাসবীহ আদায়, তিলাওয়াতে কুরআন ... কিন্তু মনে রাখতে হবে, এই আমলগুলো সর্বদা চালিয়ে যাওয়া হলো মূল বিষয়। এর জন্য উলামায়ে কেরামের তাযকিয়া ও আধ্যাত্মিক প্রশিক্ষণ বিষয়ক সমস্ত ওয়াজ নসীহত শুনতে হবে, এই বিষয়ক কিতাবাদী পাঠ করতে হবে এবং নিজের আশপাশের পরিবেশকে ইবাদত ও যিকিরের অলঙ্কার দ্বারা সাজিয়ে তুলতে হবে। তাহলে ইনশাআল্লাহ আধ্যাত্মিক উন্নতি ঘটবে এবং এ অঙ্গনে আরও অগ্রসর হওয়া যাবে »

[53] অর্থ : তারা নিজেদের পার্শ্বকে শয়নের বিছানা থেকে পৃথক রাখে (এই অবস্থায় যে,) তারা নিজেদের রবকে ডাকে .. [সূরা আলিফ লাম মিম সাজদা, আয়াত নং: ১৬]

[54] "তারা রাতে স্বল্পই নিদ্রা যাপন করে এবং দিবসে ইস্তেগফার করে" [সূরা যারিয়াত : আয়াত নং: ১৭ ও ১৮]

ইসলামী সভ্যতা ও চারিত্রিক উৎকর্ষের পুনর্জীবন দান
মাওলানা সাহেব রহিমাহুল্লাহ একটা বিষয়ে খুবই উৎসাহী আহ্বায়ক ছিলেন এবং নিজেও সে বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন ছিলেন। মুজাহিদীনের উদ্দেশ্যে বলেন, যেখানেই তারা যাবেন সেখানে ইসলামী সভ্যতা ও সংস্কৃতি পুনর্জীবিত করবেন, সুন্নত সমূহের প্রচলন ঘটাবেন এবং নিজেদেরকে উত্তম আখলাক ও উৎকৃষ্ট চারিত্রিক নমুনা তুলে ধরবেন। যেখানে তারা অন্যান্য সুন্নত ও উত্তম গুণাবলির অনুসরণের নসীহত করবেন সেখানে দানশীলতা ও মেহমানদারির ব্যাপারে খুবই গুরুত্ব দেবেন। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ অধিকাংশ নসীহতে এ কথা বলতেন যে, মুসলমানদের মধ্য থেকে ওই সমস্ত লোকের মাঝে কোনো কল্যাণ নেই যাদের মাঝে দানশীলতা ও মেহমানদারীর গুণ না থাকবে। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ সালফে সালেহীন-এর মেহমানদারী আতিথেয়তা ও দানশীলতার অত্যাশ্চর্যজনক বিভিন্ন ঘটনাবলী শোনাতেন এবং সাথিদেরকে বর্তমান পশ্চিমা সংস্কৃতি দ্বারা প্রভাবিত সামাজিক প্রবণতার আত্মকেন্দ্রিক স্বার্থন্বেষী প্রবণতা থেকে বেঁচে থাকার নসীহত করতেন। অতঃপর আসল নসীহত সেটাই হত যা তিনি নিজে পালন করে দেখাতেন। মেহমান ও অতিথিদের জুতা সোজা করা, তাদের হাত ধুয়ে দেয়া, তাদের সামনে গোশতের টুকরা সমেত খাবারের পাত্র রাখা,তাদেরকে আহার করার জন্য পীড়াপীড়ি করা মাওলানা সাহেবের বিশেষ গুণ ছিল। আমরা যখন বলতাম, আমীর সাহেব! হয়েছে তো, এতটা করবেন না, কেন আমাদেরকে লজ্জিত করছেন?” তখন তিনি বলতেন: « আমরা তো আমাদের উস্তাদদের কাছ থেকে এমনটাই শিখেছি। দারুল উলুম দেওবন্দে থাকতে যখন আমরা উস্তাদদের ঘরে যেতাম তখন আমাদের উস্তাদগণ ছাত্রদের জুতো সোজা করে দিতেন। » অতঃপর সালফে সালেহীনের পদাঙ্ক অনুসরণ করে তিনিও খুবই

[314]

সাদাসিধে খাবার খেতেন এবং অল্প অল্প খেয়েই জীবন ধারণ করতেন। নিজের কাছে ভালো যা কিছু থাকতো তা অন্যদের জন্য নিয়ে আসতেন। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ-এর আহার্য দ্রব্যাদি ও পোশাক এতটাই সাদাসিধে ছিল এবং কখনও কখনও পোশাক এতটাই পুরাতন হতো যে, আমরাও লজ্জিত হয়ে যেতাম। বছরের পর বছর ব্যবহৃত পাগড়ী অথবা টুপি কিংবা কাপড় যা ঘষে ঘষে বিভিন্ন জায়গায় রং পরিবর্তন হয়ে গিয়েছে কিন্তু সাহাবায়ে কেরাম রিযওয়ানুল্লাহি আলাইহিমের পদাঙ্ক অনুসরণের আগ্রহে তিনি অন্যদেরকে উৎকৃষ্ট ও ভালো মানের জিনিসগুলো দিয়ে দিতেন কিন্তু নিজে এতটাই দরিদ্রের মতো জীবন-যাপন করতেন যে, কখনও কখনও আমরা চিন্তিত ও পেরেশান হয়ে যেতাম কিন্তু এই সমস্যার সমাধান আমাদের কাছে থাকতো না। তাই একবার আমি হযরতকে বলে বসি: আমীর সাহেব আপনি তো সাইয়েদুনা উমর ফারুক রাযিয়াল্লাহু আনহুর মতো আপনার পরবর্তী লোকদেরকে সমস্যার মাঝে ফেলে চলে যাবেন”

55

মাওলানা সাহেব রহিমাহুল্লাহ বলতেন: যেকোনো বিপ্লবের আহ্বায়ক ও আন্দোলনের কর্মীদের অন্তর থেকে দুনিয়ার মুহব্বত বের করে দেয়া অনেক জরুরি। যার অন্তর জাগতিক ভোগ-বিলাসের মাঝে বেড়ে ওঠে সে কুরবানী দেয়ার সময় নিজের জান বাঁচাবার কথা চিন্তা করতে থাকে। এই কারণে দুনিয়ার ভালোবাসা কমানোর কার্যকরী পন্থাগুলোর মধ্যে একটা পন্থা হলো দানশীলতা বাড়ানো, নিজে শুকনো অনুন্নত খাবার আহার করা সাদাসিধে পোশাক পরিধান করা এবং অন্যদেরকে উন্নত মানের খাবার খাওয়ানো, উন্নত পোশাক পরিধান করানো। এমনিভাবে সময়ের দাবি, ওয়াদা-অঙ্গীকার-প্রতিশ্রুতি, ওঠাবসা এবং 55 মাওলানা রহমাতুল্লাহি আলাইহির এ কথা বলার উদ্দেশ্য হলো:
যেমনিভাবে সাইয়েদুনা ফারুক-এ-আজম রাদিয়াল্লাহু তা'আলা আনহু সেসময়ের খলিফা হয়েও সাদাসিধে জীবনের এমন উৎকৃষ্ট দৃষ্টান্ত স্থাপন করেন, যা মেনে চলা পরবর্তী লোকদের জন্য অনেক কঠিন হয়ে দাঁড়ায়; এমনিভাবে আপনার অভ্যাস ও জীবনাচারও পরবর্তী লোকদের জন্য মেনে চলা অনেক কঠিন হয়ে যাবে।

[315]

নিদ্রা জাগরণ —সর্বাবস্থায় সুন্নত সমূহের অনুসরণ করা, মাকরুহাত তথা শরীয়তের দৃষ্টিতে অপছন্দনীয় বিষয়াবলী পরিহার করার কথা সর্বদাই মাওলানা সাহেবের নসীহতের মাঝে থাকতো। তিনি বলতেন যে, এগুলো ছাড়া বরকত পাওয়া যেতে পারে না আর বরকত ছাড়া কোনো কিছুই অর্জন করা সম্ভব নয়।

ঈমানী দূরদর্শিতা
মাওলানা সাহেব রহিমাহুল্লাহর একটি বিশেষ
গুণ এই ছিল যে তিনি ঈমানী দূরদৃষ্টি সম্পন্ন ব্যক্তিত্ব ছিলেন। সম্ভবত তার লিল্লাহিয়াত, নিষ্ঠা, ইলম, অতঃপর সারা দেশে আল্লাহর দীনের জন্য ঘোরাফেরা করার সৌভাগ্যের বদৌলতে আল্লাহ তাআলা তাকে এই যোগ্যতা দান করেছিলেন যে, তিনি কোনো এলাকা কোনো ব্যক্তি বা কোনোরূপ অবস্থার ব্যাপারে এমন রায় পেশ করতেন, যা বাহ্যিকভাবে কারও মাথায় ধরতো না এবং সহজে বুঝে আসতো না। কিন্তু বর্তমান সময় পার হয়ে যাবার পর এবং কখনও কখনও কয়েক বছর অতিক্রান্ত হয়ে যাওয়ার পর আমাদের বুঝে আসতো যে, মাওলানা সাহেবের ওই কথা কতটা সঠিক ছিল। তার এই বিশেষ সিফাত ও গুণের ব্যাপারে কখনও কখনও এমন ধারণা হতো যে, সম্ভবত নৃতত্ত্ব ইতিহাস ভূগোলের শাস্ত্রীয় জ্ঞান রাখার বদৌলতে তার বিশ্লেষণ এতটা সঠিক হয়ে থাকে কিন্তু পরবর্তীতে আমরা বুঝতে পারতাম যে, এটা শুধু তার ঈমানি বাসীরত ও দূরদর্শিতা, যা তাকে পথ দেখিয়ে এগিয়ে নিয়ে যেত। কতবার এমন হয়েছে যে, কাউকে আমরা কোনো কাজের দায়িত্ব দিয়েছি কিন্তু মাওলানা সাহেব রহিমাহুল্লাহ দায়সারা ভাবে দেখেই জানিয়ে দিয়েছেন, এই ব্যক্তি এ কাজ করতে পারবে না। তখন আমরা নিজেদের অজ্ঞতার কারণে প্রমাণ চাইতাম। কিন্তু মাওলানা সাহেব রহিমাহুল্লাহ কোনো দলীল প্রমাণ পেশ করতে পারতেন না; শুধু বলতেন এটা আমার

[316]

রায় বাকিটা আপনারা চাইলে অভিজ্ঞতার মাধ্যমে দেখে নিতে পারেন। পরবর্তীতে বছরের পর বছর অভিজ্ঞতা অর্জন করার পর আমাদের এই উপলব্ধি হতো যে, **আমীর সাহেব রহিমাহুল্লাহর রায় কতটা সঠিক** ছিল। এমনিভাবে কোনো অঞ্চল শহর অথবা গোত্রের ব্যাপারে তার বিশ্লেষণ এতটা সঠিক প্রমাণিত হতো যে, আমরা হতবাক হয়ে যেতাম। অমুক এলাকা সামরিক অঙ্গন হিসাবে অধিক উপযুক্ত, অমুক এলাকা দাওয়াতের জন্য বেশি উপযুক্ত, অমুক গোত্রকে আশ্রয় কেন্দ্র বানানো উচিত আর এই গোত্র ভবিষ্যতে বিভিন্ন ফিতনা-ফাসাদের ভূমি হবে—শুধু কয়েকবারের দেখা-সাক্ষাৎ অথবা কোনো এলাকা দিয়ে অতিক্রম করার দ্বারাই সেখানকার এমনই অনেক অবস্থা আল্লাহ তাআলা হযরতের সামনে স্পষ্ট করে দিতেন। **আমীর সাহেব রহিমাহুল্লাহর ব্যক্তিত্ব নিয়ে যদি** চিন্তা-ভাবনা করা হয় তাহলে নিম্নোক্ত হাদীসের মর্ম আমাদের বুঝে আসে:

اتَّقُوا فِرَاسَةَ الْمُؤْمِنِ، فَإِنَّهُ يَنْظُرُ بِنُورِ اللَّهِ تَعَالَى

অর্থ: "মুমিনের দূরদর্শিতার ব্যাপারে সতর্কিত থেকো নিশ্চয়ই মুমিন আল্লাহর নূর দিয়ে দেখে।"[56]

আমরা সবাই আহলে সুন্নাহ: আমরা সবাই একতাবদ্ধ

মাওলানা সাহেব **রহিমাহুল্লাহ** যে সময় ওয়াজিরিস্তানে তাশরীফ নিয়ে যান সে সময়ে গোপন এজেন্সির গুপ্তচরদের এবং কিছু অজ্ঞ অথবা নিকৃষ্ট ব্যক্তির পক্ষ থেকে মাসলাকি ইখতেলাফ (শরীয়তের শাখাগত এমন বিষয়ের মাঝে মতপার্থক্য যেখানে উভয়পক্ষের ব্যাপারে নেকী লাভের ঘোষণা এসেছে কিংবা এমন বিষয়ে মতপার্থক্য যা শরীয়তের মৌলিক বিষয় না হবার কারণে জরুরি মুহূর্তে দৃষ্টি

[56] জামে তিরমিজি

আকর্ষণ করার মতো গুরুত্বপূর্ণ নয়।) জারি ছিল। আহলে সুন্নাহর মাঝে বিভিন্ন রকম বিভক্তি তৈরি করার মানসিকতা লালনকারী কিছু হযরত নিজেদের বিপরীত ধর্মীয় ঘরানাকে বিদআতী অথবা আহলে সুন্নত থেকে বহিষ্কৃত বলে আখ্যা দিতে আরম্ভ করে এবং তাদের সঙ্গে মিলে ইবাদত আদায় করা সহ অন্যান্য সামাজিক সম্পর্ক রাখা জায়েয নয় মর্মে ফাতওয়া প্রচার করতে আরম্ভ করে। হানাফী সালাফী হোক অথবা হায়াতি মামাতি—এজাতীয় বিষয়গুলো নিয়ে বিতর্ককামী স্বভাবের কিছু ব্যক্তি জিহাদের ময়দানেও তাদের স্বভাবজাত বিতর্ক তৈরি করতে চাচ্ছিলো। মুসলিম উম্মাহর বেদনায় নিমজ্জিত মাওলানা সাহেব রহিমাহুল্লাহ এই ফিতনার সামনে বুক টান করে দাঁড়িয়ে যান এবং প্রকাশ্যে ঘোষণা করেন, এই বিষয়গুলো এখানে জিহাদের ময়দানে যারা ছড়াচ্ছে, এখানে যারা তর্ক বিতর্কের পরিবেশ তৈরি করছে তারা শুধু জিহাদের লক্ষ্য উদ্দেশ্যের সঙ্গেই অপরিচিত নয়, বরং তারা ইচ্ছায় হোক অনিচ্ছায় হোক আল্লাহর দীনের শত্রুদের এজেন্ডা বাস্তবায়ন করে যাচ্ছে। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ বলতেন যে, উম্মাহর উলামায়ে কেরামের মাঝে ফিকহী ইখতেলাফ তথা ইসলামী আইনশাস্ত্রে বিভিন্ন মতপার্থক্য ইসলামের প্রথম শতাব্দীগুলো থেকেই চলে এসেছে। কিন্তু আমাদের আকাবিরীন ও পূর্বসূরিগণ কখনোই মুসলিম উম্মাহর মাঝে বিভেদ বিভক্তি তৈরির কারণ হননি। আহলে সুন্নাহ সর্বদাই এক থেকেছে। আমাদের ইমামগণ ও আকাবিরীন অন্যান্য মাসলাক ও ধর্মীয় ঘরানার ইমামগণকে এবং উলামায়ে কেরামের মতামতকে শ্রদ্ধা করতেন, তাদের সঙ্গে ইবাদত সহ সামাজিক বিষয়াদিতে শরীক থাকতেন, এক পতাকার নিচে সমবেত হয়ে কাফেরদের বিরুদ্ধে তারা শক্তি পরীক্ষা করতেন। এর বিপরীতে আল্লাহর দীনের শত্রুরা সর্বদাই এই অপেক্ষায়

[318]

থাকতো, কখন কোনো মতপার্থক্যের বাহানায় তাদের মাঝে বিভক্তি তৈরি করার সুযোগ পাবে আর সেই সুযোগ কাজে লাগিয়ে তাদের ঐক্য তারা বিনষ্ট করে দেবে। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ সর্বদাই এই ঘটনা শোনাতে যে, পাঞ্জাবের একজন প্রসিদ্ধ বুযুর্গ আলেমে দীন লাল মসজিদের ঘটনার পরে তার জীবনের সর্বশেষ বিতর্ক সভায় কিছু শাখাগত মতবিরোধপূর্ণ বিষয় নিয়ে বিতর্ক করতে উৎসাহ প্রদানকারীদের পৃষ্ঠপোষকতা এ কথা বলে ছেড়ে দেন যে, এ সমস্ত তর্ক বিতর্কের দ্বারা কোনো কাজ হয় না বরং মুসলিম উম্মাহর মাঝে মতবিরোধ ও শত্রুতাই বৃদ্ধি পায়। অথচ আল্লাহর দীন রক্ষার জন্য অন্যান্য কাজ আরও বেশি জরুরি। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ বলেছেন যে, উক্ত আলেম-এ-দীনের কাছে ষড়যন্ত্র ও চক্রান্তের দৃষ্টান্ত স্থাপনকারী আইএসআ'র ব্রিগেডিয়ার ওই হযরতের সমমানা এবং ধর্মীয় ঘরানায় সহযাত্রী সেজে এসেছে এবং হযরতের কাছে বলেছে, আমাদের আকাবিরদের মাসলাক রক্ষা করার জন্য এই বিতর্কগুলো খুবই জরুরি। যদি আমরা এই বিতর্কে অংশগ্রহণ না করি তাহলে আমাদের প্রতিপক্ষ আমাদের পরাজয়ের কথা ঘোষণা করে দেবে। এমনই আরও বিভিন্ন তথ্য-প্রমাণ রয়েছে যে তারাই মতপার্থক্যকে কেন্দ্র করে বিতর্ক কিভাবে উসকে দেয়। কিন্তু ওই মুহতারাম বুযুর্গ আলেম সিদ্ধান্ত করে নিয়েছিলেন যে, নিজের বাকি জীবন কুফর ও নাস্তিকতার মাথা চূর্ণ করার কাজে ব্যয় করবেন। তাই তিনি ওই ব্রিগেডিয়ারের প্রস্তাব সোজা তার মুখের উপর প্রত্যাখ্যান করে দেন। তখন আইএসআই'র ব্রিগেডিয়ার কৌশল পরিবর্তন করে ধমকির সুরে বললো: যদি আপনি এমনটা না করেন তাহলে আপনার সাহায্যে যত ছাত্র ওয়াজিরিস্তানে গিয়েছে তাদেরকে সামনে রেখে আমরা আপনার মাদরাসার

[319]

বিস্তারিত তদন্ত ও অনুসন্ধান মিশন পরিচালনা করতে বাধ্য হব।

এক কথায় মাওলানা আসিম উমর রহিমাহুল্লাহ মুজাহিদীনকে বোঝাতেন যে, আল্লাহর ওয়াস্তে আপনারা মুসলিম উম্মাহর প্রতিরোধ যুদ্ধ এগিয়ে নেয়ার জন্য একতাবদ্ধ হয়ে যান এবং এক লক্ষ-উদ্দেশ্য পূরণের জন্য নিজেদের মতপার্থক্যগুলো ভুলে যেতে চেষ্টা করেন। তিনি উদাহরণ দিয়ে বলেন যে, ন্যাটো জোটে পঞ্চাশের বেশি দেশ ধর্ম-আদর্শ-সংস্কৃতির পার্থক্য সত্ত্বেও ইসলামকে ধ্বংস করার জন্য জোটবদ্ধ হয়ে আফগানিস্তানে এসেছে। কতটা লজ্জাজনক বিষয় যে, আমরা এক রব এক কালিমা এক কুরআন এক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং এক কাবা অনুসরণকারীরা ইসলাম রক্ষায় একতাবদ্ধ হতে পারছি না?

মাওলানা সাহেব রহিমাহুল্লাহ মাযহাব ও ইসলামী আইনশাস্ত্রের দিক থেকে হানাফী ছিলেন এবং দৃষ্টিভঙ্গি ও ধর্মীয় ঘরানার দিক থেকে উলামায়ে দেওবন্দের আকাবির রহিমাহুল্লাহদের মতাদর্শের উপর প্রতিষ্ঠিত ছিলেন; কিন্তু সেই সঙ্গে অন্যান্য ধর্মীয় ঘরানার উলামায়ে কেরামের প্রতি তার মাঝে শ্রদ্ধাভাব বিদ্যমান ছিল এবং প্রয়োজনের সময় তাদের রচনাবলী ও লেখালেখি থেকেও তিনি উপকৃত হতেন। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ কেন্দ্রগুলোতে ‹ সার বুলান্দ সার বুলন্দ, দেওবন্দ দেওবন্দ › (অর্থাৎ দেওবন্দের জয়জয়কার) এমন স্লোগানের ব্যাপারে সকলকে বলে দেন যে, আমি চাই না, মুজাহিদীনের জামাতে কোনো বিশেষ ধর্মীয় ঘরানার ছাপ থাকুক এবং অন্য ঘরানাকে অপছন্দনীয় বলে বিবেচনা করা হোক; বরং এমন হওয়া উচিত যে, আমরা গোটা উম্মাহর জন্যই সম্পদ। যদি কোনো বেরেলভী মাহবুব সরদারে মাদানী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উম্মতকে রক্ষা করার জন্য আমাদের সঙ্গে [320]

আসতে চায়, তাহলে আমরা তার সঙ্গে গলা মিলিয়ে নেব। এমনিভাবে কতবার এমন হয়েছে যে, কোনো ভারসাম্যপূর্ণ রুচি প্রকৃতির অধিকারী এবং অন্য ঘরানার ব্যাপারে মধ্যমপন্থা অবলম্বনকারী কোনো সালাফী ভাইকে মাওলানা সাহেব রহিমাহুল্লাহ সালাতের ইমামতি করানোর জন্য সামনে এগিয়ে দিয়েছেন, তার ইমামতিতে নিজেও সালাত আদায় করেছেন এবং অন্যদেরকেও পড়তে বলেছেন। এমনিভাবে যখন কোনো সালাফী ভাই তার কাছে কোনো ফিকহী বিষয় জিজ্ঞেস করে তখন তাকে তাদের ঘরানার উলামায়ে কেরামের রায় বর্ণনা করে দিয়েছেন। এমনিভাবে মাওলানা সাহেব রহিমাহুল্লাহ কখনই কোনো সালাফী ভাইকে তার ধর্মীয় ঘরানা পরিবর্তন করার এবং দেওবন্দের উলামায়ে কেরামেরপন্থা অনুসরণ করার দাওয়াত দেননি। অথচ তিনি নিজে দেওবন্দের উলামায়ে কেরামের চিন্তাধারা ও অবস্থানকে হক ও সত্যের সবচেয়ে কাছাকাছি বলে মনে করতেন। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ বলতেন যে, আমরা আমাদের আকাবিরদের কাছ থেকেই শিখেছি, আমরা নিজেদের ঘরানাকে হক বলে মনে করি, কিন্তু এখানে কোনো ভুলের সম্ভাবনাকে আমরা অস্বীকার করি না; একই সঙ্গে অন্য মাযহাবকে ভুল মনে করি, কিন্তু সেখানে সঠিক বিষয় থাকার সম্ভাবনাকে অস্বীকার করি না। মাওলানা রহিমাহুল্লাহ বলতেন, সমস্যা তখনই সৃষ্টি হয়, যখন আমরা অন্য ঘরানার আকাবিরদেরকে তুচ্ছ-তাচ্ছিল্য করি এবং অন্যদেরকে ঘরানা পরিবর্তন করানোর চেষ্টা করি। যদি এই দুটো বিষয় পরিহার করা যায়, তাহলে না কোথাও ঝগড়া হবে আর না পারস্পরিক বিদ্বেষ তৈরি হবে। তখন সকল মুজাহিদ সৌহার্দ্য সম্প্রীতি ও ভালোবাসা সহকারে আল্লাহর দীনের শত্রুদের বিরুদ্ধে জিহাদের কাজে ব্যস্ত থাকতে পারবে।

[321]

ইলমী বিনয়
সালফে সালেহীনের পদাঙ্ক অনুসরণকারী মাওলানা আসিম উমর রহিমাহুল্লাহর আরও একটি বিশেষ সিফাত ছিল তিনি ইলমের অঙ্গনে খুবই বিনয়ের অধিকারী ছিলেন। আল্লাহ তাআলা তাকে ইলমে দীনের একটা বড় অংশ দান করেছিলেন কিন্তু তিনি কোনো সিদ্ধান্তে উপনীত হবার আগে অন্যান্য উলামায়ে কেরাম এবং কখনও কখনও কোনো কোনো তালেবুল ইলমের সঙ্গেও পরামর্শ করে নিতেন। আমি তাকে এমন কিছু সাথির সঙ্গে বিশেষ আচরণ করতে দেখেছি যা আশ্চর্যের। ওই সাথিরা বাহ্যিকভাবেই ইলমী অবস্থানে মাওলানা সাহেবের চেয়ে নিচে ছিলেন; শুধু তাই নয় কেউ কেউ তো এমন ছিলেন, যারা ইলমে দীনের একেবারেই প্রাথমিক স্তরের তালিবুল ইলম। মাওলানা সাহেবকে আমি শুনেছি যে, তাদের উদ্দেশ্যে বলছেন: যদি আমার লেখায় কোনো কথা আপনাদের অসমীচীন মনে হয় তাহলে তা কেটে দেবেন। এমনিভাবে কখনও কখনও তিনি তার চেয়ে ছোটো সাথিদের কাছে কোনো আয়াত অথবা হাদীসের ব্যাপারে জিজ্ঞেস করতেন যে, আপনি এর তাফসীর সম্পর্কে কিছু শুনেছেন অথবা পড়েছেন? তাহলে আমাকে অবশ্যই একটু বলুন। যদি এমন কিছু ভবিষ্যতে আপনার সামনে আসে, তাহলে অবশ্যই আমাকে জানাবেন। বিনয়ের মাঝে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো রুজু তথা নিজের অবস্থান থেকে ফিরে আসা; অর্থাৎ যদি নিজের কোনো মতের ব্যাপারে পরবর্তীতে জানা যায়, তা সমীচীন ছিল না তাহলে তা থেকে ফিরে আসা এবং সত্য বলার ক্ষেত্রে নিজের দুর্বলতা প্রকাশের ভয়ে লজ্জিত না হওয়া। মাওলানা সাহেব রহিমাহুল্লাহর সাথে সাত বছর সময় যাপন করে সবচেয়ে বেশি যেদিন আমি মাওলানা সাহেব রহিমাহুল্লাহর দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছি এবং তার ভালোবাসা ও শ্রেষ্ঠত্বের অনুভূতি আমার হৃদয়ে বসে গিয়েছিল সেদিন মাওলানা সাহেবের

[322]

এই রুজু করার সিফাত ও বিনয়ের গুণ আমার সামনে প্রকাশিত হয়।

ঘটনা এরকম। ২০১২ সালের কথা। তখন লাহোরে ফ্যাসাদ হাঙ্গামা বিশৃঙ্খলা ও দুষ্কৃতীর শিকড় গোপন এজেন্সিগুলো এক মুজাহিদের ঘরকে কেন্দ্র করে অ্যাম্বুশ পাতে। সেখানে কিছু মুজাহিদ মোকাবেলা করেন এবং সাহসিকতার সঙ্গে শাহাদাতের পেয়ালা মুখে তুলে নেন। গোপন সংস্থার হতভাগারা এরপরে মুজাহিদীনের ঘরবাসীকে অসম্মান করে অত্যন্ত নির্দয়ভাবে টেনে নিজেদের গাড়িতে উঠিয়ে নিয়ে যায়। এক ভাই যখন এই ঘটনা সম্পর্কে ওয়াজিরিস্তানে মাওলানা সাহেব রহিমাহুল্লাহকে অবহিত করেন তখন তিনি দুঃখে ও ক্রোধে উত্তেজিত হয়ে যান। মাওলানা সাহেব রহিমাহুল্লাহ তার বুকে গভীর অনুভূতি, তীব্র আবেগ ও প্রাণশক্তি পোষণ করতেন মুসলিম বোনদের সম্মানহানির ঘটনায় দুঃখিত পেরেশান ও ক্রোধান্বিত হওয়া স্বভাবজাত বিষয় এবং ঈমানী আত্মমর্যাদার দাবি ছিল। এই কারণেই মাওলানা সাহেব রহিমাহুল্লাহ উত্তর ওয়াজিরিস্তানের মুজাহিদ প্রতিনিধিদেরকে ডেকে পাঠান এবং বিশেষ বৈঠকের আয়োজন করেন। ওই বৈঠকে মাওলানা সাহেব রহিমাহুল্লাহ সকল মুজাহিদকে তাৎক্ষণিক প্রতিক্রিয়া দেখাতে এবং নিকৃষ্ট শত্রু বাহিনীকে এমন আঘাত করার জন্য উদ্বুদ্ধ করেন, যার দ্বারা ভবিষ্যতে মা-বোনদের উপর হাত উঠাবার আগে তারা চিন্তা করে নেবে। নীতি-নৈতিকতা থেকে বিচ্যুত গোপন সংস্থাগুলোর এমন কার্যকলাপের কারণে সকলের চক্ষু অশ্রুসিক্ত ছিল এবং অধিকাংশ সাথি এই রায় পেশ করেন যে, আমাদেরও উচিত লাহোরে সেনাবাহিনীর কোনো বড় অফিসারের ঘরে হামলা করা এবং তার গৃহে ধ্বংসযজ্ঞ পরিচালনা করে সরকারকে এই বার্তা দেয়া যে, আমরা আমাদের বোনদের সম্মানের প্রতিশোধ নিতে জানি। এমন রায়ের ব্যাপারে এক ভাই

[323]

বললেন যে, কোনো সেনা অফিসারের গৃহে হামলা করার দ্বারা তো এমন আশঙ্কা রয়েছে যে, ঘরবাসী ও ওই হামলায় মারা যাবে” কিন্তু ওই সময় মাওলানা সাহেব রহিমাহুল্লাহ সহ উপস্থিত অন্যান্য সাথি আবেগ ও জযবায় এতটাই উত্তেজিত হয়েছিলেন যে, ওই ভাইয়ের কথার জবাবে বলে উঠলেন, « যদি মারাও যায় তাহলেও ভালো। তারা যে জুলুম ও নৃশংসতা চালিয়েছে, মুজাহিদ ভাইদের গৃহবাসীদের সঙ্গে তারা যা করেছে, তার চেয়ে তো কম হবে।”

ওই মজলিসের কিছুদিন পরে মাওলানা সাহেব রহিমাহুল্লাহ আমাদের গরীব খানায় কুশল জিজ্ঞাসা করার জন্য আগমন করেন। রাতে খাবার পর যখন চলে যাবেন, তখন আমি আলাদাভাবে গিয়ে বলি, মাওলানা সাহেব! ঐদিন মজলিসে আপনি যা বলেছিলেন তার দ্বারা মুজাহিদীনের মাঝে খারাপ প্রতিক্রিয়া দেখা দিচ্ছে। যদি আমরা এভাবে আবেগের বশবর্তী হয়ে শত্রুদের গৃহেই তাদেরকে টার্গেট বানাই, তাহলে একে তো ইচ্ছাকৃতভাবে নারী ও শিশুদেরকে হত্যা করা আমাদের পবিত্র শরীয়তে নাজায়েয; অপরদিকে এভাবে প্রতিশোধমূলক কার্যকলাপের ধারা যদি জারি হয়ে যায়, তাহলে ভবিষ্যতে বিশৃঙ্খলার অনেক বড় দ্বার উন্মুক্ত হয়ে যাবার আশঙ্কা রয়েছে—যা বন্ধ করা কারও পক্ষেই সম্ভব হবে না। তখন মাওলানা সাহেব রহিমাহুল্লাহর মহানুভবতা এই ছিল যে, তিনি মাথা নত করে পুরোপুরি মনোযোগ সহকারে আমার কথা শুনছিলেন। আমার কথা শেষ হবার পর বলে উঠলেন: আল্লাহ ক্ষমা করুন! আমার দ্বারা ভুল হয়ে গিয়েছে। অতএব আমি সংশোধনের চেষ্টা করছি। তাই পরের দিন পাকিস্তানের জামাতগুলোর দায়িত্বশীলদেরকে জরুরি ভিত্তিতে তলব করেন। সকলকে দ্বিতীয়বার একত্রিত করে ভূমিকা মূলক আলোচনা শেষ করার পর এ বিষয়ে কথা বলতে আরম্ভ করেন এবং বলেন: “এক ভাই দৃষ্টি আকর্ষণ করেছেন যে, আমাদের ওই দিনের বৈঠকে যে আলোচনা হয়েছে তা

[324]

সমীচীন ছিল না। আমরা আবেগের বশবর্তী হয়ে কিছু ভুল করে ফেলেছি। সঠিক বিষয় তো হলো যেখানে নারী শিশুদের মারা যাবার সম্ভাবনা থাকবে সেখানে কোনো অপারেশন পরিচালনা করা উচিত হবে না বরং তার বিপরীতে নৃশংসতাকারী জালেমদের থেকেই সরাসরি প্রতিশোধ নেয়ার চেষ্টা করা উচিত। তার একটা পন্থা এই হতে পারে যে , নির্যাতন নিপীড়নের দৃষ্টান্ত স্থাপনকারী আইএসআই 'র কোনো কেন্দ্রে আত্ম উৎসর্গমূলক আক্রমণ পরিচালনা করা যেতে পারে এবং সেই সঙ্গে এই বার্তা ছড়িয়ে দেয়া যেতে পারে যে, আমরা নিজেদের ওই সমস্ত বোনের প্রতিশোধ নেয়ার জন্য এই আক্রমণ করেছি , যাদেরকে আইএসআই এবং অন্য গোপন সংস্থাগুলোর সেলগুলোতে টর্চার করা হয়েছে এবং সম্মান ভূলুণ্ঠিত করা হয়েছে ; কিন্তু এই উদ্দেশ্যের জন্য শত্রুদের নারী শিশুদেরকে কখনোই টার্গেট বানানো উচিত হবে না »

উপস্থিত সকলেই মাওলানা সাহেব রহিমাহুল্লাহর এই নসীহত অন্তরের অন্তস্থল থেকে কবুল করে নেন এবং তার প্রতি কৃতজ্ঞতা জানান। মাওলানা সাহেব রহিমাহুল্লাহর এই বিনয় এবং আমার মতো নাদান ব্যক্তির নসীহতের কারণে নিজের অবস্থান পরিবর্তনের সিফাত এমনই প্রভাব সৃষ্টি করেছিল যে , আমার চোখ থেকে অশ্রু গড়িয়ে পড়ে এবং মাওলানা সাহেব রহিমাহুল্লাহর শ্রেষ্ঠত্ব ও ভালোবাসা আমার অন্তরে আরও বৃদ্ধি পেয়ে যায়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কত সুন্দর করে ইরশাদ করেছেন :

«مَا تَوَاضَعَ أَحَدٌ لِلَّهِ إِلَّا رَفَعَهُ اللَّهُ»

অর্থ : "কোনো ব্যক্তি আল্লাহর জন্য নত হলে আল্লাহ অবশ্যই তার মর্যাদা উন্নীত করে দেন। "[57]

---

[57] সহীহ মুসলিম

রচনাকর্ম
মাওলানা আসিম উমর রহিমাহুল্লাহ মৌলিকভাবে আল্লাহর দীনের একজন দাঈ ছিলেন। একদিকে বয়ান বক্তৃতা খুতবা আলোচনা, ইলমী বিভিন্ন বিষয়বস্তুর উপর আলোকপাত করার দ্বারা তিনি আল্লাহর দীন ও জিহাদের কাজ করেছেন, অপরদিকে রচনা ও লেখালেখির অঙ্গনেও তিনি অনেক পুস্তিকা গ্রন্থ প্রণয়ন করে আল্লাহর পথে দাওয়াতের ফরয দায়িত্ব পালন করেছেন। মাওলানা সাহেবের সকল প্রকার দাওয়াতী কাজের আলোচনা সম্ভবত এখানে নিয়ে আসা সম্ভব হবে না; কিন্তু তার কিছু গুরুত্বপূর্ণ কিতাবের নাম এখানে উল্লেখ করা আমাদের এই গ্রন্থের মৌলিক বিষয়বস্তুর সঙ্গে প্রাসঙ্গিক হবে বলে আশা রাখছি।

০১. তৃতীয় বিশ্বযুদ্ধ এবং দাজ্জাল

০২. বারমুডা ট্রি অ্যাঙ্গেল এবং দাজ্জাল

০৩. ইমাম মাহদির দোস্ত দুশমন

০৪. দুই জীবন ব্যবস্থার সংঘাত: ইসলাম নাকি গণতন্ত্র

০৫. দাওয়াতে খেলাফত এবং মানহাজে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

০৬. পতনের দ্বারপ্রান্তে পশ্চিমা সভ্যতা: সূরাতুল আসরের আলোকে

০৭. দারুল হারব দারুল ইসলাম এবং সমকালীন রাষ্ট্রগুলো (অপ্রকাশিত)

০. মুওয়ালাতের বিষয়বস্তুর উপর রচিত একটি গ্রন্থ (অপ্রকাশিত)

০৯. কিতাল এবং মানহাজে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (অপ্রকাশিত)

[326]

মাওলানা সাহেব রহিমাহুল্লাহর হাতে জিহাদের বায়আত
উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহ দীর্ঘদিন
ধরে এমন কারও খোঁজ করে যাচ্ছিলেন, যার ব্যক্তিত্বের ব্যাপারে মুজাহিদীন একতাবদ্ধ হবে এবং যিনি শরীয়তের অনুসরণের ভিত্তিতে মুজাহিদীনের ওই বাহিনীকে একতার সাথে পরিচালনা করতে পারবেন। ফারুক ভাই রহিমাহুল্লাহ যখন মাওলানা সাহেব রহিমাহুল্লাহকে পেয়ে গেলেন, তখন সেই অমূল্য রত্নের অভাব আর রইল না, যার খোঁজে তিনি জীবনের দীর্ঘ সময় কাটিয়ে দিয়েছিলেন। কাঙ্ক্ষিত জিনিস পেয়ে যাবার পর তিনি বিলম্ব করলেন না বরং নিজেই অগ্রসর হয়ে হযরত মাওলানা আসিম উমর রহিমাহুল্লাহর হাতে জিহাদের বায়আত করে নিজেকে পুরোপুরি তার কাছে সোপর্দ করে দিলেন। তিনি নিজের সকল সাথি ও সহযোদ্ধা, সরঞ্জামাদি, অস্ত্রশস্ত্র এবং জিহাদের যাবতীয় আসবাবপত্র মাওলানা সাহেব রহিমাহুল্লাহর কাছে অর্পণ করে দেন এবং নিজের আমীরের দৃষ্টান্তমূলক আনুগত্যে অন্যদের জন্য বাস্তব উদাহরণ হয়ে যান। ফারুক ভাই রহিমাহুল্লাহর ওই সময়কার প্রশান্তি নিশ্চিন্ত ভাব ও আনন্দ দেখার মতো ছিল। তার অবস্থা এমন ছিল, যেন কেউ তার উপর অর্পিত দায়িত্ব আদায় করে প্রশান্তির নিঃশ্বাস ফেলেছে। নিঃসন্দেহে এই ঐক্য সাধনের জন্য অস্থিরতা আকুলতা এবং বাস্তব অঙ্গনে চেষ্টা প্রচেষ্টার ক্ষেত্রে ফারুক ভাই রহিমাহুল্লাহর চেয়ে বেশি অবদান অন্য কারও ছিল না। এই কারণে তার আনন্দ প্রশান্তি ও কুরবানীর জযবাও সবচেয়ে বেশি ছিল। ওই সময় আমি তাকে বলেছিলাম যে, অমুক ব্যক্তি মাওলানা সাহেব রহিমাহুল্লাহকে নির্বাচিত করার ব্যাপারে

[327]

নিশ্চিন্ত ও আশ্বস্ত নয় বলে মনে হচ্ছে। ফারুক ভাই রহিমাহুল্লাহ আমার কথা নিয়ে কিছুক্ষণ ভাবলেন। এরপর কিছুটা এভাবে বললেন: ভুল বলছেন। মাওলানা সাহেবের মতো আর কেউ থাকলে তার কথা আমাদের কাছে উপস্থাপন করুন না। মাওলানা সাহেবের মতো ইবাদাত নামায, তার মতো তাকওয়া, তার মতো ইলম, তার মতো কুরবানী অন্য কারও মাঝে একসঙ্গে থাকলে তবেই অন্য কারও ব্যাপারে ফায়সালা করা যাবে। আমার দৃষ্টিতে তো মাওলানার মতো অন্য কেউ নেই » এরপর একবার ফারুক ভাই রহিমাহুল্লাহ অন্য এক ভাইকে বোঝাতে গিয়ে পূর্ণ বিনয় সহকারে এ সম্পর্কে কথা বলেন যে, « আমার মাঝে আল্লাহ তাআলা সাথিদেরকে একত্রিত করার যোগ্যতা দান করেছিলেন, তাই এই কাজ আল্লাহর অনুগ্রহে আমার দ্বারা হয়েছে। এখন এই সাথিদেরকে সঙ্ঘবদ্ধভাবে কাফের বাহিনীর বিরুদ্ধে পরিচালিত করার যোগ্যতা মাওলানা সাহেব রহিমাহুল্লাহর মাঝে লক্ষ্য করা যাচ্ছে। অতএব আমি আমার সাথি ও সহযোদ্ধাদেরকে মাওলানা সাহেবের কাছে অর্পণ করে দিয়েছি »

উপমহাদেশে জামাত আল-কায়েদার দায়িত্বসমূহ আল-কায়েদা উপমহাদেশ গঠিত হবার পর তিনি নিজের সকল সাথি ও সরঞ্জাম সমূহ জামাতের আমীরের কাছে অর্পণ করেন এবং পুরোপুরি ভাবে তার নির্দেশ শ্রবণ ও আনুগত্যের বাস্তব দৃষ্টান্ত স্থাপন করেন। জামাত গঠিত হবার পর ফারুক ভাই রহিমাহুল্লাহ জামাতের নায়েবে আমীর, অর্থ সম্পাদক এবং দাওয়াত ও প্রচার শাখার দায়িত্বশীল হিসেবে নিযুক্ত হন। তিনি পূর্বের চেয়ে বেশি একাগ্রতা সহকারে নিজের দায়িত্বগুলো পালন করেন এবং নিজের সাধারণ নিরাপত্তার ব্যাপারে সতর্ক থেকে জামাত আরও সুসংগঠিত করতে এবং জামাতের

[328]

প্রতিটি বিভাগকে আরও কার্যকরী করে গড়ে তুলতে মগ্ন হয়ে যান। নতুন জামাতের প্রতিষ্ঠা এবং সেই সঙ্গে উত্তর ওয়াজিরিস্তানে অপারেশন শুরু হওয়ার কঠিন সময় সকল সাথিদের জন্য জীবন ধারণের মৌলিক উপকরণ সরবরাহ এবং তাদের আর্থিক প্রয়োজন পূরণ করার কঠিন কাজ ফারুক ভাই রহিমাহুল্লাহ দায়িত্বের সঙ্গে পালন করেন। অর্থবিভাগ এমন এক বিভাগ, যার দায়িত্বশীলদের ব্যাপারে সাধারণ সাথিদের পক্ষ থেকে অভিযোগ এসেই থাকে। কিন্তু ফারুক ভাই রহিমাহুল্লাহ সকল সমস্যা ও অভিযোগ হাসি মুখে শুনতেন এবং তাদের সকল সমস্যা যেকোনো হালাল পন্থায় সম্ভব সমাধান করার চেষ্টা করতেন। ওই সময় ফারুক ভাই রহিমাহুল্লাহর কার্যনির্বাহ এবং দৌড়াদৌড়ি অনেক বেড়ে গিয়েছিল। ধারাবাহিকভাবে কাজে ব্যস্ত থাকার কারণে তার মাঝে ক্লান্তির ছাপ দৃশ্যমান হয়ে উঠেছিল বটে; কিন্তু প্রশান্তি উৎফুল্লতা ও আনন্দের চিহ্ন তার মাঝে হত অমলিন। তিনি নিশ্চিন্ত ছিলেন এ মনে করে যে, আমি আমার দায়িত্ব পূরণ করেছি। মনে হতো যে, তিনি দুনিয়া থেকে নিজের সকল কিছু গুছিয়ে আখিরাতের উদ্দেশ্যে সফর করার প্রস্তুতিতে লেগে গিয়েছেন। আল্লাহ তার প্রতি সন্তুষ্ট হয়ে যান এবং জান্নাতুল ফেরদাউসে তার সঙ্গী হিসেবে আমাদেরকে কবুল করুন, আমীন।

[329]

অষ্টম অধ্যায়: কিছু বিশিষ্ট সফর
সঙ্গী ও ঘনিষ্ঠ বন্ধু

কোনো গুরুত্বপূর্ণ ব্যক্তিকে ভালোভাবে জানার জন্য তাঁর ঘনিষ্ঠজন ও কাছের মানুষদের সম্পর্কে জানা অত্যন্ত জরুরি একটি বিষয়। এমনটিও বলা হয়, মানুষকে তাঁর বন্ধুবান্ধব ও কাছের মানুষদের দ্বারাই চেনা যায়। ফারুক ভাই রহিমাহুল্লাহর এমন শত শত বন্ধু-বান্ধব ও সঙ্গী রয়েছেন, যাদের মধ্য থেকে প্রত্যেকেই নিজের কর্ম ও অবদানের কারণে নক্ষত্র তুল্য। অবশ্য তাদের মধ্যে কিছু প্রিয়ভাজন ব্যক্তি এমন রয়েছেন, যাদের নৈকট্য ও সান্নিধ্য ফারুক ভাই রহিমাহুল্লাহর দীনমুখী সংগ্রামী জীবন, ব্যক্তিত্ব ও সিদ্ধান্তগুলোর ওপর সরাসরি প্রভাব বিস্তার করেছে। তাদের মাঝে আমি শায়খ ইঞ্জিনিয়ার আহসান আজীজ রহিমাহুল্লাহ, হযরত মাওলানা সাঈদুল্লাহ খান রহিমাহুল্লাহ, ডক্টর সারবুলন্দ যুবায়ের খান রহিমাহুল্লাহ ও ইঞ্জিনিয়ার উসামা ইবরাহীম গৌরী রহিমাহুল্লাহকে নির্বাচন করেছি। আমার দৃষ্টিতে এই মহান ব্যক্তিদের সান্নিধ্য ফারুক ভাই রহিমাহুল্লাহর দাওয়াতী ও জিহাদী জীবনের বিভিন্ন স্তরে এবং বেশ কিছু সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ভূমিকা রেখেছে। পবিত্র আত্মার অধিকারী এই মানুষগুলোর আলোকিত জীবনী বর্ণনা করার জন্য এই গ্রন্থের অল্প কিছু পৃষ্ঠা যথেষ্ট নয়। তাই এই কিতাবে শুধু তাঁদের পরিচয় এবং ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে তাঁদের বন্ধুত্ব ও সহযাত্রার কিছু বিষয় উল্লেখ করবো। পরিচিত মূলক এই সামান্য আলোচনা যারা পাঠ করবেন, তাদের কাছে এ কথা স্পষ্ট হয়ে উঠবে, যে ব্যক্তির সফর সঙ্গী ও কাছের মানুষগণ এমনই মহান তিনি নিজে কতটা মহান ও শ্রেষ্ঠ!
[330]

শায়েরে জিহাদ দৃষ্টান্তহীন দাঈ শহীদ ইঞ্জিনিয়ার আহসান আজীজ রহিমাহুল্লাহ শায়েরে জিহাদ মুবাল্লেগে দীন খতীবে কাদেরুল বয়ান, বক্তা, প্রজ্ঞাবান, দূরদর্শিতার অধিকারী, উন্নত চরিত্র সম্পন্ন ব্যক্তিত্ব, নৈতিক উৎকর্ষের প্রতীক শহীদ ইঞ্জিনিয়ার আহসান আজীজ রহিমাহুল্লাহ এসেছিলেন কাশ্মীর উপত্যকা থেকে। মুজাহিদীনের মাঝে তাকে শায়খ সাদেক অথবা হাজী আব্দুল মান্নান নামে স্মরণ করা হতো। তার অভিভাবক সুলভ স্নেহ পূর্ণ ব্যক্তিত্বের কারণে অধিকাংশ সাথি শুধু শায়খ বলেই তাকে স্মরণ করত। তার পরিবার ভারত বিভাজনের সময় হিজরত করে আযাদ কাশ্মীরের মিরপুর শহরে বসবাস করতে আরম্ভ করেন। তার পিতা কাশ্মীর আযাদির জন্য ১৯৪৮ সালে সংঘটিত জিহাদে সশরীরে অংশগ্রহণ করেন এবং উক্ত যুদ্ধে বীরত্বের দৃষ্টান্ত স্থাপন করেন।

পারিবারিকভাবে দীনি পরিবেশ ছিল বিধায় সাধারণ দীনদারি শৈশবকাল থেকেই শহীদ আহসান আজীজ রহিমাহুল্লাহর মাঝে ছিল। তখনও ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর শেষ বছরে তিনি পড়াশোনা করছিলেন; এমন সময় তিনি নিজেকে ইলমে দীনের জন্য পুরোপুরি উৎসর্গ করে দিলেন। আরবী ভাষা এবং শারঈ ইলমের প্রাথমিক শিক্ষা তিনি অর্জন করে নেয়ার পরেই জিহাদ ফী সাবীলিল্লাহ-এর দাওয়াত পান এবং আফগানিস্তান অভিমুখে যাত্রা আরম্ভ করে দেন। আফগানিস্তানে সামরিক প্রশিক্ষণ গ্রহণ করেন এবং রুশ সমর্থক কমিউনিস্ট বাহিনীর বিরুদ্ধে জিহাদে অংশগ্রহণ করেন।

ইলম অর্জনের সময় তিনি তালিবুল ইলমদের মাঝে দীনী জাগরণ এবং নিষিদ্ধ বিষয় প্রতিরোধের উদ্দেশ্যে ইসলামী জমিয়তে তলাবা সংগঠনের সদস্য পদ গ্রহণ [331]

করেন। তিনি জমিয়তের কাশ্মীর শাখার দায়িত্বশীল এবং কিছুদিন সর্বোচ্চ দায়িত্বশীলের স্থলাভিষিক্ত হিসেবে দায়িত্ব পালন করেন। জমিয়তের তলাবা সংগঠনের সদস্য থাকাকালে একদিকে যেমন তিনি বিভিন্ন প্রশংসনীয় গুণাবলির কারণে অনন্য ছিলেন অপরদিকে তার মাঝে আল্লাহর দীনের দাওয়াত দেওয়ার অস্থিরতা, বক্তৃতা পাণ্ডিত্য এবং ব্যবস্থাপনার যোগ্যতা পুরো মাত্রায় বিদ্যমান ছিল। ওই সময় তিনি গণতান্ত্রিক রাজনীতি এবং তার প্রভাব প্রতিক্রিয়া খুব কাছ থেকে দেখার সুযোগ পেয়েছিলেন। পশ্চিমা বিশ্বের পৃষ্ঠপোষকতায় পাওয়া গণতান্ত্রিক রাজনীতির খারাপ দিকগুলো সে সময়ই তার কাছে স্পষ্ট হয়ে উঠেছিল। তিনি অনুভব করেছিলেন যে, সুস্পষ্ট শরীয়াহর বিধি-বিধান অথবা শরীয়ত নিষিদ্ধ বিষয়গুলোকে রাজনৈতিক প্রয়োজনের কারণে এড়িয়ে যাওয়া গণতান্ত্রিক রাজনীতিতে অপরগতা বলে ধরা হয়। প্রকাশ্য বিষয় হচ্ছে, এই অপারগতা মেনে নিয়ে এই অপারগতার কথা বলে দুঃখ প্রকাশ করা হয় জনসাধারণের সমর্থন সমবেদনা —যেটাকে অন্য ভাষায় বললে জনসাধারণের ভোট—অর্জনের জন্য; এছাড়া আর কোনো উদ্দেশ্যে নয়। এ কারণে ছাত্র বয়স থেকেই ইঞ্জিনিয়ার সাহেব রহিমাহুল্লাহ বিপ্লব ও পরিবর্তনের পন্থা হিসেবে দাওয়াত ও জিহাদকই অধিক উপযুক্ত বলে মনে করতেন।

শিক্ষা সমাপনের পর তিনি নিজেকে আল্লাহর দীনের খেদমতের জন্য উৎসর্গ করে দেন। জিহাদ ফী সাবীলিল্লাহর অস্থিরতা বুকে নিয়ে তিনি কাশ্মীরের মুজাহিদীনের সঙ্গে গিয়ে মিলিত হন। তিনি তাদের প্রশিক্ষক ও অভিভাবক হিসেবে দায়িত্ব পালন করতে থাকেন। বছরের পর বছর কাশ্মীর জিহাদের প্রশিক্ষণ শিবিরগুলোতে কুরআনের ক্লাস, হিফজ, তাজবীদ, নৈতিক ও শরীয়া মাসাআলা মাসায়েল

[332]

ক্লাসের দায়িত্বশীল শিক্ষক ছিলেন। সেই সঙ্গে তিনি আল্লাহর দীনের দাওয়াতের উদ্দেশ্যে কুরআন পাঠদানের কিছু মজলিস আয়োজন করেছিলেন।

কিন্তু সত্য অনুসন্ধানী আহসান আজীজ রহিমাহুল্লাহর কাছে খুব দ্রুত স্পষ্ট হয়ে যায় যে, কাশ্মীরি জিহাদী সংগঠনগুলো নিজেদের পলিসি তৈরিতে তাগুতি এজেন্সি আইএসআই এবং পাকিস্তানি সেনাবাহিনীর অধীন। একারণে কাশ্মীর জিহাদের উদ্দেশ্য শুধু হিন্দুদের বিরুদ্ধে লড়াই করা তো বটে কিন্তু ইসলামী শাসন বাস্তবায়ন করার দৃষ্টিভঙ্গি সেখানে পাওয়া যায় না। সুস্পষ্ট বিষয় হল, যেই বাহিনী পাকিস্তানের ভূখণ্ডে ইসলামী সরকার ও শাসন ব্যবস্থা প্রতিষ্ঠার পথে সবচেয়ে বড় প্রতিবন্ধক শক্তি, ওই বাহিনী কেমন করে মেনে নেবে যে, তার অধীনে তারই পৃষ্ঠপোষকতা নিয়ে পরিচালিত আন্দোলনগুলো ইসলামী শাসন ব্যবস্থা বাস্তবায়নকে নিজেদের মৌলিক লক্ষ্য বানিয়ে নেবে? এ কারণেই ইঞ্জিনিয়ার সাহেব আফগানিস্তান থেকে পরিচালিত বৈশ্বিক জিহাদের আহ্বায়ক মুজাহিদীনের সঙ্গে মিলিত হবার চেষ্টা আরম্ভ করে দেন।

ওই সময় ইঞ্জিনিয়ার সাহেব রহিমাহুল্লাহকে আল্লাহ তাআলা বাইতুল্লাহর হজের ফরয বিধান পালন করার তাওফীক দান করেছিলেন। তিনি বলতেন যে, হজের সময় তিনি আল্লাহর কাবার গিলাফের সঙ্গে জড়িয়ে ক্রন্দনরত অবস্থায় আল্লাহ তাআলার কাছে দোয়া করতেন, এই সময়ে পৃথিবীতে যারা আহলে হক ও সত্যপন্থি রয়েছেন, আপনি আমাকে তাদের সঙ্গে মিলিত করে দিন। হজ থেকে ফিরে আসার কিছুদিন পর যখন তার সম্পর্ক হয়েছে শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর সঙ্গে, তখন তিনি এটিকে কাবার ছায়ায় তার দোয়াগুলো সত্যি হয়েছে বলে ঘোষণা করতেন।
[333]

মুহাজিরদের সাহায্যে এগিয়ে আসা…
১১ই সেপ্টেম্বরের পরে যখন আরব মুজাহিদীনের মধ্য থেকে বড় সংখ্যক ব্যক্তি মার্কিন বোমা হামলার মুখে জরুরি অবস্থায় পাকিস্তান অভিমুখে যাত্রা করেন, তখন আহসান আজীজ রহিমাহুল্লাহ ওই সকল হযরতগণের অন্যতম ছিলেন যারা ব্যাপক পরিসরে মুহাজিরদের সাহায্যে এগিয়ে এসেছিলেন। ইঞ্জিনিয়ার সাহেব রহিমাহুল্লাহ করাচি থেকে নিয়ে পেশোয়ার পর্যন্ত করাচির বন্ধুবান্ধব ও ফ্রেন্ড সার্কেলকে কাজে লাগিয়ে আরব পরিবারগুলোর জন্য গৃহের ব্যবস্থা করেন। এটা তারই দাওয়াত এবং আন্তরিক উত্তাপের প্রতিক্রিয়া ছিল যে, পাকিস্তানি আর্মির কিছু ঈমানদার এবং ধর্মীয় আত্মমর্যাদাবোধ সম্পন্ন বড় অফিসার ওই সময়ে আরব মুহাজিরদেরকে শুধু নিজেদের গৃহে জায়গা দিয়েছেন এতটুকুই নয়; বরং তাদের জন্য যাতায়াত ও পণ্য সরবরাহের ব্যবস্থাও সহজ করে দিয়েছেন। পরবর্তীতে ওই সেনা অফিসারদের কোর্ট মার্শাল হয় এবং দীর্ঘ সময় পর্যন্ত বন্দী থাকার কষ্ট তাদের সহ্য করতে হয়। ওই সেনা অফিসারদের মধ্যেই একজন ছিলেন মেজর আদেল আব্দুল কুদ্দুস রহিমাহুল্লাহ, যিনি ৬ বছর বন্দী থাকার পর মুক্তি লাভ করার সঙ্গে সঙ্গেই ওয়াজিরিস্তানে হিজরত করেন এবং পরবর্তীতে সম্পর্কে তার ভাই ডক্টর আবু খালেক সারবুলন্দ যুবায়ের খান রহিমাহুল্লাহর সঙ্গে মিলে আমেরিকার বিরুদ্ধে লড়াইয়ে শাহাদাত বরণ করেন। তিনি ছিলেন ওই মেজর আদিল আব্দুল কুদ্দুস, যার গৃহ থেকে শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর কাছের লোক এবং ১১ই সেপ্টেম্বরের হামলার কেন্দ্রীয় ব্যবস্থাপক, ইসলামের বীর বাহাদুর খালেদ শায়খ মুহাম্মাদ (আল্লাহ তাকে

[334]

কাফেরদের কারাগার থেকে মুক্তি দান করুন!) গ্রেফতার হয়েছিলেন। ওই গ্রেফতারির ধারাবাহিকতায় শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহও এফবিআই এবং আইএসআই-এর যৌথ অ্যাম্বুশে ২০০৩ সালে গ্রেফতার হন। তিনি গ্রেফতার হবার পর সারা দেশে বিক্ষোভ মিছিল হয় এবং সকল ফোরাম থেকে বেআইনিভাবে তাকে গুম করার প্রতি নিন্দা জানানো হয়। অপরদিকে তদন্ত চলাকালে আরবদের সঙ্গে তার কোন সম্পর্কের প্রমাণ মেলে না। তাকে অনেক নির্যাতন করা হয়েছে কিন্তু তিনি এমন কোন গোপনীয়তা প্রকাশ করেননি যার দ্বারা কোনো সাথির কোনরূপ ক্ষতি হতে পারে। তাই এক বছরের মধ্যেই তাকে মুক্তি দেয়া হয়।

দাওয়াহ ইলাল্লাহ গ্রেফতার হবার কারণে সত্যের পথ থেকে তিনি একটুও বিচ্যুত হননি এবং অবিচলতা হারাননি। তিনি বরাবরের মতোই একাগ্রতা সহকারে মুজাহিদীনের সাহায্য সহযোগিতার কাজে ব্যস্ত হয়ে যান। সেই সঙ্গে আল্লাহর দীনের দাওয়াত এবং জিহাদের দাওয়াত প্রসারে চেষ্টা শ্রম ব্যয় করতে থাকেন। তিনি দেশের বিভিন্ন জায়গায় মসজিদগুলোতে কুরআনে কারীমের উপলব্ধি, সীরাতের আলোকে শিক্ষা গ্রহণ এবং নতুন ফিতনা থেকে হেফাযত সংক্রান্ত বিষয়বস্তুর উপর পাঠদানের ধারাবাহিক আয়োজন আরম্ভ করেন। তার এই ক্লাসের মাধ্যমেই আমরাও শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ সম্পর্কে পরিচিতি লাভ করতে সক্ষম হই এবং ফারুক ভাই রহিমাহুল্লাহ ওই ক্লাসের মাধ্যমেই জিহাদে অংশগ্রহণের জন্য এগিয়ে আসেন। এই সম্পর্কে বিস্তারিত আলোচনা এই গ্রন্থের চতুর্থ অধ্যায়ে করা হয়েছে।

[335]

দৃষ্টান্তহীন শায়ের
শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহকে আল্লাহ তাআলা একটি অনুভূতি প্রবণ হৃদয় দান করেছিলেন। তার অন্তর এমন ছিল যার মধ্যে একদিকে ইসলামী আকীদা-বিশ্বাস এবং ঈমানী বিষয়গুলোর ভালোবাসা সর্বোচ্চ মাত্রায় বিদ্যমান ছিল, অপরদিকে মুসলিম উম্মাহর বেদনায় তার অন্তর ব্যথিত ছিল। তিনি তার অন্তরের ব্যথা বেদনা ও অস্থিরতাগুলোকে শব্দ ও ভাষার মাধ্যমে জীবন্ত করে তুলতেন এবং কবিতার মাধ্যমে সেগুলো প্রকাশ করতেন। তিনি এমন সব কবিতা রচনা করতেন যেগুলোর দৃষ্টান্ত ইতিপূর্বে উর্দু ভাষার সাহিত্যে তেমন একটা খুঁজে পাওয়া যায় না। ইসলামী আকীদা বিশ্বাসের ভালোবাসা অন্তরে প্রবিষ্ট করা, বিজাতীয়দের অপসংস্কৃতির ব্যাপারে ঘৃণা ভাব তৈরি করা, মুসলিম উম্মাহর বেদনাকে নিজের বেদনা বলে মনে করা, মুজাহিদীনের নুসরত ও সাহায্য-সহযোগিতার প্রতি উদ্বুদ্ধ-অনুপ্রাণিত করা, সমাজে কল্যাণের বিস্তার ঘটানো ইত্যাকার বিভিন্ন বিষয়বস্তুকে অবলম্বন করে তিনি কবিতা রচনা করতেন। তার সাহিত্যিক রুচিবোধ ও কল্পনাশক্তি এতটা গভীর ছিল যে, যখন কবিতার মধ্যে কুরআনের কোনো আয়াত বা ঐতিহাসিক ঘটনাকে ইঙ্গিত দিয়ে বর্ণনা করতেন, তখন শ্রোতারা ঈমানী উত্তাপের পাশাপাশি তার কল্পনা শক্তির গভীরতা ও রুচি-উৎকর্ষের অনুভবতলে একেবারে নিমজ্জিত হয়ে যেত। তার কবিতাগুলোর দুটো সংকলন ছেপে এসেছে; একটি হলো: ‘আমার সঙ্গে তোমাদের ওয়াদা ছিল’ এবং অপরটি হল ‘মুহব্বত ভালোবাসা সিদ্ধান্তকারী বিষয়’। দীনদার রুচিবোধ সম্পন্ন শ্রেণির মাঝে তার সংকলিত এই উভয় কাব্য সমগ্র খুবই গ্রহণযোগ্যতা অর্জন করে।

[336]

হিজরত এবং শাহাদাত তিনি ২০০৬ সালে ওয়াজিরিস্তানে স্থানান্তরিত হন। ওখানকার অবস্থার কথাও পেছনের অধ্যায়ে তা আলোচনা করা হয়েছে। পরবর্তীতে ২০১০ সালে খাইবার এজেন্সির ওয়াদি থিরার দুর্গম পাহাড়ি অঞ্চলে তিনি চলে যান। এখানে তিনি ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের মুজাহিদীননের জন্য প্রশিক্ষণ কেন্দ্র তৈরি করেন, যেখান থেকে শত শত আফগান মুজাহিদ দীনী, নৈতিক ও সামরিক প্রশিক্ষণ গ্রহণের সুযোগ লাভ করে। ওই প্রশিক্ষণ শিবিরে তিনি নিজেও নৈতিক ও সামরিক বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করতেন। অবশেষে রমযানুল মোবারক ১৪৩৩ হিজরীর এক সন্ধ্যায় যখন তিনি নিজগৃহে ইফতারের প্রস্তুতি নিচ্ছিলেন, তখন পাকিস্তানি বিমান বাহিনীর জেট বিমান তার ঘর টার্গেট করে হামলা করে। ধৈর্য, দুনিয়া বিমুখতা ও উন্নত গুণাবলির অধিকারী আহলিয়া মুহতারাম সহ তিনি সেখানেই শহীদ হয়ে যান। আল্লাহ তাআলা তার উপর সন্তুষ্ট হোন এবং জান্নাতুল ফেরদৌসকে তার ঠিকানা হিসেবে কবুল করুন, আমীন।

ফারুক ভাই রহিমাহুল্লাহর শায়খ ও মুরুব্বী নিজের শায়খ, উস্তাদ, মুরুব্বী শহীদ ইঞ্জিনিয়ার আহসান আজীজ রহিমাহুল্লাহর সঙ্গে ফারুক ভাই রহিমাহুল্লাহর অনেক গভীর সম্পর্ক ও ঘনিষ্ঠতা ছিল। আমি ফারুক ভাই রহিমাহুল্লাহকে যতটা শ্রদ্ধা ভালোবাসা সহকারে তাঁর সামনে বসতে দেখেছি, অন্য কারও সামনে এতটা আন্তরিকতার প্রকাশ দেখিনি। ফারুক ভাই রহিমাহুল্লাহ সর্বদা খুব শ্রদ্ধা ভরে আন্তরিকতার সঙ্গে আবেগ সহকারে তার আলোচনা করেছেন। তিনি খোলাখুলিভাবে এ কথা স্বীকার করতেন যে, শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ আমার

[337]

প্রতি সদয় এবং আমার মুরুব্বী ছিলেন। তিনি শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহর শাহাদাত লাভের আগ পর্যন্ত তাকে নিজের গুরুজন ও স্নেহকারী শিক্ষকের মর্যাদা দিয়ে চলতেন। এমনকি কিছু কিছু বিষয়ে এই দুই মহান হযরতের মাঝে বড় ধরনের মতপার্থক্য দেখা দিয়েছিল কিন্তু আমি কখনও ফারুক ভাই রহিমাহুল্লাহর মুখ থেকে শায়খ আহসান রহিমাহুল্লাহর ব্যাপারে নেতিবাচক কোনো কথা শুনিনি। এমনকি যখন শায়খ আহসান রহিমাহুল্লাহ শাহাদাত বরণ করেন, তখন ফারুক ভাই রহিমাহুল্লাহ খুব বেশি ব্যথিত হন। তার শাহাদাতে আবেগ ঘন শোক ভাব জানানোর জন্য বিস্তারিত বিবৃতি প্রচার করেন। ফারুক ভাই রহিমাহুল্লাহ নিজের শেষ অসিয়তে প্রিয় ব্যক্তিদের তালিকায় শায়খ আহসান রহিমাহুল্লাহ সম্পর্কে লিখেছেন: আমার শিক্ষক, মুরুব্বী শায়খ আহসান আজীজ।

ফারুক ভাই রহিমাহুল্লাহর স্বভাব চরিত্র ও আচার ব্যবহারে শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহর দীক্ষা ও সান্নিধ্যের প্রভাব লক্ষ্য করা যেত। শহীদ ফারুক ভাই রহিমাহুল্লাহর চেহারায় স্নিগ্ধ মুচকি হাসি যেন ছিল শহীদ আহসান আজীজ রহিমাহুল্লাহর হাসির প্রতিবিম্ব। তার চলা-ফেরা কথা-বার্তা লেখা-লেখি এক কথায় অধিকাংশ উচ্চ গুণাবলির ক্ষেত্রে শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহর শিক্ষা-দীক্ষা ও সান্নিধ্যের লক্ষণ ঝলকে উঠতো। শায়খ রহিমাহুল্লাহর কথা- বার্তায় আলেম সুলভ গাম্ভীর্য থাকতো আবার দাঈ সুলভ মুহব্বত ও দরদও থাকতো। তার স্বভাব-চরিত্র ও ভাষার মিষ্টতা এমন ছিল যে, যখন তিনি কুরআনে কারীমের কোনো আয়াত পাঠ করতেন অথবা প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কোনো হাদীস শোনাতেন, তখন শ্রবণকারীরা সেগুলোর মর্ম অর্থ না বুঝলেও এতোটুকু বিশ্বাস তাদের মাঝে এসে যেতো,

[338]

শায়খ ভুল কিছু বলেননি; যা বলেছেন সঠিকই বলেছে। শায়খ রহিমাহুল্লাহর আচার-ব্যবহার এবং সাথিদের সঙ্গে তার সৌহার্দ্য সম্প্রীতি এত উচ্চ মাত্রার হতো যে, তাকে একবার দেখার দ্বারা তার ভালোবাসা অন্তরে জায়গা করে নিতো এবং বিভিন্ন প্রকার ক্লান্তি ও দুশ্চিন্তা দূর হয়ে যেত। একবার এক সাথি করাচি থেকে ওয়াজিরিস্তান পর্যন্ত খুবই ক্লান্তিকর সফর শেষ করে যখন গন্তব্যে পৌঁছলেন, তখন ঘটনাক্রমে ২-৩ মিনিটের জন্য শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহর সাক্ষাৎ পেয়ে যান। শায়খের সঙ্গে সাক্ষাতের পর ওই সাথি বলেন যে, তাকে দেখামাত্রই আমার সফরের সকল ক্লান্তি দূর হয়ে গিয়েছিল।” অপর এক সাথির কথা, যিনি অনেক দিন পর নিজের ঘরে যান। তিনি বলেন, বাড়িতে থাকা অবস্থায় শায়খের ভালোবাসায় আমার মাঝে এমন অস্থিরতা তৈরি হয় এবং তার সঙ্গে দ্বিতীয়বার সাক্ষাতের জন্য আমি এমনই অস্থির হয়ে উঠি যে, যতদিন আমার ঘরে থাকার অনুমতি হয়েছিল, তার আগেই আমি আবার শায়খের কাছে ফিরে আসি। এক সাথি ভাই আমাকে বলেন, “তিনি এমন ব্যক্তি যাকে দেখে আল্লাহর কথা স্মরণ হয়ে যায়।” এমনই ভাবে একজন শ্রদ্ধেয় ভাই বলেছেন: আমি বছরের পর বছর শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহর সঙ্গে এভাবে থেকেছি যে, সফর অবস্থায় হোক কিংবা মুকিম অবস্থায় —আমি তার থেকে আলাদা হইনি। এত দীর্ঘ সময়ের ভেতর আমি কখনোই তাকে কোন মুসলিমের গীবত করতে শুনিনি। এক কথায় শায়খ আহসান রহিমাহুল্লাহ এমন ব্যক্তিত্বের অধিকারী ছিলেন যার আখলাক উত্তম চরিত্র ও পূর্ণতার গুণাবলি দেখে তার বৈঠকে উপবেশনকারী ব্যক্তি নিজে থেকেই তার ভক্ত অনুরাগী হয়ে যেত। মুজাহিদীনের ইসলাহ ও আমল-আখলাকের সংশোধনের জন্য তার প্রচেষ্টার একটি পন্থা এই ছিল যে, যদি তিনি কোনো সাথি ভাইয়ের ভুল দেখতেন, তাহলে তাকে মুখে বলার পরিবর্তে দৃষ্টি নত করে নিতেন এবং

[339]

চুপ হয়ে যেতেন। তার চেহারার মাঝে ফুটে ওঠা অপছন্দনীয়তার চিহ্ন দেখেই সকলেই বুঝে যেত, কারও দ্বারা ভুল কিছু ঘটেছে। তাই তৎক্ষণাৎ তার ভক্ত অনুরাগীরা নিজেদের সংশোধনের ব্যাপারে সচেতন হয়ে উঠতো। শায়খ আহসান রহিমাহুল্লাহ যেহেতু প্রধানত একজন মুরুব্বী, অভিভাবক তুল্য ব্যক্তিত্ব ছিলেন; তিনি যেহেতু মুজাহিদীনের চারিত্রিক নৈতিক ও রুচিবোধ গঠনে একজন প্রশিক্ষক ছিলেন, এ কারণে সামনের লাইনগুলোতে তার যত গুণাগুণের কথা বর্ণনা করা হবে, সেগুলো তার দীক্ষা প্রদানের ধরন এবং বিভিন্ন দিক উন্মোচিত করবে।

উলামায়ে কিতাবে গ্রন্থাবলীর সঙ্গে সম্পর্ক স্থাপন
শায়খ আহসান রহিমাহুল্লাহ একটি বিষয়ে খুবই সচেষ্ট ছিলেন। তিনি স্কুল কলেজের শিক্ষিত যুবকদেরকে উপমহাদেশের আকাবির উলামায়ে কেরামের সঙ্গে পরিচিত করতে চেষ্টা করতেন। এ কারণে তিনি সাথিদেরকে আকাবির উলামায়ে কেরামের গ্রন্থাবলী পাঠ করার এবং সে অনুযায়ী নিজেদের দৃষ্টিভঙ্গি গঠনের নসিীহত করতেন। ফারুক ভাই রহিমাহুল্লাহ শায়খ আহসান রহিমাহুল্লাহর দিকনির্দেশনা ও পরামর্শেই হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানবী রহিমাহুল্লাহর গ্রন্থাবলী এবং বিশেষ করে তার মারেফত ও হেকমত সংবলিত ওয়াজ নসীহতগুলো পাঠ করতে আরম্ভ করেন। ওই ওয়াজ নসীহতগুলোর ব্যাপক ও সবিস্তার অধ্যয়ন ফারুক ভাই রহিমাহুল্লাহর চিন্তাধারা, দৃষ্টিভঙ্গি ও রুচিবোধের ওপর খুবই ইতিবাচক প্রভাব সৃষ্টি করে এবং ইলম ও মারেফতের অমূল্য রত্নভাণ্ডার তার সামনে উন্মোচিত হয়ে ওঠে। সেই সঙ্গে হাকীমুল ইসলাম কারী তৈয়ব সাহেব রহিমাহুল্লাহর খুতুবাত এবং মুফাক্কেরে ইসলাম

[340]

(বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ) মাওলানা আবুল হাসান আলী নদভী রহিমাহুল্লাহর গ্রন্থাবলী পাঠ করার পরামর্শ তিনি পান শায়খ আহসানের কাছে। মাওলানা নদভী রহিমাহুল্লাহর ‘তারিখে দাওয়াত ও আজিমত’ (সংগ্রামী সাধকদের ইতিহাস) সিরিজ গ্রন্থগুলো তো রীতিমতো তার সিলেবাসভুক্ত ছিল। শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ উপমহাদেশে এক মহান মুজাহিদ আন্দোলনের সালার (নেতা) হযরত আমীরুল মুমিনীন সাইয়েদ আহমদ শহীদ রহিমাহুল্লাহর প্রতি এমনই ভালোবাসা পোষণ করতেন, যা ইশকের পর্যায়ে পড়ে। তারই দিকনির্দেশনায় ফারুক ভাই রহিমাহুল্লাহ সীরাতে হযরত সাইয়েদ আহমদ শহীদ রহিমাহুল্লাহ গ্রন্থটি গভীরভাবে অধ্যয়ন করেন, অতঃপর সাথিদেরকে সাইয়েদ আহমেদ শহীদ রহিমাহুল্লাহর সীরাত, তাহরিকে মুজাহিদীন-এর কার্যক্রম, লক্ষ্য উদ্দেশ্য ও প্রভাব বোঝাবার জন্য বড় পরিসরে সু বিন্যস্ত ক্লাসের আয়োজন করেন। ফারুক ভাই রহিমাহুল্লাহ মুজাহিদীনের মারকাজ ও কেন্দ্রগুলোতে গিয়ে হযরত সাইয়েদ সাহেব রহিমাহুল্লাহ এবং তার সাথিদের ইতিহাস সবিস্তারে দাওরা (পাঠদানের ক্লাস, যা একাডেমিক ক্লাসের চেয়ে একটু ভিন্ন) করিয়ে আসতেন। এই ক্লাসগুলোর কারণে এক দিকে যেমন মুজাহিদীন নিজেদের কায়েদে আজম (প্রকৃত বড় নেতা) ও ইমাম সাইয়েদ আহমদ শহীদ রহিমাহুল্লাহর ইতিহাস সম্পর্কে অবগতি লাভ করে, সেই সঙ্গে উপমহাদেশের উলামায়ে কেরাম আল্লাহর দীনের বাণী উচ্চকিত করার জন্য কতটা ত্যাগ-তিতিক্ষা স্বীকার করেছেন, সেই ইতিহাসও তাদের জ্ঞানগোচরে চলে আসে।

পশ্চিমা শিক্ষা ব্যবস্থা মাঝে আকণ্ঠ নিমজ্জিত শিক্ষার্থীরা অধিকাংশ উলামায়ে কেরামের সঙ্গে ঠাট্টা-বিদ্রূপ করা এবং অর্থহীন দোষ-ত্রুটি [341]

খোঁজাখুঁজিকে নিজেদের একটা কাজ বানিয়ে নিয়েছিল। শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ খুবই হিকমত ও প্রজ্ঞা সহকারে এই ব্যাধির চিকিৎসা বিধান করেন। কেন্দ্রগুলোতে এমন পরিবেশ তৈরি করেন, কারও মাঝে উলামায়ে কেরামের ব্যাপারে অন্যায় সমালোচনা বা আপত্তি তোলার চিন্তাই যেন তৈরি না হয়। ত্রুটি-অনুসন্ধানী কেউ কোনো আলেমে দীনের কিতাব থেকে কোনো বিষয়ের ব্যাপারে তার কাছে অভিযোগ নিয়ে এলে যদি তার ভালো না লাগতো, তখন প্রতি উত্তরে তিনি শুধু এতোটুকু বলতেন যে, “এ বিষয়টা আমার বুঝে আসেনি” এ কথা বলে উলামায়ে কেরামের গ্রন্থাবলীতে আপত্তিজনক বিষয় খোঁজার এই প্রবণতা থেকে বেঁচে থাকার জন্য সাথিদেরকে নসীহত করতেন।

তিনি উলামায়ে কেরামের ত্রুটি অনুসন্ধানে নিরুৎসাহিত করতেন। তিনি মনে করতেন যে, ইংরেজরা যখন উপমহাদেশ দখল করে নেয়, তখন সম্ভ্রান্ত শ্রেণি এবং আল্লাহর দীনের সত্যিকার রক্ষক অর্থাৎ উলামায়ে কেরামকে নির্যাতন-নিপীড়ন করেছে, তোপের মুখে দাঁড় করিয়েছে এবং বন্দীশালায় দীর্ঘ সময় পর্যন্ত আটকে রেখে তাদের জীবনকে সংকীর্ণ করে দিয়েছে। তারা এমন পলিসি, শিক্ষানীতি ও সিলেবাস তৈরি করেছে, যার মাধ্যমে উলামায়ে কেরামের সঙ্গে ঠাট্টা-বিদ্রূপ করার সংস্কৃতি ও রেওয়াজ চালু করে দিয়েছে। ব্রিটিশবাদী এই প্রচলনে উলামায়ে কেরামের গ্রন্থাবলী নিয়ে হাসাহাসি করা এবং সমাজে তাদেরকে বেকার অলস অকর্মণ্য হিসেবে চিত্রিত করা একরকম ফ্যাশন হয়ে দাঁড়িয়েছে। এর বিপরীতে শায়খ আহসান রহিমাহুল্লাহ মনে করতেন, যে সমাজের বাগডোর উলামায়ে কেরামের হাতে থাকবে এবং তারাই সমাজের প্রকৃত রাহবার ও অনুসরণীয় বলে গণ্য হবেন। তাই আহসান আজীজ রহিমাহুল্লাহ উলামায়ে কেরামের ব্যাপারে অসন্তোষমূলক

[342]

চিন্তাভঙ্গি ও মেজাজ পরিবর্তন, আধুনিক শিক্ষিত মুজাহিদীনের অন্তরে উলামায়ে কেরামের প্রতি মুহব্বত ভালোবাসা ও শ্রদ্ধাবোধ স্থাপনের জন্য নিজের বিশেষ স্নেহপূর্ণ অভিভাবক সুলভ পন্থা প্রয়োগ করতেন।

শুধুই উলামায়ে কেরাম নয়; অন্যান্য দীনি জামাতের নেতৃবৃন্দকে নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করা এবং বৃথা সমালোচনা করার বিষয়টাও তিনি অপছন্দ করতেন। কোনো কোনো মুজাহিদের এমন দাবি তিনি অপনোদন করতে চেষ্টা করতেন যে, উম্মাহর সমস্ত হক ও সত্য বিষয় যেন শুধু তাদের কাছেই আছে; বাকি সবাই বাতিল বিষয় অনুসরণ করে যাচ্ছে। এই কারণে তাবলীগী জামাতের অনেক প্রশংসা করতেন, তাদের ভালো দিকগুলো অকুন্ঠিতভাবে বর্ণনা করতেন এবং তাদের গুণাবলি ও সুন্দর দিকগুলো গ্রহণের জন্য মুজাহিদীনকে নসীহত করতেন।

পশ্চিমাদেরকে বড় ভাবার ব্যাধি এবং তার চিকিৎসা
জনাব শায়খ আহসান রহিমাহুল্লাহ অনুভব করেছিলেন যে, আমাদের এই সমাজ পশ্চিমা শক্তিগুলোর দ্বারা কয়েক শতাব্দী পর্যন্ত বাস্তব অঙ্গন ও মনস্তাত্ত্বিক অঙ্গনে শাসিত হয়ে এসেছে। এই দিক থেকে আমাদের সমাজ ব্যবস্থা তাদের দাসত্বের শিকার। গোলাম ক্রীতদাসদের মন মানসিকতাও যখন মনিবদের দাসত্বে অভ্যস্ত হয়ে যায়, তখন তারা নিজেদের চিন্তা-চেতনা সহ পোশাক-পরিচ্ছদ, কথা- বার্তা, চাল-চলন, ওঠা-বসা —সবকিছুতেই মনিবদেরকে অনুসরণ-অনুকরণ করতে আরম্ভ করে। শায়খ আহসান রহিমাহুল্লাহর ইচ্ছা ছিল, হিজরত ও জিহাদের সমাজে এমন এক প্রজন্ম গড়ে উঠুক, যা পশ্চিমা চিন্তাধারা, দৃষ্টিভঙ্গি ও রুচি প্রকৃতির এতটাই [343]

বিরোধী হবে যে, তারা অতি প্রয়োজন ছাড়া ইংরেজি ভাষার শব্দও মুখে আনবে না। ফারুক ভাই রহিমাহুল্লাহ এই পরিকল্পনায় শুধু তার সঙ্গে শরীক ছিলেন এতটুকুই নয় বরং মিশন বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকাও পালন করেছিলেন। অপরদিকে শায়খ আহসান রহিমাহুল্লাহ ইংরেজি শব্দ ছেড়ে আরবী শব্দের প্রচলন ঘটানোর প্রয়োজনীয়তা দাবি করতেন। তার দৃষ্টিতে ইংরেজিকে বড় ভাবার, একে আধুনিকতা ও প্রগতি মনে করে এর দ্বারা প্রভাবিত হওয়ার এই ব্যাধি অপসারণ করা যেতে পারে আরবী ভাষার ভালোবাসা ও প্রচলন প্রতিস্থাপনের দ্বারা। জনাব আহসান রহিমাহুল্লাহ মনে করতেন, যেহেতু আরবী ভাষা কুরআনে কারীম এবং রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ভাষা; এই ভাষায় যেহেতু আমাদের দীন ইসলামের ব্যাপক জ্ঞান-বিজ্ঞান সবিস্তারে সংকলিত হয়ে আছে, এ কারণে ইসলামী সমাজে আরবী ভাষা এবং আরবী পরিভাষাগুলোর প্রচলন ঘটানো জরুরি। এ কারণে জনাব আহসান রহিমাহুল্লাহ এবং ফারুক ভাই রহিমাহুল্লাহ মুজাহিদীনের দৈনন্দিন ব্যবহৃত পরিভাষাগুলোতে আরবী ভাষাকে ইচ্ছাকৃতভাবে প্রবেশ করাতে চেষ্টা করতেন। বিশিষ্ট যেই ব্যক্তিগণ কাশ্মীরি জিহাদী সংগঠনগুলো থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছিলেন, তাদের পরিভাষাগুলোতে ইংরেজি ভাষা ও ইংরেজি শব্দ বেশ পাওয়া যেত। সম্ভবত তার বড় কারণ এই ছিল যে, কাশ্মীরের প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে প্রশিক্ষণের বিভিন্ন স্তরে পাকিস্তানি সেনাবাহিনী কাছ থেকে শিখে নেয়া অনেক কিছু তাদেরকে রপ্ত করানো হতো। এক কথায় শায়খ আহসান রহিমাহুল্লাহ ইংরেজি পরিভাষা খুবই কঠোরভাবে বর্জন করতেন এবং তার স্থলে আরবী উর্দু পরিভাষা প্রচলন করতে চেষ্টা করতেন। ওয়ারলেস, রেকি, ট্রেনিং, মার্চ, গ্রুপ, লঞ্চিং, ক্লাস ইত্যাদি শব্দের পরিবর্তে তিনি আরবী

[344]

সমার্থবোধক শব্দ যেমন মুখাবারা, তারাস্যুদ, মাসিরাহ, কাতীবাহ, ‘দাখেল কি তাশকিল’ এবং দাওরা ইত্যাদি শব্দ ব্যবহার করতেন।

শায়খ আহসান রহিমাহুল্লাহর দৃষ্টি আকর্ষণের কারণে অনেক পাকিস্তানি ভাই দৈনন্দিন জীবনে ব্যবহৃত অনেক ইংরেজি শব্দ পরিহার করে সেগুলোর সমার্থবোধক আরবী শব্দ ব্যবহার করতে শুরু করেছিলেন। উদাহরণস্বরূপ রাতে যেই বাতি ব্যবহার হয় সেটাকে সাধারণত টর্চ বলা হয়— যা ইংরেজি ভাষার শব্দ। শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ সাথিদেরকে এ বিষয়ে উদ্বুদ্ধ করতেন যে, তারা যেন টর্চ শব্দ ব্যবহার না করে কাশ্যাফ ব্যবহার করে— যা আরবী ভাষার শব্দ। যদি কোনো সাথির পুরনো অভ্যস্ততার কারণে কথার মধ্যে বারবার ইংরেজি ভাষার শব্দ চলে আসতো, তাহলে জনাব আহসান রহিমাহুল্লাহ স্নেহভরে মুচকি হেসে তার কথার মাঝখানেই ইংরেজি শব্দগুলোর উর্দু সমার্থবোধক শব্দ বলে দিতেন, যেন পরবর্তীতে ওই সাথি এ বিষয়ে সতর্ক থাকেন। এক কথায় কুফফার গোষ্ঠীর প্রভাব বিনষ্ট করার জন্য শায়খ আহসান রহিমাহুল্লাহ খুবই মনোযোগী ছিলেন।

কিন্তু এই দৃষ্টিভঙ্গির উদ্দেশ্য এই ছিল না যে, তিনি ঢালাওভাবে ইংরেজি ভাষার বিরোধী ছিলেন। এমনটা কখনোই ছিল না। তিনি তো শুধু ইংরেজ সংস্কৃতির প্রভাব বিনষ্ট করতে চাইতেন। ইংরেজি তো নিছক একটা ভাষা এবং এই ভাষা ব্যবহার করার দ্বারা কোনো অসুবিধা নেই। এমনকি আল্লাহর দীনের দাওয়াতের জন্য কখনোও কখনও তা ব্যবহার করা জরুরি হয়ে যায়। এ কারণেই যখন শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ রচিত জিহাদের দাওয়াত বিষয়ক গ্রন্থ 'মুসলিম ভূমির প্রতিরক্ষা' ফারুক ভাই রহিমাহুল্লাহর দ্বারা উর্দু ভাষায় অনুবাদ করিয়েছেন, তখন সেই সঙ্গে এই কিতাবের ইংরেজি [345]

সংস্করণ বের করার জন্যও তিনি বলেছেন। কিন্তু সাথিদেরকে এই দিকনির্দেশনা দিয়েছেন যে, এই কিতাবে যেন এমনটা লেখা না হয় যে, "ইংরেজি ভাষা জানা লোকদের জন্য" ; বরং তার পরিবর্তে যেন লেখা হয় যে, "আরবী উর্দু ভাষা না জানা লোকদের জন্য"। তিনি বলতেন, ইংরেজি ভাষা জানা কোনো মর্যাদার বিষয় নয়। তার বিপরীতে আরবী ও উর্দু ভাষা না জানা লোকেরা এক বিরাট মর্যাদা থেকে বঞ্চিত। এখানে আরও একটা বিষয় মনে রাখা উচিত। শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ তার শিক্ষাগত ব্যাকগ্রাউন্ডের কারণে নিজেই ইংরেজি ভাষায় ওপর বেশ পারদর্শী ছিলেন।

এমনিভাবে শায়খ আহসান রহিমাহুল্লাহ বলতেন, সমাজের মধ্যে কিছু লোককে ধনাঢ্যতা ও অর্থ সম্পদের কারণে খুবই সম্মানিত মনে করা হয়। অথচ আমাদের দীন ইসলামে প্রকৃত সম্মান ও মর্যাদা হচ্ছে তাকওয়া ও ইলমে দীনের কারণে। তাই তিনি সাথিদেরকে বলে দিতেন, যেন তারা কোনো সাথিকে তার পেশার কারণে বিশেষ মর্যাদা না দেয়। এই উদ্দেশ্যেই তিনি প্রশিক্ষণের প্রাথমিক অবস্থায় দুনিয়াবি উচ্চশিক্ষিত সাথিদেরকে নিজেদের শিক্ষাগত যোগ্যতা অন্যদের কাছ থেকে গোপন রাখার জন্য বলে দিতেন। কোনো সাথি যখন নতুন আসা কাউকে অথবা প্রশিক্ষণের স্তর অতিক্রমকারী কোনো ডাক্তার সাথিকে ডক্টর সাহেব বলে সম্বোধন করতো, তখন জনাব আহসান রহিমাহুল্লাহ তাকে থামিয়ে দিয়ে বলতেন, তাকে এই নামে ডাকা আমাদের এখানে সম্মান মর্যাদা প্রদানের মাপকাঠি নয়। যে বিষয় পশ্চিমা বিশ্বে সম্মানের বস্তু তা আমাদের এখানে সম্মানের বস্তু নয়।" এভাবে শুধরে দেয়ার দ্বারা যিনি ডেকেছেন এবং যাকে ডাকা হয়েছে উভয়েরই আত্ম সংশোধন হয়ে যেত। যদি কোনো সাথির মাঝে এমন ব্যাধি চোখে পড়তো যে, তিনি বিশেষ যোগ্যতা বা প্রতিভার কারণে নিজেকে

[346]

অন্যদের থেকে বেশি গুরুত্বপূর্ণ বলে মনে করেন, তখন এমন ব্যাধির চিকিৎসার প্রতি তিনি তৎক্ষণাৎ মনোযোগী হয়ে যেতেন। এমন ব্যক্তিকে অন্য ভাইদের খেদমতে লাগিয়ে দিতেন। আর যদি তার আত্মশুদ্ধির সম্ভাবনা না থাকতো, তাহলে তাকে কাতার থেকে দূরে সরিয়ে দিতেন। এই সবকিছুর পাশাপাশি প্রশিক্ষণের সর্বস্তর সমাপন করার পর সৎকর্ম, যোগ্যতা, বয়স এবং দুনিয়াবি মর্যাদা হিসেবে তিনি প্রতিটি ব্যক্তিকে তার প্রাপ্য মর্যাদা ও গুরুত্ব প্রদান করতেন।

প্রকৃতপক্ষে জনাব আহসান রহিমাহুল্লাহ একজন মুরুব্বী ও অভিভাবক ছিলেন। তিনি যখন সাথিদেরকে তাদের স্তরবিন্যাস অনুযায়ী বিভিন্ন জিহাদী দায়িত্বে নিয়োজিত করতেন, তখন তাদেরকে সুশৃঙ্খল ও নিয়মতান্ত্রিক জীবন যাপনে অভ্যস্ত বানানো, আধ্যাত্মিক প্রশিক্ষণ ও আত্মশুদ্ধির মাধ্যমে অন্তর থেকে সম্পদের মোহ ও গর্ব অহঙ্কার পরিষ্কার করে দেয়ার ব্যাপারেও সচেষ্ট থাকতেন। তিনি চাইতেন, জিহাদী কাজে দায়িত্ব পালনে কোনো সাথির মনে কমপক্ষে বাহ্যিক দৃষ্টিতে তুচ্ছ কোনো কাজও যেন বোঝা বলে মনে না হয়। এটাই ছিল ওই পন্থা, যা প্রয়োগ করে মুজাদ্দিদে জিহাদ শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ—যিনি রুশ আমলের মুজাহিদিনের উস্তাদ ও মুরুব্বী ছিলেন— মুজাহিদীনের সংশোধন ও আত্মশুদ্ধি করতেন। শায়খ আযযাম রহিমাহুল্লাহপ্রশিক্ষণ শিবিরে প্রশিক্ষণ প্রার্থীদেরকে উদ্দেশ্য করে বলতেন:

« “হে ভাইয়েরা! যদি আপনারা জিহাদ করতে চান অথবা এই আমল জারি রাখতে চান; যদি আপনারা চান, আল্লাহ আপনাদেরকে এই পথে অটল অবিচল রাখুন, তাহলে জিহাদী প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে যথাসম্ভব বেশি সময় অবস্থান করুন। এখানে আপনাদের মন-মেজাজ এবং অভ্যাসগুলো সৈনিক সুলভ বৈশিষ্ট্য অর্জন করবে। [347]

আপনারা আমাদের কাছে আপনাদের ঘর থেকে অফিসার হয়ে এসেছেন। নিজেদের ঘরে অর্ডার চালাতেন এবং আপনাদের কথা মান্য করা হতো। "আমি এখন খেতে চাই" এ কথা বলতেই সবকিছু আপনার কাছে হাজির করা হতো। যখন ইচ্ছে ঘুমাতে যেতে পারতেন, যখন ইচ্ছে জাগ্রত হতে পারতেন। কিন্তু এখন আমরা চাচ্ছি, আপনারা একজন সৈন্য হিসেবে এখানে অবস্থান করুন। এটা কোনো অপরাধীর শাস্তি হিসেবে নয়। আমরা আপনাদের কাঁধে থাকা তারকা চিহ্নগুলো এবং পদ-পদবীর ফিতাগুলো খুলে ফেলবো এবং আপনাদেরকে একজন সৈন্যের স্তরে নামিয়ে আনবো, যেন আপনারা সম্মিলিত জীবন যাপনে অভ্যস্ত হয়ে যান এবং একটি জিহাদী সংগঠনে সৈন্যের মতো জীবন যাপন করতে পারেন। যে ব্যক্তি প্রশিক্ষণ গ্রহণ করতে পারে না, সে জিহাদও করতে পারে না। কারণ ওই ব্যক্তির সৈন্যসুলভ মন-মেজাজ তৈরি হয় না। কারণ সে শৃঙ্খলা, নিয়ম-কানুন এবং শ্রবণ-আনুগত্য সম্পর্কে দীক্ষা লাভ করেনি। »[58]

সুন্নাহর অনুসরণ এবং নিষিদ্ধ বিষয় প্রতিরোধ

শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহর প্রশিক্ষণে সুন্নতের অনুসরণ, ইসলামিক সামাজিকতা ও শিষ্টাচার রক্ষা করার ব্যাপারে খুব জোর দেয়া হতো। তিনি পোশাক, পবিত্রতা, পরিচ্ছন্নতা, রুচিবোধ, আতিথেয়তা, বড়দের আদব রক্ষা, ছোটোদেরকে স্নেহ, মাসনুন দোয়া সমূহের পাবন্দি এমনিভাবে অন্যান্য আদব-আখলাকের ব্যাপারে খুবই জোর দিতেন। পক্ষান্তরে সকল মাকরুহাত, মুনকারাত (অপছন্দনীয় বিষয় এবং নিষিদ্ধ বিষয়) থেকে বাঁচার জন্য জোর আরোপ করতেন। শায়খ আহসান রহিমাহুল্লাহর সান্নিধ্য লাভকারী সাথিদের মুখ থেকে দোয়া দরূদ

---
58 التربية الجهادية للشيخ عبد الله عزام شهيد رحمه الله

শুনতে পাওয়া যেত। এক ভাই অপর ভাইকে আকরামাকা- ল্লাহু' তথা আল্লাহ তোমাকে সম্মানিত করুন' বলতেন; তখন জবাবে অপর ভাই "বারাকাল্লাহু ফিকা’ (আল্লাহ তোমার মাঝে বারাকাহ দান করুন!) বলতেন। এক কথায়, বায়তুল খালায় (টয়লেটে) প্রবেশ ও বের হওয়ার দোয়া থেকে আরম্ভ করে হাঁচির জবাবের দোয়া পর্যন্ত, সমস্ত দোয়া এমন গুরুত্ব সহকারে পাঠ করা হতো যে, তা আমাদেরকে হতবাক করে দিতো। সুন্নত অনুসরণের আগ্রহ এত বেশি হতো, যদি কখনও মেসওয়াক কাছে না থাকতো, তাহলে নিজেই উঠে গাছের ডাল ভেঙে তা দিয়ে মেসওয়াকের কাজ করে নিতেন; কিন্তু মেসওয়াক ছাড়া অযু যথাসম্ভব তিনি এড়িয়ে যেতেন। যদি কারও কাছ থেকে কোনো কিছু নিতে হতো কিংবা দিতে হতো তাহলে সর্বদাই ডান হাত ব্যবহার করতেন। এক্ষেত্রে কেউ উল্টোটা করলে তিনি নিজের হাত পেছনে নিয়ে নিতেন এবং মুচকি হাসি দিয়ে ‘বিলইয়ামিন’ তথা ‘ডান হাত দিয়ে’ বলে শুধরে দিতেন।

যে সমস্ত খারাপ বিষয় লোক সমাজে খারাপ হিসেবে পরিত্যাজ্য না হতো, তিনি সেগুলো বর্জনের ব্যাপারেও জোর দিতেন। এমনকি বছরের পর বছর ধরে চলে আসা অভ্যাস ও আচার প্রথা কয়েক সপ্তাহের ভেতরেই বিলুপ্ত হয়ে সঠিক বিষয়ের প্রচলন শুরু হয়ে যেত। রেডিওতে খবরের মাঝখানে যে মিউজিক বাজে, তা বন্ধ করার জন্য এতটাই গুরুত্ব দিতেন যে, মিউজিক আরম্ভ হওয়ার কিছু সময় আগে থেকেই বাটনে হাত দিয়ে বসে যেতেন, যেন মিউজিক আরম্ভ হওয়ার আগেই বাটন চেপে যন্ত্র বন্ধ করেন দিতে পারেন। পরবর্তীতে তো তিনি মিউজিক ও নারী কন্ঠের নিষিদ্ধতার কারণে রেডিওতে সংবাদ শোনার ওপর পুরোপুরি নিষেধাজ্ঞা আরোপ করে দিয়েছিলেন। কিন্তু যেহেতু বর্তমান অবস্থার ব্যাপারে সচেতন থাকার স্বার্থে সংবাদ জানা জরুরি ছিল, এদিকে

[349]

রেডিও সংবাদ পরিবেশনের একটি মাধ্যম, এ কারণে আস্থাভাজন একজন সাথিকে দায়িত্ব দেয়া হতো যেন তিনি এ বিষয়ে নিজের যোগ্যতা ও সতর্কতার সহকারে সকল সাথি থেকে আলাদা হয়ে সংবাদ শোনেন এবং গুরুত্বপূর্ণ সংবাদগুলো নিজের কাছে ডায়েরিতে নোট করেন। পরবর্তীতে সে সংবাদগুলো সাথিদেরকে শুনিয়ে দেন।

তার মাহফিল ও সান্নিধ্যে কুরআন হাদীস যিকির ও তিলাওয়াত সম্পর্কে এতটাই গুরুত্ব দেয়া হতো যে, এই সমস্ত আমল এবং জিহাদী দায়িত্বের ব্যস্ততা শেষ হবার পর অনর্থক কথা-বার্তা, বাজে আলাপচারিতা এবং গল্পগুজব করার প্রশ্নই উঠতো না। অতিরিক্ত ঠাট্টা করা, সাথিদেরকে বিভিন্ন খারাপ নাম দেয়া এবং টিপ্পনী কাটার অভ্যাস যদি কারও মাঝে থাকতো, তাহলে ওই ব্যক্তি জনাব আহসান রহিমাহুল্লাহর সান্নিধ্যে এসে একেবারে পরিশুদ্ধ হয়ে যেত। ফারুক ভাই রহিমাহুল্লাহর শৈশবকালের অভ্যাস বর্ণনা করতে গিয়ে একটা কথা এসেছে যে, এই সমস্ত উত্তম গুণের প্রায় অধিকাংশই ফারুক ভাই রহিমাহুল্লাহর পারিবারিক সম্ভ্রান্ততার কারণে তার মাঝে আগে থেকেই ছিল; কিন্তু শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহর সান্নিধ্যে থেকে সেগুলোতে আরও অধিক পরিপক্কতা এসে গিয়েছিল।

সুন্নত অনুসরণের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও পবিত্রতার ব্যাপারে খুবই জোর দিতেন। তিনি বলতেন, পরিচ্ছন্নতা, স্বচ্ছতা ও সুস্থ রুচিবোধ নববী আখলাকেরই অংশ। ২০০৮ সালে আঙ্গুরআদায় অবস্থিত একটি কেন্দ্রে মুজাহিদীনকে আদব শিষ্টাচার শেখাবার প্রোগ্রামে তিনি আগমন করেন। প্রথম দিনই অত্যন্ত স্নেহভরে বলেন, আমাদের দীনি ইলমের প্রথম অধ্যায় হচ্ছে তাহারাত তথা পবিত্রতা। তাই চলুন আমরা পবিত্রতা ও পরিচ্ছন্নতা দিয়েই শুরু করি। এরপর তিনি কোমর বেঁধে অন্যান্য সাথির সঙ্গে মিলে [350]

বায়তুল-খালা, লোটা এবং বাবুর্চি খানা পরিষ্কার করতে আরম্ভ করেন। বাইতুল খালার বদনা এবং অযুর বদনায় আলাদা আলাদা চিহ্ন বসান। পুরো কেন্দ্র পরিষ্কার-পরিচ্ছন্ন করে সাজিয়ে দেন। এরপরেই তিনি নিয়মতান্ত্রিক দাওরা আরম্ভ করেন।

হিজরতের প্রয়োজনীয়তা
শায়খ আহসান রহিমাহুল্লাহর রায় ছিল, একটি ইসলামী সমাজ প্রতিষ্ঠার জন্য হিজরত করা জরুরি। তিনি মনে করতেন, সমাজের সৎকর্মশীল ও যোগ্যতা সম্পন্ন সদস্যদেরকে বেছে বেছে কোনো হিজরতের ভূমিতে একত্রিত করা উচিত। তারা হিজরতের জীবনে দুনিয়াবি ঝামেলা থেকে মুক্ত হয়ে নিজেদের যোগ্যতা জিহাদ ফী সাবীলিল্লাহর জন্য উৎসর্গ করে দেবেন। তিনি মনে করতেন, পার্ট টাইম জিহাদের জন্য যারা আসেন তারা অবশ্যই এই আমলের বরকত ও সুফলগুলো লাভ করে থাকেন; কিন্তু সমষ্টিগত বিবেচনায় এর দ্বারা জিহাদ এবং আল্লাহর দীনের পতাকা সমুন্নত করার কাজ তেমন একটা অগ্রসর হতে পারে না। তার সামনে আরব মুজাহিদীনের দৃষ্টান্ত ছিল, যারা রুশ আমলে এবং পরবর্তীতে আফগানিস্তানে নিজেদের ঘর-বাড়ি সবকিছু ছেড়ে পুরোপুরি হিজরত করে এসেছিলেন। শায়খ আহসান রহিমাহুল্লাহ মনে করতেন, এই হিজরতের বরকতেই আরব সাথিরা এই অঙ্গনসহ অন্যান্য বিভাগে এমন অবদান রেখেছিলেন, যা অন্য কারও দ্বারা সম্ভব হয়নি। মুহাজির মুজাহিদীনের পারিবারিক প্রয়োজন পূরণের জন্য তাদের বিবাহের ব্যবস্থা এবং আল্লাহর দীন ও জিহাদের পরিবেশে একটি নতুন প্রজন্ম গড়ে তোলার যে চেষ্টা-প্রচেষ্টা পাকিস্তানি মুজাহিদীনের মাঝে আরম্ভ হয়েছিল, তার সূচনা হয়েছিল শায়খ আহসান রহিমাহুল্লাহর হাত ধরেই। ফারুক ভাই রহিমাহুল্লাহর গুণাবলি আলোচনাকালে

[351]

আগেও আমরা একথা উল্লেখ করেছি যে, তিনি এমন একটি প্রজন্ম তৈরির প্রয়োজনীয়তা অনুভব করতেন, ইসলাম প্রতিষ্ঠা হবে যাদের প্রধান লক্ষ্য এবং এই লক্ষ বাস্তবায়নের জন্য যারা হিজরতের মাধ্যমে নিজেদের সর্বস্ব বিলিয়ে দেবে। ওই মুহাজিরদের কুরবানী ত্যাগ-তিতিক্ষা সহ অন্য সকল খেদমত, অবদান এবং জিহাদ সংক্রান্ত যোগ্যতা, প্রতিভা, জ্ঞান-বিজ্ঞানে দক্ষতা ও পারদর্শিতার মধ্য দিয়েই জিহাদ ফী সাবীলিল্লাহ বেগবান ও গতিশীল হবে। ঈমান ও জিহাদের সঙ্গে হিজরতের একটি ওতপ্রোত সম্পর্ক আছে, যা কুরআনে কারীমে বারবার সুস্পষ্টভাবে তুলে ধরা হয়েছে। الَّذِينَ آمَنُوا - এবং - الَّذِينَ هَاجَرُوا এবং الَّذِينَ جَاهَدُوا এমন আয়াতগুলোতে যাদের গুণ বর্ণনা করা হয়েছে তাদের আরও একটি গুণের আলোচনা এভাবে করা হয়েছে যে, কুরআন শরীফের অধিকাংশ জায়গায় এভাবেই ঈমান ও জিহাদের সঙ্গে হিজরতের কথা উল্লেখ করা হয়েছে। অতঃপর হাদীসে পাকেও হিজরতকে মক্কা বিজয়ের পর থেকে জিহাদের সঙ্গেই সীমাবদ্ধ বলে উল্লেখ করা হয়েছে। নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন:

«لَا هِجْرَةَ بَعْدَ الْفَتْحِ وَلَكِنْ جِهَادٌ وَنِيَّةٌ، وَإِذَا اسْتُنْفِرْتُمْ فَانْفِرُوا»

অর্থ: "(মক্কা) বিজয়ের পর কোনো হিজরত নেই কিন্তু রয়েছে জিহাদ ও নিয়ত; তাই যখন তোমাদেরকে বের হতে বলা হয় তখন তোমরা বেরিয়ে পড়ো।" »[59]

এক কথায় ফারুক ভাই রহিমাহুল্লাহর হিজরত এবং অন্যদেরকে হিজরত করার আন্দোলনে শামিল করার পেছনে যার অবদান খুব বেশি ক্রিয়াশীল ছিল, তিনি ছিলেন শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ। এখানে একটি বিষয় স্পষ্ট করা জরুরি। এমন নয় যে, সকল সাথি ও দেশবাসীকে হিজরত করিয়ে গোত্রীয় অঞ্চলে

[59] সহীহ বুখারী

একত্রিত করা এই হযরতগণের দৃষ্টিভঙ্গি ছিল। কখনোই এমনটা ছিল না। বরং কতিপয় যে সমস্ত বিশিষ্ট ব্যক্তি জিহাদী আন্দোলনের দায়িত্ব তুলে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন, তাদেরকে একত্রিত করা উদ্দেশ্য ছিল। অন্যথায় কত সাথি হিজরত করার জন্য ব্যাকুল ছিলেন! কিন্তু মুজাহিদীনের উমারা ও নেতৃবৃন্দ তাদেরকে নিজেদের এলাকাতেই দাওয়াত ও জিহাদের কাজে ব্যস্ত থাকার দিকনির্দেশনা প্রদান করেন। এমনকি হিজরতের নিয়তে বেরিয়ে আসা কতক ব্যক্তিকেও জিহাদের নুসরতের উদ্দেশ্যে নিজ এলাকায় তারা পাঠিয়ে দিতেন।

মিকদার নয় মিইয়ার (পরিমাণ নয়; মাপকাঠিই মুখ্য)

শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ সকল কাজ সর্বোত্তম পন্থায় সম্পন্ন করতে অভ্যস্ত ছিলেন। তার রুচি ও মেজাজ এমনই ছিল। তিনি যে কাজ আরম্ভ করতেন, তা ততক্ষণ পর্যন্ত সম্পন্ন হয়েছে বলে মনে করতেন না, যতক্ষণ পর্যন্ত তার সূক্ষ্মাতিসূক্ষ্ম ত্রুটিগুলো অপসারণ না করতেন। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এই বাণী শোনাতেন:

«إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ يُحِبُّ إِذَا عَمِلَ أَحَدُكُمْ عَمَلًا أَنْ يُتْقِنَهُ»

অর্থ: "আল্লাহ তাআলা এটা পছন্দ করেন যে, যখন তোমাদের মধ্যে কেউ কোনো কাজ করবে তখন যেন তা সঠিকভাবে পরিপক্কতার সঙ্গে সম্পন্ন করে।" »[60]

---

60 ইমাম তাবারানী রচিত আল মুজামুল আওসাত

তাই এই মেজাজ তার ফিতরাতের অংশ হয়ে গিয়েছিল। এই একই মেজাজ তার সকল দাওয়াতী কাজ ও মিডিয়া অঙ্গনের অবদানগুলোতে ক্রিয়াশীল দেখা গেছে। স্ক্রিপ্ট হোক কিংবা অডিও , সেগুলো সাজাতে গিয়ে প্রুফের ভুল ত্রুটিগুলো সংশোধন করা হোক কিংবা সাহিত্যগত কোনো অসঙ্গতি শুধরানো হোক , কোনো কিছুই শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহর সূক্ষ্ম দৃষ্টির অগোচরে থাকতো না। প্রকাশিতব্য প্রতিটি ফাইল বারবার রিভিউ করতেন। তিনি এমন দ্রুততার পক্ষপাতী ছিলেন না , যার দ্বারা ভুল ত্রুটি সহকারে এবং বিশুদ্ধ মাপকাঠিতে উন্নীত না হয়েই কোনো কিছু প্রকাশিত হয়ে যায়। তার এমন স্বভাবের প্রভাব পড়ে ফারুক ভাই রহিমাহুল্লাহর ওপর। তার তত্ত্বাবধানে প্রকাশিত সকল দাওয়াতী ও মিডিয়া প্রকাশনা বেশ মানসম্মত হত। স্বয়ং ফারুক ভাই রহিমাহুল্লাহর লেখালেখির পরিপক্কতা , সম্পাদনার জন্য কাটাচেরার অভ্যাস এবং সাহিত্যিক রুচির উপর শাইখ আহসান রহিমাহুল্লাহর প্রশিক্ষণের সুস্পষ্ট প্রভাব চোখে পড়ার মতো ছিল।

গোপনীয়তা রক্ষা ও সতর্কতা অবলম্বন

সুন্নাহ অনুসরণ এবং সর্বোত্তম আদর্শ সীরাতে নববী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে অবলম্বন বানিয়ে জিহাদ ফী সাবীলিল্লাহ পরিচালনা করা শায়খ আহসান রহিমাহুল্লাহর বৈশিষ্ট্য ও বিশেষ মনোযোগের দিক ছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেছেন :

اسْتَعِينُوا عَلَى إِنْجَاحِ الحَوائِجِ بِالكِتْمَانِ لَهَا؟

অর্থ : “নিজের কাজগুলো সফল করার জন্য গোপনীয়তার সাহায্য গ্রহণ করো। ” »[61]

এই নববী নির্দেশনা তিনি খুবই দৃঢ়ভাবে আঁকড়ে ধরেছিলেন। কুরআনে কারীমে এবং সীরাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাঝে বিভিন্ন জায়গায় সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুমকে গোপনীয়তা রক্ষার ব্যাপারে প্রশিক্ষণ দেয়া , শত্রুর প্রতারণা থেকে সর্বদা সতর্ক থাকা এবং শত্রুপক্ষের ব্যাপারে গাফিল তথা উদাসীন না হবার নির্দেশনা দেয়া হয়েছে। শায়খ আহসান রহিমাহুল্লাহনবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সীরাত থেকে পাওয়া এই শিক্ষাগুলো গোটা জিহাদী জীবনে মেনে চলতে খুবই সচেতন ছিলেন।

শায়খ আহসান রহিমাহুল্লাহ জিহাদ ফী সাবীলিল্লাহ 'র এই অঙ্গনে গোপনীয়তা রক্ষার প্রয়োজনীয়তা বোঝাতে গিয়ে বলেন : গোপনীয়তা রক্ষার যোগ্যতা সম্পন্ন ব্যক্তিরাই জিহাদী অঙ্গনে কোনো বড় কাজ করতে পারে। যার মাঝে গোপনীয়তা রক্ষার গুণ নেই সে কখনও কখনও নিজের এবং অন্যদেরও ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়। তিনি শুধু সাথিদেরকে খুশি করার জন্য জিহাদী গোপন বিষয় প্রকাশের বিরোধী ছিলেন। জনাব আহসান রহিমাহুল্লাহ নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিম্নোক্ত হাদীসটি অনেক বেশি বলতেন :

«مِنْ حُسْنِ إِسْلَامِ الْمَرْءِ تَرْكُهُ مَا لَا يَعْنِيهِ»

অর্থ : “মানুষের ভালো মুসলমান হবার লক্ষণ হল অনর্থক বিষয় পরিত্যাগ করা। ” »[62]

---

[61] ইমাম তাবারানী রচিত আল মুজামুস -সাগীর
[62] সুনানে ইবনে মাজাহ

এই হাদীসের আলোকে শায়খ একদিকে যেমন অনর্থক কথা-বার্তা ও অর্থহীন গল্প-গুজব করতে নিষেধ করতেন, অপরদিকে সঙ্গী-সাথিদের কাছে অপ্রয়োজনে ব্যক্তিগত তথ্য প্রকাশ করতেও নিষেধ করতেন। একইভাবে কোনো প্রয়োজন ছাড়া শুধু বিনোদনের উদ্দেশ্যে বাজারে ঘোরাঘুরি করা, এক কেন্দ্র থেকে অন্য কেন্দ্রে যাতায়াত এবং হল্লা করে নিজেদের দিকে শত্রুপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে কঠোরভাবে নিষেধ করতেন। তিনি জিহাদের সকল বিষয়ে ভারসাম্যের প্রবক্তা ছিলেন। সাথিদের নিরাপত্তাকে সীমাহীন গুরুত্ব দিতেন এবং এ বিষয়ে এক মুহূর্তের অবহেলাও মেনে নিতেন না। জনাব আহসান রহিমাহুল্লাহর এই গুণ ফারুক ভাই রহিমাহুল্লাহকেও প্রভাবিত করে। তিনি গোপনীয়তা রক্ষায় বিখ্যাত ছিলেন। এই গুণের ভিত্তিতেই আল্লাহ তাআলা জিহাদ ফী সাবীলিল্লাহ-এর বেশ কিছু গুরুত্বপূর্ণ বড় কাজ তার দ্বারা করিয়েছেন। ভীষণ কঠিন অবস্থা এবং শত্রুর কড়া পাহারা সত্ত্বেও আল্লাহ তাআলার সাহায্যের পর সতর্কতা অবলম্বন ও গোপনীয়তা রক্ষার মাধ্যমে নিজের দাওয়াতী ও মিডিয়া কার্যক্রম সুশৃঙ্খলভাবে পরিচালনা করা তার পক্ষে সম্ভব হয়েছে।

• শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ থেকে জিহাদ শিখুন!

শায়খ আহসান রহিমাহুল্লাহর সান্নিধ্যের কারণে ফারুক ভাই রহিমাহুল্লাহর অন্তরে শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর ভালোবাসা স্থান করে নেয়। শায়খ আহসান রহিমাহুল্লাহ শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ -এর অনুরাগী ছিলেন। তাকে যুগের ইমাম মনে করতেন এবং শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর ঘনিষ্ঠ শিষ্য

[356]

মুহসিনে উম্মাহ শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর প্রতি অত্যধিক ভালোবাসা পোষণ করতেন। শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ মনে করতেন, সমকালীন জিহাদ ফী সাবীলিল্লাহ'র তাৎপর্য উপলব্ধি ও প্রকৃত অবস্থা জানার জন্য শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর রচনাবলী পাঠ করা জরুরি। তিনি শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহকে মুজাহিদীনের নেতা ও অভিভাবক মনে করতেন।

শায়খ আহসান রহিমাহুল্লাহর সান্নিধ্যে থেকে ফারুক ভাই রহিমাহুল্লাহ শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর রচনাবলী পাঠ করতে শুরু করেন। তার তত্ত্বাবধানে থেকেই ফারুক ভাই রহিমাহুল্লাহ শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ রচিত কালজয়ী গ্রন্থ الـــدفاع عن أراضي المســـلمين من أهم فروض الأعيان - 'ঈমানের পরে সর্বাধিক গুরুত্বপূর্ণ ফরযে আইন' শিরোনামে অনুবাদ করেছেন। এই গ্রন্থ ছাপার পর উর্দু ভাষা জানা কোনো লোকের জিহাদের ময়দানে আসার পেছনে এই গ্রন্থের মৌলিক ভূমিকা ছিল না বলে আমার মনে হয় না। গাযওয়ায়ে হিন্দ ও খোরাসান যুদ্ধের ভিত্তি স্থাপনে এই বরকতপূর্ণ কিতাবের গুরুত্বকে অস্বীকার করতে পারে? এই গ্রন্থ পাঠকারী যদি জিহাদে নাও বের হয় (কারণ জিহাদে বের হওয়া আল্লাহর অনুগ্রহ; তিনি যাকে চান, তাকে দান করেন) কিন্তু তবুও জিহাদ ও মুজাহিদীনের ভালোবাসা তার অন্তর স্থান করে নেয়। শায়খ আব্দুল্লাহ আযযাম শহীদ রহিমাহুল্লাহর চমৎকার প্রমাণ নির্ভর আলোচনা হোক, ফারুক ভাই রহিমাহুল্লাহর আরবী উর্দু ভাষার দক্ষ লেখনী কিংবা হৃদয়ের উত্তাপ হোক, শায়খ আহসান রহিমাহুল্লাহর দিকনির্দেশনা ও সাহিত্যিক রুচি হোক—সব কিছু মিলে উক্ত গ্রন্থ বরকতময় ও সর্বাঙ্গীন সুন্দর হয়ে পাঠকমুখ দেখতে পায়। আমাদের দৃঢ় বিশ্বাস, যতদিন পর্যন্ত উর্দু

ভাষাভাষী বিদ্যমান থাকবে, এই গ্রন্থ তাদের জন্য জিহাদের আগ্রহ জাগানিয়া ভূমিকা পালন করবে। এই গ্রন্থ প্রকাশে সর্বদিক থেকে যারা ভূমিকা রেখেছেন, তাদের আমলনামায় এই অবদান সাদাকায়ে জারিয়া হিসেবে শামিল হবে ইনশাআল্লাহ।

“নিশ্চয়ই আল্লাহ যাকে চান তাকে বহু গুণ বাড়িয়ে দেন।” [আল কুরআন]

শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ অনেক দৌড়ঝাঁপের পর শায়খ আবদুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর রচনাবলী ও বক্তব্য সমূহের এনসাইক্লোপিডিয়া ‘আয যাখায়েরুল ইযাম' সারা দেশের বিভিন্ন পাঠাগার থেকে সংগ্রহ করেন। দীর্ঘ কলেবরের চার খণ্ড ও কয়েক হাজার পৃষ্ঠা সংবলিত ওই সংকলন নব্বইয়ের দশকে ছাপা হয়েছিল এবং দীর্ঘ সময় তা দৃষ্টির আড়ালে ছিল। শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ ওই এনসাইক্লোপিডিয়া অধ্যয়ন এবং তা থেকে হেকমত প্রজ্ঞা জ্ঞান ও দূরদৃষ্টির অমূল্য রত্ন অনুসন্ধানের প্রতি ফারুক ভাই রহিমাহুল্লাহ -এর মনোযোগ আকর্ষণ করেন।

অতঃপর শায়খ আহসান রহিমাহুল্লাহর দৃষ্টি আকর্ষণের ফলে শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ রচিত শহীদদের স্মৃতিচারণমূলক হৃদয়গ্রাহী গ্রন্থ ‹উশশাকুল হুর›-র অনুবাদ প্রকাশ করেন "যারা জান্নাতের সন্ধানে' শিরোনামে। শায়খ আহসান রহিমাহুল্লাহ ওই অনুবাদের সর্বাঙ্গীন সৌন্দর্য বর্ধনের পাশাপাশি তাতে নিজের সাহিত্যিক রুচির মিষ্টতা ছড়িয়ে দেন।

এক কথায় শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহর মনোযোগ ও পরামর্শের ফলে ফারুক ভাই রহিমাহুল্লাহ সমকালীন জিহাদের ইমাম শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর কিতাবসমূহ মনোযোগ সহকারে পাঠ করেছেন, তার চিন্তাধারা উপলব্ধি করতে চেষ্টা [358]

করেছেন, অতঃপর নিজের জীবন ওই চিন্তাধারা প্রচার প্রসারে উৎসর্গ করেছেন।

মতবিরোধ কিন্তু সাহাবা সুলভ চরিত্র
শায়খ আহসান রহিমাহুল্লাহ অত্যধিক নম্র মেজাজ ও প্রেমপ্রসারী ব্যক্তিত্বের অধিকারী ছিলেন। সে সঙ্গে তিনি একজন কবি ছিলেন। কবিদের মতো সংবেদনশীলতা তার মাঝে ছিল। এই সূক্ষ্ম সংবেদনশীল হৃদয়ে যদি কারও অমনোযোগে, অসতর্কতায় অথবা ইজতিহাদী ভুলের কারণে চুল পরিমাণও আঁচড় লাগতো, সেটা মুছে দেয়া খুবই কঠিন বিষয় ছিল। কবিরা এই সংবেদনশীলতার কারণেই অধিকাংশ সিদ্ধান্ত মনে মনে গ্রহণ করে নেন। লাল মসজিদের ঘটনার পর পাকিস্তানের ভেতর জেনারেল পারভেজ এবং তার সেনাবাহিনীর বিরুদ্ধে যুদ্ধ বিস্তার সম্পর্কে শায়খ আহসান রহিমাহুল্লাহর সঙ্গে অন্য মুজাহিদীনের মতবিরোধ দেখা দিয়েছিল। জনাব আহসান রহিমাহুল্লাহর রায় এবং অন্যান্য গ্রুপের রায়ের কথা ইতিপূর্বে আমরা এই কিতাবের পঞ্চম অধ্যায়ে বর্ণনা করেছি। কার্যক্ষেত্রের কর্মকৌশল নিয়ে সৃষ্ট এই মতবিরোধে অধিকাংশ বিষয়ে উভয়পক্ষ সহমত থাকা সত্ত্বেও শাখাগত কিছু বিষয়ের উপর ঐক্যবদ্ধ হওয়া যাচ্ছিলো না। ওই সময়ে আরব মুজাহিদীনের একজন দায়িত্বশীলের প্রতি শায়খ আহসান রহিমাহুল্লাহর মাঝে ব্যবস্থাপনা প্রশ্নে অসন্তোষ দেখা দিয়েছিল এবং শায়খ আহসান রহিমাহুল্লাহ আরব নেতৃবৃন্দের প্রতি অসন্তুষ্ট হয়ে আলাদা হয়ে যান। তখন শরীয়তের নীতিমালার প্রতি অঙ্গীকারাবদ্ধ ফারুক ভাই রহিমাহুল্লাহর মেজাজ তার সর্বাধিক প্রিয় ব্যক্তির সঙ্গে মতপার্থক্য করতে বাধ্য করে। মূলনীতির ব্যাপারে ফারুক ভাই রহিমাহুল্লাহ

[359]

অনমনীয় ছিলেন এবং জিহাদ ফী সাবীলিল্লাহ'র এক একটি নীতি তিনি পুরোপুরি বুঝে গ্রহণ করতেন। তিনি বলতেন, শরীয়তের আলোকে আমাদের মন-মেজাজ ও অভ্যাসের বিপরীত সিদ্ধান্ত প্রদানের অধিকার আমীরের রয়েছে। তিনি আরও বলতেন, কখনও আমরা নিজেদের জন্য কোনো বিষয়কে কল্যাণকর মনে করি কিন্তু আমীর অন্য বিষয়কে আমাদের জন্য কল্যাণকর ও অধিক উপযুক্ত বলে মনে করেন। এমন অবস্থায় শরীয়তের সীমারেখার ভেতর থেকে আমাদের সেটাই করা উচিত, যা আমীর করতে বলবেন।' যেহেতু জিহাদে শামিল হবার সূচনালগ্ন থেকেই তিনি শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর প্রতিষ্ঠিত আল-কায়েদার সঙ্গে যুক্ত হয়েছিলেন, তাই তিনি নিজের রাহবার ও সর্বাধিক প্রিয় ব্যক্তিত্বকে ছেড়ে শরীয়ত নির্দেশিত সিদ্ধান্ত মেনে নিতে প্রস্তুত থাকেন।

ওই মতবিরোধ সত্ত্বেও শেষ পর্যন্ত ফারুক ভাই রহিমাহুল্লাহ ও শায়খ আহসান রহিমাহুল্লাহর প্রতি গভীর ভালোবাসা, শ্রদ্ধাবোধ এমনকি আস্থা পোষণ করতেন। খুবই আদব সহকারে তার কথা উল্লেখ করতেন। তাতে মনে হতো, তিনি নিজ অভিভাবক ও শিক্ষকের কথা আলোচনা করছেন। আমি কখনোই ফারুক ভাই রহিমাহুল্লাহর মুখ থেকে শায়খ আহসান রহিমাহুল্লাহর ব্যাপারে কোনো কটু কথা শুনিনি। একবার একজন অজ্ঞতার কারণে শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহর ব্যাপারে নেতিবাচক মন্তব্য করার পর ফারুক ভাই রহিমাহুল্লাহ যখন জানতে পারলেন, তখন তীব্র নিন্দা জানিয়ে বললেন: « “ওই সাহেব যদি শায়খের আখলাক সম্পর্কে জানতেন, তাহলে কখনোই তার ব্যাপারে এমনটা বলতে পারতেন না।“ »

এই উভয় মহান ব্যক্তির ব্যাপারে আল্লাহ সন্তুষ্ট হোন, তাদের মর্যাদা উন্নীত করুন এবং ভুল ত্রুটিগুলো ক্ষমা করে দিন! জান্নাতের মাহফিলে ভালোবাসা ও নেয়ামত সহকারে পুনরায় তাদেরকে [360]

মিলিত করুন। আল্লাহ তাআলা কুরআনে কারীমে জান্নাতের দৃশ্য তুলে ধরেছেন :

وَنَزَعْنَا مَا فِي صُدُورِهِم مِّنْ غِلٍّ إِخْوَانًا عَلَىٰ سُرُرٍ مُّتَقَابِلِينَ ﴿٤٧﴾

–

অর্থ : । তাদের অন্তরে যে ক্রোধ ছিল , আমি তা দূর করে দেব। তারা ভাই ভাইয়ের মত সামনা -সামনি আসনে বসবে। (47) । ’ [সূরা হিজর আয়াত নং ৪৭]

জান্নাতের অন্যতম নেয়ামত হল , ঈমানদারগণ সেখানে পৌছার পর পারস্পরিক মনোমালিন্য দূর হয়ে যাবে। উক্ত আয়াতে কারীমা থেকে আরও জানা যায় , জান্নাতে অনেকেই এমন হবে, দুনিয়াতে যাদের মাঝে মনোমালিন্য ছিল , কিন্তু জান্নাতে গিয়ে তা দূর হয়ে যাবে। আল্লাহ তাআলা সাহাবায়ে কেরামের এই অনুসারীদেরকে কিয়ামতের দিন সাহাবায়ে কেরামের সঙ্গে মিলিত করুন , আমীন।

এখানে শহীদ ফারুক ভাই রহিমাহুল্লাহর বিবৃতির কিছু অংশ উদ্ধৃত করা সমীচীন মনে করছি —যা তিনি শহীদ আহসান আজীজ রহিমাহুল্লাহর শাহাদাতের পর আস -সাহাব মিডিয়ায় প্রচার করেছেন। ঐ উদ্ধৃতি থেকে বোঝা যাবে , একদিকে যেমন ফারুক ভাই রহিমাহুল্লাহ শহীদ আহসান রহিমাহুল্লাহর প্রতি গভীর ভালোবাসা ও আস্থা পোষণ করতেন, অপরদিকে শায়খ আহসান রহিমাহুল্লাহর দুর্লভ ঈমানী ও চারিত্রিক গুণাবলি স্বীকার করতেন। ফারুক ভাই রহিমাহুল্লাহ শহীদ আহসান রহিমাহুল্লাহর ব্যাপারে বলেন :

« মুহতারাম ভাইগণ ! দাওয়াত ও জিহাদের ময়দানে কয়েক বছর পর্যন্ত তার শিষ্যত্ব লাভের সৌভাগ্য আমার হয়েছে। তার সান্নিধ্যে থেকে আমি উপকৃত হয়েছি। যদিও আমি তার একজন অযোগ্য শিষ্য ছিলাম , কিন্তু তার সঙ্গে থাকা প্রতিটি মুহূর্ত আমার এবং

আমার মতো অন্যান্য মুজাহিদের জন্য ঈমান বৃদ্ধি, ইলমে-আমলে উন্নতি, চিন্তা-চেতনার বিস্তৃতি ও গভীরতা এবং প্রতিভা বিকাশের মাধ্যম বলে প্রমাণিত হয়েছে। জনাব আহসান রহিমাহুল্লাহ সর্ব প্রথম আমাকে জিহাদী দাওয়াতের ময়দানে অবতীর্ণ হতে সাহায্য করেন। তিনি কলম ধরতে শেখান, মূল্যবান গ্রন্থাবলী অনুবাদ এবং গুরুত্বপূর্ণ বিষয়ের উপর লেখালেখি করতে অনুপ্রাণিত করেন এবং স্নেহভরে আমার ভুল-ত্রুটিগুলো সংশোধন করে দেন। তারই নির্দেশে আমি শায়খ হামুদ বিন উকলা

63 শাঈবী
রহিমাহুল্লাহর দুটি গুরুত্বপূর্ণ ফাতওয়া অনুবাদ করেছি— যেখানে ১১ই সেপ্টেম্বরের ঘটনার বৈধতা এবং জাযিরাতুল আরব থেকে মুশরিকদেরকে বের করে দেয়ার শরীয়াহগত হুকুম বর্ণনা করা হয়েছে। অতঃপর তারই নির্দেশে, আল্লাহর তাওফীকে শহীদে মিল্লাত শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ এবং শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহর নির্বাচিত বয়ানের অনুবাদ সংবলিত দুটি কিতাব প্রস্তুত করেছি, যেগুলোর সার্বিক সৌন্দর্য বর্ধন, বর্ণনাগত সাহিত্যগত সজ্জা তিনি নিজ হাতে করেছেন। অতঃপর তারই দিকনির্দেশনায় আল্লাহর তাওফীকে শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর

63 শাইখ হামুদ বিন উকলা শাঈবী রাহমাতুল্লাহি আলাইহিকে সৌদি আরবের শীর্ষস্থানীয় ওলামায়ে কেরামের মাঝে গণ্য করা হতো। তিনি ১১ই সেপ্টেম্বরের হামলা শরীয়তের দৃষ্টিতে বৈধ বলে ফতোয়া দিয়েছিলেন। তিনি শাইখ উসামা বিন লাদেন রাহমাতুল্লাহি আলাইহি এবং ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের প্রতি জোরালো সমর্থন ব্যক্তকারীদের অন্তর্ভুক্ত ছিলেন। বার্ধক্য ও শারীরিক দুর্বলতার কারণে নিজে আফগানিস্তানে উপস্থিত হতে পারেননি কিন্তু তিনি আমিরুল মুমিনিন মোল্লা মুহাম্মাদ ওমর রাহমাতুল্লাহি আলাইহির বাইয়াতকে ওয়াজিব মনে করতেন। তিনি সৌদি আরব থেকে টেলিফোনের মাধ্যমে আমিরুল মুমিনিন মোল্লা মুহাম্মাদ ওমর রাহমাতুল্লাহি আলাইহির কাছে বাইয়াতবদ্ধ হন। সত্য প্রকাশে তিনি নির্ভীক ছিলেন এবং এই গুণের কারণে সমকালীন বিশ্বে সালফে সালেহীনের স্মৃতিচিহ্ন ছিলেন। কাফেরদের কাছ থেকে সাহায্য নেয়া প্রসঙ্গে রচিত তার (আল কওলুল মুখতার ফী হুকমিল ইস্তিআনা বিল কুফফার) গ্রন্থটির ভূমিকা শাইখ উসামা বিন লাদেন রহমাতুল্লাহি আলাইহি লিখে দিয়েছেন। শাইখ উসামা বিন লাদেন রহমাতুল্লাহি আলাইহি সৌদি আরবের শীর্ষস্থানীয় ওলামায়ে কেরামের উদ্দেশ্যে লিখিত তার ঐতিহাসিক চিঠিপত্রে —যেখানে মার্কিন সেনাবাহিনীর সাহায্য নেয়ার অজুহাতে জাজিরাতুল আরবে তাদেরকে বসবাসের সুযোগ দেয়ার বিরুদ্ধে দলিল দেয়া হয়েছে এবং আমেরিকানদেরকে আরব থেকে বের করে দেবার দাবি পেশ করা হয়েছিল— শাইখ হামুদ বিন উকলা শা'ঈবী রহমাতুল্লাহি আলাইহির ফতোয়া দিয়ে দলিল পেশ করেছেন। ২০০১ সালের শেষ দিকে তিনি ইন্তেকাল করেন। আল্লাহ তাআলা তাঁর প্রতি সন্তুষ্ট হন! আমিন!!

[362]

‘মুসলিম ভূমির প্রতিরক্ষা ঈমান আনার পর সর্বাধিক গুরুত্বপূর্ণ' গ্রন্থটি তরজমা করি—যার সংক্ষিপ্ত কিন্তু পূর্ণাঙ্গ ও মূল্যবান ভূমিকা তিনি লিখে দিয়েছেন। তিনিই উর্দু ভাষায় জিহাদী দাওয়াত বিস্তারের জন্য মিডিয়া ব্যবহারের ভিত্তি স্থাপন করেছেন এবং উলামায়ে কেরামের ফাতওয়া নেয়ার পর এই মোবারক আমলের সূচনা করেছেন। আমরাও তার পদাঙ্ক অনুসরণ করে দাওয়াতের স্পর্শকাতরতা ও সঠিক পন্থা শিখেছি। শিক্ষাগত ব্যাকগ্রাউন্ডের কারণেই টেকনিক্যাল বিষয়াদিতেই শুধু তার পারদর্শিতা ছিল না; বরং দাওয়াতের অস্থিরতা, এ ময়দানের দীর্ঘ সময় ব্যাপী অভিজ্ঞতা, মানব রুচি প্রকৃতির পরিচিতি, উর্দু সাহিত্যকে অন্তরের অন্তস্থল থেকে গ্রহণ এবং আরবী ভাষায় আগ্রহের কারণেও তিনি অনন্য ছিলেন। এই গুণাবলির কারণেই তিনি একজন দৃষ্টান্তহীন দাঈ ছিলেন। উপমহাদেশে আজকের জিহাদী জাগরণে নিঃসন্দেহে হযরতের নীরব, সরল, একাগ্র, অধ্যবসায়পূর্ণ ও ধারাবাহিক দাওয়াতী কর্মপ্রচেষ্টার একটা বড় অবদান রয়েছে। জিহাদের ভালোবাসা ছিল তার শিরা-উপশিরায় প্রবাহিত। আমাকে এবং আমার মতো অনেক ভাইকে সর্বপ্রথম তিনিই জিহাদ ফরয হবার সবক দিয়েছিলেন। তিনি উম্মাহর ব্যথা- বেদনা আমাদের বুকে সঞ্চার করেছেন। মুহাজিরীন ও আনসার দলের বসতিতে জীবন যাপনের ব্যাকুলতা আমাদের মাঝে জাগ্রত করেছেন। শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ এবং শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর বৈশ্বিক জিহাদী দাওয়াত আমাদেরকে বুঝিয়েছেন। উলামায়ে কেরামের প্রতি ভালোবাসা, তাদের পায়ের কাছে বসে শেখা, ঈমানদারদের সামনে বিনয়ী হবার শিক্ষা দান করেছেন। কুফরকে ঘৃণা করতে শিখিয়েছেন। পশ্চিমা সংস্কৃতির মন্দ দিকগুলো আমাদের কাছে উন্মোচিত করেছেন। ফলে তার

[363]

দাওয়াত আমাদের অন্তরে স্থান করে নিয়েছে। ঘরে বসে থাকা এবং সাধারণ জীবন যাপন করা আমাদের জন্য কঠিন হয়ে দাঁড়িয়েছে। সত্য বলতে হলে স্বীকার করতেই হবে, শহীদ আহসান আজীজ রহিমাহুল্লাহর কপালের ঝলক এবং চেহারায় চিন্তার যে রেখা ছিল— সালফে সালেহীনের গ্রন্থাবলীতে আমরা যা পড়ে এসেছি—সেটাই সর্বপ্রথম আমাকে জিহাদের প্রতি আগ্রহী করে তুলেছিল। আমি গোটা জীবনে অল্প সংখ্যক লোকের মাঝেই কুরআন ও সুন্নতের ভালোবাসা, উলামায়ে কেরামের প্রতি শ্রদ্ধাবোধ, দীনদারদের প্রতি স্নেহ-মমতা, উন্নত চারিত্রিক গুণ, সংবেদনশীলতা, লজ্জা, পবিত্রতা, দানশীলতা, পরিমিত কথা, দাঈ সুলভ অস্থিরতা, মুজাহিদ সুলভ দুনিয়া বিমুখতা, মেধা, দক্ষতা এবং এজাতীয় উন্নত গুণাবলির সমাহার পেয়েছি— যেমনটা আহসান আজীজ রহিমাহুল্লাহর মাঝে দেখেছি। তার ব্যাপারে এমনটাই আমাদের ধারণা এবং আল্লাহ তার জন্য যথেষ্ট! আমরা কামনা করি, আল্লাহ যেন তার প্রতি সন্তুষ্ট হন এবং তার মর্যাদা বৃদ্ধি করে দেন।

64

সালফে সালেহীনের দৃষ্টান্ত দুনিয়াবিমুখী দরবেশ আলেমে রব্বানী হযরত মাওলানা সাঈদুল্লাহ খান শহীদ রহিমাহুল্লাহ

জামিয়া ইসলামিয়া ইসলামাবাদে শিক্ষা গ্রহণের সময়কালেই মাওলানা সাঈদুল্লাহ ইবনে মাওলানা ইউসুফ রহিমাহুল্লাহর সঙ্গে ফারুক ভাই রহিমাহুল্লাহর বন্ধুত্ব হয়ে যায়। তিনি ছিলেন আল্লাহর মহান ওলী, সালফে সালেহীনের দৃষ্টান্ত, আলেমে রব্বানী, মুজাহিদ ফী সাবীলিল্লাহ। ক্রুসেড 64 শহীদ আহসান আজিজ রহমাতুল্লাহি আলাইহির শাহাদাতের পরিপ্রেক্ষিতে আসসাহাব মিডিয়াতে প্রকাশিত উস্তায আহমদ ফারুক রহমতুল্লাহি আলাইহির বক্তব্য থেকে সংগৃহীত

[364]

যুদ্ধগুলোতে ইহুদীদের রক্ষক পাকিস্তানি সেনাবাহিনীর গুপ্তচরবৃত্তির ফলে মার্কিন ড্রোন হামলায় শাহাদাত বরণকারী ‘দির’ জেলার অধিবাসী তিনি।

• বড় দুই ফ্রন্টের গাযী

মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ ‘দির’ জেলার একটি সম্ভ্রান্ত দীনদার পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা মাওলানা ইউসুফ রহিমাহুল্লাহ ‘দির’ জেলার প্রসিদ্ধ আলেমে দীন এবং মুজাহিদ ব্যক্তিত্ব ছিলেন। রুশবিরোধী জিহাদের সূচনাকাল থেকেই মুজাহিদীনের পৃষ্ঠপোষকতা ও সহযোগিতায় তিনি এগিয়ে এসেছিলেন এবং সশরীরে আফগানিস্তানে রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধাঙ্গনে নেতৃত্ব দান করেন। পাক আফগান সীমান্তবর্তী এলাকার অধিবাসী হওয়ার কারণে তার ঘরে সে সময় মুজাহিদীনের যাতায়াত ছিল। সে সময় মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ অনেক ছোট্ট ছিলেন। মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ দরসে নিজামীর প্রাথমিক কিতাবগুলো ‘দির’ জেলার বিভিন্ন মাদরাসায় পড়েন এবং মারদান থেকে দাওরা হাদীস সমাপন করেন। যৌবনে পদার্পণ করা মাত্রই আফগানিস্তানে রাশিয়া এবং তার সহযোগী ধর্মহীন কমিউনিস্টদের বিরুদ্ধে জিহাদে অংশগ্রহণ করেন। আফগানিস্তান বিজয়ের পর গাযী হয়ে ফেরেন, কিন্তু জিহাদের পিপাসা বৃদ্ধি পাওয়ায় কাশ্মীরের ভাইদেরকে সাহায্য-সহযোগিতা করার জন্য কাশ্মীর চলে যান।

কাশ্মীরের গাযী...

রুশ বিরোধী জিহাদ শেষ হওয়ার পর যখন মুজাহিদীন পাকিস্তান আমেরিকা এবং অন্যান্য

[365]

দেশের ইন্টেলিজেন্স এজেন্সিগুলোর ষড়যন্ত্রের শিকার হয়ে নিজেদের মাঝে দ্বন্দ্ব-বিবাদে জড়িয়ে পড়ে, ওই সময় মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ খুবই ব্যথিত ও বেদনাহত ছিলেন। কিন্তু যেহেতু তিনি আল্লাহর দীন বিজয়ের লক্ষ্য বুকে ধারণ করেছিলেন আর হতাশ হয়ে বসে থাকা কোনো মুসলিমের চরিত্র হতে পারে না, তাই তিনি কাশ্মীরে চলে যান, যেখানে সাহসিকতা, বীরত্ব ও সামরিক গুণাবলির উত্তম দৃষ্টান্ত স্থাপন করেন। সেখানে তার চিন্তাধারার গভীরতা পরিপক্কতা এবং মুসলিম উম্মাহর সমস্যাগুলো সমাধানের অস্থিরতা অন্যদের মাঝে সঞ্চার করেন। কিন্তু কাশ্মীর জিহাদে অংশগ্রহণের ফলে তিনি বুঝে গিয়েছিলেন, এখানে জিহাদরত জামাআতগুলো চক্রান্তকারী বিশ্বাসঘাতক সংস্থা আইএসআই'র শিকলে আবদ্ধ; গোপন এজেন্সিগুলোর প্রভাবমুক্ত হয়ে জিহাদী পরিকল্পনা দূরের কথা; এই জিহাদী সংগঠনগুলো পাকিস্তান আর্মির দিকনির্দেশনা, অনুমতি ও সহযোগিতা ছাড়া কাশ্মীর উপত্যকায় প্রবেশ করতে পর্যন্ত সক্ষম নয়। তার কাছে রুশ জিহাদের সময়কাল থেকেই আইএসআই'র স্বার্থান্বেষী অন্যায় আচরণ স্পষ্ট ছিল, তাই উম্মাহর সঙ্গে অন্যায়কারী আইএসআই'র দিকনির্দেশনা অনুযায়ী জিহাদ করা তার পছন্দনীয় ছিল না।

ওই অবস্থায়ও তিনি হতাশ হয়ে বসে থাকতে রাজি ছিলেন না; বরং অবস্থার সংশোধনমূলক বিশ্লেষণ এবং সংস্কারমূলক অন্যান্য পথ খোঁজ করতে আরম্ভ করেন। বিভিন্ন বিষয়ের উপর অধ্যয়ন শুরু করেন। তিনি সত্য অনুসন্ধানী ছিলেন। রাশিয়ার বিরুদ্ধে আফগানিস্তানের জিহাদ সত্যনিষ্ঠ হবার বিষয়ে আস্থাশীল ছিলেন; কিন্তু পরবর্তীতে মুজাহিদীনের গৃহযুদ্ধের কারণে ব্যথিত হয়েছিলেন। একইভাবে কাশ্মীর জিহাদের মাহাত্ম্য ও ভালোবাসা তার

[366]

অন্তরে স্থান করে নিয়েছিল; কিন্তু বিশ্বাসঘাতকতার উৎসস্থল আইএসআই'র তত্ত্বাবধানে কোনো আন্দোলনে অংশগ্রহণ করতে রাজি ছিলেন না। তাই তিনি অপর কোনো সঠিক পথ লাভের আশায় গ্রন্থাবলী ঘাঁটাঘাঁটি করতে আরম্ভ করেন। তার এই অস্থিরতা দেখে তার পিতা রহিমাহুল্লাহ পরামর্শ দেন, এভাবেই যদি কিতাবপত্র পড়তে হয়, তাহলে নিয়মতান্ত্রিকভাবে কোনো জামিয়ায় ভর্তি হয়ে নাও এবং পছন্দসই বিষয়গুলোতে বিশেষ যোগ্যতা অর্জন করো। তখন তিনি বিদ্যাঙ্গনে তার ভ্রমণ অব্যাহত রাখার সিদ্ধান্ত নেন। এই উদ্দেশ্যে তিনি ইসলামাবাদ-এর ইন্টারন্যাশনাল ইসলামী ইউনিভার্সিটিতে ভর্তি হন। আল্লাহর ইচ্ছায় ওই সময় এই ইসলামী ইউনিভার্সিটিতে ফারুক ভাই রহিমাহুল্লাহও ভর্তি হয়েছিলেন। কয়েকটি ক্লাসে মাওলানা সাঈদুল্লাহ ফারুক ভাই রহিমাহুল্লাহর সহপাঠীও ছিলেন উভয় হযরতের শিক্ষাঙ্গনে উপস্থিতি ও ইউনিভার্সিটিতে ভর্তির উদ্দেশ্য অভিন্ন হওয়ায় অল্প সময়ের ভেতর তাদের মাঝে আন্তরিকতা গড়ে ওঠে এবং তারা সমমনা বন্ধুতে পরিণত হন। অতঃপর এই বন্ধুত্ব ও ভালোবাসা আল্লাহর দীন প্রতিষ্ঠার ময়দানে উভয় হযরতকে সঙ্গী বানিয়ে দেয়।

ইলমে দীনের ভালোবাসা মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ ইলমে দীনের ভালোবাসা ও আগ্রহে সালফে সালেহীনের দৃষ্টান্ত ছিলেন। ইলমী ব্যস্ততায় এমনভাবে ডুবে যেতেন, না থাকতো ঘরের চিন্তা আর না শরীরের। তার সাদাসিধে জীবনের অবস্থা হলো, প্রথম সাক্ষাতে তাকে দেখে কোনো ফকির মনে হতো। কিন্তু আলোচনা শুরু করলে মনে হতো, অশান্ত সাগরে জোয়ার উঠেছে। তার

[367]

উস্তাদগণও তাকে উস্তাদ বলতেন। মাওলানা সাহেব আরবী বালাগাত (ভাষা অলঙ্কার শাস্ত্র) ও ফিকহে বিজ্ঞ আলেম ছিলেন। সেই সঙ্গে আন্তর্জাতিক ও শরীয়াহর তুলনামূলক আইনতত্ত্বে পারদর্শী ছিলেন। উলুমে শরঈয়াতে পরিপক্কতা অর্জনের পর আন্তর্জাতিক ও ব্রিটিশ আইনের ব্যাপক অধ্যয়ন একদিকে যেমন মানব রচিত আইন-কানুনের অসম্পূর্ণতা ও ত্রুটিগুলো তার সামনে স্পষ্ট করেছে, অপরদিকে শরীয়তে রব্বানীর মাঝে কিয়ামত পর্যন্ত মানবজাতির কল্যাণ ও সাফল্য নিহিত থাকার দৃষ্টিভঙ্গি তার আরও পরিপক্ক হয়েছে।

ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে তার সৌহার্দ্য সম্প্রীতি ও পারস্পরিক বন্ধুত্বের কথা ওইসব ব্যক্তির জানা আছে, যারা তাদেরকে ইউনিভার্সিটির দিনগুলোতে দেখেছে। মাওলানা সাঈদুল্লাহ ফারুক ভাই রহিমাহুল্লাহর মাঝে ইলমে দীনের ভালোবাসা আরও বাড়িয়ে দিতেন, ফুকাহায়ে কেরাম ও মুহাদ্দিসীনে ইজামের অবাক করা তাকওয়া, স্মরণশক্তি ও মেধাশক্তির ঘটনা শুনিয়ে ইলমে দীনের প্রতি অনুপ্রাণিত করতেন। অপরদিকে মাওলানা সাহেবের মাঝে আমলের মুহব্বত, বিপ্লব, আমর বিন মারূফ ও নাহী আনিল মুনকারের আগ্রহ ফারুক ভাই রহিমাহুল্লাহ তৈরি করতেন।

মাওলানা সাহেব ইলমে দীনের পাগল ছিলেন। কিতাব পড়া, সে অনুযায়ী আমল খোঁজ করা, কিতাবের বিভিন্ন বিষয়ের উপর আলোচনা-পর্যালোচনা এবং কিতাবটি উপকারী হলে অন্য সাথিদেরকে তার প্রতি মনোযোগী করা তার বিশেষ কাজ ছিল। একবার তিনি ফারুক ভাই রহিমাহুল্লাহকে বলেন, "আমার উস্তাদ বলতেন, যদি জ্ঞান অর্জন করতে চাও তাহলে দৈনিক ৫০০ পৃষ্ঠা পাঠ করো।’ ফারুক ভাই রহিমাহুল্লাহ হতভম্ব হয়ে জিজ্ঞেস করেন: "আপনি কি দৈনিক এই পরিমাণ পাঠ করেন?’ তখন তিনি জবাব দেন: "আলহামদুলিল্লাহ! করে [368]

নিই এবং এই পরিমাণ না পড়লে আমার ঘুম আসে না’। অনেকের কাছে অতিরঞ্জন মনে হতে পারে, কিন্তু যার জীবন ও সময়ে আল্লাহ তাআলা বরকত দান করেন, তার জন্য এতটুকু পাঠ করা কঠিন কিছু নয়।

ইলমে দীনের এই মহাব্বত শুধু নিজের মাঝে নয়; বরং অন্য জ্ঞানী সাথিদের মাঝেও এই ভালোবাসা সঞ্চার করে দেয়া মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহর নেশায় পরিণত হয়েছিল। আমি এখনও তার ঐ বর্ণনাভঙ্গি ভুলতে পারি না যেদিন তিনি উদ্দীপনা সহকারে আল্লামা সারাখসি রহিমাহুল্লাহ কুয়ায় বসে ‘মাবসুত’ গ্রন্থ রচনার ঘটনা বলেছিলেন। তৎকালীন শাসক ইমাম সাহেবকে বন্দী করে কুয়ায় নিক্ষেপ করেছিল। তিনি সেখানে বসে বসে হযরত ইমাম আবু হানিফা রহিমাহুল্লাহর অন্যতম শিষ্য ইমাম মুহাম্মাদ রহিমাহুল্লাহর সংকলিত গ্রন্থগুলো ব্যাখ্যা করেন। ইমাম সারাখসী'র শিষ্য কুয়ার পাড়ে বসে তিন খণ্ড সংবলিত এই বিরাট ব্যাখ্যাগ্রন্থ রচনা করেন। হাজার হাজার ইলমী ফিকহী মাসআলা সংবলিত এ ব্যাখ্যা গ্রন্থ রচনা সময় ইমাম সারাখসী রহিমাহুল্লাহর কাছে অধ্যয়নের জন্য কোনো গ্রন্থ ছিল না। এ কথা বর্ণনা করে উদ্দীপনার আতিশয্যে মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহর চোখগুলো চকচক করতে শুরু করে। আর আমাদের অন্তরে একদিকে উলামায়ে কেরামের প্রতি শ্রদ্ধাবোধ, শাসকদের জুলুম-নির্যাতনের মুখে তাদের সাহসী অবস্থান স্থান করে নেয়; সেই সঙ্গে সালফে সালেহীনের জ্ঞান অর্জনের আকুলতা, জ্ঞানগভীরতা ও প্রশস্ততার ইঙ্গিত পেয়ে ইলমে দীনের প্রতি আমাদের আগ্রহ বেড়ে ওঠে।

পিছনের পরিচ্ছেদগুলোতে আলোচনা হয়েছে যে, ফারুক ভাই রহিমাহুল্লাহ যখন তার দাওয়াতী শিক্ষাগুলোতে অধিক মনোযোগ দিতে আরম্ভ করেন মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ কিছুটা [369]

চিন্তিত হন এই মনে করে যে, আল্লাহর দীনের দাওয়াতের আগ্রহে ইলমে দীনের প্রতি তার আগ্রহ না কমে যায়। আমার সঙ্গেও তার এমনই স্নেহপূর্ণ আচরণ ছিল। আমি ইউনিভার্সিটিতে ভর্তি হবার সঙ্গে সঙ্গেই তিনি আমাকে মনোযোগ দিয়ে ক্লাসের পড়া নেয়া, অধ্যয়নে মনোনিবেশের এবং বৃথা আলাপচারিতা ও রাজনৈতিক গল্পগুজবে সময় নষ্ট করা থেকে বেঁচে থাকার পরামর্শ দিতে আরম্ভ করেন। ইউনিভার্সিটি করিডোর দিয়ে যাওয়ার সময় যদি তার মুখোমুখি হতাম, সেখানে দাঁড়িয়েই আমার পড়াশোনার বিস্তারিত খোঁজ নিতেন। আমি অমনোযোগী হলে ভালোবেসে সচেতন করে দিতেন। নম্রভাবে কিছুটা তিরস্কার করতেন। আমার সবক শেষ না হলে কিংবা পড়াশোনায় গভীরতা না থাকলে এতটাই চিন্তিত হতেন যে, আমি হতবাক হতাম। ওই সময়কার একটি মজার ঘটনা মনে এসেছে। ইউনিভারসিটিতে নবীন বরণ অনুষ্ঠান হয়। আয়োজকবৃন্দ অনুষ্ঠানের মাঝখানেই মতামত ব্যক্ত করার জন্য হঠাৎ আমার নাম ঘোষণা করে। ইউনিভার্সিটির শিক্ষানীতি সম্পর্কে আমার তাৎক্ষণিক কিছু কথা বলতে হয়। আমি নিরুপায় অবস্থায় কিছু আবেগি ধরনের কথা বলে বসি। ইউনিভার্সিটির স্থূল দৃষ্টিভঙ্গির শিক্ষার্থীরা আমার কথা খুবই পছন্দ করে। আমার গ্রহণ যোগ্যতা তৈরি হয়। অনুষ্ঠান থেকে যখনই আমি বের হই, তখন বাহিরের দরজায় মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ দাঁড়িয়ে ছিলেন। তিনি আমাকে এক কোণায় নিয়ে গেলেন। যথেষ্ট তিরস্কার সহকারে বললেন, তোমার আলোচনায় গভীরতা নেই কেন? এটা তোমার অধ্যয়নের অভাবে হয়েছে, অর্থাৎ তুমি পড়াশোনায় মনোযোগ কম দিচ্ছো। অতঃপর আমাকে খুবই নম্রভাবে ভালোবেসে পড়াশোনায় মনোযোগ দিতে এবং ইলমে দীন হাসিলের আগ্রহ তৈরি করতে বলেন। আল্লাহ তাআলা তার

[370]

প্রতি রাজি হয়ে যান এবং জান্নাতুল ফেরদৌসে আমাদেরকে তার সঙ্গ দান করুন, আমীন।

জিহাদের দিগন্তগুলো আপনাকে স্মরণ করছে ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে মাওলানা সাহেব রহিমাহুল্লাহর ভালোবাসা ধীরে ধীরে ঘনিষ্ঠতা ও আস্থা বিনিময়ে রূপান্তরিত হতে আরম্ভ করে। বিনয়, দুনিয়া বিমুখতা ইত্যাদি গুণ সমুদ্রে ডুবে থাকা মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ এখন ফারুক ভাই রহিমাহুল্লাহকে আল্লাহর দীন প্রতিষ্ঠার ক্ষেত্রে নিজের ইমাম বলেন। কখনও কখনও তাদের জুটি দেখে হযরত সাইয়েদ আহমদ শহীদ রহিমাহুল্লাহ এবং হযরত শাহ ইসমাইল শহীদ রহিমাহুল্লাহ-এর পারস্পরিক ভালোবাসা ও সম্পর্কের ঘটনাগুলো মনে পড়ে যেত। হযরত শাহ সাহেব রহিমাহুল্লাহর ইলমী অবস্থান হযরত সাইয়েদ সাহেব রহিমাহুল্লাহ চেয়ে অনেক অগ্রসর ছিল। কিন্তু দাওয়াত ও জিহাদের উদ্দেশ্যে তিনি সাইয়েদ সাহেব রহিমাহুল্লাহ -এর হাতে বায়আতবদ্ধ হয়েছিলেন। এক কথায় মাওলানা সাহেব রহিমাহুল্লাহর সান্নিধ্য ফারুক ভাই রহিমাহুল্লাহর অন্তরে কুরআনে কারীম এবং উলুমে কুরআনীয়ার (তথা কুরানিক জ্ঞান-বিজ্ঞান) ভালোবাসা স্থাপন করে, অপরদিকে মাওলানা সাহেব রহিমাহুল্লাহর অন্তরে জিহাদ, আমর বিল মারূফের মুহব্বত এবং উম্মাহর বেদনা বৃদ্ধির পেছনে ভূমিকা রাখার জন্য আল্লাহ তাআলা ফারুক ভাই রহিমাহুল্লাহকে নির্বাচন করেছিলেন। অবশেষে মাওলানা সাহেব রহিমাহুল্লাহ আল্লাহর বাণী সমুন্নত করার ফরয দায়িত্ব পালনের উদ্দেশ্যে ফারুক ভাই রহিমাহুল্লাহকে নিজের মুরশিদ ও পথনির্দেশক হিসেবে গ্রহণ করে নেন।

[371]

ওই সময়কার আরও একটি মজার ঘটনা মনে পড়েছে। আল্লাহর তাওফীকে কয়েকজন বন্ধু ইউনিভার্সিটিতে জিহাদ ফী সাবীলিল্লাহর দাওয়াত প্রসার করছিলেন। তখন ইউনিভার্সিটির একটা গ্রুপ তাদের বিরুদ্ধে উঠে দাঁড়ায়। তারা মুজাহিদীনের কেবল বিরোধিতাই নয়; বরং তাদের ব্যাপারে মিথ্যাচার করতে আরম্ভ করে। তাদের ব্যাপারে এমন দৃষ্টিভঙ্গি ও চিন্তাধারা পোষণের অপবাদ দেয়, যা তাদের মাঝে নেই। ওই সময় মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক আইন সম্পর্কে উচ্চতর গবেষণা বিভাগে পড়াশোনা করছিলেন। ফারুক ভাই রহিমাহুল্লাহ ততদিনে পড়াশোনা সমাপন করে চলে গিয়েছিলেন। যেহেতু ইউনিভার্সিটিতে মাওলানা সাহেব রহিমাহুল্লাহর ব্যক্তিত্ব একজন বুযুর্গ আলেমে দীন হিসেবে সকলের কাছে স্বীকৃত ছিল, এজন্য মুজাহিদীনের বিরোধীরা মাওলানা সাহেব রহিমাহুল্লাহর কাছে গিয়ে মুজাহিদীনের ব্যাপারে তাকে ভুল তথ্য দিলেন। তারা আরও বললেন, আহলে সুন্নাত ওয়াল জামাআতের বিপরীতে এই মুজাহিদরা খারেজীদের আকীদা পোষণ করে। তখন মাওলানা সাহেব রহিমাহুল্লাহ বললেন, যদি আসলেই তাদের ধ্যান-ধারণা এমন হয়, তাহলে তাদেরকে আমার সঙ্গে বসতে বলবেন, আমি তাদের সকল প্রশ্নের উত্তর দেব। মাওলানা সাঈদুল্লাহ সাহেব রহিমাহুল্লাহর সঙ্গে বসার সাহস আমাদের মাঝে কার ছিল? অবশ্য আমি ফারুক ভাই রহিমাহুল্লাহর কাছে অভিযোগ করি, আপনার ঘনিষ্ঠ বন্ধু মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ মুজাহিদীনের বিরোধিতায় এ কেমন কথা বললেন? তার কিছুদিন পর প্রায় দেড় বছরের জন্য আমি জেলখানায় আটক থাকি। জগৎ স্রষ্টা আল্লাহ তাআলা আমার উপর বিশেষ দয়া বর্ষণ করেন এবং একমাত্র আল্লাহর অনুগ্রহে বর্বর এজেন্সি আইএসআই'র গোপন সেল থেকে আমি মুক্তি লাভ করি। সফর থেকে ফেরার পর

[372]

সর্বপ্রথম যে সুসংবাদ আমার কাছে পৌঁছে তা হল: মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ শুধু বৈশ্বিক জিহাদের পুরোপুরি সমর্থক হয়েই ক্ষান্ত হননি; বরং এই পথে সর্বস্ব বিলিয়ে দেবার ইচ্ছায় ফারুক ভাই রহিমাহুল্লাহর জিহাদী কার্যক্রমে অন্তর্ভুক্ত হয়ে গিয়েছেন। প্রকৃতপক্ষে সমর্থক তিনি আগে থেকেই ছিলেন; কিন্তু সত্য অনুসন্ধানের পথে মুজাহিদীনকে তিনি পর্যবেক্ষণের দৃষ্টিতে দেখতেন। বিরোধীরা তাকে ভুল তথ্য দেয় যে, ইউনিভার্সিটি থেকে বের হওয়ার পর এই যুবকেরা জিহাদের ময়দানে তাকফীরি চিন্তাধারা ও বিশৃঙ্খলামূলক ধ্যানধারণার অধিকারী হয়ে ওঠে। তাই মাওলানা রহিমাহুল্লাহ চিন্তিত হন এবং তাদেরকে নিজের সঙ্গে বসতে বলেন। তাই যখন ফারুক ভাই রহিমাহুল্লাহ তার সামনে সব কিছুই স্পষ্ট করে দেন এবং তাকে প্রকৃত অবস্থা সম্পর্কে আশ্বস্ত করেন যে, মুজাহিদীন আহলে সুন্নাত ওয়াল জামাআতের শীর্ষস্থানীয় উলামায়ে কেরামের আকীদা বিশ্বাসের উপর প্রতিষ্ঠিত, তখন তিনি সর্বান্তকরণে এ পথের রাহি হন।

আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান চালুর পরিকল্পনা ইউনিভার্সিটি থেকে বিশেষ ডিগ্রি অর্জনের
পর মাওলানা সাঈদুল্লাহ শহীদ রহিমাহুল্লাহর পরিকল্পনা ছিল একটি মাদরাসা প্রতিষ্ঠার। সেখানে প্রচলিত আরবী মাদরাসার সিলেবাসের পাশাপাশি শিক্ষার্থীদেরকে আধুনিক পশ্চিমা সভ্যতার মুখোশ উন্মোচনকারী নানা বিষয় পড়ানো হবে। শিক্ষার্থীদের মাঝে তখন এই সভ্যতা মোকাবেলার আগ্রহ তৈরি হবে। সেই সঙ্গে কুফর ব্যবস্থা নিশ্চিহ্ন করে ইসলাম বাস্তবায়নের পন্থাও তাদের বুঝে আসবে। ওই মাদরাসায় শিক্ষা সমাপনকারীদের জন্য নতুন যুগের ফিতনা ও কূটনীতি বোঝার লক্ষ্যে

[373]

আরও থাকবে বিশেষ ক্লাসের ব্যবস্থা। তাই তিনি ইউনিভার্সিটি থেকে শিক্ষা সমাপনের পর বড়ই অভাবের মধ্যে মাদরাসার জন্য শলা-পরামর্শ আরম্ভ করে দেন। অবশেষে ‘মারি' জেলায় তিনি একটি মাদরাসা চালু করে পাঠদান কার্যক্রম আরম্ভ করে দেন। কিন্তু যেহেতু জিহাদ ফী সাবীলিল্লাহ ফরযে আইন বলে বিশ্বাস করতেন এবং সর্বদা এর জন্য প্রস্তুত থাকতেন, তাই যখন ফারুক ভাই রহিমাহুল্লাহ হিজরতের সংকল্প করেন এবং তাকে হিজরতের দাওয়াত দেন, তখন মাওলানা সাহেব রহিমাহুল্লাহ পেছনে থেকে যেতে পছন্দ করলেন না। তিনি নিজের সবকিছু ছেড়ে ইসলামের প্রতিরক্ষার জন্য হিজরত করেন এবং ওয়াজিরিস্তানের ভূখণ্ডে ইলমের নূর ছড়াতে আরম্ভ করেন।

ওয়াজিরিস্তানে দাওয়াতী কাজ
এই কিতাবের ষষ্ঠ অধ্যায়ে ভানা'র জেলাগুলোতে মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহর দাওয়াতী কার্যক্রমের কথা সবিস্তারে উল্লেখ করা হয়েছে। তিনি নিজে গিয়ে গিয়ে ওয়াজিরিস্তানের মুজাহিদীন, আলিমগণ সহ গোত্রীয় নেতৃবৃন্দের মাঝে ঈমানী জাগরণ এবং শত্রুর কূটচাল সম্পর্কে সচেতনতা তৈরি তুলতেন। তার দাওয়াতী কার্যক্রমের অনেক সুফল বাস্তবে দেখা দিয়েছিল। কিন্তু ইহুদী খ্রিস্টানদের গোলাম সেনাবাহিনী এটা কেন মেনে নেবে যে, গোত্রীয় এলাকার সীমানায় হযরত সাঈদ আহমদ শহীদ রহিমাহুল্লাহর অনুসারীরা আবারও দাওয়াত ইসলাহ ও জিহাদের একটি নতুন আন্দোলন প্রতিষ্ঠা করবে?

[374]

শাহাদাত ...

অবশেষে ক্রুসেডারদের গোলামরা স্থলে মনিবদের সেবা দিয়ে স্বজাতির সঙ্গে বিশ্বাসঘাতকতা করে। আকাশপথে মিসাইল চালানোর দায়িত্ব কাফের গোষ্ঠী নিজেরাই নেয়। সেপ্টেম্বর ২০০৮ সালে ভানা .. দক্ষিণ ওয়াজিরিস্তানে মার্কিন ড্রোন বিমানের মিসাইলের আঘাতে তার ছোটো ভাই ইলিয়াস উসমান সহ আরও ৪ সাথি শহীদ হন ; কিন্তু মাওলানা সাহেব রহিমাহুল্লাহ নিজে গুরুতর আহত হন।

তিনি আহত এবং কিছুটা অচেতন অবস্থায় ছিলেন। চেতন পাওয়ার পর প্রিয় ফারুক ভাই রহিমাহুল্লাহকে কাছে পেলেন। তৎক্ষণাৎ তিনি সাথিদের অবস্থা জিজ্ঞেস করলেন , যারা বোমাবর্ষণের সময় কেন্দ্রে তার সঙ্গেই উপবিষ্ট ছিলেন। ফারুক ভাই রহিমাহুল্লাহ বললেন , তারা সকলেই শহীদ হয়ে গিয়েছেন। তখন মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ একটি শীতল আহ্ উচ্চারণ করলেন। তার চোখে অশ্রু চলে এলো এবং দুঃখ নিয়ে তিনি বললেন :

إن االله طيب لا يقبل إلا طيبا -

অর্থ : “নিশ্চয়ই আল্লাহ তাআলা পবিত্র এবং পবিত্র জিনিসই তিনি কবুল করে থাকেন। ” [সহীহ মুসলিম]

তিনি অনুতপ্ত ও চিন্তিত ছিলেন যে , আল্লাহ তাআলা অপর ভাইদেরকে তার পথে কবুল করে নিলেন আর আমাকে কেন শাহাদাত থেকে বঞ্চিত রাখলেন ? তার অবস্থার উন্নতি হতে থাকলে তিনি পেশোয়ারে চলে যাবার সিদ্ধান্ত নিলেন। এই সফর ঝুঁকিপূর্ণ ছিল। পথে পথে পুলিশ ও সেনাবাহিনীর চৌকি ছিল। তাদের দিক থেকে কোনো অবস্থাতেই দয়া -মায়ার কোনো আশা ছিল না। আল্লাহ তাআলা ওয়াজিরিস্তানের বীর বাহাদুর ও আত্মমর্যাদাশীল আনসার ভাইদেরকে উত্তম প্রতিদান দান করুন। তারা নিজেদের জীবন হাতে নিয়ে মাওলানা

সাঈদুল্লাহ রহিমাহুল্লাহকে পেশোয়ার পর্যন্ত পৌঁছে দেন। আল্লাহর দীন ও জাতির শত্রু সেনাবাহিনীর ভয় ও প্রেসারের কারণে তার চিকিৎসার জন্য ডাক্তারদেরকে রাজি করানোটাও একটা সমস্যা ছিল। হামলার পর তখন পর্যন্ত আহত অবস্থায় এক সপ্তাহের বেশি সময় অতিক্রান্ত হয়ে গিয়েছিল। বারুদ-উপকরণের বিষক্রিয়া শরীরে ছড়িয়ে পড়েছিল। অবশেষে মুসলিম উম্মাহর মহান এই গুণী ব্যক্তি পেশোয়ারে রবের সঙ্গে সাক্ষাতের যাত্রা আরম্ভ করেন। আল্লাহ তাআলা তার সৌভাগ্যবান আত্মার প্রতি সন্তুষ্ট হন এবং তাকে ঐ সমস্ত কিছু দান করুন, যেগুলো তার ওলিদের জন্য রেখেছেন! আমীন।

প্রথমে শরীয়তের হুকুম জিজ্ঞেস করো তারপর কাজ করো
মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহর চরিত্রের একটি গুরুত্বপূর্ণ দিক হলো: সমস্ত দুনিয়াবি বিষয়কে ধর্মীয় মাপকাঠি দিয়ে বিচার করা। সকল বৈঠকে একটি বিষয়ের দাওয়াত প্রদান করতেন—যা কিছু করতে হয়, প্রথমে দেখতে হবে, এ বিষয়ে কি দিকনির্দেশনা এসেছে? জিহাদের পথে আসার পর তিনি মুজাহিদীনের মাঝে কোনো উদ্যোগের আগে শরীয়তের বৈধতা অবৈধতা খোঁজার দাওয়াত প্রচারের জন্য নিজেকে উৎসর্গ করে দেন। যে কাজকে তারা অতি মামুলি মনে করতো, সেটার ব্যাপারেও তিনি মনোযোগ দিতেন এবং সংশোধন করতেন। উদাহরণস্বরূপ যদি কেউ জিহাদের নামে অর্থ সংগ্রহ করে এবং সেখান থেকে কিছু খরচ করে অথবা জিহাদের প্রয়োজনে নিজের মর্জি মতো কিছু ক্রয় করে, তখন মাওলানা সাহেব জানতে পারলে তাকে বলতেন: এই অর্থ ব্যয়ের আগে আপনি উলামায়ে কেরামকে শরীয়তের মাসআলা জিজ্ঞেস করেছেন যে, এই অর্থ ব্যবহার করা আমার জন্য জায়েয

[376]

কিনা? এমনিভাবে যাকাতের অর্থ জিহাদে ব্যবহার করার শরঈ পন্থা স্পষ্টভাবে তুলে ধরতেন। মুজাহিদীনকে নির্দেশনা দিতেন, এ বিষয়ে মালিকানা নিশ্চিতের ব্যাপারে যেন সতর্ক দৃষ্টি রাখা হয়। একইভাবে প্রতিটি বিষয়ে শরীয়তের প্রতি সকলকে মনোযোগী করে তুলতেন। শুধু হারাম নয় বরং সন্দেহপূর্ণ অর্থ ব্যয়ের ব্যাপারে ভয় করতেন এবং সর্বাবস্থায় আল্লাহ ভীতি অবলম্বনের নসীহত করতেন।

আমরা কেন এক নয়? মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ ফারুক
ভাই রহিমাহুল্লাহর মাঝে এমন চিন্তা প্রবেশ করাতে সক্ষম হন যে, নিজের সকল কাজের ব্যাপারে যাচাই করে দেখতে হবে, এ কাজ করা বা না করা কোনটির মধ্যে আল্লাহর সন্তুষ্টি রয়েছে? অতঃপর মাওলানা রহিমাহুল্লাহ এবং ফারুক ভাই রহিমাহুল্লাহ নিজেদেরকেই প্রশ্ন করলেন— যখন আমাদের শত্রু এক, আমাদের দীন এক, তাহলে কেন জিহাদের ময়দানে মুজাহিদীন এক হয়ে কাজ করবে না? পৃথক পৃথক দল বা গ্রুপে বিভক্ত থাকার পরিবর্তে কেন এক জামাতের অন্তর্ভুক্ত হচ্ছে না? মাওলানা সাহেব রহিমাহুল্লাহ বলতেন: যে কাজ আল্লাহ করতে বলেন; কুরআন ও হাদীসে যে কাজের ব্যাপারে বারবার জোর দেয়া হয়েছে, তা করা জরুরি, তাতে অবহেলা করা উচিত নয়। আর যে কাজ করার নির্দেশ আল্লাহ দেন, তাতে কল্যাণ নিশ্চিত— চাই তাতে কোনো ক্ষতি দৃশ্যমান হোক বা না হোক। মাওলানা সাহেব জিহাদী গ্রুপের দায়িত্বশীলদের কাছে গিয়ে জিজ্ঞেস করতেন: একক উদ্যোগে জামাত অথবা গ্রুপ গঠন করা কেমন? বাইতুল মাল (তহবিল) গঠন করা অতঃপর নিজেরাই সেখান থেকে ব্যয় করার বৈধতা কোথা থেকে পেলেন? যে সমস্ত

[377]

আয়াতে বিভক্তি-বিভাজনের নিন্দা করা হয়েছে এবং একতা ও ঐক্যের ব্যাপারে জোর দেয়া হয়েছে, সেসব আয়াতের ব্যাপারে আপনারা কি বলবেন? এক কথায় মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহর উদ্যোগেই ফারুক ভাই রহিমাহুল্লাহ নিজেও ইত্তিহাদুল মুজাহিদীন (মুজাহিদীনের মাঝে ঐক্য সাধন) প্রচেষ্টা জীবনের লক্ষ্য হিসেবে স্থির করেন। পরিশেষে আল-কায়েদা উপমহাদেশ নামে তাদের প্রচেষ্টার সুফল আমরা দেখতে পাই। আল্লাহ এই জামাআতকে সত্যের ওপর প্রতিষ্ঠিত রাখুন, সাহায্য করুন এবং উপমহাদেশে ইমাম মাহদি আলাইহির-রিযওয়ানের অগ্রসৈনিক দল হিসেবে কবুল করুন। এই জামাত প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল সত্যপন্থি আলেমে দীন মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহর, যিনি এই জামাত অস্তিত্বে আসার প্রায় ছয় বছর আগেই শাহাদাত বরণ করেন। এ বিষয়টা অনেকেরই জানা নেই। একনিষ্ঠভাবে আকুল হয়ে তিনি যে বীজ বপন করেন, তা কয়েক বছর পর বৃক্ষে পরিণত হয়। আল্লাহ তাআলা এই সকল প্রচেষ্টা মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহর জন্য সাদাকায়ে জারিয়া হিসেবে কবুল করুন, আমীন।

আরব আলেমদের সঙ্গে সাক্ষাৎ
মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ ওয়াজিরিস্তানে হিজরত করার পর আল-কায়েদার আরব আলেমদের সঙ্গে দীর্ঘ বৈঠকে মিলিত হন। ওই বৈঠকগুলোতে আকীদা-বিশ্বাস থেকে আরম্ভ করে দৈনন্দিন জীবনের বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত মতবিনিময় হয়। আল-কায়েদার আরব উলামা বিশেষভাবে শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ এবং শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহকে একদিকে যেমন আল্লাহ তাআলা ইলম ও ইসলামী আইন শাস্ত্রে দুর্লভ যোগ্যতা

[378]

দান করেছেন, অপরদিকে তারা শরঈ বিষয়াদিতে আহলে সুন্নাত ওয়াল জামাআতের মধ্যমপন্থা ও ভারসাম্যপূর্ণ অবস্থান দৃঢ়ভাবে ধরে রেখেছেন। এ বিষয়টা জেনে মাওলানা সাহেব রহিমাহুল্লাহ খুবই পুলকিত হন। আল-কায়েদার এই আলেমগণ দীনি বিষয়ে উদাসীন নয়। কোনো বিষয়ে মত প্রকাশে তারা তাড়াহুড়ো করেন না এবং উলুমে শরীয়তের বিস্তৃত সমুদ্র হওয়া সত্ত্বেও বিনয় নম্রতা তাদের ভূষণ। এ বিষয়টাও মাওলানা সাহেব রহিমাহুল্লাহকে খুবই আনন্দিত করে। পুরোপুরি নিশ্চিন্ত হবার পরেই তিনি রীতিমত আল-কায়েদায় সংযুক্ত হন।

অপরদিকে শায়খ আতিয়াতুল্লাহও মাওলানা সাহেব রহিমাহুল্লাহর ইলম ও বিনয়ে খুবই প্রভাবিত হন। মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহর শাহাদাতের পর এক বিবৃতিতে শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ পাকিস্তানি যুবকদেরকে তার আদর্শ গ্রহণের দাওয়াত দেন। শায়খ মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহকে অন্তরের অন্তস্থল থেকে ভালোবাসা জানিয়ে বলেন:

« “শায়খ সাঈদুল্লাহ রহিমাহুল্লাহকে খুব কাছে থেকে জানার সুযোগ আমার হয়েছে। যদিও তার সঙ্গে আমার সম্পর্ক দীর্ঘ সময়ের ছিল না, কিন্তু যেহেতু আল্লাহ তাআলা অন্তরসমূহে পারস্পরিক ভালোবাসা দান করেছিলেন, তাই এই অল্প সময়ের সম্পর্কই আমাদের কাছে অনেক মূল্যবান। এ সময়ে তাকে একজন আদর্শ আলেম, ইলম অনুযায়ী আমলকারী, শরীয়াহ বিষয়ের আদর্শ তালেবে ইলম (জ্ঞান অন্বেষী), আল্লাহর পথের মুহাজির এবং প্রাণ ও সম্পদ উৎসর্গকারী মুজাহিদ হিসেবেই পেয়েছি। আমি তার মাঝে আল্লাহ রাব্বুল আলামীনের দীনকে সাহায্যের আকুলতা দেখেছি। ইসলামের জন্য তীব্র ভালোবাসা এবং আল্লাহর দীনের মর্যাদাবোধ বুকে ধারণকারী হিসেবে তাকে জেনেছি। তাকে উম্মাহর চিন্তায় চিন্তিত এবং [379]

মুসলিম জাতির উন্নতি অগ্রগতির জন্য অস্থির দেখা যেত। বাস্তবতা হলো, শায়খ সাঈদুল্লাহ রহিমাহুল্লাহর জীবন তালিবুল-ইলমদের জন্য আদর্শ।“

ইসলামিক সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠা
মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ চিন্তা করেছিলেন, আধুনিক পশ্চিমা সংস্কৃতি বিজয়ী হবার পর নগরায়নের ওপর জোর দিয়েছে আর পারিবারিক ব্যবস্থা ভেঙে দিয়েছে। ফলে জাগতিক উন্নতি অগ্রগতির প্রতিযোগিতায় পরিবার ও আত্মীয়- স্বজনের প্রতি গুরুত্ববান মানুষ কমতে আরম্ভ করেছে। মানুষজন এখন ব্যক্তি জীবনে ও ঘরে সীমাবদ্ধ হয়ে পড়েছে। পরিবার, বংশ ও গোত্রের সঙ্গে সম্পর্ক না থাকার কারণে মানুষ সমাজ থেকেও বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। সমাজে কোনো ইতিবাচক পরিবর্তন আনার যোগ্যতাও তাদের মাঝে কমে যাচ্ছে। পক্ষান্তরে ইসলামে নিকটাত্মীয়দের সঙ্গে সম্পর্ক রাখার গুরুত্ব অপরিসীম। আত্মীয়তার ভিত্তিতে সম্পর্ক রক্ষা করা, একে অপরের প্রয়োজনে এগিয়ে আসা এবং বিপদে-আপদে শরীয়তের মূলনীতি অনুসরণের দ্বারা শুধু ইসলামী সামাজিক বন্ধন দৃঢ় হয় এতটুকুই নয়; বরং অনেক ইতিবাচকতার প্রসার ঘটে। স্বয়ং রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সর্বপ্রথম নিকটাত্মীয়দের কাছে ইসলামের বার্তা পৌঁছে দেয়ার নির্দেশ দেয়া হয়েছে।

মাওলানা সাহেব এই দৃষ্টিভঙ্গি প্রচার করতে গিয়ে জাহেলী আসাবিয়াতের (অন্যায় স্বজন প্রীতি, গোত্র প্রীতি ইত্যাদি) সমালোচনা করতেন, সেগুলোর খারাপ দিক সম্পর্কে সতর্ক করতেন; কিন্তু সেই সঙ্গে আমরা পশ্চিমা সংস্কৃতির জোয়ারে গোটা বংশীয় ব্যবস্থা যেন ধ্বংস করে না বসি, সেদিকেও [380]

দৃষ্টি আকর্ষণ করতেন। তাই তিনি মুজাহিদীনকে উপদেশ দিতেন, তারা যেন বংশীয় বন্ধন ও যোগাযোগ রক্ষা করেন, জীবনের বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণের আগে বংশের মুরুব্বীদের সঙ্গে পরামর্শ করেন, তাদেরকে শ্রদ্ধা করেন এবং ছোটোদেরকে স্নেহ করেন। এভাবেই একটি ইসলামী কল্যাণময় সমাজ প্রতিষ্ঠা আমাদের জন্য সহজ হবে।

সাইয়েদুনা সালমান ফারসি রাযিয়ল্লাহু আনহুর মতো চিন্তা
আহযাব যুদ্ধে যখন আরবের সকল গোত্র মদীনা মনোয়ারায় (হাজার রহমত ও শান্তি বর্ষিত হোক মদীনাওয়ালার ওপর) চড়াও হওয়ার জন্য এগিয়ে আসছিল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবী হযরত সালমান ফারসি রাযিয়াল্লাহু আনহু রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে পরামর্শ দিলেন, পারস্যে আমরা শত্রুপক্ষের হামলা প্রতিরোধের জন্য নিজেদের এলাকায় পরিখা খনন করে থাকি। তবে কি আমরা মদীনায় হামলা প্রতিরোধের জন্য পরিখা খনন করতে পারি না? এ পরামর্শ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের খুবই পছন্দ হলো। সাহাবী রাযিয়াল্লাহু আনহুম মিলে পরিখা খনন করেন। এভাবেই কাফেরদের হামলা প্রতিরোধ সম্ভব হয়।

একইভাবে যখন ভানার আকাশে ড্রোন হামলার মাত্রা বেড়ে গেল, এদিকে প্রতিরোধের কোনো উপায় দেখা যাচ্ছিলো না, তখন মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ ফারুক ভাই রহিমাহুল্লাহকে বললেন, রুশ জিহাদের সময় আমরা দেখেছি, আফগান মুজাহিদীন রুশ বোমা হামলা থেকে বাঁচার জন্য কেন্দ্রগুলোতে বড় বড় পরিখা খনন করেন। পরিখাগুলো শুধু শত্রুর বোমা হামলা থেকে আত্মরক্ষার উপায় হতো না; বরং [381]

শীতকালে অতিরিক্ত শীত থেকে আত্মরক্ষারও ব্যবস্থা হতো। শুরুতে সাথিরা যখন এই দীর্ঘমেয়াদি ক্লান্তিকর পরিকল্পনার প্রতি স্বতঃস্ফূর্তভাবে এগিয়ে এলো না, তখন মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ নিজে আঙ্গুর আদার কেন্দ্রে গমন করেন এবং কোদাল বেলচা উঠিয়ে পরিখা খনন করতে আরম্ভ করেন। তাকে দেখে অনেকেই অনুপ্রাণিত হন। ধীরে ধীরে এই কাজ অগ্রসর ও বিস্তৃত হতে থাকে। এ কাজের অনেক সুফল দেখা দেয়, যা পিছনের অধ্যায়গুলোতে কিছুটা আলোচনা করা হয়েছে।

মুফাককিরে জিহাদ (চিন্তাবিদ) মাসিহুল মুজাহিদীন ডক্টর আবু খালেদ মুহাম্মাদ সারবুলন্দ যুবায়ের খান শহীদ রহিমাহুল্লাহ ফারুক ভাই রহিমাহুল্লাহ যখন বৈশ্বিক জিহাদী আন্দোলনের সাথে যুক্ত হন, তখন পেশোয়ারের বিশিষ্ট সার্জন, ইতিহাস বিশেষজ্ঞ, অধ্যাপক, সমাজবিজ্ঞানী ও নৃতত্ত্ববিদ, মুফাক্কিরে জিহাদ ডক্টর সারবুলন্দ যুবায়ের খান রহিমাহুল্লাহ তার একান্ত উপদেষ্টা ও সহকারী হয়ে যান।

ডক্টর সারবুলন্দ খান রহিমাহুল্লাহ এসেছিলেন পাঞ্জাবের ঝিলাম জেলা থেকে। তার পরিবার ঝিলামে দীনদার ও দাঈ হিসেবে প্রসিদ্ধ ছিল। তিনি স্থানীয় স্কুল থেকেই প্রাথমিক শিক্ষা অর্জন করেন। মেট্রিক পাস করার পর মেডিকেলের সাবজেক্টগুলো নির্বাচন করেন। অতঃপর পাঞ্জাবের মেডিকেল কলেজ ফয়সালাবাদে ভর্তি হন। এমবিবিএস ডিগ্রি অর্জনের পর সার্জারি বিষয়ে স্পেশালাইজেশনের প্রথম পরীক্ষায় পাশ করেন এবং

[382]

পাকিস্তানের বিভিন্ন হসপিটালে সার্জন হিসেবে দায়িত্ব পালন করেন।

রুশ জিহাদে অংশগ্রহণ কলেজের শুরুর দিকেই তিনি জিহাদে অংশগ্রহণের জন্য আফগানিস্তানে চলে যান। তিনি প্রাথমিক সামরিক প্রশিক্ষণ অর্জন করেছিলেন। পরবর্তীতে ভারী অস্ত্র এবং তোপের প্রশিক্ষণ লাভ করেন। মর্টার শেল চালনার যোগ্যতা অর্জন করেন। আকাশপথে যুদ্ধ করার জন্য রাশিয়ার তৈরি হাতিয়ারগুলোর উপরেও পারদর্শিতা অর্জন করেন এবং রণাঙ্গনে সেগুলো ব্যবহার করেন। তিনি দীর্ঘ সময় পর্যন্ত সেখানে পরিখা ও মোর্চাগুলোতে অবস্থান করেন এবং যুদ্ধাবস্থার কঠিন জীবন যাপন করেন।

রাশিয়ার বিরুদ্ধে জিহাদ চলাকালে তিনি আফগান সমাজ, প্রথা প্রচলন ও রীতিনীতি খুব কাছ থেকে দেখার সুযোগ পান। তিনি আফগান মুসলিমদের উচ্চ গুণাবলি, বীরত্ব, আতিথেয়তা, সরলতা, ধর্মীয় মর্যাদাবোধ দ্বারা খুবই প্রভাবিত হন। এই অবলোকন তার ভবিষ্যৎ চিন্তাধারা গঠনে বিরাট ভূমিকা পালন করে।

মেডিকেল কলেজের রাজনৈতিক জীবন
ডক্টর আবু খালেদ রহিমাহুল্লাহ যখন মেডিকেল কলেজে পৌঁছেন, তখন শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ইসলামপন্থি ও সেক্যুলার ছাত্র সংগঠনগুলোর মাঝে তীব্র বিরোধ চলছিল। উভয় গ্রুপ একে অপরের বিরুদ্ধে মোর্চা তৈরি করে শিক্ষাঙ্গন দখলের জন্য যুদ্ধ করে যাচ্ছিলো। ছাত্ররা কলেজে অস্ত্র নিয়ে

[383]

যেত। দুই গ্রুপের মাঝে রক্তারক্তি মামুলি ব্যাপার ছিল। ডক্টর আবু খালিদ রহিমাহুল্লাহ সকল দাঙ্গায় ইসলামপন্থিদের গ্রুপেই শুধু শামিলই ছিলেন না বরং সর্বদাই প্রথম সারিতে তাকে দেখা যেত। ডক্টর সাহেব রহিমাহুল্লাহ বলতেন , কলেজ জীবনের এই অভিজ্ঞতা তার মাঝে রাজনৈতিক অনুভূতি অনেক পোক্ত করেছে। সেই সঙ্গে শত্রুর বিরুদ্ধে লড়াইয়ের পন্থা , যুদ্ধের কূটকৌশল এবং মানুষের মানসিকতা বোঝার আগ্রহ তৈরি করেছে।

ডক্টর সাহেব রহিমাহুল্লাহ চিকিৎসার ময়দানে ইমারত ইসলামিয়ার আমলে , ইমারতের প্রথম কালে এবং পুনরায় খোরাসানের গোত্রীয় এলাকায় জিহাদের সময়টাতেও বিরাট অবদান রেখেছেন। তিনি দল মত নির্বিশেষে সকল মুজাহিদ এমনকি ওই অঞ্চলে বসবাসরত সকল মুসলিমের চিকিৎসক ছিলেন। তীব্র বোমা বর্ষণ হোক কিংবা গরমের কাঠফাটা রোদ , দিন হোক কিংবা রাত দুপুর , নিরাপত্তার অবস্থা হোক কিংবা ড্রোন মিসাইলের বোমাবর্ষণ , বসতিতে পাকিস্তানি বর্বর সেনাবাহিনীর আর্টিলারির বোমাবর্ষণ হোক কিংবা অন্যায় কারফিউ — ডক্টর সাহেব রহিমাহুল্লাহ সদা প্রস্তুত এবং প্রতি মুহূর্তে মুজাহিদীনের নুসরতের জন্য তৈরি থাকতেন। তার ঘরের দরজা সর্বদা সকল অসুস্থ ব্যক্তির জন্য খোলা থাকতো। তিনি পূর্ণ আত্মবিশ্বাসের সাথে অন্ত্র , হাড় এবং শরীরের গভীর ক্ষতগুলিতে কয়েক ঘণ্টাব্যাপী অপারেশন করতেন। এত কিছু সত্ত্বেও তার ব্যক্তিত্ব যেন নিম্নোক্ত আয়াতের প্রতিফলন হতো :

لا نريد منكم جزاء ولا شكورا –

অর্থ : “আমরা তোমাদের কাছে না কোনো প্রতিদান চাইছি আর না কৃতজ্ঞতা। ” [সূরা ইনসান ৭৬ : ০৯]

বোমাবর্ষণ এবং ড্রোন হামলা সত্ত্বেও যেখানেই রোগী দেখার জন্য কিংবা অপারেশনের জন্য ডাক্তার

সাহেবকে ডাকা হতো , তিনি পৌঁছে যেতেন। ডজন ডজন ড্রোন মাথার উপর ঘোরাফেরা করতো কিন্তু তিনি নিশ্চিন্তে অপারেশনে ব্যস্ত থাকতেন। আল্লাহ তাআলা তার হাতে শেফা ও বরকত রেখেছিলেন। দেখা গেল , কেউ গভীর ক্ষত নিয়ে এলো , অন্ত্র কাটা , শরীরের এমন কোনো অংশ নেই যেখানে গুলি লাগেনি ; কিন্তু তবুও আল্লাহর রহমতে ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর চিকিৎসায় খুব দ্রুতই এমন ব্যক্তিরা সুস্থ হয়ে উঠতেন। এমনকি গোত্রীয় অঞ্চলের বড় সরকারি হসপিটালের ডাক্তারও যদি কোনো রোগীর চিকিৎসার ব্যাপারে হতাশ হয়ে যেতেন, তাকে বলতেন, "লোয়াড়ার ’ পাহাড়ে একজন পাঞ্জাবি ডাক্তারের ঘর রয়েছে। সেখানে চলে যান। ইনশাআল্লাহ সুস্থ হয়ে উঠবেন। কখনও সরকারি হসপিটালে কোনো আহত ব্যক্তির হাত বা পা কাটার প্রয়োজন দেখা দিলেও ওই ব্যক্তি ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর কাছে গেলে অঙ্গ কাটা ছাড়াই সুস্থ হয়ে উঠতেন। ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর হাসপাতাল হতো কখনও পাহাড়ের গুহায় আবার কখনও মাটির গর্তে। কাঠের সাধারণ তক্তা দিয়ে অপারেশন টেবিল তৈরি করা হতো এবং ডাক্তার সাহেবের বসার জন্য কখনও ‘ওয়াটার ক্যান ’ রাখা হতো , আলোর জন্য ছোটো ছোটো বাতি জ্বালানো হতো , চিকিৎসার সাধারণ সরঞ্জামাদি এবং আধুনিক মেশিনারি না থাকা সত্ত্বেও আল্লাহ তার মোবারক হাতে অনেক ঝুঁকিপূর্ণ আহত ব্যক্তিকে শেফা দান করেছিলেন। বিষয়টি সত্যিই বিস্ময়কর। ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ চিকিৎসার নতুন নতুন সূত্র তৈরি করতেন এবং কঠিন সময়ে সবচেয়ে কম সরঞ্জাম ব্যবহার করে যথাসম্ভব সংক্ষিপ্ততম সময়ে বড় বড় কাজ করার মূলনীতি তৈরি করতেন। তিনি বলতেন , এসব কিছু শুধু আল্লাহর রাস্তায় হিজরত করার এবং দুনিয়া ত্যাগ করার সুফল। আল্লাহ তাআলা উম্মাহর এই মহান সেবক এবং আল্লাহর দীন হেফাযতের সৈনিক

নেতার উপর রহম করুন এবং জান্নাতের সর্দারদের মাঝে তাকে গণ্য করুন, আমীন।

কলেজ অফ মেডিসিন অ্যান্ড সার্জারি
সাথিদেরকে সর্বদাই কিছু না কিছু শেখাতে চেষ্টা করা ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর একটি বৈশিষ্ট্য ছিল। নিজের কাছে যে জ্ঞান, কলা-কৌশল ছিল, অন্য সাথিদেরকে তা পৌঁছে দেয়ার জন্য তিনি সর্বদা অস্থির থাকতেন। চিকিৎসা ও সার্জারি বিষয়েও তিনি এমনই ছিলেন। তিনি বেশ কয়েকজন ডাক্তারকে কঠিন অবস্থায় ন্যূনতম উপায় ব্যবহার করে সার্জারির কৌশল শিখিয়েছেন। পাহাড়ের গুহায় এত বড় বড় অপারেশন সম্ভব, প্রথমে তো ডাক্তারদের কল্পনা করতেও কষ্ট হয়। কিন্তু যখন তারা ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর সঙ্গে কাজ করতে শুরু করলেন, তখন তার কর্মপন্থার ওপর তারাও আস্থাশীল হয়ে উঠলেন। এমন কিছু লোককেও তিনি কাজ শিখিয়েছিলেন, যারা নিছক একজন টেকনিশিয়ান হিসেবে গ্রামে গঞ্জে চিকিৎসার কাজ করতেন। কিন্তু ডাক্তার সাহেবের বিশেষ মনোযোগে তারাও ছোটো অপারেশন নিজেরা করার যোগ্য হয়ে উঠলেন।

ইতিহাস অধ্যয়ন
ডাক্তার আবু খালেদ রহিমাহুল্লাহ বলতেন, চিকিৎসা আমার পেশা, সার্জারি আমার কুশলতা—যা আল্লাহর দীনের জন্য আমি ব্যবহার করি; কিন্তু আমার আগ্রহ ও শখ হচ্ছে ইতিহাস পাঠ। শৈশবকাল থেকেই মূল্যবান বিভিন্ন গ্রন্থ পাঠের সীমাহীন আগ্রহ ছিল। তাফসীর হাদীস ফিকহের পাশাপাশি ইতিহাস ও নৃতাত্ত্বিক গ্রন্থাবলী তিনি চষে বেড়াতেন।

[386]

তিনি একজন ইতিহাসবিদ ছিলেন। শৈশবকাল থেকেই ইতিহাস তার আগ্রহের বিষয়বস্তু ছিল। জিহাদ বোঝা এবং জিহাদী কর্মপন্থা স্পষ্ট করার জন্য ইতিহাসকে তিনি মাধ্যম মনে করতেন। ইতিহাসের মৌলিক গ্রন্থাবলী ছাড়াও শত শত গ্রন্থের সারনির্যাস ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর মুখস্থ ছিল। অপারেশন ও চিকিৎসা চলাকালেও তিনি সহকারী ও রোগীদেরকে ইতিহাসের নানান শিক্ষা ও সূক্ষ্ম বিষয় বোঝাতেন। অপারেশনের পর রোগীরা যখন স্বাভাবিক অবস্থায় ফিরতো, ততদিনে ইতিহাস শাস্ত্রের কয়েক ধাপ তাদের অতিক্রম হয়ে যেত।

ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ শুধু ঐতিহাসিক জ্ঞান অন্বেষী ছিলেন না। যা কিছু করতেন, তার সারসংক্ষেপ ও মূল পয়েন্টগুলো টুকে রাখতেন। ইতিহাস পাঠের আগ্রহ শুধু সময় পার তথা টাইম পাস করার জন্যই হতো না; অধ্যয়নকালে গুরুত্বপূর্ণ পয়েন্টগুলো শুধু মনেই রাখতেন না; বরং পাঠ সারসংক্ষেপ, সারনির্যাস, গুরুত্বপূর্ণ পয়েন্ট এবং লেখকের ব্যাপারে কোথাও আপত্তি থাকলে সেটাও খুবই সাজিয়ে গুছিয়ে নিকটস্থ সাথিদের কাছে বর্ণনা করতেন। তিন দশক ধরে চলমান তার ইতিহাস অধ্যয়ন একজন চিন্তাবিদ হিসেবে তাকে গড়ে তোলে। মুজাহিদীনের জন্য বিভিন্ন অবস্থান এবং সমস্যা মোকাবেলার নানান পন্থা সাজেশন করতে পারতেন।

ইতিহাস অধ্যয়নকালে বিভিন্ন জাতি গোষ্ঠীর ইতিহাস তার ব্যাপক পাঠ পরিক্রমা থেকে বাদ পড়েনি। তিনি জাতি গোষ্ঠীর ইতিহাস বিশ্লেষণ করে মুজাহিদীনের জন্য কোন অঞ্চলে কাজ করার আশানুরূপ সুযোগ রয়েছে এবং কোথায় সমস্যার আশঙ্কা রয়েছে, সচেতন করতেন। সমস্যা সমাধানেরও পরামর্শ দিতেন। এই দিক থেকে তিনি গোত্রগুলোর মানসিক কাঠামো উপলব্ধিতে দক্ষ ছিলেন।

[387]

নেতৃত্বের জন্য ইতিহাসের জ্ঞান দ্বারা উপকৃত হওয়া জরুরি
ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ মনে করতেন, জিহাদ সুসংগঠিত করার জন্য এবং এর মাধ্যমে কুফরী ব্যবস্থা নির্মূল করতে সাধারণভাবে মুজাহিদীন এবং বিশেষভাবে নেতৃবৃন্দের ওপর ইতিহাসের ব্যাপক অধ্যয়ন আবশ্যক। ইতিহাস শুধু তাদের মন-মানসিকতা ও দূরদৃষ্টি প্রশস্ত করেই ক্ষান্ত হবে না; বরং বিভিন্ন সামরিক জ্ঞান, শত্রুপক্ষের নানান কুটিলতা, জিহাদী অঞ্চলের গোত্রগুলোর রুচ-প্রকৃতি ও অভ্যাস, যুদ্ধ কৌশল এবং যুদ্ধের বিভিন্ন পর্যায়ের করণীয় সম্পর্কে জানতেও সহায়তা করে। এছাড়ায় এমন কত সামরিক জ্ঞান রয়েছে, ইতিহাসের ব্যাপক ও সর্বব্যাপী পাঠ ছাড়া যেগুলো অর্জন করা কঠিন। ইতিহাসের আগে তিনি সীরাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বর্ণনা করেন এবং সেখান থেকে বহু হিকমত খুঁজে মুজাহিদীনের দিকনির্দেশনের জন্য তুলে ধরেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সীরাতের পর সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুমের সীরাত এবং তাদের যুদ্ধের ইতিহাসগুলো ব্যাপক অধ্যয়নের নসীহত করতেন। সেই সঙ্গে কাফরদের নিজেদের মধ্যে যে বড় যুদ্ধগুলো হয়েছে, সেগুলোর কলাকৌশল ও কূটচাল বোঝার জন্য ইউরোপের বিস্তারিত ইতিহাস থেকেও হিকমত ও জ্ঞানের অনেক বিষয় খুঁজে আনতেন। তিনি মুজাহিদীন এবং তাদের নেতৃবৃন্দকে ইতিহাস অধ্যয়নের জন্য দিকনির্দেশনা দিতেন। তাদের মাঝে বিভিন্ন গ্রন্থ অধ্যয়নের অনুপ্রেরণা তৈরি করতেন।

ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ বৈশ্বিক জিহাদী আন্দোলনের একজন আহ্বায়ক ছিলেন, আবার ঐতিহাসিক

[388]

ছিলেন। সে সঙ্গে তিনি একজন স্নেহশীল দক্ষ চিকিৎসক ও সার্জন ছিলেন। সফল সার্জারির আগে তিনি রোগ চিহ্নিত করতেন, এরপর চিকিৎসার চেষ্টা করতেন। সর্বপ্রকার জীবাণু বিনাশের চেষ্টা করতেন। কোনো দুরারোগ্য ব্যাধির চিকিৎসার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ জিনিস হয় রোগীর স্টোরি। মুসলিম উম্মাহর বিপদ আপদ ও দুর্গতি সংশোধনের জন্যেও তিনি সেই একই পন্থা গ্রহণ করেছিলেন।

নেতা বন্ধু এবং তর্জুমান
ডাক্তার আবু খালেদ রহিমাহুল্লাহ নিজের আমীর, বন্ধু, সুহৃদ, সফর সঙ্গী ফারুক ভাই রহিমাহুল্লাহর নেতৃত্বে মুসলিম উম্মাহর সমস্যাগুলো সমাধানে ব্যতিব্যস্ত হয়ে পড়েন। ফারুক ভাই রহিমাহুল্লাহ এবং ডাক্তার সাহেবের মাঝে এই সমস্ত বিষয়ে আজব মিল ছিল। আমার দৃষ্টিতে ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর চিন্তাভঙ্গি যিনি সবচেয়ে বেশি বিশদভাবে উপলব্ধি করেছিলেন এবং সে অনুযায়ী কাজ এগিয়ে নিতে ভূমিকা রেখেছিলেন, তিনি ছিলেন ফারুক ভাই রহিমাহুল্লাহ। অধিকাংশ পরামর্শ সভায় ফারুক ভাই রহিমাহুল্লাহ ডাক্তার সাহেবের চিন্তাগুলোর প্রতিনিধিত্ব করতেন এবং ফারুক ভাইয়ের দিকনির্দেশনায় ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ নিজের চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গি অন্য মুজাহিদীনের কাছে ছড়িয়ে দেবার সুযোগ পান। ফারুক ভাই রহিমাহুল্লাহর দায়িত্ব ছিল ইলমী ও শরীয়াহগত দৃষ্টিকোণ থেকে ঐ সমস্ত বিষয় তুলে ধরা, যেগুলো ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ ঐতিহাসিক দৃষ্টিভঙ্গি থেকে সাজেশন করতেন। শরীয়তের সিদ্ধান্তের ব্যাপারে ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ স্পষ্ট জানিয়ে দিতেন, যেহেতু আমি আলেম নই, তাই এ সম্পর্কে উলামায়ে কেরামের কাছে

[389]

জিজ্ঞেস করতে হবে। তিনি নিজেও কোনো রায়ের ব্যাপারে সুনিশ্চিত হবার আগে অবশ্যই উলামায়ে কেরামের শরণাপন্ন হতেন। এক কথায় ডাক্তার সারবুলান্দ খান রহিমাহুল্লাহর বন্ধুত্ব ফারুক ভাই রহিমাহুল্লাহকে উলুমে শরীয়তের জ্ঞানান্বেষী হবার পাশাপাশি সমাজবিজ্ঞান ও ইতিহাসেও অভিজ্ঞ করে তোলে। তাই একদিকে চিন্তা দর্শনের গভীরতা এবং হিকমতের ভাণ্ডার তার জন্য উন্মোচিত হয়, অপরদিকে তার রচনাবলী ও বক্তৃতাগুলো প্রমাণনির্ভর, চিত্তাকর্ষক তথ্য-উপাত্ত সংবলিত হয় এবং স্বতঃস্ফূর্তভাবে যেকোনো অবস্থা বিশ্লেষণ করার পূর্ব যোগ্যতা আরও শাণিত হয়।

চিত্তাকর্ষণের ঐতিহাসিক ও দৃষ্টিভঙ্গিগত অতি গুরুত্বপূর্ণ বিষয়াবলী
যেহেতু ডাক্তার সাহেব জিহাদী অঙ্গনে একজন
বড় মাপের চিন্তাবিদ ও আহ্বায়ক ছিলেন, তাই তার চিন্তা অনুধাবনের জন্য ইতিহাসের যে সমস্ত গ্রন্থ, অধ্যায়, বিষয়বস্তু, ঐতিহাসিক ব্যক্তিত্ব ও ঘটনাবলী ব্যাপক অধ্যয়নের পরামর্শ ডাক্তার সাহেব দিতেন, সেগুলো তুলে ধরা এখানে উপকারী হবে। এখানে স্মরণ রাখতে হবে, ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ সাধারণভাবে উপমহাদেশ অথবা আফগানিস্তানের মুজাহিদীনকেই সম্বোধন করতেন। এই কারণে নিচের ইতিহাস গ্রন্থগুলো এই অঞ্চলের সঙ্গেই সম্পৃক্ত।

** মোকাদ্দমা ইবনে খালদুন

প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সীরাত গ্রন্থ পাঠের পর দুনিয়ার ইতিহাস বোঝার [390]

জন্য, বিভিন্ন জাতি গোষ্ঠীর রীতিনীতি অভ্যাস ও যুদ্ধনীতি বোঝার জন্য ইতিহাসবিদ আল্লামা ইবনে খালদুন রহিমাহুল্লাহর দ্বারা ডাক্তার সাহেব খুবই প্রভাবিত ছিলেন। তার চিন্তাধারার ওপর ইবনে খালদুন রহিমাহুল্লাহর দৃষ্টিভঙ্গির প্রচ্ছন্ন ছাপ ছিল। বিশেষ করে মোকাদ্দামায়ে ইবনে খালদুন অধ্যয়নের জন্য তিনি বিপ্লবকামী প্রতিটি ব্যক্তিকেই নসীহত করতেন। অবশ্য ইবনে খলদুন রহিমাহুল্লাহর যে দৃষ্টিভঙ্গির ব্যাপারে উলামায়ে কেরাম সতর্কতা অবলম্বন করতে বলেছেন, ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ সে বিষয়গুলোতে উম্মাহর উলামায়ে কেরামের রায় বেছে নিতেন।

** তারিখে দাওয়াত ও আজিমত (সংগ্রামী সাধকদের ইতিহাস)

ইবনে খালদুন রহিমাহুল্লাহর পরে ডাক্তার সাহেবের চিন্তাধারার ওপর সবচেয়ে বেশি প্রভাব রেখেছে যে গ্রন্থখানা —যা অধ্যয়নের জন্য তিনি খুবই জোর আরোপ করতেন— তা হল: মাওলানা আবুল হাসান আলী নদভী রহিমাহুল্লাহ রচিত তারিখে দাওয়াত ও আজিমত। এটিকে তিনি একটি বৈপ্লবিক গ্রন্থ বলতেন, যা পাঠ করার দ্বারা উম্মাহর ইতিহাস বোঝা যায়। উম্মাহর সমস্যা এবং জিহাদের পন্থা বোঝা যায়। জিহাদের পথে ছড়িয়ে ছিটিয়ে থাকা সমস্যাবলী এবং সেগুলোর সমাধান বোঝা যায়। উলামায়ে কেরাম ও সৎকর্মশীল ব্যক্তিদের প্রতি মূল্যায়ন বোধ তৈরি হয়। মুজাহিদ নিজের সমাজ, ইতিহাস ও আকাবিরদের মাঝে আত্মপরিচয়ের শিকড় খুঁজে পায় এবং সে এই ধারণা থেকে বের হয় যে, এই জিহাদ সে-ই আরম্ভ করেছে এবং তার জামাত প্রথমবারের মত এরূপ ত্যাগ তিতিক্ষা স্বীকার করছে। এই গ্রন্থের দ্বারা বিপ্লবীরা বুঝতে পারে, আল্লাহর দীনের জন্য কুরবান হওয়া,

[391]

গোটা জীবন দীন প্রতিষ্ঠার জন্য উৎসর্গ করা, প্রতিকূলতা ও তুফানের মাঝে আজিমত, হিম্মত ও দৃঢ় সংকল্প সহকারে মুসলমানদের হাল ধরে রাখার ইতিহাস ততটাই প্রাচীন, আল্লাহর দীন যতটা প্রাচীন।

দাওয়াত ও আজিমতের ইতিহাসে তিনজনের দ্বারা তিনি সবচেয়ে বেশি প্রভাবিত ছিলেন। তাদেরকে ইমাম বলতেন। তিনি তাদের প্রতি অনুরাগী ছিলেন এবং সকল মুজাহিদকে তাদের ইতিহাস পাঠের, উপলব্ধির এবং সেখান থেকে কার্যপন্থা খোঁজার নসীহত করতেন। উম্মাহর এই মহান ব্যক্তিগণ একদিকে সামাজিক সংস্কার, আত্মশুদ্ধি অপরদিকে আল্লাহর দীনের দাওয়াত এবং তৃতীয়তঃ জিহাদ ও রাজনীতি— সকল অঙ্গনেই উম্মাহর রাহনুমা ও পথপ্রদর্শক ছিলেন। ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ বলতেন, এদেরকে উপলব্ধি করা ছাড়া এবং তাদের চিন্তাধারা গ্রহণ করা ছাড়া আমাদের আন্দোলনগুলো অসম্পূর্ণ থেকে যাবে, বড়দের কাছ থেকে আমরা দূরে থেকে যাবো। মহান এই তিন ব্যক্তি হলেন: হযরত ইমাম মুজাদ্দিদে আলফেসানী শায়খ আহমাদ সারহিন্দি রহিমাহুল্লাহ, হযরত শাহ ওয়ালীউল্লাহ মুহাদ্দিস দেহলভী রহিমাহুল্লাহ এবং হযরত আমীরুল মুমিনীন সাইয়েদ আহমদ শহীদ রহিমাহুল্লাহ।

তিনি যখন আমাদেরকেও উপমহাদেশের ইতিহাস বোঝাতেন, তখন দাওয়াত ও জিহাদের ক্রমধারা বর্তমান কাল পর্যন্ত নিয়ে আসতেন। হযরত মুজাদ্দেদে আলফেসানী রহিমাহুল্লাহর সামাজিক সংস্কার, কুসংস্কারের অপনোদন, যুগের বাদশাহের সামনে সত্য বাণী উচ্চারণ, সরকার ব্যবস্থায় দুর্নীতির সংস্কার এবং এই উদ্দেশ্যে তাঁর অসংখ্য চিঠিপত্র; হযরত শাহ ওয়ালীউল্লাহ রহিমাহুল্লাহ সাহেবের উলুমে হাদীসের প্রচার, মুসলমানদের সম্মিলিত জীবনের সমস্যাবলীর প্রতি সজাগ দৃষ্টি এবং ভারতের মুসলিমদের অভ্যন্তরীণ ও বাহ্যিক অসুবিধা [392]

দূরীকরণের ব্যবস্থা; হযরত সাইয়েদ আহমদ শহীদ রহিমাহুল্লাহর দাওয়াত ইসলাহ হিজরত জিহাদ ও খেলাফত আন্দোলন এবং তা থেকে শিক্ষা, অতঃপর হযরত সাইয়েদ রহিমাহুল্লাহর শাহাদাত এবং আন্দোলনের অন্যান্য পর্যায়; অবশেষে ১৮৫৭ সালে আযাদি আন্দোলন, অতঃপর দারুল উলুম দেওবন্দ প্রতিষ্ঠা, রেশমি রুমাল আন্দোলন, হযরত শায়খুল হিন্দ মাওলানা মাহমুদুল হাসান রহিমাহুল্লাহ এবং তার সঙ্গী- সাথিদের ত্যাগ-তিতিক্ষা—এই সকল কিছু ডাক্তার সাহেব বিস্তারিত বর্ণনা করতেন।

পাকিস্তান স্টাডিজ বইয়ের সংকীর্ণ দৃষ্টিভঙ্গি

ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ অধিকাংশ সময় বলতেন, পাকিস্তান স্টাডিজ বইয়ের বিষয়বস্তু পাকিস্তানিদের অনেক বড় ক্ষতি করেছে। তিনি বলতেন, পাকিস্তান প্রতিষ্ঠার পর ষাটের দশকে পাকিস্তান স্টাডিজ নামে করাচি ইউনিভার্সিটি প্রফেসরগণ ইতিহাস সংকলন করেছেন। তিনি বলতেন, আমাদের ছেলেমেয়েরা শুধু পাকিস্তান স্টাডিজ বইগুলো থেকেই ইতিহাস শিখে থাকে। তারা শুধু মুসলিম লীগের ইতিহাস এবং কংগ্রেস ও মুসলিম লীগের দ্বন্দ্ব বিবাদ জানে। এগুলোকেই তারা ভারত উপমহাদেশের স্বাধীনতা আন্দোলনের প্রচেষ্টা ও সংগ্রাম বলে মনে করে। উপমহাদেশের অন্যান্য অংশে ‘আকাবিরীনে উম্মাহ' দীনের প্রচার-প্রসার, দাওয়াত, আজিমত এবং ইসলামের স্থায়িত্ব নিশ্চিতের জন্য যা কিছু করেছেন, সেগুলো দায়সারাভাবে শিক্ষার্থীদেরকে জানানো হয়। এর দ্বারা মহান এই ব্যক্তিদের না দৃষ্টি ভঙ্গি বুঝে আসে, না তাদের অবদানের যথার্থ মূল্যায়ন হয়। [393]

উদাহরণস্বরূপ মেট্রিক পাশ একটা ছেলেকে যদি মুজাদ্দিদে আলফেসানী রহিমাহুল্লাহ, আহমদ শহীদ রহিমাহুল্লাহ, শাহ ওয়ালীউল্লাহ রহিমাহুল্লাহ এবং শায়খুল হিন্দ রহিমাহুল্লাহর পরিচয় জিজ্ঞেস করা হয়, তাহলে খুব কম ছেলেকেই এই মহান ইমামগণের ইতিহাস ও দৃষ্টিভঙ্গি সম্পর্কে অবগত পাওয়া যাবে। বিপরীতে নেহেরু এবং মুহাম্মদ আলী জিন্নাহর ১৪ দফা থেকে নিয়ে ‘ক্রিপস' ও ‘সাইমন' মিশন এবং ব্রিটেনে অনুষ্ঠিত গোলটেবিল বৈঠকগুলোর ইতিহাস শিক্ষার্থীদের ভালোভাবেই জানা আছে। ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ বলতেন, পাকিস্তান স্টাডিজ গ্রন্থ প্রস্তুতকারীদের অন্যায় হলো, তারা পাকিস্তানের বাচ্চাদেরকে প্রকৃত পূর্বসূরিদের সঙ্গে পরিচিত হতে দেয়নি, তাদের ইতিহাসের শিকড় তুলে ধরেনি এবং ভারত স্বাধীন করার উদ্দেশ্যে সত্যিকার অর্থে যে নেতারা সংগ্রাম করেছেন, তাদের সঙ্গে পরিচয় করিয়ে দেয়নি।

আকাবিরদেরকে চেনো!
ডাক্তার সাহেব বিশ্বাস করতেন, মুজাহিদদের উচিত পূর্বোক্ত আন্দোলনের ইতিহাস ভালোভাবে রপ্ত করা, উল্লেখিত আকাবির ও পূর্বসূরি মহান ব্যক্তিদের দিকে নিজেদেরকে সম্বন্ধ করা এবং তাদের আদর্শের আলোকে তাদের ইতিহাস থেকে প্রাপ্ত শিক্ষা অনুধাবন করে নিজেদের অঞ্চলে একটি সফল আন্দোলন সংগঠিত করা। ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ বলতেন, আমাদের আজকের জিহাদী আন্দোলন ওই সংস্কার আন্দোলনেরই ধারাবাহিকতা, যা আমাদের পূর্বপুরুষগণ আরম্ভ করেছিলেন। তাই প্রত্যেক মুজাহিদ যেন তার আত্মপরিচয়ের শিকড় সম্পর্কে ওয়াকিবহাল থাকে, সে বিষয়ে তিনি খুবই

[394]

জোর দিতেন। কারণ আত্মপরিচয়ের সংকট নিয়ে কখনও সঠিক উপলব্ধির জিহাদ পরিচালনা সম্ভব নয়।

ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ অধিকাংশ মুজাহিদীনকে জিজ্ঞেস করতেন, আপনারা কি জানেন, এই জিহাদ কবে থেকে আরম্ভ হয়েছে? তখন কেউ বলতো: লাল মসজিদ ট্রাজেডির পর; কেউ বলতো: আমেরিকা আফগানিস্তানে হামলা করার পর; কেউ আবার তালেবান শাসন ক্ষমতা গ্রহণ করার সময় থেকে শুরু হয়েছে বলতো; আর যে ব্যক্তি এদের মাঝে সবচেয়ে দূরদৃষ্টি সম্পন্ন হতো, সে বলতো, রুশ জিহাদের সময় থেকে আরম্ভ হয়েছে। তখন ডাক্তার সাহেব উত্তেজিত হয়ে বলতে চাইতেন: "এজন্যই তো আমি আপনাদেরকে বলি হে বুদ্ধিমানেরা! নিজেদের ইতিহাস পাঠ করুন, নিজেদের পূর্বপুরুষকে চিনুন জানুন। এটা তো দাওয়াত ও আজিমতের ইতিহাস, জিহাদ ও দীন প্রতিষ্ঠার সংগ্রাম তো উপমহাদেশে হযরত মুজাদ্দিদে আলফেসানী রহিমাহুল্লাহর খানকা, দিল্লিতে হযরত শাহ ওয়ালীউল্লাহ রহিমাহুল্লাহর হাদীসের মসনদ (আসন) থেকে বিস্ফোরিত হয়ে বালাকোট, আন্দামান উপত্যকা, মালটার কয়েদখানা থেকে বের হয়ে আমাদের কাছে এসে পৌঁছেছে’.. অতঃপর তিনি মায়াবিজড়িত কন্ঠে প্রত্যেক মুজাহিদকে বলতেন, "নিজেদের পূর্বপুরুষের জিহাদ, দাওয়াত আজিমত, ইসলাহ ও সংস্কার প্রয়াসের ইতিহাস পাঠ করুন, তাহলে বর্তমানের কর্মপন্থা নির্ধারণ আপনাদের জন্য সহজ হবে।’

রেশমি রুমাল আন্দোলন এবং কাবায়েলি অঞ্চল ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ রেশমি রুমাল আন্দোলনের প্রাণপুরুষ শায়খুল হিন্দ মাওলানা মাহমুদুল হাসান রহিমাহুল্লাহর বড় গুণগ্রাহী ছিলেন। তার আন্দোলন গভীরভাবে পাঠ করার পরামর্শ [395]

দিতেন। হযরত সাইয়েদ আহমদ শহীদ রহিমাহুল্লাহ এবং তার সঙ্গী-সাথিরা বালাকোটের ময়দানে শাহাদাত লাভের পর যখন হিন্দুস্তানের দাওয়াত ও ইসলাহের কাজে উলামায়ে কেরাম মনোযোগী ছিলেন, সেখানে সাইয়েদ সাহেব রহিমাহুল্লাহর অবশিষ্ট সঙ্গী- সাথিরা উত্তর-পশ্চিম ভারত এবং বিশেষ করে সোয়াত থেকে ওয়াজিরিস্তান পর্যন্ত কাবায়েলি অঞ্চলে কোনো না কোনোভাবে জিহাদ অব্যাহত রেখেছিলেন। এই গোত্রগুলো গোটা ব্রিটিশ আমলে ব্রিটিশ সাম্রাজ্যের জন্য মাথা ব্যাথার কারণ ছিল। এই অঞ্চলের লোকেরা ইসলামের মর্যাদার উপর কোনোরূপ আঁচড় পড়তে দেয়নি। অতঃপর যখন উলামায়ে হিন্দ সুসংগঠিত হয়ে শক্তি সঞ্চয় করে দ্বিতীয়বারের মতো রেশমি রুমাল আন্দোলনের মধ্য দিয়ে সংগ্রামী পদক্ষেপ নিলেন, তখন এই গোত্রগুলোই তাদের প্রথম আশ্রয়কেন্দ্র হয়েছিল।

এককথায়, এখানে ডাক্তার সাহেব গোত্রগুলোর ইতিহাস ও জিহাদের তাৎপর্য বোঝার দাওয়াত দিতেন। সেই সঙ্গে তিনি ওয়াজিরিস্তানের ভাইদেরকেও নিজেদের ইতিহাস পাঠ করতে উদ্বুদ্ধ করতেন। তিনি তাদেরকে আমীরুল মুজাহিদীন হাজী সাহেব মির্জা আলী খান রহিমাহুল্লাহর (Faqir of Ipi) ইতিহাস বলতেন। তিনি মেহসুদ গোত্রের ভাইদেরকে ব্রিটিশদের বিরুদ্ধে জিহাদ পরিচালনাকারী নেতা মোল্লা পেওয়ান্দা রহিমাহুল্লাহর ঘটনাবলী শুনিয়ে বলতেন, কিভাবে ইংরেজদের বিরুদ্ধে লড়াইয়ে এই সংগ্রামী সাধকদের অস্ত্র ছিল নলের বন্দুক, কুড়াল আর পাথর; কিন্তু তা সত্বেও ইংরেজদের মনে তাদের এত ভয় ছিল, তারা কখনও নির্ভয়ে ওয়াজিরিস্তান অতিক্রম করে আফগানিস্তানে আক্রমণ করতে পারেনি; বরং পথিমধ্যেই ওয়াজির গোত্রগুলো কাফন পরিধান করে ইংরেজ কাফেলাকে প্রতিহত করেছে। মেহসুদ গোত্র নিজেদের বক্ষ ইসলাম প্রতিরক্ষার জন্য উন্মুক্ত করে

[396]

দিয়েছে। দাওড় গোত্রও জিহাদের আগ্রহ এবং আল্লাহর দীন ও শরীয়তের হেফাযতে কারও থেকে পিছপা থাকেনি। একইভাবে ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ পেশোয়ারের প্রান্তে হাজী সাহেব তরঙ্গজাই (Turangzai) রহিমাহুল্লাহর ঘটনাবলী বর্ণনা করতেন, যিনি শায়খুল হিন্দ রহিমাহুল্লাহর অন্যতম সঙ্গী ছিলেন।

জিহাদ: পাকিস্তান প্রতিষ্ঠার পর…
ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ বলতেন, হিন্দুস্তান ও কাবায়েলি (গোত্রীয় এলাকায়) অঞ্চলে জিহাদ ফী সাবীলিল্লাহ কোনো না কোনোভাবে চলমান ছিল। পরিশেষে ভারত থেকে ইংরেজ বিদায়ের সময় চলে আসে। তারা তাদের আস্থাভাজন শ্রেণিকে ক্ষমতা সোপর্দ করে ভারতকে বিভক্ত করে বিদায় হয়। এমন অবস্থায়ও ওই গোত্রগুলো এবং মুজাহিদীন জিহাদ পরিত্যাগ করেননি। ওই সময় আমীরে ওয়াজিরিস্তান ফকির অফ ইপি (হাজী মির্জা আলী খান রহিমাহুল্লাহ) তার প্রসিদ্ধ উক্তি পেশ করেন:

« এই পাকিস্তানি সেনাবাহিনী অবিকল সেই ইংরেজ গাধা শুধু তার ওপর নতুন গদি বসানো হয়েছে »

এমন অবস্থায় পাকিস্তান সরকার ও সেনাবাহিনী কারাদাঁদে মাকাসেদ (Objectives Resolution) নামে ভারতের মুসলিমদেরকে আবার প্রতারিত করে। সংবিধানে আল্লাহ তাআলার ‘হাকিমিয়াতে আলা’ তথা সর্বোচ্চ শাসন ক্ষমতা নির্দেশক দৃষ্টিনন্দন অনুচ্ছেদ লিখে দেয়া হয় কিন্তু বাস্তবে ওই একই ব্রিটিশ আইন চালু থাকে। আগে ব্রিটিশ সাম্রাজ্যের বিধি-বিধান চলতো আর এখন গোটা পৃথিবীর শক্তির ভারসাম্য পরিবর্তনের পর আমেরিকার জারি নিয়ম-কানুন চলে এতোটুকুই পার্থক্য। আগে ব্রিটেন থেকে

[397]

ভারতে শ্বেতাঙ্গ ভাইসরয় আসতো, কিন্তু এখন পাকিস্তানের শাসক নিজেই একজন দেশীয় ইংরেজ, যার নিয়োগ প্রাপ্তির আদেশ আসে ওয়াশিংটন থেকে। এক কথায় শাসন ব্যবস্থা আগেরটাই থাকে। এহেন পরিস্থিতিতে পাকিস্তানের মুসলিম সমাজ, উলামায়ে কেরাম, মুজাহিদীন যথাসম্ভব সংস্কারের প্রচেষ্টা চালিয়ে যান। কিন্তু তারা যতই চেষ্টা-শ্রম ব্যয় করেন, এই সরকার ও সেনাবাহিনীর সংশোধনের ব্যাপারে তাদের হতাশ হতে হয়। কারণ এদের গঠন লগ্নেই ইংরেজদের প্রতিরক্ষা এবং তাদের নিয়ম-কানুন বাস্তবায়নের অঙ্গীকার নিশ্চিত করা হয়েছিল। অতঃপর খতমে নবুওয়াত আন্দোলন এবং নিজামে মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আন্দোলনের সময় পুনরায় মুসলিমদের আজিমত ও সংগ্রামের পথে অচলাবস্থা শুরু হয়; কিন্তু আফগানিস্তানের জিহাদের পরেই প্রকৃত বৈপ্লবিক আন্দোলন আরম্ভ হয়।

রুশ জিহাদ এবং বৈশ্বিক জিহাদী আন্দোলন
এরই মধ্যে রাশিয়া সেনাবাহিনী নিয়ে মিল্লাতে ইসলামিয়া আফগানিস্তানের ওপর হামলা করে বসে। এখানে ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ ইতিহাসের এই বাঁক সম্পর্কে বিশদভাবে আলোচনা করতেন। পাকিস্তানের মুসলিমদের ঐক্যবদ্ধভাবে এই জিহাদে অংশগ্রহণ ও ত্যাগ-তিতিক্ষার কথা বর্ণনা করতেন। অপরদিকে গোটা বিশ্ব থেকে বিশেষ করে আরব বিশ্ব থেকে উম্মাহর হাজার সংখ্যক সন্তান ইসলাম প্রতিরক্ষার জন্য কিভাবে আফগানিস্তানে জড়ো হয়েছিলেন, সে কথা বর্ণনা করতেন। আফগানিস্তানের পাহাড়ের গুহায় ভারতের মুসলিমদের দাওয়াত ও আজিমতের ধারা এবং সারা বিশ্বের মুসলিমদের বিশেষ করে আরব বিশ্বের জিহাদ ও দাওয়াতের মেহনত একাকার হয়ে যায়। এই উভয় কল্যাণ সমুদ্র সম্মিলিত

[398]

হওয়ার কারণে যেই সামুদ্রিক মিলন স্থল তৈরি হয়, সেটাকেই ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ বৈশ্বিক জিহাদী আন্দোলন বলে অভিহিত করতেন।

রাশিয়ার হামলার পর আফগানিস্তানে রীতিমতো জিহাদ আরম্ভ হয়। বিশ্বের সুপার পাওয়ার দাবিদার রাশিয়া আগুন ও রক্ত বৃষ্টি নিয়ে আফগানিস্তানের ওপর হামলা করে। লক্ষ লক্ষ আফগান শহীদ হয়। না জানি কত ঐতিহ্য ও লোকপ্রথা পদদলিত হয়, এহেন পরিস্থিতিতে আফগানিস্তানের নিরস্ত্র মুসলিম জনসাধারণ নিজেদের দীন ও ঐতিহ্য রক্ষার স্বার্থে ঈমান ও বিশ্বাসে বলিয়ান হয়ে এই লাল ভালুকের বিরুদ্ধে লড়বার সিদ্ধান্ত নেয়। তারা ত্যাগ ও সংকল্পের এমন জীবন্ত গল্প রচনা করে, ইতিহাসে যার দৃষ্টান্ত পাওয়া দুষ্কর। এদিকে দীর্ঘদিন ধরে জিহাদ ফী সাবীলিল্লাহ বাস্তব ময়দানে পরিচালনাকামী মুসলিম উম্মাহ তাদের আকুলতা ও অস্থিরতা প্রশমিত করার যথাস্থান পেয়ে যায়। গোটা পৃথিবী থেকে মুসলিমরা জিহাদের নিয়তে আফগানিস্তানে যাত্রা করতে থাকে এবং হাজার সংখ্যক মুহাজির মুজাহিদীন আফগান ভাইদের কাঁধে কাঁধ মিলিয়ে জিহাদ করে।

উম্মাহ দৃষ্টিভঙ্গি জাগ্রত হোক...
ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর মতে আফগানিস্তানের জিহাদে দুটি গুরুত্বপূর্ণ কাজ সম্পন্ন হয়েছে। উম্মাহর মাঝে জিহাদী পুনর্জাগরণ ঘটেছে। উম্মাহর প্রতিরক্ষার দৃষ্টিভঙ্গি গোটা উম্মাহর মাঝে ছড়িয়ে পড়েছে। হাজার হাজার মুজাহিদ জিহাদী দক্ষতা ও কুশলতার প্রশিক্ষণপ্রাপ্ত হওয়ায় এই উম্মাহ পুনরায় মাথা তুলে দাঁড়াবার যোগ্যতা অর্জন করেছে। গুরুত্বপূর্ণ দ্বিতীয় বিষয়টি হলো: এ জিহাদে [399]

উম্মাহর শত্রু রাশিয়ার বিরুদ্ধে যখন গোটা পৃথিবী থেকে মুসলিমরা আল্লাহর জন্য শুধু দীন ইসলামের নামে ঐক্যবদ্ধ হয়েছে, এক জায়গায় জিহাদের আমল আরম্ভ করেছে, তখন উম্মাহর প্রকৃত আত্মিক বন্ধন পুনরায় সুদৃঢ় হতে আরম্ভ করেছে। বিভিন্ন অঞ্চলের মুজাহিদীন, উলামায়ে কেরাম পরস্পরে মিলিত হওয়া, একই চিন্তা, একাগ্রতা সহকারে উম্মাহর শত্রুর বিরুদ্ধে উঠে দাঁড়াবার প্রতিরোধ সংগ্রাম শুরু হয়ে গিয়েছে। আরব বিশ্ব ভারতীয় উপমহাদেশ খোরাসান তুরস্কসহ পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে আল্লাহর দীনের প্রতি ভালোবাসা এবং ত্যাগ স্বীকারে অনুপ্রাণিত হয়ে মুসলিমরা যখন একত্রিত হয়েছে তখন পুনরায় মুসলিম উম্মাহ এক জাতি এক উম্মাহ হবার দৃষ্টান্ত স্থাপিত হয়েছে। ইংরেজরা খেলাফত পতনের পর মুসলিমদেরকে পঞ্চাশের অধিক দেশে বিভক্ত করে যে দৃষ্টান্ত মুছে দিতে চেষ্টা করেছে, পারস্পরিক মতবিরোধ ও ভুল বোঝাবুঝি ছড়িয়ে দিয়ে, জাতীয়তাবাদের মূর্তি স্থাপন করে যে বন্ধনের কথা তারা উম্মাকে ভুলিয়ে দিতে চেয়েছে, উম্মাহ পুনরায় সেই ঐক্য বন্ধনের বাস্তব উদাহরণ উপস্থাপন করেছে। প্রতিটি সমস্যা ঐক্যবদ্ধভাবে সমাধান করতে আরম্ভ করেছে। তারা ভৌগোলিক জাতীয়তার সীমারেখা থেকে বের হয়ে বৈশ্বিক পরিসরে চিন্তা করতে আরম্ভ করেছে।

আরব বিশ্বের সমকালীন জিহাদের ইতিহাস ইতিহাসের এই বাঁকে ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ একটু বিরতি দিতেন। অতঃপর তিনি বর্তমান বিশ্বে আরব দেশে আল্লাহর দীন প্রতিষ্ঠার যেই প্রচেষ্টা সংগ্রাম শুরু হয়েছে, তা তুলে ধরতেন। এর গুরুত্ব বর্ণনা করে তিনি বলতেন, আমরা

[400]

যেহেতু মুসলিম উম্মাহ হওয়ার দাবিদার, আমরা যেহেতু বৈশ্বিক জিহাদী আন্দোলনের সঙ্গে যুক্ত হবার দাবি করি, তাই নিজেদের অঞ্চলের দাওয়াত ও সংগ্রামের ইতিহাসের পাশাপাশি অন্যান্য অঞ্চলের বিশেষত আরব বিশ্বের ইতিহাসের সঙ্গে সংযুক্ত হওয়াও আমাদের জন্য জরুরি। যদি আমরা এই সংযোগ রক্ষা না করি, আঞ্চলিক পরিমণ্ডলে যদি আমরা আবদ্ধ হয়ে পড়ি, তাহলে আমরা বিরাট কল্যাণ থেকে বঞ্চিত থাকবো। অন্য মুসলিমদের চেষ্টা-প্রচেষ্টা ও সংগ্রামের শিক্ষা সম্পর্কে অজ্ঞ থাকবো এবং আমাদের এই সংগ্রাম একটি আঞ্চলিক আন্দোলনের চেয়ে বেশি কিছু হবে না।

সাইয়েদ কুতুব শহীদ রহিমাহুল্লাহর ব্যক্তিত্ব
সমকালীন জিহাদ বোঝার জন্য ডাক্তার সাহেব
দুই মহান ব্যক্তির ইতিহাস, জীবন ও কর্ম বর্ণনা করতেন এবং আল্লাহর দীনের বিষয়ে তাদের চিন্তাধারা অনুধাবনের দাওয়াত দিতেন। তাদের মাঝে তালিকার শীর্ষে মিশরের আলেমে দীন, চিন্তাবিদ শহীদ সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহ ছিলেন। তারপর মুজাদ্দিদে জিহাদ আলেমে রব্বানী শহীদ ডক্টর আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ ছিলেন। ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ বলতেন: সাইয়েদ কুতুব শহীদ রহিমাহুল্লাহ বর্তমান যুগে ইংরেজদের চিন্তাধারার মোকাবেলা করেছেন। আল্লাহর আইন পেছনে ফেলে যে আইন রচনা করা হয়, তিনি সেটাকে জাহেলিয়াত বলে আখ্যায়িত করেন, তার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন। অতঃপর সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহ ঐ আইনের আলোকে তৈরি সামাজিকতাকে জাহেলিয়াতের ভিত্তির উপর প্রতিষ্ঠিত বলেন। এমন সমাজের সংস্কার-সংশোধনের এবং জাহেলিয়াতের

[401]

পতাকাধারীদের বিরুদ্ধে জিহাদের দাওয়াত পেশ করেন। সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহ আল্লাহর দীনের মাঝে অন্য আদর্শের মিশ্রণ মেনে নিতে পারতেন না। তিনি বলতেন, কালেমায় তাইয়েবায় প্রথমে কুফরী প্রত্যাখ্যান করা হয়েছে, অতঃপর তাওহীদ স্বীকার করা হয়েছে। ইংরেজরা ঔপনিবেশিক আমলের শেষ দিকে উম্মাহর ওপর যে শাসক শ্রেণিকে চাপিয়ে দিয়ে গিয়েছে, তারা আজও পর্যন্ত ইংরেজদের প্রতিরক্ষায় কাজ করে যাচ্ছে —কোথাও সামরিক স্বৈরশাসক রূপে, কোথাও রাজ পরিবার রূপে আবার কোথাও গণতান্ত্রিক বহুদলীয় রাজনীতি এবং ইস্টাবলিশমেন্ট রূপে তারা উম্মাহকে নিয়ন্ত্রণ করে যাচ্ছে। কিন্তু সর্বত্র ওই ইংরেজ আইন চলছে। সাইয়েদ কুতুব শহীদ রহিমাহুল্লাহ এই শাসন ব্যবস্থা নির্মূল করে নিজামে মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রতিষ্ঠার আহ্বায়ক ছিলেন। তিনি এই শাসন ব্যবস্থার সঙ্গে কোনোরূপ সহাবস্থান বা সন্ধি চুক্তির পুরোপুরি বিরোধী ছিলেন। তিনি বলতেন, এই বাতিল শাসন ব্যবস্থার সামনে আমাদের সেরকম সাহসিকতা ও মনোবল নিয়ে দাওয়াত দিতে হবে, যেমন রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কাফেরদেরকে মক্কায় দাওয়াত দিয়েছিলেন এবং একথা পর্যন্ত বলেছিলেন:

« যদি তারা আমার ডান হাতে সূর্য বাম হাতে চন্দ্র এনে দেয়, তবুও আমি এই দাওয়াত থেকে সরে আসবো না; যতক্ষণ না আল্লাহ এই দীনকে বিজয়ী করবেন অথবা এই পথে আমি মারা যাবো »

65

এক কথায় সাইয়েদ কুতুব শহীদ রহিমাহুল্লাহ উম্মাহর সঙ্গে স্বাধীনতা ও স্বায়ত্তশাসনের নামে কৃত প্রতারণা ফাঁস করে দিয়েছেন। সরাসরি জাহিলিয়াতকে এভাবে চ্যালেঞ্জ করাটা 65 সিরাতে ইবনে হিশাম
[402]

জাহেলিয়াতের পতাকাধারীরা কিভাবে মেনে নিতে পারে? অবশেষে তারা সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহকে ফাঁসির আদেশ শোনায়। অতঃপর যখন তাকে বলা হয়, নিজের চিন্তাধারা থেকে সরে আসুন; কেউ কেউ আবার কল্যাণকামী হয়ে পরামর্শ দেয়, শুধু দেখানোর জন্য চিন্তা পরিবর্তনের ঘোষণা দিন, তখন সাইয়েদ রহমাতুল্লাহি রহিমাহুল্লাহর উত্তর ছিল:

«এটা আমাদের আকীদা-বিশ্বাসের বিষয় (শাসন ব্যবস্থা ও সরকারের সঙ্গে এই বিরোধ) আর আকীদা বিষয়ে কোনো ‘তাউরিয়া’ জায়েয নয়

66।

অতঃপর যখন তাকে বলা হলো, আপনি বিচারকের কাছে আপিল করুন, যেন আপনার প্রতি দয়া দেখানো হয়, তখন তিনি সংকল্পের ইতিহাসে স্বর্ণাক্ষরে লিখনীয় জবাব দেন:

« “নামাযের মধ্যে আল্লাহর একত্ববাদের সাক্ষ্যদানকারী শাহাদাত আঙ্গুল তাগুতি শাসন ব্যবস্থা মেনে নেয়ার মতো কোনো একটি অক্ষর পর্যন্ত লিখতে প্রস্তুত নয়। এখন আপনারা আমাকে বলুন, কি কারণে আমি দয়া দেখানোর আপিল করবো? যদি আমাকে আসলেই যথার্থ কারণে শাস্তি দেয়া হয়, তাহলে তা মেনে নিতে আমি প্রস্তুত। কিন্তু যদি বাতিল বিষয় ও জুলুমের ভিত্তিতে আমাকে শাস্তি দেয়া হয়, তাহলে আমিও এতটা তুচ্ছ নই যে, বাতিলের কাছে দয়ার আপিল করবো। নামাযের মধ্যে তাওহীদের সাক্ষ্য দানকারী আমার শাহাদাত আঙ্গুল তাগুতের ফায়সালা কবুল করার মতো কোন অক্ষর লিখবে না। যদি আমাকে ফাঁসিতে ঝোলানো সঠিক হয়, তাহলে সঠিক সিদ্ধান্ত মেনে নিতে আমি প্রস্তুত; আর যদি বাতিল

66শাইখ আব্দুল্লাহ আযযাম রাহমাতুল্লাহি আলাইহি রচিত ফী জিলালি সূরা
তওবা

[403]

হয় তাহলে আমি বাতিলের কাছে দয়ার আপিল করার মতো তুচ্ছ নই।” »

অতঃপর যখন সরকারি মৌলভী ফাঁসির দড়ি গলায় পড়াবার আগে সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহকে বললেন, সাইয়েদ সাহেব কালেমায়ে তাইয়্যেবা পড়ে নিন, তখন তিনি প্রবল আত্মবিশ্বাস সহকারে বলেন:

« “এই কালেমায় আপনাদের রুটি রুজি আর এই কালিমার ওপর আমল করার কারণে আমাকে ফাঁসিতে ঝোলানো হচ্ছে।” » এরপর তিনি আশহাদু আল্লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ আশহাদু আন্না মুহাম্মাদান আব্দুহু ওয়া রাসূলুহু" পড়ে নেন এবং তাকে শূলে চড়ানো হয়।

67»

আল্লাহ তাআলা তার উপর অসীম রহমত অবতীর্ণ করুন। মিশরের ফেরাউন সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহকে শহীদ করে দেয়; কিন্তু তার বাণীগুলো পরবর্তীদের মাঝে জীবন্ত হয়ে ওঠে স্বয়ং সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহ বলতেন:

« “আমাদের কথাগুলো মোমবাতির মতো (খুবই সামান্য যার উত্তাপ ও আলো) কিন্তু যখন আমরা নিজেদের অবস্থানের জন্য মৃত্যুবরণ করি, তখন আমাদের কথাগুলো জীবন্ত হয়ে যায়; সমাজের মাঝে তখন তা উত্তাপ ছড়িয়ে দিতে থাকে।”

68»

সাইয়েদ সাহেব রহিমাহুল্লাহ ত্যাগ স্বীকার করে মুসলিমদের কাছে স্পষ্ট করে দিয়েছেন, কুফরী ও জাহেলিয়াত যে রূপেই আসুক না কেন, তার সঙ্গে কোনো প্রকার সমঝোতা করা যেতে পারে না; মুসলিমদের প্রকৃত উন্নতি অগ্রগতি তখনই হবে, যখন তাদের দীন বিজয়ী ও বাস্তবায়িত হবে। প্রত্যেক মুসলিমের কর্তব্য হলো, এই দীন-বিজয়ের জন্য দেহ মন সবকিছু উৎসর্গের জন্য তৈরি হওয়া।

67
শায়খ আব্দুল্লাহ আযযাম রাহিমাহুল্লাহ রচিত ফী জিলালি সূরা
তওবা

68 শায়খ আব্দুল্লাহ আযযাম রাহিমাহুল্লাহ রচিত জাখায়েরুল ইজাম [404]

মুসলিম উম্মাহকে পুনরায় উন্নতির শিখরে আরোহণ করানো সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহর আকাঙ্ক্ষা ছিল। কিন্তু সেই আকাঙ্ক্ষা বাস্তবায়নের জন্য একটি ভূখণ্ডের প্রয়োজন ছিল, যেখানে পুনরায় মুসলিমদের সম্মান ও গৌরব পুনরুদ্ধারের সংগ্রাম হবে। সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহর সেই পতাকা ফিলিস্তিনের আলেমে দীন শায়খ আবদুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ উত্তোলন করেন, সমকালীন জাহিলিয়াত ও তার সরদারদের মোকাবেলার জন্য বৈশ্বিক জিহাদের রূপরেখা তৈরি করেন। বৈশ্বিক জিহাদী আন্দোলনের বিবরণে এ সম্পর্কে বিস্তারিত আলোচনা থাকবে ইনশাআল্লাহ।

আফগানিস্তানে দুই সমুদ্রের মিলন
অতএব আফগানিস্তানে দুই সমুদ্রের মিলন ঘটে।
শাহ ওয়ালীউল্লাহ ধারার অনুসারী ভারত ও খোরাসানের বিপ্লবী শ্রেষ্ঠ সন্তানদের চিন্তা যখন সাইয়েদ সাহেব এবং আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর সঙ্গে মিলে যায়, তখনই বৈশ্বিক জিহাদের ভিত্তিপ্রস্তর স্থাপন হয়। এই ভিত্তি কাফেরদের বানানো জাতীয়তাবাদী রাষ্ট্র সীমানা অস্বীকার করে। এই সীমানার ভিত্তিতে শত্রুতা মিত্রতার ধারণা প্রত্যাখ্যান করে। ভাষা বা ভৌগোলিক জাতীয়তার অন্যায় বন্ধন বর্জন করে। কোনো ধর্মীয় ঘরানা, মাযহাব বা উপধারার ভিত্তিতে উম্মাহর মাঝে বিভাগ বিভাজন পরিহার করে চলে। এই আন্দোলন গোটা উম্মাহকে ঐক্যবদ্ধ করে বিশুদ্ধ ইসলাম, তাওহীদ, পবিত্র বিষয় ও পুণ্য স্থানগুলো রক্ষার আহ্বান জানায় এবং এ কাজে সর্বপ্রকারের দলাদলি গোত্র প্রীতি ইত্যাদি পদদলিত করে।

[405]

মুজাহিদীন এবং তাদের নেতৃবৃন্দের জন্য দাওরা আয়োজন
ডাক্তার আবু খালিদ রহিমাহুল্লাহ পাকিস্তানের গোত্রগুলোতে উপস্থিত মুজাহিদীনের প্রতি মনোযোগী হন, তাদেরকে ইতিহাস, সামরিক বিদ্যার উপর বিভিন্ন ক্লাস করাতে আরম্ভ করেন। ওই ক্লাসগুলোতে শত শত মুজাহিদ এবং তাদের নেতৃবৃন্দ ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর কাছ থেকে শিক্ষা লাভ করেন। একদিকে পাকিস্তানের স্থানীয় মুজাহিদ নেতৃবৃন্দ অপরদিকে আরব মুজাহিদীনের নেতৃবৃন্দ ইতিহাস ও সামরিক বিদ্যার অনেক বিষয় বোঝার জন্য তার শরণাপন্ন হতেন। তার শিষ্যদের মাঝে বড় মাপের উলামায়ে কেরাম, বিশেষজ্ঞ, অধ্যাপক, প্রশিক্ষক, মুজাহিদীনের উমারা ও সামরিক নেতৃবৃন্দ শামিল থাকতেন। এমনকি আলেমে রব্বানী, কায়েদে জিহাদ, শায়খ আবু ইয়াহিয়া লীবী রহিমাহুল্লাহ এবং প্রখ্যাত প্রশিক্ষক ও হাকীম মাওলানা অলিউর রহমান মেহসুদ রহিমাহুল্লাহ পর্যন্ত রীতিমতো ক্লাসগুলোতে অংশগ্রহণ করে তার কাছ থেকে জাতি গোষ্ঠীর ইতিহাস শিক্ষা লাভ করতেন এবং পরবর্তীতে সেগুলো নিজেদের ভাষায় অনুবাদ করতেন। এছাড়াও মুজাহিদীনের নেতৃবৃন্দের মাঝে ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর বৈঠক ও চিন্তাধারা থেকে অনেকেই উপকৃত হয়েছিলেন যাদের মাঝে আমীর বাইতুল্লাহ মেহসুদ রহিমাহুল্লাহ, মাওলানা আসিম উমর রহিমাহুল্লাহ, মোল্লা নাজির ওয়াজির রহিমাহুল্লাহ, আমীর হাকিমুল্লাহ মেহসুদ রহিমাহুল্লাহ, মাওলানা ফজলুল্লাহ রহিমাহুল্লাহ, জনাব আজম তারেক মেহসুদ রহিমাহুল্লাহ, হাফেজ গুলবাহার সাহেব রহিমাহুল্লাহ, শায়খ ফাতেহ উসমান শাহরী রহিমাহুল্লাহ, হাজী ওয়ালীউল্লাহ ইমরান সিদ্দিকী রহিমাহুল্লাহ, কারী মাওলানা

[406]

উবায়দুল্লাহ ইমরান রহিমাহুল্লাহ, উস্তাদ আসলাম

69 রহিমাহুল্লাহ সহ মুজাহিদীন নেতৃবৃন্দের
আরও অনেকেই শামিল ছিলেন।

ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর ইতিহাস ক্লাসের বুনিয়াদি বিষয় ছিল ওই ছয় আকাবির তথা হযরত মুজাদ্দেদে আলফেসানী রহিমাহুল্লাহ, হযরত শাহ ওয়ালীউল্লাহ রহিমাহুল্লাহ, হযরত সাইয়েদ আহমদ শহীদ রহিমাহুল্লাহ, হযরত শায়খুল হিন্দ রহিমাহুল্লাহ, শহীদ সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহ এবং শহীদ শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর পরিচিতি, তাদের সংগ্রামী জীবন, দাওয়াত ও আজীমতের পথে তাদের ত্যাগ-তিতিক্ষার আলোচনা এবং তাদের ইতিহাস থেকে আমাদের জন্য শিক্ষা।

এই ইতিহাস অধ্যয়ন, অতঃপর গোত্রীয় এলাকার মুজাহিদীনকে নিয়ে দাওরা আয়োজনের ফলে ডাক্তার সাহেব রহিমাহুল্লাহর মাঝে বিভিন্ন গোত্রের লোকদের রুচি ও মেযাজ বোঝার যোগ্যতা চলে আসে। তার মাঝে গোত্রীয় মুজাহিদীনের অসামান্য ভালোবাসা ও ঘনিষ্ঠতা তৈরি হয়। ফলে কাবায়েলি মুজাহিদীনও তার প্রতি আস্থাশীল এবং স্বভাবতই তার অনুরাগী হয়ে ওঠেন। এই গুণের দিক থেকে অন্যান্য অ-গোত্রীয় মুজাহিদীনের মধ্যে তিনি অনন্য ছিলেন। কাবায়েলি মুজাহিদীন তাকে আপন ভাবতেন এবং তার কাছে গিয়ে নিজেদের মধ্যকার মতপার্থক্য ভুলে বন্ধুর মতো বসে থাকতেন। নিজেদের দ্বন্দ্ব-বিবাদ মিটানোর জন্য তার শরণাপন্ন হতেন। তার একটা কারণ 69 উস্তায আসলাম রহমাতুল্লাহি আলাইহি পাকিস্তানের একজন
গুরুত্বপূর্ণ নেতা শহীদ আমজাদ ফারুকী রাহমাতুল্লাহি আলাইহ-এর ঘনিষ্ঠ ব্যক্তি ছিলেন। ইমারত ইসলামিয়ার শাসনামলে আরব প্রশিক্ষকদের কাছ থেকে তিনি প্রশিক্ষণ গ্রহণ করেন। পাকিস্তানের ক্রুসেডার বাহিনী এবং তাদের তাবেদারদের ওপর বেশ কয়েকটি বড় হামলার পরিকল্পনা করেন, তন্মধ্যে আল্লাহর দ্বীন ও জাতির শত্রু জেনারেল পারভেজের ওপর পরিচালিত হামলাগুলো এবং জিএইচকিউ (পাকিস্তান আর্মির জেনারেল হেড কোয়ার্টার) 'র ঐতিহাসিক হামলা সবচেয়ে উল্লেখযোগ্য। খুবই বুঝমান সতর্ক ও কুশলী ব্যক্তি ছিলেন। মুজাহিদীনের কাছে খুবই শ্রদ্ধার পাত্র ছিলেন। ২০১৮ সালে আফগানিস্তানের পাকতিকা জেলার বারমাল এলাকায় মার্কিন ড্রোন হামলায় শাহাদাত বরণ করেন।

[407]

তো এই ছিল যে, গোত্রীয় এলাকার ইতিহাস সম্পর্কে তার গভীর অধ্যয়ন ছিল। কিন্তু অপর একটি গুরুত্বপূর্ণ কারণ হলো, চিকিৎসক হবার কারণে স্থানীয়দের সঙ্গে তিনি মিশে গিয়েছিলেন। সুখে- দুঃখে তিনি তাদের পাশে থাকতেন; কোনো পার্থক্য নির্বিশেষে সকলকে ভালোবাসতেন এবং সহযোগিতা করতেন।

সমকালীন জিহাদের চিন্তাগত ভিত্তি
ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ ইতিহাস অধ্যয়ন করে প্রাপ্ত শিক্ষাগুলো একটি গ্রন্থাকারে সুবিন্যস্ত করেন। এটা তার একটি বড় অবদান। দুই খণ্ডের ওই গ্রন্থটি "সমকালীন জিহাদের চিন্তা গত ভিত্তি’ নামে ‘ইদারায়ে হিত্তিন' প্রতিষ্ঠানটি প্রকাশ করে। এই গ্রন্থে একদিকে তিনি মুসলিম উম্মাহর ইতিহাস এবং তা থেকে প্রাপ্ত শিক্ষা বর্ণনা করেছেন, অপরদিকে ইউরোপের বস্তুবাদী ও ভাববাদী দুই ধারার যুদ্ধগুলো বিস্তারিত বর্ণনা করেছেন। কুফফার গোষ্ঠীর আধুনিক দৃষ্টিভঙ্গি বর্ণনা করে বিস্তারিতভাবে সেগুলো অপনোদন করেছেন। তিনি স্পষ্ট করেছেন যে, ফ্রান্সের পর গোটা দুনিয়াতে ধর্মহীনতার যে সয়লাব দেখা দিয়েছে তার পেছনে আসল কারণ কি? এমনিভাবে গ্রেটার ইসরাইলের (greater Israel) পরিকল্পনার প্রকৃতি ব্যাখ্যা করে পশ্চিমা বিশ্ব ও আমেরিকা কর্তৃক এই পরিকল্পনায় সরাসরি অংশগ্রহণের কারণও স্পষ্ট ভাবে তুলে ধরেছেন। গ্রন্থের বড় অংশে পশ্চিমাদের পারস্পরিক দ্বন্দ্ব বিবাদ, তাদের ইতিহাস, উপমহাদেশে মুসলমানদের উত্থান পতনের ইতিহাস এবং তা থেকে প্রাপ্ত শিক্ষা নিয়েও তিনি আলোকপাত করেছেন। এই গ্রন্থটি ইতিহাস রাজনীতি সমাজবিজ্ঞানের উপর

[408]

সংক্ষিপ্ত কিন্তু স্বতন্ত্র একটি ইনসাইক্লোপিডিয়া। কোনো নিরপেক্ষ পাঠক এই গ্রন্থের উপকারিতা অস্বীকার করতে পারে না।

প্রজ্ঞা হলো ঈমানদারের মিরাস
আলজেরিয়ায় জিহাদ বেগবান হতে থাকলে সেখানকার মুজাহিদীন পরস্পরে ‘আল জামাতুল ইসলামিয়া আল মুসাল্লাহা’ তথা সশস্ত্র ইসলামী জামাত নামে দল গঠন করে। যেহেতু নির্যাতন-নিপীড়নের বিরুদ্ধে আকস্মিকভাবে জিহাদ আরম্ভ হয়, তাই বুঝ ও উপলব্ধির ওপর আবেগ প্রাধান্য বিস্তার করে। কিন্তু তবুও যোগ্য নেতৃত্ব, আফগানিস্তান জিহাদের সাবেক মুজাহিদীন ও উলামায়ে কেরাম আন্দোলনের এই জোয়ার সঠিক পথে পরিচালিত করতে সচেষ্ট থাকেন। এরই মধ্যে সরকার এক পরিকল্পনার মাধ্যমে নেতৃবৃন্দকে একের পর এক শহীদ করে। ১৯৯৪ সালে জামাআতের তদানীন্তন আমীর আবু আব্দুল্লাহ আহমদ সরকারি ফোর্স-এর সঙ্গে এক সংঘর্ষে শাহাদাত বরণের পর জামাল জায়তুনী নামক এক ব্যক্তি নেতৃত্বে আসে। সামরিক পারদর্শী জামাল জায়তুনী পড়াশোনা জানতো না। শুধু প্রতিশোধ স্পৃহা তার সিদ্ধান্ত প্রভাবিত করতো। এই নতুন আমীর জামাল জায়তুনী এবং তার পরবর্তী আমীর আনতার যাওয়াবেরী মুসলিমদের রক্তপাতকারী ঘাতক প্রমাণিত হয়। সে এবং তার চাটুকাররা পূর্বের নেতৃবৃন্দের পলিসি পরিবর্তন করে। সেনাবাহিনীর পক্ষে থাকার অপবাদে অথবা শুধু মুজাহিদীনের সাথে না থাকার অপরাধে জনসাধারণকে হত্যা করতে আরম্ভ করে। তারা জিহাদের নতুন দর্শন উপস্থাপন করে। সেই মতে সামরিক সরকারের কর্মকর্তাদের বিরুদ্ধে জিহাদের তুলনায় জনসাধারণের বিরুদ্ধে জিহাদ বেশি জরুরি বলা হয়, কারণ তারা মুজাহিদদের পক্ষাবলম্বন করেনি অথবা তাদেরকে নিজেদের এলাকা থেকে শত্রুর উপর আক্রমণ করতে দেয়নি। এককথায় সে সময় মুসলিম জনসাধারণ চাকির দুই পাটায় নিষ্পেষিত হতে থাকে। একদিকে দীনের দুশমন জালেম সেনাবাহিনী অপরদিকে দীনের নামে অজ্ঞ হিংস্র দল। মুসলিম রাষ্ট্রগুলোতে ক্রুসেডারদের গোলাম সেনাবাহিনী তো গোটা

[550]

পৃথিবীতে কুফরী ধর্মহীনতা ও জুলুম-অত্যাচারের কারণে কুখ্যাত ছিলই। তারা পশ্চিমা প্রভুদের ইশারা ছাড়া কিছুই করতো না। কিন্তু বেদনাদায়ক বিষয় হলো ওই মজলুমদের অবস্থা যাদের প্রতিশোধ স্পৃহা তাদের সামনে আপন পরের পার্থক্য মুছে দিয়েছিল। এই মূর্খের দল নারী-পুরুষ শিশু কাউকে ক্ষমা করেনি। কিছু তথ্যসূত্র মোতাবেক, মুজাহিদীনের হামলায় জেল ভেঙে বন্দী মুক্তির সুযোগ নিয়ে কিছু সরকারি দালাল বন্দীদের ভেতর ঢুকে যায়। মুজাহিদদের নামে তারা জনসাধারণের রক্তপাত ঘটায়। এই গোপন এজেন্টরা শুরুতে সেনাবাহিনীর ব্যাপারে শত্রুতার মনোভাব দেখিয়ে মুজাহিদীনের আস্থা অর্জন করে এবং পরবর্তী তাদের পোশাকে জনসাধারণের উপর হামলা করে। যাই হোক, ওই দল অন্য দলের মুজাহিদীনের বিরুদ্ধেও হত্যাকাণ্ড ও গুপ্ত হত্যার মতো অপরাধ আরম্ভ করে।

জিহাদের নামে এই অজ্ঞতাপ্রসূত কর্মপন্থা প্রকাশিত হবার পর বিশুদ্ধ দৃষ্টিভঙ্গি ও অভিজ্ঞতা সম্পন্ন যে সমস্ত মুজাহিদ আফগানিস্তানে রাশিয়ার বিরুদ্ধে জিহাদে অংশগ্রহণ করেছিলেন, তারা এবং উলামায়ে কেরাম তাদেরকে উপদেশ দেন। কিন্তু তারা এতটাই পাষণ্ড ছিল যে, উপদেশদাতারাই তাদের সবচেয়ে বড় শত্রু হয়ে যায়। তাদের কাজে কেউ বাধা দিতে এলেই তাকে কাফের বলতে আরম্ভ করে এবং খারেজীদের পদাঙ্ক অনুসরণ করে বিরোধী সবাইকে কাফের বলে ফাতওয়া দেয়। এরপর উলামায়ে কেরাম ও সৎকর্মশীল ব্যক্তিদেরকে প্রতারণা করে হত্যা করতে আরম্ভ করে। কেউ বিরোধিতা করলেই কাফের বলে আখ্যায়িত করে এবং তার জীবন সম্পদ ও সম্মান পদদলিত করে। তাদের দৃষ্টিভঙ্গি এমন ছিল—যারা আমাদের সাথে নেই, তারা সরকারের সাথে; আর সরকারের কুফরীর কারণে তারাও কাফের, এমন প্রত্যেকের বিরুদ্ধে তাদের

[551]

যুদ্ধ। অজ্ঞদলের কথা হলো, যে তাদের আমিরের সিদ্ধান্ত মেনে নেবে না, তাকে বিভিন্ন অপবাদ দিয়ে ধর্মত্যাগী বলা হবে, মা-বোনদের সম্ভ্রমহানি করা বৈধ হবে। যখন তারা কাউকে কাফের বলতো, তখন তার স্ত্রী সন্তানদেরকে হত্যা করা এবং মা-বোনদের সম্ভ্রমহানি বৈধ মনে করতো।

অবশেষে খারেজীদের পথে চলে এই গ্রুপ নিজেদের মাঝে হানাহানি করে। নিষ্ঠাবান মুজাহিদীন তাদের থেকে আলাদা হয়ে সংঘবদ্ধ হবার পর তারা ধীরে ধীরে দুর্বল হতে আরম্ভ করে। অবশেষে ২০০২ সালে কসাই আন্তার জাওয়াবেরি মারা যাওয়ার পর এই দলের বিলুপ্তি ঘটে।

শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহকে শায়খ উসামা রহিমাহুল্লাহ এবং শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহ ১৯৯৫ সালে আলজেরিয়ায় প্রেরণ করেন। সে সময় আলজেরিয়ায় জামাল জায়তুনী নেতৃত্ব লাভের পর আন্দোলনে বিশৃঙ্খলা ছড়ানোর সংবাদ আসতে থাকে এবং বোঝা যেতে থাকে, এই জামাতের চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গি আহলুস সুন্নাহ ওয়াল জামাআতের মানহাজ থেকে বিচ্যুত।

শাখ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ আলজেরিয়ায় পৌছার পর যথাসম্ভব সংস্কারের চেষ্টা করেন। তাদেরকে বোঝান যে, জনসাধারণকে গণহত্যা করা জুলুম; শরীয়তে এর কোনো বৈধতা নেই, আর আমাদের বিরোধিতা করলেই কেউ কাফের হয়ে যাওয়া জরুরি নয়। কিন্তু ক্ষমতার নেশায় তারা মাতাল হয়ে গিয়েছিল। তারা শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর হাতে প্রেরিত শায়খ উসামা রহিমাহুল্লাহর উপদেশের জবাবে ঠাট্টা- বিদ্রূপ আরম্ভ করে দেয়। আনতার জাওয়াবেরীকে যখন শায়খ রহিমাহুল্লাহ শায়খ উসামা রহিমাহুল্লাহর উপদেশমূলক পত্র প্রদান করলেন, তখন সে অট্টহাসিতে

[552]

ফেটে পড়ে বলে: (আমাদেরকে উপদেশ দানকারী) এই লোক কলম চালাতে পারে; জিহাদের কী জানে?

এক কথায় শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ লিবিয়ার কিছু সাথিকে নিয়ে তাদের সংশোধনে আত্মনিয়োগ করেন। খুব দ্রুতই এই পথভ্রষ্ট গ্রুপ অনুভব করে, এভাবেই যদি তাদের দৃষ্টিভঙ্গির সমালোচনা করা হয় এবং উলামায়ে কেরাম তাদের কার্যক্রমকে শরীয়ত বহির্ভূত বলতে থাকেন, তাহলে তাদের কর্মীরা দল ছেড়ে চলে যেতে থাকবে। তাই তারা শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ এবং তার সাথিদেরকে হত্যা করার সিদ্ধান্ত নেয়। শায়খ রহিমাহুল্লাহকে বন্দী করা হয় কিন্তু আল্লাহর ইচ্ছায় তিনি জালিমদের কারাগার থেকে মুক্তি লাভ করেন। কিন্তু তার অন্যান্য সাথি বন্দী থাকা অবস্থায় জালিমদের হাতে শাহাদাত বরণ করেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

আলজেরিয়ার তিক্ত অভিজ্ঞতা শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর জ্ঞান ও উপলব্ধিতে গভীরতা নিয়ে আসে। জিহাদী আন্দোলনকে নববী মানহাজ থেকে বিচ্যুত করার সকল চোরা পথ তিনি চিনে নেন। তিনি এমন ইলমী বিচ্যুতি অনুভব করার যোগ্যতা লাভ করেন, যা ব্যক্তিকে সীরাতে মুস্তাকীম থেকে দূরে সরিয়ে দিতে আরম্ভ করে। এক কথায় আলজেরিয়ার ইতিহাস শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহকে মুজাহিদীনের শিক্ষা দীক্ষা ও সংশোধনের কাজে যুগের ইমাম বানিয়ে দেয়।

মুজাহিদীনের সংশোধনকারী ও পথপ্রদর্শক
শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ জালেমদের থাবা থেকে মুক্ত হয়ে পুনরায় আফগানিস্তানে পৌঁছেন। সেখানে আমীরুল মুমিনীন

[553]

মোল্লা মুহাম্মাদ উমর রহিমাহুল্লাহ প্রতিষ্ঠিত ইমারতে ইসলামিয়ার শাসনকাল চলছিল এবং শরীয়তের বসন্ত যাচ্ছিলো। আফগানদের ভূখণ্ড গোটা পৃথিবী থেকে আগত দীন রক্ষার সংগ্রামে নিয়োজিত মুহাজিরদের আশ্রয়স্থল ছিল। শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহকে সেখানে জিহাদের নেতৃবৃন্দের তত্ত্বাবধানে মুজাহিদীন এবং তাদের সন্তানদের শিক্ষা দীক্ষার দায়িত্ব অর্পণ করা হয়। আফগানিস্তানে নৃশংস মার্কিন হামলার পর শায়খ আতিয়াতুল্লাহ্ রহিমাহুল্লাহ অপরাপর মুহাজিরদের সঙ্গে প্রতিবেশী দেশগুলোতে গমন করেন। সেখানে একটা সময় পর্যন্ত আত্মগোপনে থেকে ইন্টারনেটের মাধ্যমে গোটা বিশ্বের মুজাহিদীনকে দিকনির্দেশনা দিতে থাকেন। শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ মুরুব্বী বা অভিভাবক ছিলেন আবার দাঈও ছিলেন। তিনি কট্টরপন্থা ও বাড়াবাড়ি যে সমস্ত পথ দিয়ে আন্দোলনের প্রবেশ করতে পারে, সেসকল পথ সম্পর্কে ওয়াকিবহাল ছিলেন। এ বিষয়ে তার দৃষ্টি খুবই সূক্ষ্ম ছিল। আফগানিস্তানে ও ইরাকে মার্কিন হামলা ও জুলুম-নির্যাতনের নতুন যুগ কয়েকটি নতুন জিহাদী ময়দান তৈরি করে। আফগানিস্তানের মতো ইরাকেও একটি বড় জিহাদী আন্দোলন আবির্ভূত হয়। ফিলিস্তিনে বিপ্লবী আন্দোলন বেগবান হয়। আলজেরিয়ার নিষ্ঠাবান মুজাহিদীন নতুনভাবে সারিবদ্ধ হন এবং সত্য বিচ্যুত লোকদেরকে ছাঁটাই করে জিহাদ সাজিয়ে তুললে জাযিরাতুল আরব—বিশেষ করে ইয়ামেনের গোত্রগুলোতে তারা জিহাদের রশ্মি ছড়াতে আরম্ভ করেন। এই সময়ের ভেতর শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ এই সকল জিহাদী ময়দানের পথপ্রদর্শক ও অভিভাবক হয়ে ওঠেন। তিনি সাংগঠনিক দায়িত্ব পালনের মধ্য দিয়ে প্রত্যেক মুজাহিদের সংশোধন করতেন, প্রিয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সীরাতের

[554]

আলোকে জিহাদে শরঈ রাজনীতি এবং জিহাদী কার্যক্রমের মধ্যকার কল্যাণ-অকল্যাণ বোঝাতেন।

প্রান্তিকতা বিলোপকারী

শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ যেমন ভারসাম্যচ্যুত কট্টরপন্থিদেরকে জিহাদের জন্য ধ্বংসাত্মক ব্যাধি মনে করতেন, একইভাবে কাফেরদের সামনে নত এবং জাগতিক তুচ্ছ সম্পদের জন্য দ্বীন বিক্রয়কারীদেরকেও মন্দ বলতেন। তিনি মুজাহিদীনের জন্য এমন সমাজ ব্যবস্থা বোঝার গুরুত্ব বর্ণনা করতেন, যে সমাজে তারা জিহাদ করছে। মুজাহিদীন নেতৃবৃন্দকে তিনি বোঝাতেন যে, জিহাদ ও দাওয়াতের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়কে ফোকাস করতে হবে এবং তারই ভিত্তিতে ঐক্যবদ্ধ হতে হবে। শাখাগত মতবিরোধ এই পথে যেন প্রতিবন্ধক না হয়। শায়খ রহিমাহুল্লাহ বারবার কতক মুজাহিদের দৃষ্টিভঙ্গির সংশোধন করে দিয়েছেন, যারা শুধু নিজেদেরকেই মুসলিম উম্মাহ মনে করতো। তিনি বলতেন, তারা যেন নিজেদেরকে উম্মাহর অংশ মনে করে এবং তাদের বাইরে উম্মাহর অন্য অংশের প্রতি সহনশীল ও স্নেহশীল থাকে।

একদিকে যখন কাফেররা সবদিকে জয়ী হচ্ছে, শতাব্দী কালের দাসত্বের প্রভাব মুসলিম সমাজে ছড়িয়ে রয়েছে, অপরদিকে মিডিয়া ও সকল প্রচার মাধ্যম কাফেরদের এবং তাদের সহযোগীদের হাতে চলে গিয়েছে — এমন নাজুক অবস্থায় সংবেদনশীল কিছু বিষয় মুসলিম জনসাধারণকে বোঝানো খুবই কঠিন ব্যাপার। তাই সে বিষয়ে মুজাহিদীনের কৌতুহল থেকে বেঁচে থাকা উচিত। আমাদের উচিত সাইয়েদুনা আলী ইবনে আবি তালেব রাযিয়াল্লাহু আনহুর উক্তি আমলে নিয়ে

[555]

আমাদের দাওয়াত বেগবান করা। হযরত আলী রাযিয়াল্লাহু আনহু বলেছেন : حدثوا الناس بما يفهمون أو يعرفون - অর্থাৎ "লোকদেরকে এমন পন্থায় সম্বোধন করো, যা তারা বোঝে।"

ইরাকের জিহাদে পথপ্রদর্শন

ইরাকে মার্কিন হামলার পর যখন সেখানে নতুন জিহাদী আন্দোলনের অভ্যুদয় ঘটে, তখন কিছু বিষয়ে কঠোরতা ও বাড়াবাড়ি শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ এবং অন্যান্য নেতৃবৃন্দ শুরু থেকেই আঁচ করতে পারেন। এ কারণেই মুহসিনে উম্মাহ শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহকে ইরাকে মুজাহিদীনের পথ প্রদর্শনের জন্য নিযুক্ত করেন। ইরাকে আসাদুল ইসলাম (ইসলামের সিংহ) শায়খ আবু মুসআব যারকাবী রহিমাহুল্লাহর নেতৃত্বে মুজাহিদীন সংগঠিত হতে থাকেন। শায়খ যারকাবী শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর ইলমী মর্যাদার কারণে তাকে সীমাহীন শ্রদ্ধা করতেন। শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ ইরাকি মুজাহিদীনকে এবং তাদের নেতৃবৃন্দকে নসীহত করেন—বিশেষ করে জনসমাগমের স্থানগুলোতে পরিচালিত হামলায় মুসলিমদের রক্তপাতের ব্যাপারে অবহেলা এবং ইরাকি গোত্র ও উলামায়ে কেরামের ব্যাপারে কঠোর অবস্থান তিনি চিহ্নিত করে দেন, এসবের ভয়াবহ পরিণতির ব্যাপারে সতর্ক করেন। এক প্রবন্ধে তিনি শায়খ যারকাবী রহিমাহুল্লাহ এবং ইরাকের মুজাহিদীনকে অত্যন্ত স্নেহ ও মায়া ভরে তিনটি গুরুত্বপূর্ণ নসীহত করেন। প্রথমটি ছিল হত্যাকাণ্ডে সতর্কতা অবলম্বন এবং শুধু রণাঙ্গনে শত্রুপক্ষের মাঝেই যুদ্ধের পরিসর সীমিত রাখার বিষয়ে... দ্বিতীয় উপদেশে বন্দীদেরকে জবাই করা এবং তার ভিডিও

প্রকাশ করতে নিষেধ করা হয়েছিল ... তৃতীয় উপদেশে বন্দীদের মুক্তির বিনিময়ে এমন দাবি পেশ করার কথা বলা হয়েছিল, যা মেনে নেয়া শত্রুপক্ষের জন্য সম্ভব। একইভাবে নিজের অন্যান্য চিঠিপত্র ও প্রবন্ধেও তিনি ইরাকি মুজাহিদদেরকে ধারাবাহিকভাবে শরীয়াহ অনুসরণ এবং জিহাদী কল্যাণ সমূহের প্রতি যত্নবান হবার নসীহত করেন। এটা ২০০৫ সাল থেকে ২০০৬ সালের মাঝামাঝি সময়ের কথা।

কিছু জযবাতি অনবহিত যুবক সেসময় শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর ব্যাপারে মিডিয়াতে ভুলভাল কথা বলে এবং তার নসীহতগুলোকে ইরাকের মুজাহিদীন এবং ইসলামের সিংহ আবু মুসআব যারকাবী রহিমাহুল্লাহর প্রতি বেয়াদবি গণ্য করে, শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহকে অনুচিত কথা বলে। সে সময় শায়খ যারকাবী রহিমাহুল্লাহ উচ্চতর বিনয়ের দৃষ্টান্ত দেখিয়ে বিবৃতি প্রকাশ করেন। সেখানে তিনি মুজাহিদীনের ওপর শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর ইলমী ও জিহাদী মর্যাদা স্পষ্ট করে তার দুর্নাম করতে বারণ করেন। শায়খ যারকাবী রহিমাহুল্লাহর বিবৃতির শিরোনাম ছিল دعـــوا عطية الله فإنه أعلم بما يقـــول - অর্থ ‘আতিয়াতুল্লাহ'র ব্যাপারে কথা বলো না; তিনি যা বলছেন সে বিষয়ে তিনি ভালো জানেন’।

ওই বিবৃতির কিছু অংশ উদ্ধৃত করলে শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর ইলমী ও জিহাদী মর্যাদা পাঠকবর্গ উপলব্ধি করতে পারবেন। সেই সঙ্গে শায়খ যারকাবী রহিমাহুল্লাহর উচ্চতর নৈতিকতা ও বিনয় ফুটে উঠবে। শায়খ যারকাবী রহিমাহুল্লাহর বিবৃতির ভাষ্য এমন ছিল:

« শুরুতে স্পষ্ট করে নেয়া ভালো যে, মুজাহিদীনের জেনে রাখা উচিত এবং আল্লাহ জানেন যে, আমি বিনয়ের

কারণে এ কথা বলছি না ; বরং এটা একটা বাস্তবতা ... ভাই আতিয়াতুল্লাহ্ আপনাদের এই ছোটো ভাইয়ের (আমার) বড় ভাই এবং তিনি একজন আলেম শায়খ; অথচ আমি এমন নই। আমি তো মুসলিম জনসাধারণের একজন এবং এই দীনের সেনাবাহিনীর এক সিপাহি। প্রশংসনীয় গুণাবলির চেয়ে আমার দোষ -ত্রুটি ও ভুলভ্রান্তি বেশি। আল্লাহর কাছে কামনা , তার সাক্ষাৎ লাভের আগ পর্যন্ত যেন তার দীনের সঙ্গে যুক্ত রাখেন এবং খাতেমা বিলখায়ের (উত্তম মৃত্যু) দান করেন ! কত পার্থক্য ... এক ব্যক্তি নিজের জীবন খেল তামাশায় নষ্ট করেছে আরেকজন যৌবনকাল থেকেই জিহাদের ভূখণ্ডে নিয়োজিত। এখন যা বলা হলো এগুলো আমার সামনের আলোচনার ভূমিকা। আসল কথা হলো, মুজাহিদীনের জেনে রাখা উচিত , আমাদের বড় ভাই শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ এমন ব্যক্তিদের অন্তর্ভুক্ত যাদের বেশ কয়েকটি জিহাদী রণাঙ্গনে অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে। যার কারণে তাদের মাঝে গভীর পর্যবেক্ষণ , পরিপক্ক অভিজ্ঞতা এবং কাজের পরিণতি সম্পর্কে গভীর দৃষ্টি রয়েছে (— অন্তত তাদের ব্যাপারে এমনটাই আমাদের ধারণা , আল্লাহ তাদের ব্যাপারে ভালো জানেন এবং আমরা আল্লাহর হুকুমের বাইরে কারও পবিত্রতা ঘোষণা করি না)। তাই তিনি মুজাহিদীনের সামনে উপস্থিত ইস্যুতে নিজের দৃষ্টিভঙ্গি প্রকাশ করার যোগ্য।[86]

খোরাসানের ইমারত

ওয়াজিরিস্তানে মুজাহিদীন সমবেত হবার পর শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহও তথায় গমন করেন। এখানে তিনি প্রথমে আফগানিস্তান ও ওয়াজিরিস্তানে শায়খ মুস্তফা আবুল ইয়াজীদ

---

86 خطاب الشيخ أبي مصعب الزرقاوي رحمه الله المعنون ب دعوا عطية الله فإنه أعلم بما يقول وهو خطابه السادس والعشرين
শাইখ আবু মুসআব যারকাবী রহমাতুল্লাহি আলাইহি এর ২৬ তম বিবৃতি।

রহিমাহুল্লাহর সহকারী এবং পরবর্তীতে শায়খ মুস্তফা রহিমাহুল্লাহ মার্কিন ড্রোন হামলায় শাহাদাতের পর আল-কায়েদায় শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর দ্বিতীয় নায়েব হন। ফিলিস্তিন আলজেরিয়া ইরাক ইয়ামেন পাকিস্তান সহ গোটা বিশ্বের মুজাহিদীনের মাঝে শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর ব্যক্তিত্ব অনন্য ছিল। গোটা বিশ্বের মুজাহিদীন তার ইলমী অবস্থান ও গভীরতা স্বীকার করতেন। নিজেদের জটিল শরীয়তী বিষয় সমূহে তার শরণাপন্ন হতেন। সকলেই তার সিদ্ধান্তে আস্থা পোষণ করতেন। জিহাদী দায়িত্ব লাভের আগে এবং দায়িত্ব পালনকালে তিনি বিভিন্ন বয়ান বক্তৃতা চিঠিপত্র প্রবন্ধ ব্লগ পুস্তক পত্রিকা ইত্যাদির মাধ্যমে দীন ও জিহাদের দাওয়াত বিস্তারের পাশাপাশি জিহাদী মানহাজ সংস্কার এবং নববী পন্থায় জিহাদ ঢেলে সাজিয়ে ভুল-ভ্রান্তি অপসারণে দৃষ্টান্তহীন ভূমিকা পালন করেন। আমার রায়, শায়খ আবদুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর পর মুজাহিদীনের আকায়েদ আখলাক আমাল তথা আকীদা- বিশ্বাস চারিত্রিক উৎকর্ষ ও আচরণবিধি নববী সীরাত ও শরঈ রাজনীতির আলোকে ঢেলে সাজাবার ক্ষেত্রে সর্বাধিক গুরুত্বপূর্ণ ভূমিকা শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর। আল্লাহ তাআলার পক্ষ থেকে শায়খ উসামা রহিমাহুল্লাহ এবং শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহর প্রতি বিশেষ অনুগ্রহ এই ছিল যে, তিনি শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর মতো আলেমে রব্বানী, হেকমতওয়ালা, প্রজ্ঞাবান, বুদ্ধিমত্তা ও গভীর উপলব্ধির অধিকারী, দীন দুনিয়ার কল্যাণ অনুধাবনকারী এবং অপরকে বোঝাবার যোগ্যতা সম্পন্ন, সর্বজনপ্রিয় সহচর উপদেষ্টা ও সহকারী দান করেছিলেন। সমকালীন জিহাদী চিন্তাধারা এবং বিশেষভাবে আল-কায়েদার মানহাজ, কর্মপন্থা, চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গি

[559]

বিন্যস্ত আকারে উপস্থাপনের কৃতিত্ব সবচেয়ে বেশি শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহই। এ সম্পর্কে তার বিস্তারিত সাক্ষাৎকার এবং সংক্ষিপ্ত পুস্তিকা খুবই উপকারী।[87]

পাকিস্তান জিহাদে সংস্কার কর্ম

২০০১ সালে আফগানিস্তানে বর্বর মার্কিন হামলার পর শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ অপরাপর হিজরতকারীদের মতো আফগানিস্তানের প্রতিবেশী কোনো দেশে গমনের সিদ্ধান্ত নেন। পরবর্তীতে যখন ইরাকে জিহাদী কার্যক্রম সংগঠিত হয়, তখন শায়খ উসামা রহিমাহুল্লাহ ইরাকের মুজাহিদীনের পথ প্রদর্শনের জন্য তাকে ইরাকে প্রেরণ করেন। শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ ভ্রমণ জটিলতার কারণে ইরাকে প্রবেশ করতে পারেননি বটে; কিন্তু কাছাকাছি গিয়ে অবস্থা পর্যবেক্ষণ করতে থাকেন এবং ইরাকি মুজাহিদীনের পথ প্রদর্শন ও সংস্কারের দায়িত্ব চিঠিপত্র ও লেখালেখির মাধ্যমে পালন করতে থাকেন। অতঃপর যখন গোত্রীয় অঞ্চল এবং বিশেষ করে ওয়াজিরিস্তানের গোত্রগুলো হিজরত ও জিহাদের কেন্দ্রীয় ভূমি হয়ে ওঠে, তখন শায়খ উসামা রহিমাহুল্লাহ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহকে তথায় প্রেরণ করে সেখানকার সংগঠনের সাধারণ দায়িত্বশীল শায়খ মুস্তফা আবুল ইয়াজিদ রহিমাহুল্লাহর সহকারী হিসেবে দায়িত্ব পালন করতে বলেন। এটা সেই সময়কার কথা, যখন এক দিকে আফগানিস্তানে ক্রুসেডারদের বিরুদ্ধে ইসলামের ইতিহাসের গুরুত্বপূর্ণ রণাঙ্গন উত্তপ্ত ছিল এবং আল-কায়েদা আফগানি ভাইদের কাঁধে কাঁধ মিলিয়ে

---

[87] উদাহরণস্বরূপ আল -হিসবা ফোরামকে দেয়া তার শত পৃষ্ঠা সংবলিত সাক্ষাৎকার, انفذ على رسلك। গ্রন্থ এবং খারিজীদের জবাবে তার রচিত সংক্ষিপ্ত পকেট বুক ইত্যাদি। শাইখ আতিয়াতুল্লাহ রহমাতুল্লাহি আলাইহি'র সকল রচনা ও বয়ান বক্তৃতা الاعمال الكاملة। নামে ইনসাইক্লোপিডিয়া আকারে সংকলিত ও প্রকাশিত হয়েছে, যা পাঠ করা জিহাদী দৃষ্টিভঙ্গি ও মানহাজ বোঝার জন্য খুবই উপকারী।

শরীরে বারুদ বেঁধে আমেরিকানদেরকে ছিন্ন বিচ্ছিন্ন করে দিচ্ছিলো, অপরদিকে লাল মসজিদ ও গোত্রীয় অঞ্চলে পাকিস্তানি সেনাবাহিনীর নৃশংস ধারাবাহিক অপারেশনের পর আমেরিকানদের গোলাম পাক ফৌজ ও সরকারের বিরুদ্ধে মুজাহিদীন সক্রিয় ছিলেন। আল-কায়েদার সাথিরা একদিকে যেমন আফগানিস্তানে ক্রুসেডারদের রণাঙ্গনে ক্রিয়াশীল ছিল, অপরদিকে পাকিস্তানের ফ্রন্টে গোত্রীয় অঞ্চল ও অন্যান্য পাকিস্তানি ভাইদের কাঁধে কাঁধ মিলিয়ে প্রতিরোধ জিহাদে ব্যতিব্যস্ত ছিল। এমন পরিস্থিতিতে শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ একজন আলেমে দীন ও জিহাদের মুরুব্বী হিসেবে পাকিস্তানি মুজাহিদীনের— বিশেষ করে গোত্রীয় অঞ্চলের মুজাহিদীনের সঙ্গে সাক্ষাৎ করতে থাকেন, তাদেরকে দিকনির্দেশনা ও গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান করেন। আমার সঙ্গেও শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর প্রথম সাক্ষাৎ ২০০৮ সালের গ্রীষ্মকালের ওই সময় হয়েছে, যখন তিনি উত্তর ওয়াজিরস্তান ভানায় আহমদ যাঈ ওয়াজির গোত্রগুলোর মুজাহিদীনের আমন্ত্রণে নৈশ ভোজের আয়োজনে শায়খ মুস্তফা আবুল ইয়াজীদ রহিমাহুল্লাহর সঙ্গে আগমন করেছিলেন।

যেহেতু পাকিস্তানে নিয়মতান্ত্রিকভাবে জিহাদী কার্যক্রম শুরু হয়েছিল সেনাবাহিনীর জুলুম নির্যাতনের প্রতিক্রিয়া হিসেবে, এ কারণে সেটি প্রতিরোধ জিহাদ ছিল— যা পূর্ব পরিকল্পিতভাবে সুশৃঙ্খল পন্থায় সূচনা করা যায়নি; যার যখনই সুযোগ হয়েছে, আমেরিকার গোলাম বিশ্বাসঘাতক পাক-ফৌজ ও সরকারের ওপর হামলা পরিচালনায় ব্যস্ত থাকতে হয়েছে। এমন পরিস্থিতিতে অভিজ্ঞতাহীনতা, ইলমে দীনে অপরিপক্কতা, শরঈ রাজনীতি সম্পর্কে অনভিজ্ঞতা এবং কুচক্রী মহলের ষড়যন্ত্রের কারণে পাক মুজাহিদীনের হাতে কিছু অনাকাঙ্ক্ষিত ঘটনা

[561]

ঘটে। এটা খুব সম্ভব ওই সময়ের কথা, যখন একদিকে শায়খ মুস্তফা আবুল ইয়াজীদ রহিমাহুল্লাহ মার্কিন ড্রোন হামলায় শাহাদাত বরণ করেছিলেন, অপরদিকে গোত্রীয় অঞ্চলের মহান নেতা- আমীর বাইতুল্লাহ মেহসুদ রহিমাহুল্লাহ শাহাদাত বরণ করেছিলেন। এই অবস্থায় শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ নিজ দায়িত্ব উপলব্ধি করেন এবং পাকিস্তানি ও গোত্রীয় অঞ্চলের মুজাহিদীনের সংশোধন, পারস্পরিক সুসম্পর্ক তৈরি, শরীয়াহ বহির্ভূত কার্যক্রমে বারণ এবং মুসলিমদের প্রাণ ও সম্পদের বিষয়ে সতর্কতা অবলম্বনের উপদেশ দিতে আরম্ভ করেন। এ সময়ে গোত্রীয় অঞ্চলের অধিকাংশ মুজাহিদ নেতৃবৃন্দের সঙ্গে তার দীর্ঘ বৈঠক হয় এবং তিনি প্রজ্ঞা ও মহব্বতের সাথে শরীয়াহ বহির্ভূত, উপকারবিহীন ও ক্ষতিকর সামরিক কার্যক্রম বন্ধের চেষ্টা করেন। তিনি নিজের পর্যবেক্ষণ অনুযায়ী আলজেরিয়ার জিহাদের মন্দ দিকগুলো চিহ্নিত করেন। পাকিস্তানি মুজাহিদদেরকে এমন সব বিষয় পরিহার করতে বলেন, যেগুলোর কারণে জিহাদের ভরডুবি হতে পারে। যখন দেশের কিছু এলাকায় জনসমাগমের স্থান— মসজিদ, মাজার, জানাযার স্থান, বাজার, সভা সেমিনার, খেলার মাঠ এবং বিশ্ববিদ্যালয়গুলোতে পর্যন্ত জনসাধারণকে মুজাহিদীনের নামে কিছু লোক হামলা করে, তখন জিহাদ ফী সাবীলিল্লাহর বিকৃতি সংশোধনের জন্য উদ্যোগী হন। তিনি সুস্পষ্ট আকারে অকাট্য ভাষায় পাকিস্তানি মুজাহিদীনকে দিকনির্দেশনা দেন। শরীয়তের আলোকে তাদের কার্যক্রমে সংস্কার সাধন, নিজ দলের বাইরের মুজাহিদদের সঙ্গে নম্রতা অবলম্বন, মুসলিম জনসাধারণের রক্তে হাত না রাঙানো এবং বিভিন্ন অজুহাতে মুসলিমদের অর্থ সম্পদ আত্মসাৎ না করার আদেশ দেন, অন্যথায় কঠোর ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন। জনসমাগমের

[562]

স্থানে ধামাকার ফলে মুসলিম জনসাধারণ নিহত হওয়াতে তিনি খুবই ব্যথিত ও বেদনাহত ছিলেন। তা বন্ধের জন্যই তিনি মুসলিমের রক্তপাত হারাম মর্মে এবং মুসলিমদের হত্যায় আনন্দ প্রকাশের ব্যাপারে নিন্দা জানিয়ে একটি বিশদ বিবৃতি প্রকাশ করেন।

তিনি শরীয়াহ মুখী উপলব্ধি ও জিহাদী অভিজ্ঞতার কারণে মুসলিমদের হত্যার ব্যাপারে সীমাহীন সচেতন ছিলেন এবং এ বিষয়কে দীন দুনিয়া ধ্বংসের পূর্ব প্রস্তুতি মনে করতেন। পাকিস্তানে ক্রমাগত বাজার খেলার মাঠ মাজার ও মসজিদে সংঘটিত রক্তপাতগুলোতে তিনি সীমাহীন অনুতপ্ত ও ব্যথিত ছিলেন। এসব ঘটনায় তীব্র নিন্দা জানানো, নিজেকে এসব থেকে মুক্ত ঘোষণা করা এবং যোদ্ধাদেরকে সর্বশক্তি দিয়ে এসব হামলায় বাধা দেয়া তিনি কর্তব্য বলে মনে করেন।

২০১১ সালের যে সময়ে পাকিস্তানে জিহাদী কার্যক্রমের মধ্য দিয়ে মুসলিমদের রক্তপাতে তিনি পেরেশান ছিলেন এবং এজাতীয় হামলা বন্ধের জন্য প্রচেষ্টা করে যাচ্ছিলেন, তখন এক অদ্ভুত ঘটনা ঘটে। শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ এবং আল-কায়েদার নেতৃবৃন্দ মুসলিমদের রক্তের ব্যাপারে কতটা সতর্ক এবং জিহাদী কর্মবিধি এসব থেকে মুক্ত রাখার ব্যাপারে কতটা সচেতন, ঐ ঘটনা দ্বারা তা অনুমান করা যায়। মূল ঘটনা হলো: শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ একজন আনসার ওয়াজিরিস্তানী ড্রাইভারের সঙ্গে উত্তর ওয়াজিরিস্তানের প্রসিদ্ধ এলাকা দত্তা-খেয়লের কাছে তার একজন ঘনিষ্ঠ বন্ধু শায়খ ইবরাহীম আল মাগরিবি হাফিযাহুল্লাহর ঘরে গমন করেন। সে সময়ে শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ আমেরিকানদের মোস্ট ওয়ান্টেড তালিকায় ছিলেন। আলকায়েদার নেতা হওয়ার পাশাপাশি খোস্তে মার্কিন সিআইএ'র শীর্ষস্থানীয় কর্মকর্তাদের ওপর পরিচালিত ডক্টর [563]

আবু দুজানা রহিমাহুল্লাহর ফিদায়ী হামলার তিনি মাস্টারমাইন্ড ছিলেন। যাই হোক যেইমাত্র শাইখ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর গাড়ি শায়খ ইবরাহীম আল মাগরিবি'র ঘরের বাইরে থামলো এবং তিনি গাড়ি থেকে বাইরে পা রাখলেন, অমনি নিকৃষ্ট কাপুরুষ আমেরিকানরা ড্রোন মিসাইল দিয়ে তার গাড়িতে হামলা করে। শায়খের গাড়ি ধ্বংস হয় এবং তার আনসার ড্রাইভার শহীদ হন। শায়খ রহিমাহুল্লাহ দৌড়ে ঘরে প্রবেশ করেন। মেহমানখানায় প্রবেশ করা মাত্রই তিনি শায়খ ইবরাহীম হাফিযাহুল্লাহকে বলেন: আমার রেকর্ডিং শুরু করুন।' তখনই তার বিখ্যাত বিবৃতি রেকর্ড করাতে আরম্ভ করেন। সেই বিবৃতিতে পাকিস্তানে বসবাসরত মুসলিম জনসাধারণের রক্ত প্রবাহে তার নিজের এবং তার সংগঠনের সম্পর্কহীনতা ঘোষণা করেন। পাকিস্তানি মুজাহিদীন এবং বিশেষ করে ফিদায়ী মুজাহিদীনকে মুসলিমদের রক্তের ব্যাপারে আল্লাহকে ভয় করার নসীহত করেন। এই বিবৃতি সে সময় রেকর্ড করা হচ্ছিলো, যখন সফরসঙ্গী শাহাদাত বরণ করেছিলেন, ড্রোন মিসাইল বর্ষণ করছিল এবং তিনি নিশ্চিত ছিলেন, পরের মিসাইলটি তার ওপর এসে পড়বে। কিন্তু যেই নাজুক মুহূর্তটি তার কাছে জীবনের শেষ মুহূর্ত বলে মনে হচ্ছিলো তখনও সত্যের পক্ষে সাক্ষী হতে তিনি উদগ্রীব ছিলেন। দুনিয়া থেকে বিদায় নেবার মুহূর্তে তার দ্বারা সত্য প্রকাশিত হবে এই নেশায় তিনি মত্ত ছিলেন এবং আপন মুজাহিদ ভাইদেরকে অনাচার থেকে বাঁচানোর জন্য শেষ চেষ্টা করে যেতে চাচ্ছিলেন। এই ঘটনা মনে রেখে যদি কেউ শায়খের উক্ত ভিডিও দেখে, তাহলে শায়খের ওই মুহূর্তের বিশেষ ঈমানী অবস্থা ও মুহূর্ত অনুমিত হতে পারে। এটাই সেই বিবৃতি, যেখানে তিনি একটি ইলহামী (আসমানি ইশারায় প্রাপ্ত) বাক্য বলেছিলেন, যা মুজাহিদীনের কর্মপন্থা হিসেবে স্বর্ণাক্ষরে লিখে রাখার মতো।

[564]

তিনি বলেছিলেন :

« “এখানে বিস্তারিত আলোচনার সুযোগ নেই ; শুধু মনে করিয়ে দেয়া উদ্দেশ্য। এখানে আমরা নিজেদের অবস্থান পরিষ্কার করছি। এ বিষয়ে শরীয়াহ প্রমাণপঞ্জি ও নির্দেশনা কোন মুসলিমের কাছে গোপন নয়। একজন মুসলিমের প্রাণের মূল্য ও রক্তের হুরমত (সম্মানের কারণে রক্তপাত হারাম হওয়া) বোঝার জন্য নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিম্নোক্ত হাদীসখানা যথেষ্ট : «لَـزَوَالُ الدُّنْيَا أَهْـوَنُ عَلَى اللّٰهِ مِنْ قَتْـلِ رَجُـلٍ مُسْـلِمٍ» অর্থ : গোটা দুনিয়া ধ্বংস হয়ে যাওয়া আল্লাহ তাআলার নিকট কোনো মুসলিমের হত্যার চেয়ে তুচ্ছ [সুনানে তিরমিযী]

অতএব চাই আমাদের অস্তিত্ব বিলীন হয়ে যাক , আমাদের সংগঠন ও দল ভেঙে যাক ; চাই আমাদের সকল পরিকল্পনা ভেস্তে যাক , কিন্তু তবু আমাদের হাতে অন্যায়ভাবে কোনো মুসলিমের রক্ত প্রবাহিত না হোক। এটা খুবই সুস্পষ্ট ও অকাট্য বিষয় কোনো সন্দেহ নেই। ” [শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর ভিডিও বিবৃতি تعظيم حرمة دماء المسلمين যার অনুবাদ : ‘মুসলিমের রক্তের মর্যাদা ’ থেকে সংগৃহীত]

যাহোক শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর জিহাদী নাম ‘মাহমুদ ’-এর মতো আসলেই তিনি মাহমুদ তথা প্রশংসনীয় ছিলেন। সর্বজনপ্রিয় এমন ব্যক্তিত্ব ছিলেন , যাকে এক ঝলক দেখে অথবা একবারের সাক্ষাতে মন থেকে ভালো লেগে যায়। তার নসীহত সচেতন হৃদয়ে প্রভাব সৃষ্টি করতো এবং তার উপদেশে বহু লোক সঠিক পথের দিশা লাভ করতো। উক্ত ড্রোন হামলায় আল্লাহর রহমতে তিনি বেঁচে যান এবং কিছুক্ষণ পর স্থানীয় আনসারগণ তাকে নিরাপদ স্থানে সরিয়ে নেন। তিনি নির্বাহী ও সংস্কারমূলক কার্যক্রম অব্যাহত রাখেন। অবশেষে আরও কিছুদিন পর ২০১১ সালে

বিশ্বাসঘাতক পাক ফৌজের সহায়তায় এক ড্রোন হামলায় সালফে সালেহীনের স্মৃতিচিহ্ন, আফ্রিকা- ভূখণ্ডের আলেমে রব্বানী, মুসলিম উম্মাহর জন্য আল্লাহর দুর্লভ "আতিয়া' বা দান শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ ১৪ বছরের পুত্র ইসামের সঙ্গে জীবনদানকারীর কাছে প্রাণ উৎসর্গ করেন। আল্লাহ তার পবিত্র আত্মার প্রতি সন্তুষ্ট হোন। আম্বিয়া ও সিদ্দিকীনের সঙ্গে হাশরের দিন তাকে মিলিত করুন এবং তার হত্যাকারীদেরকে উপযুক্ত শাস্তি দিন, আমীন।

এখন পাঠকের জন্য একটি আকর্ষণীয় বিষয় উল্লেখ করতে চাই। শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ জীবনের শেষ বছরগুলোতে ‘মাহমুদুল হাসান' সাংকেতিক নাম ব্যবহার করতে শুরু করেন। আমার জানা নেই, এটা ঘটনাক্রমে হয়েছে নাকি ইচ্ছাকৃতভাবে শায়খ আতিয়াতুল্লাহ শায়খুল হিন্দ মাওলানা মাহমুদুল হাসান রহিমাহুল্লাহর নাম নিজের জন্য বেছে নিয়েছেন। অবশ্য শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর মাঝে উলামায়ে দেওবন্দের ভালোবাসা থাকার কারণে তিনি ইমামে জিহাদ শায়খুল হিন্দ রহিমাহুল্লাহর নাম নিজের জন্য বেছে নেয়াটা আশ্চর্যের কিছু নয়। এই নামটাই শাহাদাত লাভের আগ পর্যন্ত নিজের সকল চিঠিপত্রে এবং সাংকেতিক ক্ষেত্রে ব্যবহার করতেন। এ বিষয়টি উম্মাহর উলামায়ে কেরামের প্রতি তার শ্রদ্ধাবোধ ও ভালবাসা বোঝানোর জন্য যথেষ্ট।

অসি ও মসির অধিকারী শায়খ, ফকীহ আবু ইয়াহিয়া হাসান কয়েদে লীবী রহিমাহুল্লাহ
শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর পর খোরাসানে আল-কায়েদার নেতৃত্বভার শায়খ আবু ইয়াহিয়া লিবি রহিমাহুল্লাহ গ্রহণ করেন। তিনিও [566]

শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর মতো রুশ বিরোধী জিহাদের শেষ সময়ে হিজরত করে আফগানিস্তানে আসেন। রাশিয়ার পরাজয়ের পর গৃহযুদ্ধের পরিস্থিতিতে তিনি আলাদা হয়ে ইলমে দীন অর্জনে মনোনিবেশ করেন। এই উদ্দেশ্যে মৌরিতানিয়া গমন করেন এবং দুই বছর সেখানকার মাশায়েখে কেরামের কাছ থেকে ইলম অর্জন করেন। ইলম অর্জনের জন্যই পরবর্তীতে সুদানে এবং তারও পরে পাকিস্তান গমন করেন। পাকিস্তান থেকে তিনি ১৯৯৯ সালে বেফাকুল মাদারিস থেকে শিক্ষা সমাপনী সনদ অর্জন করেন। পরবর্তীতে ইমারতে ইসলামিয়ার আমলে পুনরায় আফগানিস্তানে হিজরত করেন। ১১ই সেপ্টেম্বরের পর করাচি চলে যান এবং সেখানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যাপনা করেন। সে সময়ে শীর্ষস্থানীয় একদল পাকিস্তানি আলেমের দ্বারা তিনি উপকৃত হ,ন যাদের মাঝে হযরত মাওলানা মুফতী নিজাম উদ্দিন শামযাঈ শহীদ রহিমাহুল্লাহর নাম সর্বাগ্রে উল্লেখযোগ্য। করাচি থেকেই মীরজাফর ও মীর সাদেকের উত্তরসূরি আইএসআই'র এজেন্টরা তাকে গ্রেফতার করে এবং অল্প কিছু ডলারের বিনিময়ে মার্কিন মনিবদের কাছে দিয়ে দেয়। আফগানিস্তানে তিনি কুখ্যাত মার্কিন কারাগার বাগরাম জেলে বন্দী জীবন যাপন করেন। সেখানে আল্লাহ তাআলা তার এবং তার তিনজন সহচরের হাতে এক মহান কারামত প্রকাশ করেন। বাগরাম জেলে যেখানে আমেরিকানরা গ্রাউন্ড, ইলেকট্রনিক, এয়ার — সব ধরনের সেফটি ব্যবস্থা করে রেখেছিল, সেখানে আল্লাহ তাআলা এই কারাগার তাদের সামনে ভেঙে দেন। কারাগারের দরজা খুলে গেলে তিনি তিন সাথিসহ পলায়ন করেন। অতঃপর আফগানিস্তানের কয়েকটি প্রদেশ অতিক্রম করে ওয়াজিরিস্তানে আপন সাথিদের কাছে পৌঁছেন। পুরানো বন্ধু এবং লিবিয়ার মহান নেতা শায়খ আবুল লাইস কাসেমী রহিমাহুল্লাহর

[567]

নেতৃত্বে জিহাদী যাত্রা করেন। কিছুকাল পর যখন শায়খ আবুল লাইস কাসেমী[৪৪] বৈশ্বিক জিহাদী আন্দোলনের নেতা শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর হাতে রীতিমতো বায়আতবদ্ধ হন, তখন শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহও আল-কায়েদার শামিল হয়ে যান। তিনি আল-কায়েদার উলামা কমিটির সদস্য ছিলেন এবং পরবর্তীতে জিম্মাদার নিযুক্ত হন। তিনি নিজের ক্লাস ও দাওরার মাধ্যমে শত শত মুজাহিদকে দীক্ষিত করেছেন। জিহাদী বিভিন্ন বিষয়ের উপর পর্যালোচনামূলক প্রবন্ধ, ছোট্ট পুস্তিকা লিখেছেন, যার মাঝে পাক সেনাবাহিনীর বিরুদ্ধে লড়াইয়ের শরীয়ার হুকুম সম্পর্কে حد السنان في قتال حكومة وجيش باكستان - পুস্তিকাটি খাপমুক্ত তরবারি নামে পাকিস্তানি মুজাহিদীনের

---

[৪৪] শাইখ আবুল লাইস কাসেমী রহমাতুল্লাহি আলাইহি আরব মুজাহিদীনের এমন নেতৃবৃন্দের অন্তর্ভুক্ত ছিলেন, যারা আশির দশকে রুশ বিরোধী জিহাদে অংশগ্রহণের জন্য আফগানিস্তানে হিজরত করেছিলেন। রাশিয়ার পরাজয়ের পর লিবিয়ায় ইসলামী শাসন ব্যবস্থা বাস্তবায়নের জন্য লিবিয়ার জিহাদী জামাত 'আল জামাতুল ইসলামিয়া আল-মুকাতিলা'য় যুক্ত হয়ে আল্লাহর দ্বীনের শত্রু ধর্মহীন চিন্তাধারার অধিকারী মুআম্মার গাদ্দাফির দুর্নীতিবাজ সরকারের বিরুদ্ধে জিহাদে অংশগ্রহণ করেন। পরবর্তীতে হিজাজ ভূখণ্ডে গমন করেন এবং সৌদি রাজ পরিবারের কারাগারে বন্দি থাকেন। মুক্তি পাওয়া মাত্রই ইমারতে ইসলামিয়ার আমলে আফগানিস্তানে হিজরত করেন। তিনি মুজাহিদীনের প্রশিক্ষক ও সামরিক নেতা ছিলেন। ইমারতে ইসলামিয়ার পতনের পরপরই উত্তর ওয়াজিরিস্তানকে কেন্দ্র ধরে নিয়ে তিনি ক্রুসেডারদের বিরুদ্ধে জিহাদ সংগঠিত করতে আরম্ভ করেন। বিশেষকরে আফগানিস্তানের খোস্ত, পাকতিকা, পাকতিয়া প্রদেশগুলোতে প্রাথমিক জিহাদী কার্যক্রম চালুর ক্ষেত্রে তিনি এবং তার সাথীরা মৌলিক ভূমিকা পালন করেন। সেই সঙ্গে তিনি শত শত আরব অনারব মুজাহিদের সামরিক প্রশিক্ষণ সম্পন্ন করেন এবং রীতিমতো আমেরিকানদের বিরুদ্ধে তাদেরকে যুদ্ধে অংশগ্রহণ করান। সমকালীন আফগান জিহাদে মাইন ও বারুদের ব্যবহার, আত্মঘাতী হামলার নিয়ম নীতি এবং শহুরে ও পার্বত্য যুদ্ধের বিন্যাস তারই কৃতিত্ব। আফগান মুজাহিদীনের প্রতি তার বিশেষ মনোযোগ থাকতো এবং তার কাছ থেকে প্রশিক্ষণপ্রাপ্ত কতক আফগান মুজাহিদ ইমারতে ইসলামিয়ার অধীনে সারিবদ্ধ হয়ে জিহাদী কার্যক্রমের নেতৃত্ব দেন। ২০০৭ সালে তার পরিকল্পনা ও নেতৃত্বে মুজাহিদীন বাগরাম এয়ারপোর্টে হামলা করে— যখন মার্কিন উপরাষ্ট্রপতি ডেকচিনি বাগরামের এয়ারপোর্টে উপস্থিত ছিল। এছাড়াও আফগানিস্তানে ক্রুসেডারদের বিরুদ্ধে পরিচালিত প্রথম দিকের কিছু অপারেশনে তিনি নেতৃত্ব দেন। যদিও শুরু থেকেই তিনি ঈমানী ভ্রাতৃত্ব বন্ধন এবং পারস্পরিক আস্থার ভিত্তিতে আলকায়দার শীর্ষস্থানীয় নেতৃবৃন্দের পরামর্শ ও সহযোগিতা নিয়ে জিহাদী কাজ করতেন, কিন্তু তার ঘনিষ্ঠ বন্ধু আলেমে রব্বানী শাইখ আবু ইয়াহিয়া লিবি রহমাতুল্লাহি আলাইহি বাগরাম জেল থেকে মুক্তির পর ২০০৭ সালে তিনি শাইখ উসামা বিন লাদেন রহমাতুল্লাহি আলাইহির কাছে রীতিমতো বাইয়াতবদ্ধ হয়ে বৈশ্বিক জিহাদী আন্দোলনে শামিল হয়ে যান। ২০০৮ সালে ওয়াজিরিস্তানের মির আলী এলাকায় পাক ফৌজের বিশ্বাসঘাতকতার ফলে মার্কিন ড্রোন হামলায় তিনি শাহাদাতবরণ করেন। আল্লাহ তাআলা তার প্রতি সন্তুষ্ট হন আমিন!!

মাঝে সবচেয়ে বেশি গ্রহণযোগ্যতা পায়। এছাড়াও তার ফিকহুল জিহাদ বিষয়ক গুরুত্বপূর্ণ কিছু রচনা ও ফাতওয়া রয়েছে। ফিকহ, উসুলে ফিকহ শাস্ত্রে তার বিশেষ পারদর্শিতা ছিল।

ফিকহে হানাফীর উপর পারদর্শিতা তার একটি বৈশিষ্ট্য। হানাফী উলামায়ে কেরামের সঙ্গেও তার নৈকট্য ছিল। এ বিষয়ে ফারুক ভাই রহিমাহুল্লাহ তার দ্বারা প্রভাবিত ছিলেন। তিনি বলতেন, ফিকহে হানাফী সম্পর্কে শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহর অবগতির কারণে আমাদেরকে অনেক শরীয়াহ বিষয় বোঝানো বেশ সহজ হত।

শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহ একজন অগ্নিঝরা বক্তা ছিলেন। তার কথায় আল্লাহ তাআলা অসম্ভব প্রভাব রেখেছিলেন। জিহাদী মিডিয়াতে তার বয়ান বক্তৃতা কত শত অন্তরে জিহাদের অনুপ্রেরণা জাগ্রত করেছিল এবং শাহাদাতের ব্যাকুলতা তৈরি করেছিল! তার আলোচনাভঙ্গি এতটা চিত্ত প্রভাবক ছিল যে, শায়খকে চেনে না এবং আরবী ভাষা জানে না এমন এক ব্যক্তি আমাকে বলেছে: “ভিডিওতে এ ব্যক্তিকে যখন দেখি, তখন বুঝে না আসা সত্ত্বেও অন্তরে জিহাদের আগ্রহ তৈরি হয় এবং তার নিষ্ঠার প্রতি আস্থা চলে আসে।”

শাইখ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ যখন খোরাসানে সংগঠনের আমীর হলেন, শায়খ উসামা রহিমাহুল্লাহ শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহকে তার সহকারী নিযুক্ত করেন। অতঃপর শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর শাহাদাতের পর শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহ আল-কায়েদার প্রধান নিযুক্ত হন। শায়খ উসামা রহিমাহুল্লাহর শাহাদাতের পর শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহ যখন আল-কায়েদার দায়িত্ব গ্রহণ করেন, তখন শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহ তার সহকারী নিযুক্ত হন ।

[569]

শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ এবং শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহ দুজনই গোত্রীয় অঞ্চলে মুজাহিদীনের শিক্ষা-দীক্ষা ও সংশোধনকর্মে অগ্রণী ভূমিকা পালন করেন। ওয়াজিরিস্তানে যে সময়টাতে সংগঠনের নেতৃবৃন্দের ওপর ক্রমাগত হামলা আরম্ভ হয়, তখনো এই উভয়ে হযরত (রহমাতুল্লাহি আলাইহিমা) মুজাহিদীনের সংশোধন ও নসীহতের জন্য সেফটি ব্যবস্থা গ্রহণ করে সাক্ষাতে বেরিয়ে পড়তেন এবং কাজ করতেন। শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহ দাওয়াতী ও ইলমি ব্যক্তিত্বের কারণে গোটা বিশ্বের মুজাহিদীনের আশ্রয়স্থল ছিলেন। উভয়ই আমেরিকার মোস্ট ওয়ান্টেড ছিলেন। একের পর এক তার উপর ড্রোন হামলা হয় কিন্তু আল্লাহ তাআলা তাকে হেফাযত করেন। অবশেষে জুন ২০১২ সালে এক হামলায় তিনি শাহাদাত বরণ করেন। আল্লাহ তাআলা তার প্রতি সন্তুষ্ট হন এবং জান্নাতের উচ্চ মর্যাদা দান করুন, আমীন।

জিহাদী অঙ্গনের শীর্ষস্থানীয় উলামায়ে কেরামের কাছ থেকে ফারুক ভাই রহিমাহুল্লাহর জ্ঞান অর্জন
আলোচনা চলছিল ফারুক ভাই রহিমাহুল্লাহর।
এরই মাঝখানে এত বিশদভাবে জিহাদী উলামা ও মাশায়েখে কেরামের আলোচনার উদ্দেশ্য হল-ফারুক ভাই রহিমাহুল্লাহর জামাত, তার দৃষ্টিভঙ্গি, তার মাশায়েখ মুরুব্বী ও গুরুজনদের সঙ্গে পরিচিত করা। কোনো ব্যক্তির জীবন ও কর্ম তুলে ধরার জন্য তার শিক্ষকবৃন্দ ও মুরব্বিদের আলোচনা খুবই কার্যকরী। ফারুক ভাই রহিমাহুল্লাহর ওপর শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ এবং শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহর বেশ প্রভাব ছিল। তাদের সান্নিধ্য ও সংস্রব ফারুক ভাই রহিমাহুল্লাহর ব্যক্তিত্ব শাণিত করেছিল। এমনিতেই তাঁর মাঝে

[570]

ইলমে দীনের আগ্রহ ছিল, কিন্তু এই উভয় হজরতের নৈকট্য ইলমে দীনে তার গভীরতা যথেষ্ট বাড়িয়ে দিয়েছিল। তিনি যত বিষয়ের সম্মুখীন হতেন; অথবা নিজে সম্মুখীন না হলেও অন্য কারও কাছে শুনতেন; মুজাহিদীনের কেউ যদি কোনো শরীয়াহগত প্রশ্নের সম্মুখীন হত, তিনি সেগুলো নোট করে নিতেন এবং দীর্ঘ সাক্ষাতে এই উভয় হযরতের কাছ থেকে সেগুলোর শরঈ সমাধান করিয়ে নিতেন। সূক্ষ্ম বিষয় হোক কিংবা সর্বজনগোচরে আসার মতো বিষয় হোক, সবকিছুই তিনি এই হযরতদের কাছে গিয়ে সমাধান করতেন। তিনি একাডেমিক পড়াশোনা শেষ করেন জামিয়া ইসলামিয়া ইসলামাবাদ থেকে। ইসলামাবাদের ইসলামী ইউনিভার্সিটিতে উলূমে শরীয়াহর রেজাল্ট ও সার্টিফিকেটে তিনি পুরো ইউনিভার্সিটিতে প্রথম স্থান অধিকার করেছিলেন। আধুনিক ইউনিভার্সিটি হিসেবে যে বিশ্ববিদ্যালয়ে পড়াশোনার উদ্দেশ্য সাধারণত ডক্টরেট ডিগ্রী অর্জন এবং চাকরি-বাকরির দোরগোড়ায় পৌঁছে যাওয়া; যেখানে বর্তমানে সাধারণত শরীয়াহ বিভাগে এমন অধ্যাপকদের দেখা যায় বা শোনা যায়, যারা নিজেরাও স্বতঃস্ফূর্তভাবে দীনের সত্যতার প্রবক্তা বলে মনে হয় না। কাফের গোষ্ঠী এবং তাদের সভ্যতা সংস্কৃতি দ্বারা তারা প্রভাবিত। কিন্তু ফারুক ভাই রহিমাহুল্লাহ যে সময়ে ওই ইউনিভার্সিটিতে পড়াশোনা করেছেন, সে সময় অধ্যাপকদের অধিকাংশই ছিলেন আরব অনারব সৎকর্মশীল মুত্তাকী উলামায়ে কেরাম।

ইসলামী ইউনিভার্সিটি থেকে চলে আসার পর এমনিতে তিনি জ্ঞানযাত্রা অব্যাহত রেখেছিলেন, কিন্তু এরই মধ্যে আরবের এই দুই শায়খের নৈকট্য লাভের পর দ্বিতীয়বার জ্ঞানার্জনের ব্যবস্থা হয়। জিহাদ ও লড়াইয়ের অঙ্গন বিশ্ববিদ্যালয় ও মাদরাসার মতই ইলম চর্চার স্থল। সেখানে যদি উলামায়ে

[571]

রব্বানীর উপস্থিতি থাকে, তাহলে দৈনন্দিন জিহাদী জীবনে শরঈ দিকনির্দেশনা ও জিহাদী ফিকহ জানার এত তীব্র প্রয়োজন দেখা দেয় যে, জ্ঞানপিপাসুরা উলামায়ে জিহাদের পাশে জড়ো হতে শুরু করেন। অতঃপর ফারুক ভাই রহিমাহুল্লাহর ব্যক্তিত্বের একটি বিশেষ দিক হলো: ইলমে দীনের প্রতি ভালোবাসা— যেটাকে ইশক বলা যায়। তিনি এই মাশায়েখে কেরামের সান্নিধ্য ও শিষ্যত্ব লাভ করে ইলমে দীনের স্তরগুলো কিভাবে অতিক্রম করেছিলেন, সে সম্পর্কে কিছু আলোচনা নিম্নে তুলে ধরা হলো:

০১. বিভিন্ন বৈঠকে, শায়খদের বিভিন্ন ক্লাসে তাঁর অংশগ্রহণের সুযোগ হয়। সে সমস্ত ক্লাসে আকীদা ফিকহ থেকে তাযকিয়া ও আত্মশুদ্ধি সবকিছুর আলোচনা হত। সেগুলোর মধ্যে কিছু কিছু ক্লাস স্বয়ং ফারুক ভাই রহিমাহুল্লাহর আবেদনের প্রেক্ষিতে হয়েছে, এমনকি তিনি নিজে সেগুলোতে অনুবাদ করতেন। মুজাহিদীনের সাধারণ বেশ কিছু বৈঠকেও তার অংশগ্রহণের সুযোগ হয়।

০২. ওই শাহখদের সঙ্গে ফারুক ভাই রহিমাহুল্লাহর পরিচয় হয়েছে একজন তালিবুল ইলম হিসেবে। এজন্য প্রথম সাক্ষাতেই তিনি তাদের দিকনির্দেশনায় অধ্যয়ন আরম্ভ করেন। তিনি তাদের কাছে জিজ্ঞেস করে করে কিতাব পড়তে শুরু করেন। ওই কিতাবগুলোর গুরুত্ব ও সারমর্ম শায়খদের কাছ থেকে সরাসরি বুঝে নিতেন। অতঃপর নিজেই অধ্যয়ন শুরু করতেন এবং ওই গ্রন্থগুলোর জটিল জায়গাগুলো নোট করে রাখতেন। পরবর্তী সাক্ষাতে সেগুলো তাদের কাছে জিজ্ঞেস করে সমাধান করতেন। এভাবেই তিনি তাদের তত্ত্বাবধানে জ্ঞানযাত্রা চালিয়ে যান।

০৩. পূর্বে আলোচনা করা হয়েছে যে, তাঁর মনে কোনো চিন্তা এলে, পড়াশোনার সময়ে জটিল কোনো বিষয়ে এলে, জিহাদী অঙ্গনে কোনো সমস্যা বা প্রশ্নের

[572]

মুখোমুখি হলে; এক কথায়, যেকোনো বিষয় ডায়েরিতে নোট করে রাখতেন এবং যখন শায়খদের সঙ্গে সাক্ষাৎ হতো, তখন শরীয়তের আলোকে সেগুলোর সমাধান জেনে নিতেন। তিনি নিজের মনের সকল প্রশ্ন তাদের সঙ্গে উপস্থাপন করতেন।

০৪. মাশায়েখে জিহাদের সাক্ষাতে সবচেয়ে মূল্যবান যে নেয়ামতটিকে ইমাম গাজ্জালী রহিমাহুল্লাহ ইলমে দীনের মগজ বলেছেন; যা ব্যতীত ইলমের উদ্দেশ্য হাসিল হয় না, তা হলো তাযকিয়া ও সুলুক তথা আত্মশুদ্ধি। ফারুক ভাই রহিমাহুল্লাহ ওই হযরতদের সান্নিধ্যে আত্মশুদ্ধির বেশ কয়েকটি স্তর অতিক্রম করেছেন। শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহ শায়খ মুস্তফা আবুল ইয়াজিদ রহিমাহুল্লাহ, আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ, শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহ এমন মহান হযরতগণের অন্তর্ভুক্ত ছিলেন, যাদের মাহফিল ও মজলিসগুলোতে আত্মার ব্যাধির চিকিৎসা হতো। এই হযরতগণ এমন নমুনা ছিলেন, যাদের সান্নিধ্যে কিছু সময় কাটালেও তাদেরকে অনুসরণের আগ্রহ তৈরি হতো। তাকওয়া, খোদাভীতি, ইখলাস, নিষ্ঠা, আল্লাহর প্রতি মনোনিবেশ, তাওয়াক্কুল, ভরসা, আস্থা, মুহব্বত, আল্লাহর সামনে অক্ষমতা প্রকাশ ও বিনয়, মুসলিমদের ব্যাপারে সুধারণা, গীবত ও পরনিন্দা থেকে বিরত থাকা, অধিক তিলাওয়াত ও নফল ইবাদত, হিংসা-বিদ্বেষ ও দুনিয়ার ভালোবাসা থেকে মুক্তি, মুসলিমদের কল্যাণকামিতা, রিয়া ও লৌকিকতা থেকে বেঁচে থাকা, নিজের জন্য প্রতিশোধ না নেয়া —এক কথায় আত্মশুদ্ধির সকল বিষয়ে তাদের কাছে দীক্ষা পাওয়া যেত এবং তাদের চলাফেরা আচার-উচ্চারণ ও চলনে বলনে এ বিষয়গুলো ফুটে উঠতো। তারা কখনও নিজেদের আমল দিয়ে, কখনও উপদেশ দিয়ে, আবার কখনও ক্লাসের মাধ্যমে

[573]

ইতিবাচক প্রভাব তৈরি করতেন। ফারুক ভাই রহিমাহুল্লাহ তাদের সৌরভময় সান্নিধ্য দ্বারা দীর্ঘ সময় উপকৃত হন এবং নিঃসন্দেহে তিনি নিজের ঐ সমস্ত আকাবির হযরতের সর্বাধিক আস্থাভাজন শাগরেদ ও শিষ্য ছিলেন। তার উস্তাদ ও গুরুজনরাই তার ব্যাপারে এমন সাক্ষ্য দিয়েছেন।

বুঝমান, সুসভ্য, উচ্চ মনোবল সম্পন্ন ও নিয়মানুবর্তী ব্যক্তিত্ব
কারও ব্যক্তিত্বের ব্যাপারে তার গুরুজন ও শিক্ষকদের রায় খুবই গুরুত্বপূর্ণ। বিশেষ করে যদি কারও ব্যাপারে শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর মতো ইলমের গভীরতা ও অভিজ্ঞতা সম্পন্ন, দুর্লভ বুদ্ধিমত্তার অধিকারী, জিহাদী পথ প্রদর্শক প্রশংসা করেন, তাহলে এমন ব্যক্তির মর্যাদা অনুমান করা যায়। শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ একদিকে যেমন সুবিবেচক ব্যক্তি হিসেবে প্রসিদ্ধ ছিলেন, অপরদিকে শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর একান্ত সহকারী ছিলেন। নানা আন্দোলন ও ব্যক্তি যাচাই করা, তাদের সংশোধন, মন্দ দিক চিহ্নিতকরণ ইত্যাদি ক্ষেত্রে তার বিশেষ যোগ্যতা ছিল। তিনি শায়খ উসামা রহিমাহুল্লাহর কাছে পাঠানো এক পত্রে ফারুক রহিমাহুল্লাহর ব্যাপারে যে বাক্য লিখেছেন, তা অনবহিত ব্যক্তিদেরকে ফারুক ভাই রহিমাহুল্লাহর মর্যাদা বোঝাতে যথেষ্ট। এই পত্র শায়খ উসামা রহিমাহুল্লাহর শাহাদাতের পর তার ঘর থেকে আমেরিকানদের হাতে যায় এবং তারা পরবর্তীতে প্রকাশ করে। শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ ঐ পত্রে শায়খ উসামাকে লিখেছেন:

[574]

وهناك أخ باكستاني اسمه أحمد فاروق مسؤول السـحاب اوردو وهو رجل فاضل ويعرف العربية بشكل جيد وصــاحب إدارة وعقل وثقافة وهمة ولعلنا ندخله معنا في الشورى هذه المرة

« এখানে একজন পাকিস্তানি ভাই রয়েছেন যার নাম আহমদ ফারুক; আস-সাহাব উর্দুর প্রধান দায়িত্বশীল ; তিনি একজন মর্যাদাবান ব্যক্তি। আরবী ভাষা ভালোভাবে জানেন। একজন বুঝমান , নম্র ভদ্র উচ্চমনোবল সম্পন্ন এবং নিয়মানুবর্তী ব্যক্তি তিনি। এবার তাকে আমাদের শুরা পরিষদে অন্তর্ভুক্ত করা যেতে পারে। »

জিহাদী বিভিন্ন বিষয় বোঝার জন্য আহমদ ফারুকের শরণাপন্ন হন

শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর কাছে একবারে আমি কিছু সাথি ভাইয়ের প্রতিনিধি হিসেবে চলমান পরিস্থিতি , মুজাহিদীনের কার্যনির্বাহ এবং বিশেষ করে পাকিস্তান জিহাদ বিষয়ে আল -কায়েদার অবস্থান বোঝার জন্য একটি প্রশ্নপত্র প্রেরণ করি। এটা শায়খ রহিমাহুল্লাহর শাহাদাতের কিছুদিন আগের কথা। তিনি ওই প্রশ্নের জবাব কয়েক কিস্তিতে দেয়ার প্রতিশ্রুতি দেন। অতঃপর চিঠিপত্র ও অডিও বার্তার মাধ্যমে সেসব প্রশ্নের জবাব দিতে শুরু করেন। তিনি যেহেতু সে সময় আমেরিকার বিশেষ টার্গেট ছিলেন এবং তার উপস্থিতি ধারণা করে আমেরিকা কয়েকটি ড্রোন হামলা করেছিল , এ কারণে তার চলাফেরা পুরোপুরি নিষিদ্ধ ছিল এবং শুধু চিঠিপত্রের মাধ্যমে অন্যদের সঙ্গে তিনি যোগাযোগ রক্ষা করতেন। তখন তিনি অন্যান্য বিষয়ের পাশাপাশি ব্যক্তিগতভাবে আমাকে জিহাদী বিষয়াদি বোঝার জন্য যে পরামর্শ দিয়েছেন , তন্মধ্যে প্রথম পরামর্শটি কিছুটা এমন ছিল :

الأول أدلك أنت شخصيا على شيء مفيد جدا ولكن لابد أن تقبله بصـــدر رحب وهو أن تجلس مع الأخ أحمد فـــاروق فإنه من أكـــثر الأخوة الباكستانيين الذي جلوسا معنا ومخالطة لنا وحـديثا فهو قد نـاقش معنا معظم المسـائل المهمة وحـتى الصـغيرة وطبعا هـذا راجع إلى أنه يعرف العربية جيدا وربما لأسباب أخرى فـالأخ أحمد فاروق موثوق عندنا ومعتمد وأرجو أن تجلس معه وتساله عن كل المســـائل وتتحـــدث معه وهو ينقل لك جـــزءا كبـــيرا من آرائنا وقناعاتنا وما لا يعرفه هو فحينها تراسلوني فيه

(অর্থ :) প্রথম বিষয় : আপনাকে ব্যক্তিগতভাবে একটি গুরুত্বপূর্ণ পরামর্শ দিতে চাই। কিন্তু এটি উন্মুক্ত হৃদয়ে গ্রহণ করতে হবে। বিষয়টি হলো , আপনি আহমদ ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে বসবেন। পাকিস্তানি ভাইদের মধ্যে আমাদের সঙ্গে তার সবচেয়ে বেশি ওঠা বসা হয়েছে। সবচেয়ে বেশি আলাপচারিতার সুযোগ হয়েছে। অধিকাংশ গুরুত্বপূর্ণ বিষয়ে এমন কি অনেক ছোটো ছোটো বিষয়েও আমাদের সঙ্গে তার বিস্তারিত কথাবার্তা হয়েছে। এটা প্রকাশ্য বিষয় যে , আরবী ভালো জানার কারণেই এমনটা সম্ভব হয়েছে। অথবা অন্য কোনো কারণ থাকতে পারে। অতএব আহমদ ফারুক ভাই রহিমাহুল্লাহ আমাদের আস্থাভাজন এবং নির্ভরযোগ্য। আমি আশাবাদী , আপনি তার সঙ্গে বসবেন এবং সকল বিষয়ে তার সঙ্গে আলোচনা করে সমাধান পেতে চেষ্টা করবেন। তিনি আমাদের চিন্তাধারা ও দৃষ্টিভঙ্গির বড় অংশ আপনাদেরকে জানাবে। তবে যে বিষয়ের জবাব তার জানা নেই , সে বিষয়ে আপনি আমার কাছে চিঠিপত্র লিখবেন। »

উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহ বৈশ্বিক জিহাদী আন্দোলনের একজন সদস্য আহ্বায়ক ও পথপ্রদর্শক ছিলেন। এ কারণে উক্ত অধ্যায়ে বিস্তারিতভাবে বৈশ্বিক জিহাদী আন্দোলন এবং এর শীর্ষস্থানীয় ব্যক্তিবর্গ ও আহ্বায়কদের পরিচিতি উল্লেখ করা হয়েছে। সে সঙ্গে ওই আন্দোলনের এবং তার

শীর্ষস্থানীয় ব্যক্তিবর্গের সঙ্গে ফারুক ভাইয়ের সম্পর্ক নিয়েও আলোকপাত করা হয়েছে। আল্লাহ তাআলা মুসলিম উম্মাহর আকাবির ব্যক্তিবর্গের চেষ্টা প্রচেষ্টা ও ত্যাগ-তিতিক্ষার ফলে নবুওয়াতের আদলে খেলাফত প্রতিষ্ঠিত করে দিন এবং কাফেরদের বৈশ্বিক কর্তৃত্বের অবসান ঘটান, আমীন।

দশম অধ্যায়: একক গুণাবলি স্বভাব চরিত্র ও অভ্যাস
আমাদের ফারুক ভাই রহিমাহুল্লাহ স্বভাব চরিত্র ও নৈতিকতার ক্ষেত্রে অনন্য ছিলেন। জীবনের সর্ব বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুমের আদর্শের অনুসারী ছিলেন। প্রশংসনীয় গুণাবলি ও উন্নত স্বভাব চরিত্রে তিনি সমকালীনদের মাঝে বিশিষ্ট ছিলেন। তার বৈঠকগুলো ইলম প্রজ্ঞা ও গাম্ভীর্যপূর্ণ হতো। তার সান্নিধ্য তাকওয়া খোদাভীতি লিল্লাহিয়াত ও নিষ্ঠার প্রতীক হতো। তার সঙ্গে কাটানো মুহূর্তগুলো ঈমান জাগরণের কারণ হতো। সাথিদের সঙ্গে স্নেহ মমতায় রেশমের মতো নম্র এবং আল্লাহর শত্রুদের মোকাবেলায় তিনি ইস্পাত শক্ত ছিলেন। তার সকল গুণাবলি তুলে ধরা কঠিন বিষয়; কিন্তু কিতাবের এই অংশে ফারুক ভাই রহিমাহুল্লাহর কিছু বিশেষ গুণ স্বভাব চরিত্র ও বিশেষ অভ্যাস আলোচনা করা হবে।

[577]

শওকে জান্নাত

** জান্নাত লাভের জন্য এক দরজা দিয়ে চলা জরুরি

একদিন ফারুক ভাই রহিমাহুল্লাহ বলতে লাগলেন:

« আমাদের উদ্দেশ্য জান্নাত না? আমরা আল্লাহর সঙ্গে সাক্ষাৎ করতে চাই না? এবং এই সাক্ষাতের উদ্দেশ্যেই ইবাদত বন্দেগি এবং অন্যান্য কষ্ট সহ্য করে থাকি তাই তো? কিন্তু হে প্রিয় ভাইয়েরা! আল্লাহর সাক্ষাৎ ও জান্নাত লাভের একটাই পথ আর তা হলো মৃত্যু। এছাড়া এই উদ্দেশ্য লাভ করা যেতে পারে না। অতএব আমাদের মৃত্যু আমাদের জান্নাত। কারণ মৃত্যু ছাড়া জান্নাত সম্ভব নয়; আর জান্নাত ছাড়া আল্লাহর সাক্ষাৎ সম্ভব নয়। এ কারণে আমাদের জন্য আমাদের মৃত্যু অর্থাৎ শাহাদাত কাঙ্ক্ষিত বিষয় হয়ে দাঁড়িয়েছে। কারণ পরম কাঙ্ক্ষিত বিষয়টি মৃত্যু ছাড়া সম্ভব নয়। »

** আমি কেন বঞ্চিত থাকবো এই সৌভাগ্য থেকে!

আমি তার শেষ দিনগুলোতে এক পত্রে জোরালোভাবে তাকে বলেছি, আপনি নিরাপদ কোথাও চলে যান এবং ঝুঁকিপূর্ণ জায়গা থেকে শিগগির বেরিয়ে পড়ুন। তিনি জবাব দিয়েছেন:

« আমার প্রতি খেয়াল রাখার এবং আমার কথা চিন্তা করার কারণে আল্লাহ আপনার প্রতি সন্তুষ্ট হোন। কিন্তু হে প্রাণপ্রিয় ভাই! আমাদের আরব হযরতগণকে এবং অন্য সাথিদেরকে নিরাপদে না রেখে আমি কিভাবে অন্য কোথায় যাবো? আমি তো জানি, এখানে হোক ওখানে হোক শাহাদাত আমার চাই। তাহলে কেন আমি ধৈর্যের পথে থাকবো না? আল্লাহ সুযোগ দিলে বেরিয়ে আসবো

[578]

অন্যথায় إحـــدى الحســـنيين তথা দুই কল্যাণের এক কল্যাণ তো অবশ্যই লাভ করবো ইনশাআল্লাহ! »

অতঃপর মায়া ভরে এই কবিতা লিখেছেন:

اوليس موتي في حياتي مرة　　لم لا يكون ختامها استشهادية

অর্থ: মৃত্যু কি আমার জীবনে একবারই আসবে না? তাহলে কেন জীবনের অবসান শাহাদাত দিয়ে হবে না?

নফসে মুতমাইন্নাহ

নফসে মুতমাইন্নাহর আসল অর্থ আগে আমি বুঝতাম না। কিন্তু শহীদ ফারুক ভাই রহিমাহুল্লাহর নিশ্চিন্ততা স্থিরতা ও প্রশান্তি দেখে বুঝে আসে, নফসে মুতমাইন্নাহ কাকে বলে! নফসে রাজিয়া (নিজে সন্তুষ্ট) মারজিয়া (অন্যে যার প্রতি সন্তুষ্ট) কাকে বলে! সর্বাবস্থায় রবের প্রতি সন্তুষ্ট... আল্লাহর দীনের পথে সকল বিপদ-আপদ সহ্যকারী! অবস্থা যতই নাজুক হোক, আল্লাহর সন্তুষ্টির কথা চিন্তা করে সকল কঠোরতা নিমিষে পানি হয়ে যাওয়া। যেমন জিহাদী অঙ্গনের কবি শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ বলেছেন:

بہاروں سے پہلے جو انکھوں پہ گزری۔ وہ اتنی کٹھن تھی کہ مشکل بیاں ہے

دلوں پر مگر ایک سکینہ تھی طاری۔ تمہیں کیا خبر وہ بعید از گماں ہے

অর্থ: বসন্তের আগে যা দেখা গিয়েছিল, তা এতটাই কঠিন ছিল যা অবর্ণনীয়

কিন্তু অন্তরে এমন প্রশান্তি ছিল... তোমরা সেটা কি বুঝবে.. যা অকল্পনীয় »

এমন প্রিয় ব্যক্তির প্রতি আল্লাহ কেন সন্তুষ্ট হবেন না? অথচ তিনি বান্দাদের প্রতি অতি মায়াশীল।

আমি ভালো আছি

রবের সঙ্গে সাক্ষাতের আগ্রহ এবং তার ভালোবাসা ও মহত্ববোধ থেকেই তাওয়াক্কুল ও নির্ভরতা তৈরি হয়। জীবনের শেষ সময়ে আমাদেরকে ধমক দিয়ে দিয়ে বলতেন —বহু সংখ্যক ড্রোন খুব নিচ দিয়ে উড়ে যাচ্ছে .. বর্বর পাকিস্তানি সেনাবাহিনীর জেট বিমানগুলো খুব কাছে থেকে চক্কর দিচ্ছে .. নিরাপদ খন্দক বা গুহায় ঢুকে যান আপনারা। অতঃপর যতক্ষণ পর্যন্ত অন্য ভাইয়েরা নিরাপদ গুহায় না ঢুকতেন , ততক্ষণ পর্যন্ত তিনি যেতেন না। সাথিদেরকে নিরাপদ জায়গায় পাঠিয়ে তবেই তিনি গুহায় প্রবেশ করতেন। এরপর যখন বিপদ কেটে যাবার ইঙ্গিত পাওয়া যেত , তখন সর্বপ্রথম তিনিই বাইরে এসে সংবাদ সংগ্রহ করে অন্যদেরকে জানাতেন। যখন তাকে বলা হতো , আপনি আগে গুহায় যান , তখন তিনি বলতেন: "আমি ভালো আছি আপনারা আগে নামুন।" নিঃসন্দেহে তিনি সত্যই বলতেন। ঈমানের পর শাহাদাতের চেয়ে বেশি ভালো থাকা আর কি হতে পারে ?

মোবারক ইনসান

ফারুক ভাই রহিমাহুল্লাহর জীবনের যেই দিক আলোচনা করি, তা পূর্ণাঙ্গ ও বরকতপূর্ণ ছিল। তিনি যে কাজেই হাত দিতেন , তাতেই সোনা ফলতো। যেদিক নিয়ে আলোচনা করি , তিনি সকল দিকেই সর্বাগ্রে ছিলেন। আমি জীবনে তার পেছনে অনেক ঘুরেছি , যেন এক অঙ্গনে হলেও তার কাছাকাছি থাকতে পারি ; কিন্তু ব্যর্থ হয়েছি। তিনি অনেক আগে ছিলেন। তার পিছু পিছু হাঁটতে অনেক চেষ্টা করেছি কিন্তু তিনি অনেক আগে ছিলেন এবং খুব দ্রুত চলতেন। তিনি তো وَسَارِعُوا إِلَىٰ مَغْفِــــرَةٍ مِّن رَّبِّكُمْ [অর্থ : আপন রবের পক্ষ থেকে

মাগফিরাত অর্জনের জন্য একে অপরের চেয়ে দ্রুত চলো] আয়াতের উপর আমল করে সৎকর্মের দিকে দৌড়াতে থাকতেন। সম্ভবত এই কারণেই তার সকল কাজের মাঝে বরকত ছিল। তেমনটাই আমার মুরুব্বী, আমার গুরু, আলেমে রব্বানী, জাহেদ, আবেদ, মুজাহিদ ফী সাবীলিল্লাহ শায়খ খালেদ আল হুসাইনান বলেন: « যখন মানুষ ইবাদত বন্দেগি এবং আল্লাহর নৈকট্য লাভের মতো আমলগুলো অধিক মাত্রায় করে, তখন আল্লাহর মাহবুব ও প্রিয় হয়ে যায়। তখন আল্লাহ তার সকল কাজে বরকত দেন; সে বরকতময় হয়ে যায়। যে কাজ করে, তাতেই বরকত দেখা দেয়। »

ফারুক ভাই রহিমাহুল্লাহ বরকতময় ছিলেন। শাহাদাতের বরকতময় মর্যাদা অর্জন করেছেন। আল্লাহ বরকতের সম্ভার জান্নাতের অধিবাসী হিসেবে তাকে কবুল করুন, আমীন।

সালাত যার চক্ষু শীতলকারী ছিল
যৌবনের শুরু থেকেই তার নামায ছিল ঈর্ষণীয়।
মনে হতো, নামাযের মধ্যে আল্লাহর সঙ্গে গোপন আলাপ হচ্ছে। নামায পড়তে পড়তে কখনও তার চেহারায় তীব্র চিন্তার ছাপ দেখা যেত; মনে হতো, তিনি কাঁদছেন এবং কারও কাছে মিনতি জানাচ্ছেন; আবার কখনও হঠাৎ মনে হতো, তিনি এতটাই আনন্দিত যেন হাসছেন; আনন্দে তার চেহারা ঝলমলিয়ে উঠতো। আযাবের আয়াত পড়ে চিন্তিত এবং পুরস্কারের আয়াতসমূহ পরে আনন্দিত হতেন। এতটা একাগ্রতার সাথে পরবর্তীতে আর কাউকে নামায পড়তে দেখেছি কিনা সন্দেহ আছে। তার নামাযের মধ্যে তার একাগ্রতা বোঝা যেত ওই সময়, যখন কেউ মসজিদে সাক্ষাতের জন্য আসতো, এসে দেখতো, তিনি ফরয নামাযের পর নফলে ডুবে গিয়েছেন। সাক্ষাৎপ্রার্থী বারবার এসে দেখতো, নফল শেষ [581]

হয়েছে কিনা। কিন্তু তিনি তো দুনিয়া এবং দুনিয়ার সবকিছু থেকে অমুখাপেক্ষী হয়ে নফলে ডুবে আছেন। অতঃপর যখন আমি সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুমের সীরাত পড়তাম , তাদের নামাযের ঘটনা পড়তাম এবং ফারুক ভাই রহিমাহুল্লাহর নামায তাদের সঙ্গে মেলাতাম , তখন খুবই ঈর্ষা হতো যে , আমার নামায যেন আল্লাহ এমন বানিয়ে দেন। আমি যখন ফারুক ভাইয়ের রহিমাহুল্লাহকে নামায পড়তে দেখতাম , তখন মনে হতো, তিনি নামাযের স্বাদ পাচ্ছেন , প্রশান্তি পাচ্ছেন। তখন তার অবস্থা দেখে আমার বুঝে আসতো , নামায কেমন করে ঈমানদার বান্দার চক্ষু শীতলকারী হতে পারে। ভর যৌবনেও তার নামাযের মধ্যে এমন নেশা লেগে থাকতো, মনে হতো , তার অন্তর মসজিদে আটকে থাকে। গুরুত্বপূর্ণ বিষয় হলো , নামাযের এই অবস্থা শুধু ফারুক ভাই রহিমাহুল্লাহ এর মাঝে সীমাবদ্ধ ছিল না। কোনো সাথি ফারুক ভাই রহিমাহুল্লাহর মজলিসে যাতায়াত শুরু করলে নামাযের মধ্যেই সর্বপ্রথম তার প্রভাব দেখা যেত।

কুরআনে কারীমের সঙ্গে তার সম্পর্ক

কুরআনের সঙ্গে ফারুক ভাই রহিমাহুল্লাহর সম্পর্ক .. আহ! এটা আশেক মাশুকের দাস্তান ! প্রেমিক প্রেমাস্পদের উপাখ্যান। তার সবচেয়ে কাছের বন্ধু ছিল কুরআনে কারীম। তিনি কুরআনের প্রেমিক ছিলেন। একে জীবন্ত গ্রন্থ মনে করতেন —যেখানে আমাদের জন্য সর্ব বিষয়ে পথনির্দেশনা রয়েছে। তিনি কুরআনের তিলাওয়াত حق تلاوته করতেন তিলাওয়াতের যথার্থ পন্থায়। এক এক আয়াত নিয়ে চিন্তা করতেন এরপর সামনে যেতেন। যখন কুরআন পড়তেন তখন যেন অন্য কোনো জগতে চলে যেতেন। তিলাওয়াতের মাঝখানে ভাবতেন আল্লাহ তাআলা আমাকে

কি বলেছেন ! তিনি আমার কাছে কি চান ! অধিকাংশ কাজ-কর্ম এবং জিহাদী দায়িত্ব হিসেবে দেখা -সাক্ষাৎ শেষ হবার পর তার একটাই ব্যস্ত থাকতো —কুরআন তিলাওয়াতে ডুবে যাওয়া। যেন তিনি নিম্নোক্ত আয়াতের বাস্তব চিত্র ছিলেন: فَإِذَا فَرَغْتَ فَانصَبْ ﴿٧﴾ وَإِلَىٰ رَبِّكَ فَارْغَب ﴿٨﴾

অর্থ : "এ কারণেই যখন তুমি অবসর পাও তখন ইবাদতের মাঝে নিজেকে ক্লান্ত করো এবং নিজের রবের প্রতি মনোনিবেশ করো। "

কুরআনের সঙ্গে ভালোবাসাই বন্ধুত্বের মাপকাঠি

যদি এমন কতিপয় সাথির দৃষ্টান্ত দেয়া হয় , যাদের ওপর ফারুক ভাই রহিমাহুল্লাহর আমল আখলাক ও সান্নিধ্যের প্রভাব পড়েছিল , তাহলে তাদের আমলের সৌন্দর্য দেখে ফারুকের রহিমাহুল্লাহর গুণাবলি সহজেই অনুমান করা সম্ভব হবে। যখন কোনো মুরুব্বির সান্নিধ্যে থাকার কারণে কোনো সাথির শুধু তিলাওয়াতে কুরআনই বৃদ্ধি পায় না বরং সারাক্ষণ সে কুরআনে কারীমে ডুবে যায় , তখন অনুভব হয় এবং প্রমাণিত হয় যে , অন্তরে এমন ঈমানী উত্তাপ ছড়িয়ে দেবার অবদান তার মুর্শিদেরই হবে। জিহাদী অঙ্গনের পুরো সময়ে যদি এমন তিনজনকে নির্বাচন করা যায় , যারা ফারুক ভাই রহিমাহুল্লাহর চলন -বলন আদব-আখলাক সবকিছুতে সাদৃশ্য বহন করেন ; যাদের সঙ্গে তাঁর সম্পর্ক পীর মুরিদের মতো ছিল ; যাদের চরিত্র গঠনে পিতা -মাতার পর সবচেয়ে বড় অবদান ফারুক ভাই রহিমাহুল্লাহর ছিল , তবে সহজেই আমরা সর্বশীর্ষ তিনজনকে পেয়ে যাই।

এই তিন নওজোয়ান ইসলামাবাদের অধিবাসী। জীবনের শুরু থেকেই ফারুক ভাই রহিমাহুল্লাহর অধীনে

দীক্ষায় লাভ করতে আরম্ভ করেন। শাহাদাত লাভের আগ পর্যন্ত তাঁর হাত ধরে জান্নাতের পথে চলেন। এই তিনজনের সঙ্গে ফারুক ভাই রহিমাহুল্লাহর সম্প্রীতি ভালোবাসা ও বন্ধুত্ব একজন শায়খ মুর্শিদ ও স্নেহশীল পিতার সম্পর্কের চেয়ে আমার কাছে বেশি বলে মনে হয়। এই তিন যুবকের সঙ্গে যদি কেউ সময় কাটায়, তাহলে সাক্ষ্য দেয়, সে নিজের জীবনে তাদের মতো অন্য কাউকে দেখেনি। ফারুক ভাই রহিমাহুল্লাহ র সেই তিনজন শাগরেদ হলেন হিশাম (সাংকেতিক নাম হাসান) রহিমাহুল্লাহ, জাওয়াদ আরিফ (সাংকেতিক নাম মুয়াওয়াজ) রহিমাহুল্লাহ এবং মুহাম্মদ হামজা (সাংকেতিক নাম আব্দুর রহমান) শহীদ রহিমাহুল্লাহ।

হিশাম রহিমাহুল্লাহ ঈমান-আমলের নমুনা এবং জমিনে হাঁটাচলাকারী জীবন্ত শহীদ হিশাম রহিমাহুল্লাহ হলেন প্রথম যুবক, যার চরিত্র গঠনের দায়িত্ব ফারুক ভাই রহিমাহুল্লাহ গ্রহণ করেছেন। তার খুব অল্প বয়স থাকতেই ফারুক ভাই রহিমাহুল্লাহ তার ঘরে কিশোরদেরকে কুরআন শিক্ষা দিতেন। সমবয়সীদের সঙ্গে হিশাম রহিমাহুল্লাহ ক্লাসের মধ্যেই খেলা এবং বাচ্চাদের সঙ্গে দুষ্টুমিতে মগ্ন থাকতো। বয়স অল্প হবার কারণে প্রথমে ক্লাসগুলোতে তার আগ্রহ ছিল না; কিন্তু তার চোখে তখন থেকেই ঈমানী ঝলক দেখা যেত। অবশ্য কুরআনের ক্লাসের দিন বাকি সাথিদের সঙ্গে তাকেও মসজিদে গিয়ে জামাতের সাথে নামায পড়তে হতো। ফারুক ভাই রহিমাহুল্লাহ হিশামের ওপর মেহনত জারি রাখেন। তার চরিত্র গঠনের জন্য সচেষ্ট থাকেন। সেই চেষ্টা প্রচেষ্টা কিরূপ ছিল? তাহলো কুরআনের ভালোবাসা ওই কিশোরদের অন্তরে ছড়িয়ে দেয়া। অবশেষে হিশামের ওপর কুরআনের রঙ

[584]

ছড়িয়ে পড়ে। আমার জানা নেই, এই সবকিছু কিভাবে হলো? কিন্তু এটা ঠিক ফারুক ভাইয়ের রহিমাহুল্লাহর সান্নিধ্যের কারণে বেপরোয়া বাচ্চা হিশাম রহিমাহুল্লাহ কুরআনের আশেক বনে যায়। কয়েক মুহূর্ত কুরআনে কারীমের তিলাওয়াত ছাড়া কাটানো তার জন্য কঠিন হয়ে ওঠে। তাজবীদের সঙ্গে কুরআন শেখার প্রতি এতো মনোযোগ আসে যে, ধীরে ধীরে কারীদের চেয়েও সুন্দরভাবে কুরআন পড়তে আরম্ভ করে। কুরআনে কারীমের অনেকটা হেফজ করে নেয়। অতঃপর যখন ফারুক ভাই রহিমাহুল্লাহ জিহাদের যাত্রা করতে মনস্থ করেন, তখন ওই কুরআনের নির্দেশ আমলে নেয়ার জন্য এক মুহূর্ত চিন্তা না করে ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে হিজরতের জন্য তৈরি হয়ে ওঠে। বয়স তখনও ১৭-১৮ বছর ছিল। সে সময় সামরিক প্রশিক্ষণ সম্পন্ন করে মুজাহিদীনের প্রশিক্ষক হয়ে ওঠেন এবং ক্রুসেডারদের বিরুদ্ধে রণাঙ্গনে কমান্ডারের দায়িত্ব পালন করেন। ইবাদত বন্দেগির এত আগ্রহ ছিল যে, রাতে যখনই কেউ জাগ্রত হত, হিশামকে নামাযের স্থানে বসে থাকতে দেখতো। দিনে তিনি জিহাদী দায়িত্বে ব্যস্ত থাকতেন। অবশেষে কিতাবুল্লাহর এই পিপাসু মার্চ ২০০৮ সালে ডক্টর আরশাদ ওয়াহিদ রহিমাহুল্লাহর সঙ্গে ভানা ওয়াজিরিস্তানে এক প্রশিক্ষণকালে মার্কিন ড্রোন হামলায় শহীদ হন। শাহাদাতের সময় হিশামের বয়স ছিল ১৯ বছর।

হামজা রহিমাহুল্লাহ হামজা শহীদ রহিমাহুল্লাহ ফারুক ভাই রহিমাহুল্লাহর খুবই স্নেহভাজন এবং প্রকৃতই ছোটো ভাই ছিলেন। খুবই মেধাবী ইবাদতগুজার এবং শাহাদাত পিপাসু ছিলেন। যখন থেকে তিনি শাহাদাতের আকাঙ্ক্ষায় কেঁদে কেঁদে দোয়া করতেন, তার বয়স

[585]

তখনো ১৬ বছর হয়নি। এত অল্প বয়সেই রণাঙ্গনে যেতে চেষ্টা করতেন। কুরআনে কারীম খুবই মনোযোগ সহকারে তিলাওয়াত, ধীরে ধীরে সম্মানের সঙ্গে তিলাওয়াত হামজা শহীদ রহিমাহুল্লাহ ও বিশেষ গুণ ছিল। সুযোগ পেলেই কুরআন খুলে বসে যেতেন। হামজা রহিমাহুল্লাহর সবচেয়ে দুর্লভ গুণ ছিল তিলাওয়াতের সময় জাহান্নামের আলোচনায় হেঁচকি তুলে ক্রন্দন করা। হামজা শহীদ রহিমাহুল্লাহ হাফেজে কুরআন ছিলেন এবং খুবই সুন্দর করে তাজবিদের প্রতি খেয়াল রেখে তিলাওয়াত করতেন। এ কারণে সাধারণত সাথিরা তাকেই ইমামতি করতে বলতেন। কিন্তু তিনি যথাসম্ভব বেঁচে থাকতে চেষ্টা করতেন। কিন্তু যখনই নামাযে তিলাওয়াত অবস্থায় জান্নাত-জাহান্নামের আলোচনা অথবা জিহাদের আলোচনা সংবলিত আয়াত আসতো, তখন কাঁদতে কাঁদতে হেঁচকি উঠে যেত এবং নামায শেষ করা কঠিন হয়ে যেত। বিশ্ব স্রষ্টা আল্লাহ পাক তাকে এমন মেধা শক্তি দান করেছিলেন যে, ধর্মীয় বিষয় হোক, বৈশ্বিক পরিস্থিতি হোক, বিশ্ব রাজনীতি হোক— সবকিছুই তার কথায় পাওয়া যেত। ১৫-১৬ বছরের বাচ্চার মুখে এত বড় বড় কথা শুনে শ্রোতারা বিস্মিত হয়ে উঠতো। হামজা রহিমাহুল্লাহ বড়দেরকে শ্রদ্ধা করতেন। যা তার কাছে ভালো লাগতো, সাথিদেরকে তা শিখিয়ে দিতেন। ঈমানের সুবাসিত এই গোলাপ খুব অল্প বয়সেই ওয়াজিরিস্তানে পৌঁছেন। প্রাথমিক প্রশিক্ষণ শেষে ক্রুসেডারদের বিরুদ্ধে প্রথম সারিতে গিয়ে দাঁড়ান এবং ক্রুসেডারদের বিরুদ্ধে রকেট হামলায় অংশগ্রহণ করেন। অবশেষে মাত্র ১৭ বছর বয়সে ২০০৮ সালে আঙ্গুর আদার এক জায়গায় মার্কিন ড্রোন হামলায় শহীদ হন।

[586]

জাওয়াদ আরিফ রহিমাহুল্লাহ
এই তিন যুবকের ভেতর তৃতীয়জন ছিলেন আল্লাহর বিশেষ সৃজন। তার নাম জাওয়াদ আরিফ। জিহাদী সাংকেতিক নাম ছিল মুআওয়ায ও মুসআব। আল্লাহর প্রকৃত পরিচয় লাভকারীদের অন্তর্ভুক্ত ছিলেন। প্রথম যখন তিনি হিজরত করে জিহাদে অংশগ্রহণ করেন তখনও বয়স খুব বেশি হয়নি—খুব সম্ভব পনেরো বছর হবে। এলাকা কাছাকাছি হবার সুবাদে শৈশবকাল থেকেই ফারুক ভাই রহিমাহুল্লাহর দীক্ষা লাভ করেছিলেন। সুন্নতের প্রতি যত্নশীল ছিলেন। মেধা শক্তির দিক থেকে সমবয়সীদের চেয়ে এগিয়ে ছিলেন। আমল আখলাকে এত উঁচু মাপের ছিলেন যে, তাকে বড় কোনো শায়খ মনে হতো, অথচ তার বয়স তখনও ১৭-১৮ বছর ছিল। কুরআনে কারীমের প্রতি ভালোবাসা অন্যদের চেয়ে কম ছিল না। ঘরে সফরে যখনই সময় পেতেন, কুরআন হিফজ করতে ব্যস্ত হয়ে পড়তেন। তার নামাযের উদাহরণ শুধু ইসলামের প্রথম কয়েক শতাব্দীর সালফে সালেহীনের আলোচনার মাঝে পাওয়া যায়। খুবই সাহসী উচ্চ মনোবল সম্পন্ন ছিলেন। ১৮ বছর বয়সেই কয়েকটি হামলার নেতৃত্ব দেন। অবশেষে ২০১১ সালে দক্ষিণ ওয়াজিরিস্তানে Azam Warsak সিটিতে বিশ্বাসঘাতক সেনাবাহিনীর এক এজেন্টের বিরুদ্ধে লড়াইয়ে শাহাদাত বরণ করেন।

ঈমানের আলোকচ্ছটা মহান এই ব্যক্তিদের পূর্ণাঙ্গ জীবন ও কর্ম লিপিবদ্ধ করা এই সংক্ষিপ্ত পরিসরে সম্ভব নয়। এখানে ফারুক ভাই রহিমাহুল্লাহর নৈতিক প্রশিক্ষণ দানের মূল ভিত্তি কুরআনে কারীমের সঙ্গে সম্পর্কের একটি ঝলক দেখানো উদ্দেশ্য ছিল। এই চার প্রিয় ব্যক্তির যৌথ গুণ এবং তাদের পারস্পরিক ভালোবাসার ভিত্তি ছিল কুরআনের সঙ্গে সম্পর্ক। সত্যিই তাদের এই সম্পর্ক দেখার মতো ছিল। তারা সকলেই কুরআনের আশেক ছিলেন। তাদের তিলাওয়াতে উত্তাপ ছিল। মনে হতো, তিলাওয়াতের [587]

সময় তারা দুনিয়ার বাইরে অন্য জগতে চলে গিয়েছেন। তারা সকলেই তাজবিদে দক্ষ এবং সুললিত কন্ঠের তিলাওয়াতে পারদর্শী ছিলেন। এ কারণেই সকল সাথি তাদের পেছনে নামায পড়তে চাইতেন। যেহেতু পিতা-মাতা এবং পারিবারিক সূত্রেই তারা কুরআনের মুহব্বত লাভ করেছিলেন, এ কারণে আমি পার্থক্য করতে পারি না, ফারুক ভাইয়ের সান্নিধ্য তাদের মাঝে কুরআনে পাকের এই ভালোবাসা ঢেলে দিয়েছিল নাকি কুরআনের ভালোবাসা তাদের মাঝে ফারুক ভাই রহিমাহুল্লাহর প্রতি আন্তরিকতা তৈরি করেছিল? কিন্তু বাস্তবতা হলো, তাদের সম্পর্কের মূল ভিত্তি ছিল কুরআনে কারীম।

জটিল অবস্থায় কুরআন থেকে পথনির্দেশনা লাভ কুরআনের আয়াত থেকে দৈনন্দিন জীবনে শিক্ষা নেয়া ফারুক ভাই রহিমাহুল্লাহর স্বভাব ছিল। তিনি কুরআন খুলতেন এবং অদ্বিতীয় অংশীদার বিহীন আল্লাহর মান মর্যাদা ও কুদরত বয়ান করে কঠিন অবস্থায় আমাদেরকে সান্ত্বনা ও পথনির্দেশনা দিতেন। যখন ক্রুসেডার ও জায়নবাদী শক্তি পাকিস্তানি মিত্রবাহিনীর সঙ্গে মিলে আল-কায়েদা উপমহাদেশের কেন্দ্রগুলোকে এবং সাথিদেরকে ড্রোন বিমান দিয়ে হামলা করতে আরম্ভ করে, আমাদের বহু সাথি শহীদ হওয়াতে আমরা বিক্ষিপ্ত হয়ে যাই। আমাদের প্রিয় নেতা, বুযুর্গ, আজিমত ও হিম্মতের পাহাড়, দৃঢ় সংকল্প ও উচ্চ মনোবলের অধিকারী, অবিচলতার মূর্ত প্রতীক হাজী অলিউল্লাহ ইমরান সিদ্দিকী রহিমাহুল্লাহর শাহাদাতের সংবাদ পাই, তখন দুশ্চিন্তার সাগরে ডুবে যাওয়া স্বাভাবিক বিষয় ছিল। তখন তিনি আমাকে পত্র লিখে বললেন: আপনি নিম্নোক্ত আয়াত নিয়ে চিন্তা ভাবনা করুন এবং দেখুন আয়াতের উদ্দেশ্য কী:

[588]

فَأَثَابَكُمْ غَمًّا بِغَمٍّ لِّكَيْلَا تَحْزَنُوا عَلَىٰ مَا فَاتَكُمْ وَلَا مَا أَصَابَكُمْ

অতঃপর তোমাদের উপর এলো শোকের ওপরে শোক , যাতে তোমরা হাত থেকে বেরিয়ে যাওয়া বস্তুর জন্য দুঃখ না কর এবং যার সম্মুখীণ হচ্ছ সেজন্য বিমর্ষ না হও। সূরা আলে ইমরান (০৩:১৫৩)]

এই আয়াতে "শোকের উপর শোক" অংশের নিচে দাগ টেনে বলেন: দেখুন ভাই , আল্লাহ তাআলা এক কষ্টের পর আরেক কষ্ট পাঠাচ্ছেন , যেন আমরা আল্লাহর তাকদীরের প্রতি রাজি হয়ে যাই এবং আমাদের মাঝে কোন দুঃখ কষ্ট না থাকে। দুনিয়াতে কোনো কিছুর প্রতি ভালো লাগা যেন শুধু আল্লাহর জন্যই হয়। আল্লাহ আমাদেরকে যখন যেভাবে রাখেন , তাতেই যেন আমরা সন্তুষ্ট থাকি। ' ফানা ফিল্লাহ তথা আল্লাহর জন্য বিলীন হয়ে যাবার আবেগ ও সংবেদনশীলতার স্তরে তিনি উন্নীত ছিলেন। সুলুক সম্পর্কে আমার মতো অজ্ঞ লোক কি বুঝবে কিন্তু ক্রুসেডারদের বোমাবর্ষণ অবস্থায় ফারুক ভাই রহিমাহুল্লাহর সান্নিধ্যে আল্লাহ তাআলার একত্বের মহিমা এবং প্রকৃত ইশকে ইলাহী আমার বুঝে এসেছিল।

আমরা তো কুরআন থেকেই জযবা ও আবেগ শিখেছি

২০০৭ সালের কথা। আফগানিস্তান বর্ডারে আমেরিকা এবং তাদের গোলাম আফগান আর্মির উপর একটি হামলা করার জন্য ফারুক রহিমাহুল্লাহ যাচ্ছিলেন। আফগান আর্মির ক্যাম্পের একেবারেই কাছে একটি সড়ক ছিল, যা দিয়ে কখনও কখনও জনসাধারণের গাড়ি যাতায়াত করতো। প্ল্যান মোতাবেক ওই সড়ক দিয়ে জনসাধারণের গাড়ি হিসেবে একেবারেই ক্যাম্পের সামনে দিয়ে গাড়ি নিয়ে ফারুক ভাই রহিমাহুল্লাহর পাহাড়ের আড়ালে চলে যাওয়ার কথা ছিল। এরপর তিনি গাড়ি থেকে নামার পর স্থানীয়

রাহবার গাড়ি ফিরিয়ে নিয়ে যাবার কথা ছিল। এক কথায় আফগান আর্মির একেবারে নাকের ডগা দিয়ে অতিক্রম করা ঝুঁকিপূর্ণ কাজ ছিল। ফারুক ভাই রহিমাহুল্লাহ নিজে গাড়ি চালাচ্ছিলেন। তিনি টেপ রেকর্ডারে সূরাতুল আনফালের তিলাওয়াত প্লে করলেন এবং বদর যুদ্ধে আল্লাহর সাহায্যের আয়াতসমূহ শুনে শুনে নিজের ঈমানী জোশ জযবা ও সাহসিকতা জাগ্রত করছিলেন। সহজ সরল স্থানীয় রাহবার এ অবস্থা দেখে ফারুক ভাই রহিমাহুল্লাহকে বললেন, ‘ভাই এগুলো চালাচ্ছেন কেন? আবেগপূর্ণ জযবা ওয়ালা কিছু প্লে করুন’! স্থানীয় সাথির কথার উদ্দেশ্য হলো: যুদ্ধে যেতে এমন কোন গজল ছাড়ুন, যা আবেগ অনুপ্রেরণা বাড়িয়ে দেবে। তখন ফারুক ভাই রহিমাহুল্লাহ মুচকি হেসে বললেন: ‘ভাই আমাদের তো কুরআনে কারীমের তিলাওয়াত থেকে আবেগ জযবা ও উৎসাহ উদ্দীপনা তৈরি হয়!’ এ কথা বলে তিনি স্থানীয় সাথি ভাইয়ের রায়ের প্রতি শ্রদ্ধা জানিয়ে তিলাওয়াত বন্ধ করে দেন।

কুরআনকে সময় দিন
তিলাওয়াতে কুরআনে তার একাগ্রতা এভাবেও অনুমান করা যায় যে, একদিন আমাকে জিজ্ঞেস করলেন, আপনি কি পরিমাণ কুরআন তিলাওয়াত করেন? আমার গড়ে যতটুকু পড়া হয়, তা বলে দিই। তখন তিনি বললেন, পরিমাণ বা পৃষ্ঠাকে মাপকাঠি বানাবার চেয়ে উত্তম হলো, সময়কে মাপকাঠি বানানো। অর্থাৎ আপনি একটি সময় নির্ধারণ করুন। উদাহরণস্বরূপ আধা ঘণ্টা অথবা ১ ঘণ্টা.. সে সময়ে আপনি তিলাওয়াতে মশগুল থাকবেন। এর ভেতর ধীরে ধীরে থেমে থেমে তাজবিদ সহকারে সুললিত কন্ঠে প্রতিটি আযাবের আয়াতে আল্লাহর কাছ থেকে আশ্রয় চেয়ে এবং রহমতের আলোচনায় তার অনুগ্রহ তলব করে তিলাওয়াত করবেন।

[590]

তার বিপরীতে যদি আপনি পৃষ্ঠা সংখ্যা অথবা পরিমাণ নির্ধারণ করেন, তাহলে খুব দ্রুত ১০ মিনিটের ভেতর পুরোটা খতম করা হয়ে যাবে; অথচ কাঙ্ক্ষিত পন্থায় সম্ভবত এক ঘণ্টার ভেতরে আপনি অল্প কয়েকটি রুকু করতে পারবেন। দ্রুত পড়ার দ্বারা না আপনার অন্তরে কুরআন পাকের আজমত মহব্বত মাহাত্ম্য ভালবাসা বৃদ্ধি পাবে, আর না কুরআন থেকে শিক্ষা গ্রহণের অভ্যাস হবে। তাই অল্প পড়ুন কিন্তু কুরআনের সঙ্গে সময় দিয়ে পড়ুন।

মুচকি হাসি
ফারুক ভাই রহিমাহুল্লাহর চেহারার দৃষ্টিনন্দন মুচকি হাসি এমন একটি বিষয় ছিল, যে ব্যাপারে আমি তাকে অনুসরণের অনেক চেষ্টা করেছি; কিন্তু পারিনি। তার চেহারার মুচকি হাসি এবং সেই হাসি উপহার দিয়ে প্রিয় অথবা ভাইয়া বলে ডাক যে কারও অন্তরে তার জন্য জায়গা করে দিতো। এক ভাই আমাকে বলেন, তার মুচকি হাসি অনেক সুন্দর, মন কেড়ে নেয়। শুধু তাই নয়; বরং সাথিদের মাঝে তার মুচকি হাসি প্রবাদ হয়ে যায় এবং কোনো সাথির মুচকি হাসিকে ফারুক ভাই রহিমাহুল্লাহর অভ্যাসের সঙ্গে তুলনা করা হয়।

আমি যতদূর ফারুক ভাই রহিমাহুল্লাহকে জানি, তাতে আমি নিশ্চিত, তার চেহারা জোড়া মুচকি হাসি শুধু সুন্নতে নববী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণের জন্যই। চলাফেরা থেকে শুরু করে বাচনভঙ্গি সবকিছুতে সুন্নাহ অনুসরণ করা এবং নিজেকে নববী ধাঁচে ঢেলে সাজানোর জন্য তিনি আলাদাভাবে চেষ্টা করতেন।

[591]

ইমাম তিরমিযী রহিমাহুল্লাহ তার গ্রন্থে হযরত আব্দুল্লাহ ইবনে হারেস রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন :

«مَا رَأَيْتُ أَحَدًا أَكْثَرَ تَبَسُّمًا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ»

অর্থ "আমি হুজুর পাক সাল্লাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অপেক্ষা অন্য কাউকে অধিক মুচকি হাসতে দেখিনি। ।"

সহনশীলতা ও পরোপকার

ফারুক ভাই রহিমাহুল্লাহকে আল্লাহ তাআলা সহনশীলতা ও মনোবল অনেক বেশি দান করেছিলেন। অনেক বড় কিছু হয়ে গেলেও তিনি কিছু বলতেন না। আমি নিজেও তার সঙ্গে কত কঠোর ভাষা ব্যবহার করেছি। জবাবে তিনি শুধু বলেছেন — 'আমার প্রিয় ভাই! বেচারার কথা একটু শুনুন' শেষবার যখন আমি তার পক্ষ থেকে সফরে বের হই এবং পরবর্তীতে সফরের মাঝে কিছু ঘটনার কারণে আমি অজ্ঞতাবশত পত্র লিখে তাকে কঠোর ভাষায় অভিযোগ করি, তখন তিনি জবাবে লিখেন : 'প্রিয় ভাইজান আপনার পত্র পেয়েছি। জাযাকুমুল্লাহু খাইরান। আল্লাহ আপনাকে উত্তম প্রতিদান দান করুন। আপনি ডান বামের সকল অভিযোগ আমার উপর তুলে দিলেন! ভালো গরীবদের সঙ্গে এমনই হয় আল্লাহ ভালো করবেন'। তিনি বড় ছিলেন। সবাই তার কাছেই অভিযোগ নিয়ে যেত। তার কাছে দুঃখ বেদনা পেশ করতো। কিন্তু তার সহনশীলতা সুবহানাল্লাহ! কারও কথা শুনে তার মেজাজ বিগড়ে যাবে অথবা কারও অভিযোগে তিনি রাগান্বিত হবেন, তা অসম্ভব।

পবিত্র হাদীস মোতাবেক সহনশীলতা ও ধৈর্য এমন গুণ, যা আল্লাহ তাআলার পছন্দ। এক বর্ণনায় এসেছেন নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক সাহাবী রাযিয়াল্লাহু আনহুকে বলেছেন :

إِنَّ فِيكَ خَصْلَتَيْنِ يُحِبُّهُمَا اللهُ: الْحِلْمُ، وَالْأَنَاةُ "

অর্থ : “আপনার মাঝে দুটি গুণ রয়েছে, যা আল্লাহ তাআলার অনেক প্রিয়: সহনশীলতা এবং পরের বোঝা বহন (ধৈর্য)।” (সুনানে তিরমিযী)

আল্লাহ তাআলা ফারুক ভাই রহিমাহুল্লাহকে এই গুণের বড় অংশ দান করেছিলেন। অভিযোগকারী তার ব্যাপারে যা কিছু বলুক, তিনি যখন ভালোবেসে নিজের অক্ষমতা প্রকাশ করে তার সঙ্গে কথা বলতে শুরু করতেন, তখন অভিযোগকারী নিজের কঠোরতার ব্যাপারে লজ্জিত হতো।

আমাদের মুহতারাম ভাই ও বন্ধু, আজিমত ও হিম্মত তথা দৃঢ় সংকল্প ও মনোবলের অধিকারী শহীদ কমান্ডার খাত্তাব মনসুর রহিমাহুল্লাহ[89] একবার আমাকে বলেন: « আমরা তিন সাথি ফারুক ভাই রহিমাহুল্লাহর কাছে কার্যনির্বাহগত বিভিন্ন বিষয় নিয়ে অভিযোগ

---

[89] ডেরা ইসমাইল খানের শহীদ কমান্ডার খাত্তাব ইমরান মনসুর রহমাতুল্লাহি আলাইহি সাহসিকতা ও অবিচলতার শক্তিশালী পাহাড় ছিলেন। অল্প বয়সেই কাশ্মীর জিহাদের প্রশিক্ষণ কেন্দ্রগুলো থেকে জিহাদী প্রশিক্ষণ গ্রহণ করেন। আফগানিস্তানে ক্রুসেডারদের ওপর পরিচালিত প্রথম দিকের বড় মুখোমুখি হামলাগুলোতে তিনি কমান্ডার বদর মনসুর রহমাতুল্লাহি আলাইহির নেতৃত্বে অংশগ্রহণ করেন। লাল মসজিদে পাকিস্তানি সেনাবাহিনীর বর্বর হামলার পর শহীদ বদর মনসুর রহমাতুল্লাহি আলাইহি তাকে ডেরা ইসমাইল খান এবং আশপাশের জেলাগুলোতে মার্কিন জোট ভুক্ত সেনাবাহিনীকে হামলার দায়িত্ব দেন। তিনি অন্যান্য ভাইদের সঙ্গে ক্রুসেডারদের গোলাম সেনাবাহিনী এবং তাদের অধীন বিভিন্ন সংস্থার ওপর কয়েকটি সফল হামলার পরিকল্পনা করেন। ২০১৩ সালে তার নেতৃত্বে মুজাহিদীন ডেরা ইসমাইল খানের সেন্ট্রাল জেল ভেঙে কয়েক ডজন মজলুম মুজাহিদকে মুক্তি দেন। তার এমন সাহসিকতাপূর্ণ পদক্ষেপ শত্রুপক্ষকে চিন্তিত করে তোলে। মুজাহিদীনের মাঝে ভালোবাসা ছড়িয়ে দেয়া এবং সাথীদের মাঝে মিল মহব্বত তৈরি করার অবদান ছিল তার। কমান্ডার ফরমান শিনওয়ারি রহমাতুল্লাহি আলাইহির শাহাদাতের পর আব্দুল্লাহ আযযাম ব্রিগেডের দায়িত্ব তিনি লাভ করেন। আলকায়দা উপমহাদেশ গঠিত হবার পর তাকে গোত্রীয় অঞ্চলে জিহাদের সামরিক দায়িত্ব অর্পণ করা হয়। তাই উত্তর ওয়াজিরিস্তানের অপারেশনে মুজাহিদীনকে সুশৃংখল রাখতে নিযুক্ত থাকেন। আল্লাহ তাআলা তাকে সাহসিকতার পাশাপাশি উন্নত আখলাক দান করেছিলেন। নিজের অধিকার ছেড়ে দিতেন এবং সাথীদের সঙ্গে খুবই স্নেহপূর্ণ আচরণ করতেন। তার উন্নত চরিত্র ও বিনয় আমাকেও তার অনুরাগী করে তোলে এবং পরস্পরে এক বিশেষ ভালোবাসা ও আস্থার সম্পর্ক তৈরি করে। গোত্রীয় অঞ্চলে বিশেষভাবে মুজাহিদীনের সর্বজন প্রিয় ব্যক্তিত্ব ছিলেন। কুরআনে কারিমের খুবই চমৎকার তেলাওয়াত করতেন, যা উত্তাপ ছড়াতো। আল্লাহর রাস্তায় রাত্রি জাগরণকারী গুণের অধিকারী মুজাহিদ ছিলেন। ২০১৭ সালে এক দীর্ঘ সফরে যাবুল অতিক্রম কালে তিন সাথী সহ মার্কিন ড্রোন হামলায় শাহাদাত বরণ করেন। আল্লাহ তাআলা তাকে আপন সন্তুষ্টি দান করুন!! আমীন!!!

করতে যাই। আমরা খোলাখুলিভাবে তার কাছে অভিযোগ পেশ করি। কেউ কেউ কঠোর ভাষা ব্যবহার করেন। কুধারণার কারণে মনের ক্রোধ প্রকাশ করেন। কিন্তু তিনি চুপ করে সবকিছু শোনেন এবং মুচকি হাসতে থাকেন। সবশেষে তিনি বলেন, আমিও কিছু কথা বলি? অতঃপর তার এক একটি বাক্য আমাদের অন্তরের স্বচ্ছতা এবং আমাদের মনে তাঁর প্রতি ভালোবাসা ও গুণগ্রাহীতার কারণ হয়। বাস্তবেই তিনি অনুপম আদব-আখলাকের অধিকারী। »

একদিন তিনি আমাকে বলতে লাগলেন: « প্রিয় ভাই আপনার মনে আমার প্রতি কোনো অসন্তুষ্টি রয়েছে? আমি চিন্তা করে ভদ্রতা করে কিছু বলেছিলাম। কিন্তু তিনি খাতা পেন্সিল নিয়ে নোট করতে বসেছিলেন। বারংবার বলে যাচ্ছিলেন এবং আমাকে চিন্তা করতে বলছিলেন যে, তার প্রতি কোনো অসন্তুষ্টি রয়েছে কিনা? আমি খুব একটা চিন্তা করতে পারলাম না। অতঃপর বলতে লাগলেন: আচ্ছা আমার প্রতি অন্য কোনো সাথির অসন্তুষ্টি রয়েছে? খুবই পীড়াপীড়ি করতে লাগলেন এবং যখন আমি দেখলাম, কিছু না বললে তিনি ছাড়বেন না, তখন এক সাথির ব্যাপারে অভিযোগ করেই বসলাম। তৎক্ষণাৎ তিনি সেটা নোট করলেন। ওই সাথির কাছ থেকে নিজেও ক্ষমা চাইলেন এবং পরবর্তীতে আর ভুল হবে না বলে প্রতিশ্রুতি দিলেন। অতঃপর আমি দেখি, যেই সাথির ব্যাপারে আমার অভিযোগ তৈরি হয়েছিল, ওই দিনের পর থেকে তার শাহাদাত লাভের আগ পর্যন্ত আমার সঙ্গে এমন সদাচরণ তিনি করতেন, যা অভিযোগ করার কারণে আমাকে লজ্জায় ফেলে দিয়েছিল।

তিনি ব্যক্তিগত কারণে রাগান্বিত হতেন না। কিন্তু যদি শরীয়তের কোনো হুকুমে অবহেলা হয়, আল্লাহর কোনো ওলী অথবা আলেমে দীনের গীবত করা হয়, তখন তিনি নিজেকে ধরে রাখতে পারতেন না; সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুমের সুন্নত অনুসরণে তিনি [594]

নিজের ভাইয়ের পক্ষে জবাব দিয়ে দিতেন। গীবত পরনিন্দা.. তাও যদি হয় উলামায়ে কেরামের কারও.. অথবা তাদেরকে তুচ্ছ তাচ্ছিল্য করা.. কিছুতেই মেনে নিতে পারতেন না। তার সামনে এমন কিছু হলে তার চেহারার রং বদলে যেত এবং ততক্ষণ পর্যন্ত স্থির হয়ে বসতে পারতেন না, যতক্ষণ অভিযোগকারীর কথার পাল্টা জবাব না দিতেন। অবশ্য অত্যন্ত রাগান্বিত অবস্থায়ও কখনও তার মুখে কোনো গালাগালি বা অশ্লীল কথা শোনা যায়নি।

জবানের হেফাযত
ফারুক ভাই রহিমাহুল্লাহ তার দায়িত্বে থাকা সাথিদের মাঝে যখন দাওয়াত ও সংশোধনের কাজে প্রসিদ্ধ হলেন, তখন থেকে বিশেষভাবে মুখের অন্যায় ব্যবহার হতে নিজেকে এবং নিজের সাথিদেরকে বাঁচিয়ে রাখতেন। কোনো হারাম কথা বের হওয়া তো দূরের কথা, অর্থহীন বৃথা কথাও তার চেহারার রং বদলে দিতো এবং তার সামনে কোনো হালকা কথারও (loose talk) সাহস কারও হতো না।

ভাষা ও মুখের আপদ থেকে বাঁচার জন্য সবচেয়ে লক্ষণীয় বিষয় ছিল তার কাছে মুসলিমদের গীবত বা পরনিন্দা থেকে বাঁচা। এগুলো থেকে তিনি নিজেই বিরত থাকতেন না; তার মজলিসে কারোই সাহস হতো না কোনো মুসলিমের ব্যাপারে শরীয়তী প্রয়োজন ছাড়া নেতিবাচক কিছু বলার। আমার মনে পড়ে, ওয়াজিরিস্তানে এক সময় হিজরতের জীবন যাপনকারী একজন আলেমে দীন; যিনি পরবর্তীতে পাকিস্তানের শহর এলাকায় গিয়ে জিহাদের দাওয়াতী কাজে মশগুল হয়ে গিয়েছিলেন— তার ব্যাপারে ফারুক ভাই রহিমাহুল্লাহকে আমি বলি: ‘মুজাহিদীনের প্রতি তার বিশ্বস্ততা সন্দেহপূর্ণ; মনে হয় তার উপর আস্থা রাখা উচিত নয়!’ জবাবে তৎক্ষণাৎ তিনি খুবই সরল [595]

ভাষায় শুষ্কতা মিশ্রিত রাগত ভাবে জবাব দেন : আমার জানাশোনা অনুযায়ী তার ব্যাপারে এমন কথা সঠিক নয় ; প্রকৃত অবস্থা আল্লাহই ভালো জানেন। আমি শীর্ষস্থানীয় আলেমদের কাছে তাঁর প্রশংসা শুনেছি এবং জিহাদী অঙ্গনের শায়খগণ তাকে নিজেদের মাঝে গণ্য করেন ’ খালি চোখে দেখলে খুবই সাদাসিধে ছিল তার বাক্য। কিন্তু তার ভালোবাসাপূর্ণ আচরণ ও উচ্চারণ ভঙ্গি যাদের জানা আছে , তারা খুব সহজেই বুঝবে , তার কথার মাঝে রাগ লুকিয়ে ছিল। তার এমন জবাবের পর ওই আলেমে দীনের ব্যাপারে তার সামনে কোনো নেতিবাচক কথা বলার সাহস আমার আর হয়নি।

অন্য এক মজলিসে অপর এক ব্যক্তির ব্যাপারে কথা হচ্ছিলো। তখন আমি তার ব্যাপারে কিছু কঠোর ভাষা ব্যবহার করি , যা অতিশয়তা থেকে মুক্ত ছিল না। মজলিসে নানান কথা হচ্ছিলো। কেউ এ বিষয়টা তেমন খেয়াল করলো না। কিন্তু কিছুদিন পরেই ফারুক ভাই রহিমাহুল্লাহর স্নেহমাখা চিঠি আমার কাছে পৌঁছে। আমার সেই কথায় ধমক দিয়ে আমাকে বোঝান : ‘মুখ থেকে বের হওয়া প্রতিটি কথার জন্য আল্লাহর কাছে জবাব দিতে হবে। আপনার এই কথার জন্য কৈফিয়ত দিতে হবে। যদি এই ব্যক্তি আল্লাহর মাহবুব হয়ে থাকেন এবং তার কোনো আমল আল্লাহর পছন্দের হয় , তাহলে কিয়ামতের দিন আপনার কি হবে ? হাদীসে কুদসীতে এসেছে আল্লাহ তাআলা ইরশাদ করেন :

"مَنْ عَادَ لِي وَلِيًّا فَقَدْ آذَنْتُهُ بِالحَرْبِ"

অর্থ “যে ব্যক্তি আমার কোনো ওলী বা বন্ধুর সঙ্গে শত্রুতা পোষণ করে , আমি তার বিরুদ্ধে যুদ্ধের ঘোষণা দিই। ” [সহীহ আল বুখারী] »

অতঃপর তিনি আরও যা লিখেছেন, তার সারসংক্ষেপ হলো : « স্মরণ রাখবেন , মানুষের ব্যাপারে কোনো কথা বা পর্যবেক্ষণ উল্লেখ করছেন মানে আপনি সাক্ষ্য দিচ্ছেন। সাক্ষ্যের বিষয়টা খুবই ভয়াবহ এবং

এটার কারণে হিসাব হবে। সাক্ষ্য দিতে গিয়ে ভুল করা অনেক বড় গুনাহ। কিয়ামতের দিন এমন অজুহাত কাজে আসবে না যে, বৈঠকের অবস্থা দেখে অথবা মুখ সামলাতে না পেরে কারও ব্যাপারে হালকা কিছু বলে দিয়েছি। »

তাঁর বৈঠকে কোন আলেমে দীনের গীবত কল্পনাও করা যেত না; তিনি তো ইসলামের শত্রু কারও ব্যাপারেও অপ্রয়োজনে কঠোর ভাষা ব্যবহার করা পছন্দ করতেন না। তার একজন ঘনিষ্ঠ সাথি একবার বলেছেন:

« একবার রেডিওতে সংবাদ শোনার সময় একজন প্রসিদ্ধ রাজনীতিবিদের (যার ইসলাম বিদ্বেষ কারও কাছে গোপনীয় নয়) ব্যাপারে আমি মন্দ কথা বলি। তিনি তৎক্ষণাৎ আমাকে বাধা দেন। আমি বললাম, তিনি তো ইসলাম বিদ্বেষী এবং তার এই দোষ সকলেরই জানা। তখন বলতে লাগলেন, তার বিরুদ্ধে কথা বলার উদ্দেশ্য দুই রকম হতে পারে: তাকে সংশোধন করা অথবা সাথিদেরকে তার সম্পর্কে সতর্ক করা, যেন তার অনিষ্ট থেকে তারা বেঁচে থাকতে পারে। কিন্তু আপনার কথা এই দুই উদ্দেশ্যের কোনোটাই পূরণ করছে না। তাই শুধু মনের ক্লেদ উগড়ে মুখ কেন নষ্ট করছেন? »

উপর্যুক্ত সাথি ভাই আরও বলেছেন: গীবতের জঘন্যতা বোঝানোর জন্য ফারুক ভাই রহিমাহুল্লাহ আমাদেরকে একটি ঘটনা শুনিয়েছেন। তিনি বলছিলেন:

« আমরা কয়েকজন সাথি শায়খ ইবরাহীম মাগরিবি হাফিযাহুল্লাহর সঙ্গে এক বৈঠকে অংশগ্রহণ করি। মুজাহিদীনের মধ্যে এমন একজনের কথা আলোচনা হচ্ছিলো, যার কারণে জিহাদের ক্ষতি হচ্ছিলো। ওই ব্যক্তির ব্যাপারে বৈঠকে প্রয়োজন অতিরিক্ত কিছু কথা চলে আসে। শায়খ ইবরাহীম কথা বলতে বলতে নিজের ল্যাপটপের স্ক্রিন বন্ধ করেন। একটা আওয়াজ হয়ে ল্যাপটপের স্ক্রিন ভেঙে যায়। দেখা গেল, ল্যাপটপের উপর একটা ইউএসবি রাখা ছিল। বন্ধ করার [597]

সময় চাপ লেগে ল্যাপটপের স্ক্রিন ভেঙে যায়। তিনি বলেন, আমরা সকলেই ভয় পেয়ে গেলাম। শায়খ ইবরাহীম মাগরিবি হাফিযাহুল্লাহ এবং আমরা —সকলেই ইস্তেগফার করতে শুরু করি। শায়খ হাফিযাহুল্লাহ তখন আমাদের মনোযোগ আকর্ষণ করে বলেনঃ একজন মুসলিমের গীবতের কারণে এমনটা হয়েছে। »

উলামায়ে কেরামের প্রতি শ্রদ্ধা
উলামায়ে কেরামের প্রতি শ্রদ্ধা জানানোর
এবং তাদেরকে সম্মান করার প্রতি জোর আরোপ করতেন। আমাকে তিনি বলেন: « অনেক সাথি উলামায়ে কেরামকে সম্মান করেন না। আলেমদের নামের সঙ্গে শুধু ভাই যুক্ত করে ডেকে থাকেন। তাদের নামের সঙ্গে শ্রদ্ধা-সম্মান নির্দেশক কিছু ব্যবহার করেন না। » অনেক সাথি অল্প বয়সী আলেমদেরকে শুধু মৌলভী বলেন। তিনি বলছিলেন যে, « এটা আমার একদমই ভালো লাগে না। বেতমিজ আচরণ বলে মনে হয় » আর কিছু না হোক অন্তত মাওলানা বলা তো জরুরি। কেউ বলে উঠলেন: « ভাই! নতুন নতুন দাওরা হাদীস সমাপনকারী সাথিদেরকে মাওলানা বলতে অদ্ভুত লাগে। কারণ এখনও তাদের মাঝে অপরিপক্কতা রয়েছে। তাছাড়া মাদরাসার শিক্ষা সমাপনকারী অনেকেই শুধু সনদধারী হয়। » তখন তিনি বলেন: ‘আমি একজনের সংশোধন করতে চাই, অথচ এটাই জানি না, ইলমে নববী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উত্তরাধিকারীদেরকে কিভাবে সম্মান জানাতে হয়? তিনি যতই কম পড়ুন এবং তার বয়স যেমনই হোক না কেন, আমাদের মতো অজ্ঞ

90লোকদের চেয়ে
তো তিনি অনেক উচ্চ অবস্থানে রয়েছেন এবং তাকে সম্মান জানানো আমাদের দায়িত্ব। আমরা নিজেদেরকে যতই পুরানো ও বুঝমান সাথি মনে করি না কেন, কিন্তু

90 আলেমে রাব্বানী উস্তায আহমদ ফারুক রাহমাতুল্লাহি আলাইহি অজ্ঞ লোকদের জন্য "আমরা" সর্বনাম ব্যবহার করতেন শুধুমাত্র নিজের বিনয় হিসেবে

[598]

যারা দীনী ইলম বহনকারী , আমরা তাদের বরাবর হতে পারি না।

قُلْ هَلْ يَسْتَوِي الَّذِينَ يَعْلَمُونَ وَالَّذِينَ لَا يَعْلَمُونَ

অর্থ : “আপনি বলে দিন , যারা জানে আর যারা জানে না তারা কি বরাবর হতে পারে ?” [সূরা যুমার ৩৯ :০৯]

নেতৃত্ব তো আসলে উলামায়ে কেরামেরই কাজ

শাহাদাতের কয়েক মাস আগে শেষ সাক্ষাতে আমাকে মোটামুটি এমন কিছু কথা বলেছেন :

« আধুনিক কলেজের শিক্ষিত অনেক সাথি অনুভব করেন না যে, নেতৃত্ব আসলে উলামায়ে কেরামের কাজ। সকলেই নিজেকে নেতৃত্ব ও পথপ্রদর্শনের যোগ্য মনে করে। এই যে বর্তমানে আমাদের দায়িত্বে কত কাজ পড়ে আছে, এসব কিছু প্রতিকূল অবস্থা , কুফরী শাসন ব্যবস্থার চাপ এবং অন্যান্য প্রতিবন্ধকতার কারণে সাময়িক একটা বিষয়। অন্যথায় এ বিষয়টা সকলের বুঝে রাখা উচিত , নেতৃত্ব আসলে উলামায়ে কেরামের কাজ। আমাদের সমাজ পরিবর্তনের কার্যকরী পন্থা হলো , আমরা ধর্মহীন ও বেদীন শ্রেণির কাছ থেকে নেতৃত্ব ছিনিয়ে উলামায়ে কেরামের হাতে অর্পণ করা। যে ব্যক্তি নিজে শরীয়তের অনুশাসন সম্পর্কে অবগত নয় , সে অন্যদেরকে কিভাবে পরিচালনা করবে ? এ কারণে আমরা নির্যাতন -নিপীড়নের শিকার উলামায়ে কেরামের হাতে নেতৃত্ব অর্পণ করতে চাই , যেন তারা শরীয়ত অনুযায়ী আমাদেরকে পরিচালিত করেন। »

আদব আছে যার, সফলতা তার

উলামায়ে কেরাম, জিহাদী অঙ্গনের শীর্ষ স্থানীয় আলেমদের ব্যাপারে বেয়াদবি এবং অশোভনীয় ভাষা ব্যবহার তাকে খুবই ব্যথিত করতো। অনেকেই উলামায়ে কেরাম এবং জিহাদী আমীরদেরকে কোনো সম্মানসূচক উপাধি ছাড়া শুধু নাম ধরে ডাকতো। একদিন আমি ঠাট্টা করে তাকে বিরক্ত করে বললাম: 'কিছু কিছু হযরত বলছেন বড়দেরকে নাম ধরে ডাকলে অসুবিধা কোথায়? সাহাবায়ে কেরাম এবং তাবেঈন রিযওয়ানুল্লাহি আলাইহিম আজমাঈন বর্ণনার সনদ উল্লেখ করতে গিয়ে সোজা নাম ব্যবহার করতেন — যেমন ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, ইবনে উমর রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত ইত্যাদি.. তাদের মধ্যে কে হযরত মাওলানা আল্লামা শাল্লামা উপাধি লাগাতেন?' এ কথা শুনে তিনি উত্তেজিত হয়ে বলেন:

« এমন ব্যক্তি শরীয়তের মেজাজ বোঝে না। তারা অনেক হাদীসের বিরোধিতা করে। » এরপর বলতে লাগলেন: « তারা কি নিজের পিতাকেও কোনো উপাধি ছাড়া শুধু নাম বলে উল্লেখ করে? তারা কি এই হাদীস শোনেনি?:

لَيْسَ مِنَّا مَنْ لَمْ يُوَقِّرْ كَبِيرَنَا

(অর্থ:) "ওই ব্যক্তি আমাদের অন্তর্ভুক্ত নয়, যে আমাদের বড়দেরকে সম্মান করে না।" [মুসনাদে আহমাদ]

এই হযরতদেরকে কারা বড়দেরকে সম্মান না করতে শেখালো? এরপর তো হাদীসে বিশেষভাবে একথা এসেছে — وَيَعْرِفْ لِعَالِمِنَا - অর্থ: "আমাদের আলেমদের সম্মান করে।" [পূর্বোক্ত সূত্র (মুসনাদে আহমাদ)]

অতঃপর তিনি বলতে লাগলেন: « আমাদের উলামায়ে কেরাম ও সম্মানিত আমীরদের কি এতোটুকু অধিকার নেই যে, পিতা-মাতাকে যতটুকু সম্মান করা হয়, তারা ততটুকু

সম্মান লাভ করবে। সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুম বড়দেরকে সীমাহীন শ্রদ্ধা সম্মান করতেন। তাদের সামনে চলতেন না এবং বড়দের কথা বলার সময় কথা বলতেন না। আকাবিরদের ঘরের বাইরে অপেক্ষায় থাকতেন, তাদেরকে কষ্ট থেকে বাঁচানোর জন্য দরজায় আওয়াজ পর্যন্ত করতেন না। সাইয়েদেনা হযরত উমর রাযিয়াল্লাহু আনহু সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুমের ভাই ছিলেন, বন্ধু ছিলেন এবং অনেক সাহাবীর সমবয়সী ছিলেন। কিন্তু তিনি আমীর হওয়ার পর যখনই কেউ তাকে স্মরণ করেছেন, তখন আদব ইকরামের সঙ্গে আমীরুল মুমিনীন বলেছেন। আসলে বেয়াদবি মূলক বাচনভঙ্গি কোনো ধর্মীয় কারণে (ধর্মীয় মতবিরোধপূর্ণ বিষয়ের কারণে) নয়; বরং অন্তরের রোগের কারণে দেখা দেয়। অন্তরে যখন অহমিকা থাকে, তখন তখন তা বড়দের প্রতি আদব সম্মান নষ্ট করে দেয়। »

সৎকর্ম ও তাকওয়ার ব্যাপারে সহযোগিতা লাভ: যে কারও থেকে

ফারুক ভাই রহিমাহুল্লাহ খুবই খোলা মনের মানুষ ছিলেন। দীন ও জিহাদের নামে যখনই কেউ তার কাছ থেকে কিছু নিতে আসতো, তার সাথে থাকলে অবশ্যই দিয়ে দিতেন। নিজে সহযোগিতা করতে না পারলে অন্য সাথিদেরকে সাধ্যমতো সহযোগিতা করতে বলতেন। যখনই দীনের জন্য কোন সহযোগিতার প্রয়োজন হতো, ফারুক ভাই রহিমাহুল্লাহর হাত সবচেয়ে উন্মুক্ত ও প্রশস্ত হতো। আল্লাহ তার মাঝে বরকত দিয়েছিলেন। আমার মনে পড়ে না যে, আমি অথবা অন্য কেউ তার কাছে কোনো প্রয়োজনের কথা বলার পর সাধ্যে থাকা সত্ত্বেও তিনি না করে দিয়েছেন। কখনও কখনও এমনও হতো যে, তাঁর ভীষণ প্রতিপক্ষ হওয়া সত্ত্বেও কেউ [601]

যদি দীনের কাজের জন্য তার কাছে সাহায্য চাইতেন, তাহলে তিনি আগের সব কিছু ভুলে উন্মুক্ত মনে এগিয়ে আসতেন।

অন্যান্য মুহাজির মুজাহিদীনের সাহায্য-সহযোগিতার জন্যও সদা প্রস্তুত থাকতেন। যখনই কোনো মুজাহিদের অভাব-অনটনের কথা জানতেন, যথাসাধ্য সাহায্য করতেন। ঋণগ্রস্ত ভাইদের ঋণ পরিশোধে এগিয়ে আসতেন। কারও ভালো কাজের কথা জানলে সাধ্যে থাকা অবস্থায় কখনোই পিছিয়ে থাকতেন না। একই মেজাজ তার ব্যবস্থাপনা পরিষদের অন্য ভাইদের মাঝেও ছিল । তারা যেখানেই থাকতেন; গোত্রীয় অঞ্চলের আনসার মুজাহিদীন হোন কিংবা মুহাজির মুজাহিদীন—সকলের জন্য আশ্রয়স্থল হয়ে থাকতেন।

শহীদ কমান্ডার বদর মনসুর রহিমাহুল্লাহর সঙ্গে সাদৃশ্য
এই গুণ তার মাঝে এবং তার সফরসঙ্গী বন্ধু, ইসলামের বীর, বীরত্ব ও সাহসিকতার মূর্ত প্রতীক, দুনিয়া ভোলা সাধক, বিনয় ও নম্রতার উদাহরণ শহীদ কমান্ডার বদর মনসুর রহিমাহুল্লাহর মাঝে পূর্ণমাত্রায় ছিল। সাদা-কালো নির্বিশেষে সকলের সঙ্গে সহযোগিতার এই গুণ এই উভয় পাকিস্তানি মুজাহিদের মাঝে বিদ্যমান ছিল। তার সঙ্গে বদর মনসুর শহীদ রহিমাহুল্লাহর বড় মিল ছিল। জিহাদের কয়েকটি বিষয়ে এবং ঘরে সফরে তারা একসঙ্গে ছিলেন। শুরা পরিষদের বৈঠকেও শহীদ বদর মনসুর রহিমাহুল্লাহর রায় অধিকাংশ সময়ে ফারুকী রহিমাহুল্লাহর রায়ের অনুকূল হতো। শহীদ বদর মনসুর রহিমাহুল্লাহর ওপর ফারুক ভাই রহিমাহুল্লাহ অনেক নির্ভর করতেন এবং তিনিও ফারুক ভাই রহিমাহুল্লাহর উপর আস্থা রাখতেন। ফারুক ভাই রহিমাহুল্লাহ ২০০৬ সালে শহীদ বদর মানসুর [602]

রহিমাহুল্লাহর পরিচয় লাভ করেন। উভয়ের মাঝে এমন বন্ধুত্ব ও আস্থার সম্পর্ক ছিল, মনে হতো, দুই দেহে একই প্রাণ। পারস্পরিক সহযোগিতা এমনই বৃদ্ধি পেয়েছিল যে, বদর মনসুর ভাই রহিমাহুল্লাহ ফারুক ভাই রহিমাহুল্লাহর কয়েকটি ব্যবস্থাপনাগত বিষয় সামলাতে আরম্ভ করেন এবং ফারুক ভাই রহিমাহুল্লাহ বদর মনসুর ভাই রহিমাহুল্লাহর সাথিদের দীনী ও শরঈ দীক্ষা দানের কাজ করেন। আসলে তাদের মধ্যকার সখ্য সম্প্রীতি ও আস্থার সম্পর্কের মাধ্যমে পাকিস্তানি দলগুলোর সামনে সহযোগিতা ও পারস্পরিক সুসম্পর্কের দৃষ্টান্ত স্থাপিত হয়।

বদর মনসুর একজন কায়েদে জিহাদ
সীমান্তবর্তী টাংক জেলা শহীদ বদর মনসুর রহিমাহুল্লাহর পিতৃ এলাকা। কাশ্মীর জিহাদে অংশগ্রহণের জন্য হরকতুল মুজাহিদীন সংগঠনের সদস্য হন। সামরিক প্রশিক্ষণ সম্পন্ন করার পর ইমারতের আমলে কাবুল এবং উত্তর আফগানিস্তানে কাফেরদের এজেন্ট উত্তরাঞ্চলীয় জোটের বিরুদ্ধে তালেবানের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে লড়াই করেন। আফগানিস্তানে বর্বর মার্কিন হামলার পর ছড়িয়ে ছিটিয়ে পড়া মুহাজিরদেরকে সাহায্য করা নিজের দায়িত্ব বানিয়ে নেন। অতঃপর প্রথম বছরগুলোতে ‘সালারে মুজাহিদীন’ (সেনাপতি) খলীফা সিরাজ উদ্দিন হাক্কানী হাফিযাহুল্লাহকর কাতারে শামিল হয়ে ক্রুসেডারদের বিরুদ্ধে কয়েকটি লড়াইয়ে অংশগ্রহণ করেন। হরকাতুল মুজাহিদীনের পক্ষ থেকে তিনি গোত্রীয় অঞ্চল এবং আফগানিস্তানের জিহাদে অংশগ্রহণের দায়িত্বপ্রাপ্ত ছিলেন। কাবায়েলি অঞ্চল এবং বিশেষ করে ওয়াজিরিস্তানের কাবায়েলি এলাকায় তার ভক্ত অনুরাগীদের একটি বড় সার্কেল বিদ্যমান ছিল। এভাবেই আল-কায়েদার আরব

[603]

মুজাহিদীনের সঙ্গে বিভিন্ন সামরিক প্রশিক্ষণ ও যৌথ সামরিক প্ল্যানে অংশগ্রহণের মধ্য দিয়ে সুসম্পর্ক বৃদ্ধি পায়। পাকিস্তানের শহরগুলোতে আরব ভাইদেরকে সাহায্য-সহযোগিতা আগে থেকেই করে আসছিলেন। ২০০৬ সালে তিনি আল-কায়েদার বিভিন্ন কার্যক্রমে সরাসরি অংশগ্রহণ করতে আরম্ভ করেন। ২০০৭ সালে যখন লাল মসজিদের ঘটনার মধ্য দিয়ে পাকিস্তানি বর্বর সেনাবাহিনীর বিরুদ্ধে রীতিমতো জিহাদ আরম্ভ হয়, তখন কমান্ডার বদর মনসুর রহিমাহুল্লাহ নিজের সাথিদেরকে নিয়ে শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর কাছে রীতিমতো বায়আতবদ্ধ হয়ে আল-কায়েদায় শামিল হয়ে যান। আল-কায়েদার শীর্ষ নেতারা আব্দুল্লাহ আযযাম ব্রিগেড নামে একটি দল গঠন করে এবং তাকে সে দলের দায়িত্বে নিযুক্ত করে। গোত্রীয় অঞ্চল এবং সীমান্তবর্তী অঞ্চলের পাশাপাশি করাচি ও পাঞ্জাব থেকে শত শত মুজাহিদ তাকে আনুগত্য জানিয়ে ক্রুসেডার এবং তাদের মিত্রশক্তির বিরুদ্ধে জিহাদে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আফগানিস্তানে ক্রুসেডারদের ওপর যত বড় হামলা হোক, গোত্রীয় অঞ্চলে বর্বর সেনাবাহিনীর অন্যায় অপারেশন প্রতিরোধ হোক অথবা পাকিস্তানি শহরগুলোতে আমেরিকার গোলাম সেনাবাহিনী ও মিত্র সংস্থাগুলোর উপর কোনো অপারেশন হোক—সবখানেই শহীদ বদর মনসুর রহিমাহুল্লাহ এবং তার সাথিদেরকে প্রথম সারিতে দেখা গিয়েছে।

বিনয় অক্ষমতা প্রকাশের সঙ্গে যদি সাহসিকতা ও বীরত্ব মিলে যায়, তবেই একজন ব্যক্তি নেতা হয়ে ওঠেন। বদর মনসুর রহিমাহুল্লাহ সর্বদিক থেকে একজন নেতা ছিলেন। ভালোবাসা ছড়াতেন। ভাইদের মাঝে মীমাংসা করতে চাইতেন। কেউ তার সঙ্গে সম্পর্ক ছিন্ন করলে তিনি সম্পর্কে জুড়ে দিতেন। কেউ তাকে মন্দ বললে তার প্রশংসা করতেন। নিজে ক্ষুধার্ত

[604]

থাকতেন কিন্তু অন্যকে খাওয়াতেন। কুরবানী ত্যাগ এবং নিজের উপর অন্যকে প্রাধান্য দেয়ার দৃষ্টান্ত ছিলেন। এই গুণাবলির কারণে তিনি মুজাহিদীনের সর্বজন প্রিয় ব্যক্তিত্ব ছিলেন। জিহাদী নাম বদরের মতোই সমুজ্জ্বল ছিলেন। দ্যুতি ছড়াতেন, আলো বিলাতেন। ২০১২ সালে পাকিস্তানি সেনাবাহিনীর গুপ্তচর সংস্থার সাহায্যে ক্রুসেডাররা ড্রোন হামলায় রাতের শেষ প্রহরে তার নামাযরত অবস্থায় শহীদ করে দেয়। আল্লাহ তাকে সন্তুষ্টি দান করুন এবং জান্নাতুল ফেরদৌসের শীর্ষ স্থানীয় ব্যক্তিদের অন্তর্ভুক্ত করুন, আমীন।

একবার ফারুক ভাই রহিমাহুল্লাহ আমাকে ডেকে বললেন: « ভাইয়া বদর মনসুর ভাই রহিমাহুল্লাহর কাছে সোয়াত থেকে কিছু পরিবার মুহাজির হয়ে এসেছে। তাঁর ওপর তো আগে থেকেই অনেক ফ্যামিলির বোঝা চেপে আছে। আপনি কি কিছু ফ্যামিলির খরচ বহনে সহায়তা করতে পারেন? » এভাবে যখনই ফারুক ভাই রহিমাহুল্লাহ কারও প্রয়োজন সম্পর্কে জানতেন, অস্থির হয়ে তার প্রয়োজন পূরণের চেষ্টা করতেন। একইভাবে কমান্ডার বদর মনসুর রহিমাহুল্লাহ খোদায়ী খেদমতগার (আল্লাহর বান্দাদের সেবায় নিবেদিত প্রাণ) ছিলেন। যেখানে যার যেকোনো ধরনের প্রয়োজন হতো—ব্যক্তিগত হোক কিংবা জিহাদী কাজে— বদর ভাই রহিমাহুল্লাহর কাছ থেকে কেউ খালি হাতে ফিরে যেত না। আমি নিজে কয়েকবার তা প্রত্যক্ষ করেছি। একবারে মিরানশাহের জেলাগুলোতে কয়েকটি ঘর ভাড়া করার জন্য আমরা যাই। ওখানে কিছু প্রতিবেশী অভিযোগ করেন। অতঃপর স্থানীয় হযরতগণ সিদ্ধান্ত গ্রহণ করেন, যদি কমান্ডার বদর মনসুর রহিমাহুল্লাহ তাদের কাছে এসে আমাদের ব্যাপারে সুপারিশ করেন তাহলে তারা এই ঘর ভাড়া দেবেন। ওই রাতেই বদর মনসুর ভাই রহিমাহুল্লাহকে বাজারে দেখা

[605]

যায়। তিনি নিজের কোনো কাজে ওখান দিয়ে যাচ্ছিলেন। আমি তাকে বিষয়টি জানালে তিনি হেসে আমাকে বললেন, আমি ওখানে যাওয়ার দ্বারা যদি কোনো কাজ হয়ে যায়, তাহলে বিসমিল্লাহ চলুন! তৎক্ষণাৎ আমার পেছনে মোটর সাইকেলে বসে উক্ত সমস্যার সমাধানে চলে আসেন। বদর মনসুর রহিমাহুল্লাহ সকল মুজাহিদের মাঝে সাহায্য-সহযোগিতার ক্ষেত্রে অনন্য ব্যক্তিত্ব ছিলেন। আল্লাহ তার প্রতি সন্তুষ্ট হন, আমীন।

পাকিস্তানি মুজাহিদীনের নেতৃবৃন্দের মাঝে ফারুক ভাই রহিমাহুল্লাহর সবচেয়ে বেশি সম্পর্ক ছিল শহীদ বদর মানসুর রহিমাহুল্লাহর সঙ্গে, এ কথা বললে অত্যুক্তি হবে না। তিনি নিজের অসিয়ত বাণীতে একথা এভাবে বলে গিয়েছেন:

« যারা আমার সমবয়সী এবং বন্ধুবর্গ, তাদের মধ্যে এবং শহীদ ভাইদের মধ্যে সবচেয়ে বেশি মুহব্বত বদর মানসুর ভাই রহিমাহুল্লাহর সঙ্গে ছিল। আল্লাহ জান্নাতে তার সঙ্গী হিসেবে কবুল করুন! »

আরব মুজাহিদীনের প্রতি বিশেষ ভালোবাসা বিশ্বের নানা প্রান্ত থেকে আগত মুহাজিরদের প্রতি ফারুক ভাই রহিমাহুল্লাহর অশেষ ভালোবাসা ছিল। যেভাবেই তাদের খেদমত ও সেবা যত্ন সম্ভব, তা নিজের জন্য কর্তব্য মনে করতেন। কত মুহাজিরকে গোপনভাবে সাহায্য করতেন, যারা নিজেরাও জানতেন না, কে তাদেরকে সাহায্য করছেন। আরব মুহাজিরদের খেদমত নিজের জন্য সৌভাগ্য মনে করতেন। এতটা গুরুত্ব মনোযোগ দিয়ে কেউ মুহাজিরদের খেদমতের হক আদায় করতেন কিনা সন্দেহ রয়েছে। এই খেদমত ও সেবা যত্নের জন্য তিনি অন্য সকল কাজকে বিলম্ব করা উপযুক্ত মনে করতেন।

[606]

আরব মুজাহিদীন এবং বিশেষভাবে শীর্ষস্থানীয় নেতৃবৃন্দকে তিনি জিহাদের বড় পুঁজি মনে করতেন। তাদের নিরাপত্তা, সাহায্য-সহযোগিতা এবং অন্যান্য প্রয়োজন পূরণ অগ্রগণ্য রাখতেন। তিনি জানতেন, গোটা বিশ্বে জিহাদের বিস্তার, সংশ্লিষ্ট চিন্তাধারা উম্মাহর মাঝে ব্যাপকায়ন এবং গোটা বিশ্বের জিহাদ বেগবান করার ক্ষেত্রে বর্তমান সময়ে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা আরব মুজাহিদীনের এবং বিশেষভাবে তাদের উলামায়ে কেরাম ও শীর্ষস্থানীয় ব্যক্তিদের। এ কারণে তিনি উম্মাহর এই পুঁজি সংরক্ষণ এবং এই হযরতদের সহযোগিতার জন্য সময়, মাধ্যম এবং যোগ্যতা ব্যয় করা অন্য সকল জিহাদী দায়িত্বের চেয়ে অগ্রগণ্য মনে করতেন।

প্রতিটি নেয়ামতপ্রাপ্ত ব্যক্তির সঙ্গে হিংসা করা হয়
ফারুক ভাই রহিমাহুল্লাহর ইলম, আমল, লেখালেখি, বয়ান, বক্তৃতা, উন্নত চরিত্র, প্রশংসনীয় গুণাবলি, বীরত্ব, উচ্চ মনোবল, প্রতিভা, যোগ্যতা এবং আমীর ও শায়খদের পক্ষ থেকে তার প্রতি আস্থা ও নৈকট্যের কারণে হিংসুকদের একদল আবির্ভূত হয়, যারা তার ব্যক্তিত্বকে পিছিয়ে দেয়ার জন্য সম্ভাব্য সকল অপচেষ্টা চালায়। নিন্দনীয় সেসব অপচেষ্টার মূল উদ্দেশ্য হলো, যে কোনোভাবে বৈশ্বিক জিহাদী আন্দোলনের নেতৃবৃন্দের যেন ফারুক ভাই রহিমাহুল্লাহর প্রতি কুধারণা তৈরি হয়ে আস্থা নষ্ট হয়ে যায়। এই উদ্দেশ্যে নির্জলা মিথ্যা অপবাদ, গালাগালি সহ সম্ভাব্য সকল পন্থা হিংসুকেরা ব্যবহার করে। কিন্তু কোথায় তার ইখলাস, লিল্লাহিয়াত, নিষ্ঠা, তাকওয়া, কুরবানী ও অবিচলতার দৃষ্টান্ত আর

[607]

[illegible]

[illegible]:

«فَإِنَّ كُلَّ ذِي نِعْمَةٍ مَحْسُودٌ»

“[illegible]” [[illegible]]

[illegible]

[illegible]:

يَا بُنَيَّةُ هَوِّنِي عَلَى نَفْسِكِ الشَّأْنَ، فَوَاللَّهِ لَقَلَّمَا كَانَتِ امْرَأَةٌ قَطُّ وَضِيئَةٌ عِنْدَ رَجُلٍ يُحِبُّهَا وَلَهَا ضَرَائِرُ، إِلَّا أَكْثَرْنَ عَلَيْهَا

[illegible]: “[illegible]” » [[illegible]]

[illegible]

কার্যনির্বাহ যোগ্যতা, বয়ান বক্তৃতা, লেখালেখির প্রতিভা, দাওয়াতী কার্যক্রম, মানুষের মাঝে গ্রহণযোগ্যতা, উত্তম সঙ্গী-সাথিদের সান্নিধ্য, বড়দের পক্ষ থেকে তার প্রতি আস্থা-বিশ্বাস, গুরুত্বপূর্ণ কর্মব্যস্ততা এবং এমনই আরও বিভিন্ন গুণ এমন ছিল, যেগুলোর কারণে হিংসুটে কিছু লোক তার ব্যাপারে কুধারণা ও ভুল কথা ছড়াতে আরম্ভ করে। মিরান শাহ এলাকার মেইন বাজারে এমন অনেকেই ঘোরাঘুরি করতো, যারা ফারুক রহিমাহুল্লাহর ব্যাপারে প্রোপাগান্ডা ছড়াতো। তাকে চেনে না জানে না এমন লোকদের কাছে এবং ওয়াজিরিস্তানে নতুন এসেছে এমন লোকদের কাছে ফারুক ভাই রহিমাহুল্লাহ সম্পর্কে ভুলভাল কথা প্রচার করতো। এমনই একটা ঘটনা আমাদের মাহবুব, প্রিয়ভাজন বুযুর্গ ব্যক্তি, স্নেহশীল নেতা হাজী অলিউল্লাহ (ভাই ইমরান সিদ্দিকী)

91 রহিমাহুল্লাহর সামনেই
ঘটেছে। ঘটনাটা মোটামুটি এমন ছিল: হাজী অলিউল্লাহ রহিমাহুল্লাহ ২০১২ সালে প্রায় এক দশক কারাগারের প্রতিকূল অবস্থা অতিক্রম করে সাথিদেরকে নিয়ে মিরান শাহে হিজরত করেন। করাচির সেন্ট্রাল জেলে উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর চেতনা উদ্দীপক বয়ান বক্তৃতাগুলো তার কাছে পৌঁছেছিল এবং ফারুক ভাই রহিমাহুল্লাহর প্রতি অদেখা ভালোবাসা জন্ম নেয়া ছিল। অপরদিকে ফারুক ভাই রহিমাহুল্লাহও অন্য মুজাহিদদের কাছ থেকে হাজী অলিউল্লাহ রহিমাহুল্লাহ এবং তার সঙ্গী-সাথিদের মহান কীর্তি ও ত্যাগ-তিতিক্ষার ঘটনা শোনেন। ফলে তার অন্তরেও 91ভাই ইমরান সিদ্দিকী মুজাহিদীনের মাঝে হাজী অলিউল্লাহ সাহেব নামে
প্রসিদ্ধ। প্রবীণ মুজাহিদীনের একজন তিনি। কমিউনিস্টদের শাসনামলে আফগানিস্তানে জিহাদী প্রশিক্ষণ গ্রহণ করেন। পরবর্তীতে তালেবানের আমলে আফগানিস্তানে হিজরত করেন। করাচি শহরে জিহাদের দাওয়াত বিস্তারে মৌলিক ভূমিকা পালন করেন। তিনি এবং তার সাথীরা ১১ই সেপ্টেম্বরের পর পর আমেরিকা এবং তার মিত্রশক্তির বিরুদ্ধে পাকিস্তানে জিহাদ সূচনাকারীদের অন্তর্ভুক্ত ছিলেন। তিনি ২০০২ সালে করাচি থেকে গ্রেপ্তার হন এবং ১০ বছর পর ২০১২ সালে মুক্তি লাভ করেন। মুক্ত হবার পরপর ওয়াজিরিস্তানে চলে আসেন এবং এখানে মুজাহিদীনকে নেতৃত্ব দেন। তিনি আলকায়দা উপমহাদেশের নৈতিক শিক্ষা বিভাগের প্রধান এবং শুরা পরিষদের সদস্য ছিলেন। তিনি বরাবরই অবিচলতা মহানুভবতা স্নেহশীলতা ও উত্তম চরিত্রের মূর্ত প্রতীক ছিলেন। আল্লাহ তাআলা তাকে আপন সন্তুষ্টি দান করুন আমীন!!

[609]

হাজী অলিউল্লাহ সাহেবের ভালোবাসা স্থান করে নেয় এবং তার সাক্ষাতের আগ্রহ তৈরি হয়। কিন্তু যখন হাজী অলিউল্লাহ রহিমাহুল্লাহ মিরান শাহ এলাকায় পৌঁছেন, সে সময় ফারুক ভাই রহিমাহুল্লাহ কিছু কাজে দক্ষিণ ওয়াজিরিস্তানের প্রাণকেন্দ্র ভানা মহল্লায় অল্প সময়ের জন্য অবস্থান করছিলেন। এই উপস্থিতি এবং ব্যবস্থাপনাগত কিছু কারণে তখন পর্যন্ত উভয় হযরতের দেখা-সাক্ষাৎ হয়নি। সে সময় মিরানশাহ বাজারে ঘোরাফেরা করা কিছু লোক হাজী সাহেব রহিমাহুল্লাহকে ফারুক ভাই রহিমাহুল্লাহ সম্পর্কে কিছু নেতিবাচক ভুলভাল কথা শুনিয়ে দেয়, যার কারণে হাজী সাহেব রহিমাহুল্লাহ স্বভাবতই কিছুটা চিন্তিত হয়ে ওঠেন। চিন্তার কথা তিনি আমার কাছে উল্লেখ করেন এবং বলেন: ‘ফারুক রহিমাহুল্লাহর ব্যাপারে লোকেরা অনেক নেতিবাচক কথা বলে এবং তার সঙ্গে এখনও আমার সাক্ষাৎ হয়নি। তার ব্যাপারে আপনার কি রায়?’ আমি বললাম আপনি বড় মানুষ এবং যথেষ্ট অভিজ্ঞতার অধিকারী। যতক্ষণ ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে আপনার সাক্ষাৎ না হবে, কোনো নিশ্চিত সিদ্ধান্তে পৌঁছুবেন না। হাজী সাহেব রহিমাহুল্লাহ একমত হলেন। কিছুকাল পর ফারুক ভাই রহিমাহুল্লাহ মিরান শাহে ফিরে আসেন এবং হাজী সাহেব রহিমাহুল্লাহর সঙ্গে সাক্ষাতের ব্যবস্থা করেন। তখন হাজী সাহেব রহিমাহুল্লাহ সাক্ষাতের জন্য যাবার আগে আমার কাছে আসেন এবং মুচকি হেসে বলেন: ‘ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে সাক্ষাৎ করতে যাচ্ছি আল্লাহ কল্যাণকর কিছু করবেন। মানুষের কাছে অনেক কিছু শুনেছি তার ব্যাপারে। এবার দেখি তিনি কেমন?’ দীর্ঘ সাক্ষাতের পর হাজী সাহেব রহিমাহুল্লাহ সোজা আমার কাছে আসেন এবং সাক্ষাতের পর যা যা হলো সবকিছু এভাবে উল্লেখ করেন: ‘আমাদের ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে সাক্ষাৎ হয়েছে

[610]

আলহামদুলিল্লাহ। তিনি একজন কামেল (পূর্ণাঙ্গ) মানুষ। তিনি উত্তম চরিত্রের অধিকারী। খুবই আদব রক্ষাকারী। তার সঙ্গে সাক্ষাৎ করে অনেক আনন্দিত হয়েছি। তিনি উচ্চপর্যায়ের মানুষ। তার ব্যাপারে বাজারে যেই মন্দ কথা শুনেছি সবই বকওয়াস। ভাই! এই সবকিছু হিংসা, হিংসা ছাড়া অন্য কিছুই নয়। লোকেরা তাকে হিংসা করে। তিনি তো উচ্চ মাপের মানুষ।’

ঠিক এমনই একটা ঘটনা আরব যুবক আবুল-বারা কুয়েতি রহিমাহুল্লাহর সঙ্গে ঘটে। তাকে আল-কায়েদার অধীনে একটি বিশেষ পাকিস্তানি গ্রুপ আশ-শুহাদা ব্রিগেডের পক্ষ থেকে দায়িত্ব দেওয়া হয়েছিল। তিনিও ইতিপূর্বে ফারুক ভাই রহিমাহুল্লাহর নাম শুনেছিলেন কিন্তু কখনও তার সঙ্গে সাক্ষাৎ হয়নি। অবশ্য মিরান শাহ বাজারে কিছু লোকের কাছে ফারুক ভাই রহিমাহুল্লাহর বিরুদ্ধে নেতিবাচক কথা ও প্রোপাগান্ডা তাকে ফারুক ভাই রহিমাহুল্লাহর প্রতি কুধারণা পোষণ করতে বাধ্য করে। তিনি আমার কাছে আসেন এবং ফারুক ভাই রহিমাহুল্লাহ সম্পর্কে নেতিবাচক বিভিন্ন কথা বলেন। তিনি চুপ হলে আমি বললাম: আপনি কখনও ফারুক ভাইকে দেখেছেন অথবা আপনাদের মাঝে সাক্ষাৎ হয়েছে? তিনি বললেন: না.. তার সঙ্গে আমার সাক্ষাৎ হয়নি।’ তখন আমি বললাম: একবার তার সঙ্গে সাক্ষাৎ করুন! এরপর আমরা এ বিষয়ে কথা বলবো’। আল্লাহর ইচ্ছা ছিল, অল্প দিনের মাঝেই তাদের সাক্ষাৎ হলো। সাক্ষাতের পর আবুল বারা ভাই রহিমাহুল্লাহ আমার কাছে এলেন। যারা তার কাছে ফারুক ভাই রহিমাহুল্লাহ সম্পর্কে খারাপ কথা বলেছিল, তাদের প্রতি রাগান্বিত হয়ে তিনি কাঁপছিলেন। তিনি কিছুটা এমন কথা বলতে আরম্ভ করলেন: ‘ফারুক ভাই রহিমাহুল্লাহ মহান মানুষ। তিনি জিহাদের দাঈ ও মুরুব্বী। তিনি আহ্বায়ক, আবার অভিভাবক। তিনি নিজের সাথিদের দীনী ও নৈতিক

[611]

শিক্ষা দিয়েছেন। জিহাদী দলের বিভাগগুলো সুশৃঙ্খলভাবে ঢেলে সাজিয়েছেন। উন্নত চরিত্রের অধিকারী তিনি। খুবই আদব শিষ্টাচারের অধিকারী এবং আলেমে দীন ব্যক্তিত্ব। অথচ তার ব্যাপারে যারা মন্দ কথা বলেছে, তারা নিজেরাই বেকার লোক; কোনো কাজের নয়। যে লোকেরা তার ব্যাপারে দুর্নাম করতো, তাদেরকে আমি বলে দিয়েছি, আল্লাহর কাছে ইস্তেগফার করো এবং যুদ্ধ ফ্রন্টে গিয়ে মুজাহিদীনের খেদমত করো। বাজারে ঘোরাঘুরি করে ফিতনা বিস্তার করো না।’

ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে এমন যা যা ঘটেছে, ইতিহাস অধ্যয়ন করলে দেখা যায়, আল্লাহর দীনের দাঈদের অধিকাংশের সঙ্গেই এমন হয়েছে। স্বয়ং ফখরে উম্মাহ শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ এবং শায়খ আবদুল্লাহ আযযাম রহিমাহুল্লাহকে আঘাত করতে কত ব্যক্তি ও সংস্থা চেষ্টা করেছে! সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহর ব্যক্তিত্বের সঙ্গেও এমন হয়েছে। আরও পেছনে গেলে ইসলামের প্রথম শতাব্দীগুলোতে দেখা যায়, সব যুগেই ইসলামের মহান ব্যক্তিদের বিরুদ্ধে মিথ্যাচার ও নেতিবাচক কথা বলার জন্য সমাজে একটা গ্রুপ বিদ্যমান ছিল। দুর্নাম অপবাদ মিথ্যাচার তারা বরাবরই করে গেছে। তবে নবীদের পরে ভুল-ত্রুটির উর্ধ্বে কোনো মানুষ নেই। আমরাও আমাদের আকাবির ও মহান ব্যক্তিদেরকে ভুল-ত্রুটির ঊর্ধ্বে মনে করি না। কিন্তু নসীহত ও সংশোধন প্রচেষ্টার সঙ্গে বিশৃঙ্খলা মিথ্যাচার অপবাদ ও ঘৃণামূলক পন্থার যোজন যোজন ফারাক রয়েছে। একটা প্রশংসনীয় ও কাঙ্ক্ষিত অপরটা নিন্দনীয় ও জঘন্য। শায়খ উসামা রহিমাহুল্লাহকে লোকেরা সিআইএ'র এজেন্ট বলতো। শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহকে মোসাদের এজেন্ট বলতো। সাইয়েদ কুতুব রহিমাহুল্লাহর ব্যাপারে এক ব্যক্তি শায়খ আযযাম রহিমাহুল্লাহকে বলেছে,

[612]

أَنزَلَ مِنَ السَّمَاءِ مَاءً فَسَالَتْ أَوْدِيَةٌ بِقَدَرِهَا فَاحْتَمَلَ السَّيْلُ زَبَدًا رَّابِيًا ۚ وَمِمَّا يُوقِدُونَ عَلَيْهِ فِي النَّارِ ابْتِغَاءَ حِلْيَةٍ أَوْ مَتَاعٍ زَبَدٌ مِّثْلُهُ ۚ كَذَٰلِكَ يَضْرِبُ اللَّهُ الْحَقَّ وَالْبَاطِلَ ۚ فَأَمَّا الزَّبَدُ فَيَذْهَبُ جُفَاءً ۖ وَأَمَّا مَا يَنفَعُ النَّاسَ فَيَمْكُثُ فِي الْأَرْضِ ۚ كَذَٰلِكَ يَضْرِبُ اللَّهُ الْأَمْثَالَ

(17)

‘বয়ানুল কুরআন’ তাফসীর গ্রন্থে হাকীমুল উম্মত হযরত মাওলানা আশরাফ আলী থানভী রহিমাহুল্লাহ এই আয়াতের তাফসীরে লিখেন:

« এই দুটি উদাহরণের মাঝে দুটো বিষয় রয়েছে: একটি হলো কার্যকরী বস্তু—যা আসল পানি এবং আসল সম্পদ; আর অন্যটা হলো অর্থহীন বস্তু—যা খরকুটা এবং ময়লা জিনিস। সারাংশ হল, উদাহরণ দুটিতে যেমন সাময়িকভাবে ময়লা জিনিস আসল জিনিসের উপরে দেখা যায় কিন্তু পরিণতিতে সেগুলো ছুঁড়ে ফেলা হয় এবং আসল জিনিস থেকে যায়, একইভাবে বাতিল ও মিথ্যাকে সাময়িকভাবে সত্যের ওপর দেখা যায় কিন্তু পরিণতিতে মিথ্যা পরাজিত হয় এবং সত্য সুপ্রতিষ্ঠিত থেকে যায়। »

অপরদিকে ফারুক ভাই রহিমাহুল্লাহর মনোবল ও সহনশীলতা ছিল অদ্ভুত ধরনের। আল্লাহ তাআলা তাকে যেই মনোবল দান করেছিলেন, সেটাও তার দীনের অংশ ছিল। তিনি তার ব্যাপারে মিথ্যাচারী ও অপবাদ রটনাকারীদের সঙ্গে উত্তম আচরণ করতেন। তাকে যারা খারাপ বলতো তাদের জবাবে এই আয়াতের উপর আমল করতেন ادفع بالتي هي أحسن (অর্থ: উত্তম পন্থায় জবাব দাও) তিনি মনে করতেন, যার স্বভাব যেমন, সে তো তেমনই আচরণ করবে। তিনি যথাসম্ভব এমন ব্যক্তিদের সংশোধনের চেষ্টা করতেন, যাদের অন্তরে ব্যাধি রয়েছে। যে মানুষগুলো বিভিন্ন বৈঠকে তার ব্যাপারে বিষ ছড়াতো, তিনি বছরের পর বছর তাদেরকেও ভাতা প্রদান করতেন এবং খরচ পাঠিয়ে দিতেন। প্রয়োজনের সময় তাদের সাহায্যে এগিয়ে আসতেন। তিনি এমন ভাবে কাজগুলো করতেন, ওই ব্যক্তি জানতেও পারতো না। যতক্ষণ পর্যন্ত বিষয়টা তার ব্যক্তিগত হতো তিনি ধৈর্য ধারণ করতেন এবং এই আয়াতের উপর আমল করতেন فاصفح الصفح الجميل অর্থ: “আপনি খুবই উত্তম পন্থায় তাদের ক্রিয়াকর্ম উপেক্ষা করুন।” [সূরা হিজর ১৫:৮৫]

কিন্তু যখন জিহাদের পথে বাধা দানকারীরা উম্মাহর মাথার মুকুট হযরত আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মদ উমর রহিমাহুল্লাহ এবং কায়েদে জিহাদ শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহর মতো উম্মাহর নেতৃবৃন্দ এবং অন্যান্য জিহাদী নেতৃবৃন্দের ব্যাপারে এজাতীয় মিথ্যাচার করতে আরম্ভ করে, তখন ফারুক ভাই রহিমাহুল্লাহ এমন ব্যক্তিদের খারাপ দিক স্পষ্ট করার দিকনির্দেশনা দেন এবং তাদের অনিষ্ট থেকে সকলকে বাঁচানোর পদক্ষেপ নেন। তিনি বলেন: ‘মুজাহিদীনের ব্যাপারে যারা প্রোপাগান্ডা ও দুর্নাম ছড়ায়, নেতৃবৃন্দকে অপবাদ দেয়, শত্রুপক্ষের ভয় আমাদের মনে ছড়িয়ে দেওয়ার চেষ্টা করে এবং মুজাহিদীনের ত্রুটি-বিচ্যুতি ও দুর্বলতাগুলো বলে বেড়ায়; জিহাদের পথে এমন বাধা দানকারীদের তালিকায় যারা রয়েছে, ফুকাহায়ে কেরামের রায় অনুযায়ী তাদেরকে জিহাদে অংশগ্রহণের সুযোগ দেয়া উচিত নয়। »

শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহ তাদের সম্পর্কে একথা পর্যন্ত বলেছেন যে, « শরীয়তের নির্দেশনা এমনই, এমন ব্যক্তিরা যদি জিহাদে অংশগ্রহণ করতেও চায়, তাহলেও তাদেরকে দূরে রাখা আমীরের দায়িত্ব। » [শায়খ আযযাম রহিমাহুল্লাহ রচিত ‘তাফসীর ফী জিলালি সূরা আত তওবা’]

অতএব বিষয়টা যখন ফারুক ভাই রহিমাহুল্লাহর ব্যক্তিগত পর্যায়ে সীমাবদ্ধ না থেকে আকাবির ব্যক্তিদের পর্যন্ত গড়ায়, তখন তিনি এমন দুষ্কৃতিকারী গ্রুপকে বয়কটের সিদ্ধান্ত নেন।

পরবর্তীতে সেটাই হয়েছে। যেই মানুষগুলো শুরুতে ফারুক ভাই রহিমাহুল্লাহর বিরোধিতায় লিপ্ত ছিল, তার ব্যাপারে মিথ্যাচার করে বেড়াতো, পরিশেষে তাদের মাঝে অধিকাংশই কট্টরপন্থি বিশৃঙ্খলা

[615]

সৃষ্টিকারী তাকফীরি দায়েশ গ্রুপে চলে যায়। ফারুক ভাই রহিমাহুল্লাহ বলতেন, জিহাদ ফী সাবীলিল্লাহ আল্লাহর দীনের সর্বোচ্চ চূড়া। আল্লাহ নিকৃষ্ট বিষয় এখানে রেখে দেন না। তিনি মন্দ অপসারণ করেন। নির্দিষ্ট সময় অন্তর অন্তর একই পন্থায় অপছন্দনীয় লোকদেরকে আল্লাহ দূরে সরিয়ে দেন। আল্লাহ আমাদেরকে হেফাযত করুন এবং পথভ্রষ্টতা থেকে রক্ষা করুন, আমীন। তখন তিনি ‘মুজাহিদীনের সামনে এক গুরুতর ফিতনা’ নামে মুজাহিদীনের মাঝে বিশৃঙ্খলা বিস্তারকারী দায়েশের পথভ্রষ্টতা স্পষ্ট করে কিছু বিষয় উল্লেখ করার পর লিখেন: « একথা ভালোভাবে বুঝে রাখা উচিত, এটা একটা বিদআতী চিন্তা এবং এই চিন্তা লালনকারীরা আল্লাহর দীনের ব্যাপারে ভয়াবহ সীমালঙ্ঘনের শিকার। এই বিদআতের ব্যাপারে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অনেক হাদীসে সতর্ক করেছেন এবং এই কট্টরপন্থাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পূর্ববর্তী উম্মাহর ধ্বংসের কারণ বলে উল্লেখ করেছেন। স্পষ্ট থাকা চাই, বিদআতপন্থিদের মধ্যে যারা এসবের দাওয়াত দেয় এবং অন্য মুসলিমদেরকে নিজেদের দিকে ডাকে, তাদের সঙ্গে করণীয় আচরণের ব্যাপারে শরীয়তের কিছু সুস্পষ্ট দিক নির্দেশনা রয়েছে। তার মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য এবং সর্বসম্মত নির্দেশনা হলো: বিদাতপন্থিদের সঙ্গে ওঠাবসা করা যাবে না, তাদেরকে সালাম দেয়া যাবে না, তাদের সঙ্গে কথা বলা হবে না এবং তাদের কথাও শোনা হবে না; তাদের বইপত্র পাঠ করা হবে না, তাদের দাওয়াত কবুল করা হবে না, তাদের খাবার খাওয়া যাবে না, তাদের দেখা সাক্ষাতে যাওয়া যাবে না এবং তাদেরকে শ্রদ্ধা করা যাবে না। তবে উলামায়ে কেরামের মাঝে যারা তাদের দলীল-প্রমাণ খণ্ডনের যোগ্যতা রাখেন, তারা সংশোধনের উদ্দেশ্যে অথবা তাদের পথভ্রষ্টতা

[616]

স্পষ্ট করার জন্য তাদের সঙ্গে ওঠাবসা করলে কোনো অসুবিধা নেই। »

অল্পতুষ্টি ও পরনির্ভরহীনতা
ফারুক ভাই রহিমাহুল্লাহ নিজের প্রয়োজনে অল্পতেই তুষ্ট হয়ে উঠতেন। তিনি অল্পতুষ্ট ছিলেন, অমুখাপেক্ষী ছিলেন। অন্যদেরকে বেশি দিয়েছেন কিন্তু নিজের জন্য অল্প ব্যয় করতেন। তার কাছে শুধু তিন জোড়া কাপড় থাকতো। তীব্র গরমের সময় জুন জুলাই মাসে মোটা খদ্দরের পোশাক পরিধান করতেন। যখনই সাক্ষাৎ করতেন, একই পোশাকে দেখা যেত। আস-সাহাব মিডিয়ার একজন দায়িত্বশীল ভাইয়ের কাছে আমি মজা করে বলি: ‘আপনাদের ফারুক ভাই রহিমাহুল্লাহকে তো ভিডিওতে দামি কটনের কাপড় পরিহিত দেখা যায়’, তখন ওই ভাই বলতে লাগলেন: ‘সেটা তো কটনের একটা কুর্তা, যা ফারুক ভাই রহিমাহুল্লাহ শুধু বয়ান রেকর্ড করানোর জন্য পরিধান করতেন। কারণ উলামায়ে কেরাম বলেন, দাঈদের দাওয়াত দেয়ার সময় এবং গুরুত্বপূর্ণ মজলিসগুলোতে পোশাক ও গঠন গাম্ভীর্যপূর্ণ রাখা উচিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এমন ক্ষেত্রগুলোতে কখনও কখনও বিশেষ পোশাক পরিধান করতেন। তবে সাধারণ অবস্থায় তার নিকট ওই দুটি কাপড়ই থাকে, যা সাধারণত তিনি পরিধান করতেন’।

ফারুক ভাই রহিমাহুল্লাহ তার মুহাজির জীবনে বাইতুল মাল থেকে কোন অজীফা গ্রহণ করেননি। তিনি ব্যক্তিগত সম্পদ থেকে পরিবারের খরচ চালিয়েছেন, খুবই সাদাসিধেভাবে অভাব অনটনের মধ্য দিয়ে। তার সম্মানিতা স্ত্রী বলেছেন:

‘আপনাদের ভাই ব্যক্তিগত সম্পদ থেকেই খরচ চালাতেন। তখন আমি বললাম, বায়তুল মাল থেকে কিছু ঋণ

[617]

নেওয়া যেতে পারে; কিন্তু তিনি রাজি না হয়ে বললেন, যদি ঋণ নেয়ার প্রয়োজন হয়, তাহলে আমি মর্যাদা সম্পন্ন কোনো মুজাহিদের কাছ থেকে ব্যক্তিগতভাবে নিয়ে নেবো। কিন্তু বায়তুল মাল থেকে কখনোই নেব না। একবার তার ব্যক্তিগত মালিকানাধীন কিছু অর্থ তার কাছে আসে। তিনি তৎক্ষণাৎ এক লক্ষ বায়তুল মালে রাখেন এবং বলেন, ‘বায়তুল মালের হিসাবে কিছু না কিছু এদিক সেদিক হয়েই থাকে এটা যদিও অনেক কম তবু কাফফারা হিসেবে আমি রাখছি আল্লাহ কবুল করে নিন!’

জিহাদের নেতৃবৃন্দের অল্পে তুষ্টি ও সাদাসিধে জীবন
এমনিভাবে একদিন ফারুক ভাই রহিমাহুল্লাহ আমাকে বলতে লাগলেন: মহান আলেম, পরিচালক, আমিরে জিহাদ হযরত শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ বলেছেন:

« যখন আমি (শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ) ওয়াজিরিস্তানে গমন করি এবং মুজাহিদীন আমাকে ঘর তৈরি করে দেন, তখন পুরানো ও সংকীর্ণ হওয়ার কারণে আমার মনে খেয়াল এলো, সম্ভবত এর চেয়ে ভালো ঘর পাওয়া যেত; সাথিরা সম্ভবত আমার জন্য ঘর ঠিক করার জন্য যথাযথ চেষ্টা করেনি’। শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ বলেন, অতঃপর একদিন আমার আমীর, খোরাসানে জিহাদের নেতা, গোটা গোত্রীয় অঞ্চলকে সৌহার্দ্য সম্প্রীতি সহকারে জিহাদের জন্য প্রস্তুতকারী, ইবাদতগুজার শায়খ মুস্তফা আবুল ইয়াজিদ রহিমাহুল্লাহর ঘরে যাই। শায়খ মুস্তফা রহিমাহুল্লাহ এমন ব্যক্তি ছিলেন, যার একটি সাক্ষরে ওয়াজিরিস্তানের কয়েকটি পরিবার নিজেদের ঘর অর্ধেক করে এবং আলিশান কক্ষ ছেড়ে মুহাজিরদের বসবাসের জন্য দিয়ে দিতে প্রস্তুত [618]

হয়ে যায়— শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ বলেন, যখন আমি এই মহান নেতার দারিদ্র্য অবস্থা সাদাসিধে জীবন এবং পুরানো ঘর দেখলাম—যা আসলে বকরি রাখার কামরা ছিল; পরিষ্কার করে বসবাসের উপযুক্ত করা হয়েছিল; তার একটি দেয়াল খুবই শোচনীয় অবস্থায় ছিল—এ অবস্থা দেখে আমি খুবই লজ্জিত হই এবং অনুভব করি, আমি তো এর চেয়ে অনেক ভালো ঘরে বসবাস করি।’

এখানে এই ঘটনা উল্লেখ করার উদ্দেশ্য হলো, নববী সুন্নাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণে অল্পে তুষ্টি ও দরবেশ সুলভ জীবন যাপন করতে ফারুক ভাই রহিমাহুল্লাহ সম্ভবত শিখেছিলেন তার আকাবিরদের সান্নিধ্যেই।

ওয়াজিরিস্তান গোত্রগুলো সাহায্য-সহযোগিতার দাবি যথার্থ পূরণ করেছে
এখানে স্মরণ রাখা চাই, উম্মাহর এই মহান নেতৃবৃন্দের দারিদ্র্যাবস্থা ও সাদাসিদে জীবন তারা নিজেরাই বেছে নিয়েছিলেন। অন্যথায় খোরাসানের গোত্রগুলোতে মহান আনসারগণ—যারা মদীনার আনসারী সাহাবা রাযিয়াল্লাহু আনহুমের স্মৃতি জাগ্রত করেছিলেন— মুজাহিদীনের সব ধরনের সুযোগ-সুবিধা এমনকি শৌখিন আসবাবপত্রের ব্যবস্থা করে রেখেছিলেন। কিছু কিছু জিনিস এমন ছিল, যেগুলো সাধারণত শহুরে জীবনেও তেমনটা দেখা যেত না; কিন্তু আনসার ভাইয়েরা আমাদের জন্য সেগুলো প্রস্তুত করে রেখেছিলেন। এটা গোত্রগুলোর আত্মমর্যাদাশীল মুসলিমদের মহানুভবতা ছিল যে, তারা মুহাজির ভাইদের খেদমতে এমন ভদ্রতা দেখাতেন এবং এতসব কষ্ট সহ্য করতেন যে, বস্তুবাদী জগতে টাকা পয়সা ও স্ট্যাটাসের নিরুপায় সমাজে বসবাসকারী আমাদের ভাইয়েরা কল্পনাও করতে পারবেন না, আনসার [619]

ভাইয়েরা নিজেদের ঘর অর্ধেক করে মুহাজির ভাইদের বসবাসের জন্য দিয়ে দেন, সম্পদের উৎকৃষ্ট অংশ মুহাজির ভাইদের জন্য খরচ করেন, নিজেরা সারারাত জেগে পাহারা দিয়ে মুহাজির ভাইদের নিরাপদ আরামদায়ক নিদ্রার ব্যবস্থা করেন। তারা দিনের বেলা পাহাড়ে গিয়ে কাঠ কুড়াতেন এবং সন্ধ্যায় সেগুলোর মাধ্যমে মুহাজিরদের রুম গরম করার ব্যবস্থা করতেন। নিজেরাই ক্ষুধার্থ থাকতেন। বিবি বাচ্চাদেরকে শুকনো রুটি অথবা শুধু শুধু দুধ দিয়ে খাবার খেতে দিতেন; কিন্তু দীনের তরে আত্মীয়তাকারী মেহমান হিজরতকারীদেরকে বকরির গোস্ত এবং অন্যান্য ভদ্রতা সূচক ভালো খাবার পরিবেশন করতেন। নিজেরা ঠাণ্ডায় থাকতেন কিন্তু মুজাহিদীনের জন্য নরম ও উষ্ণ শয্যার ব্যবস্থা করতেন। ড্রোন হামলা যখন বেশি মাত্রায় হতো, ড্রোন বিমানগুলো যখন খুব নিচ দিয়ে যেতো, তখন আনসার ভাইয়েরা মুহাজিরদের সকল কাজ নিজেদের দায়িত্বে নিয়ে নিতেন, যেন ঝুঁকির মধ্যে মেহমানদের বাইরে যাওয়ার প্রয়োজন না হয়। বিপদের সময় তারা নিজেরা বের হতেন আর মুহাজির মেহমানদেরকে ঘরের ভেতর নিরাপদে রাখতেন। আল্লাহ এই মহান আনসারদের প্রতি সন্তুষ্ট হন যারা মদীনার আনসারদের মতোই يــؤثرون على أنفســهم ولو كــان بهم خصاصة অর্থ: "তারা নিজেদের উপর অন্যদেরকে প্রাধান্য দেয়, চাই নিজেরা অভাব অনটনের মধ্যে থাকুক।" [সূরা হাশর ৫৯:০৯] আল্লাহ রাব্বুল ইজ্জত এই মহান ব্যক্তিদেরকে তার সন্তুষ্টি দান করুন! আল্লাহ দুনিয়া আখিরাতে তাদেরকে উত্তম বদলা দান করুন— যা তাদের মর্যাদার উপযুক্ত! এই মহান সন্তানদের লক্ষণ কুরআনে কারীমে এসেছে, তারা বলে:

لَا نُرِيدُ مِنكُمْ جَزَاءً وَلَا شُكُورًا

অর্থ: "আমরা তোমাদের কাছে কোনো প্রতিদান চাই না আর না কোনো কৃতজ্ঞতা।" [সূরা ইনসান ৭৬:০৯]

পাঠকদের মনোরঞ্জনের জন্য এবং ওয়াজিরিস্তানের মুজাহিদীন ও মুহাজিরদের সঙ্গে ভালোবাসার একটি ঝলক দেখাতে একটি ঈমানী ঘটনা উল্লেখ করছি।

** আমরা শুধু আপনাদের দোয়া চাই

এটা ২০০৮ সালের গ্রীষ্মকালের কথা। ভানা (ওয়ানা) ওয়াজিরিস্তানের ‘স্পিন’ নামক এলাকায় এক বসতিতে হঠাৎ পাকিস্তানি সেনাবাহিনী আক্রমণ করে। বেশ কয়েকটি ঘর ধূলিস্যাৎ করে ঘরের লোকদের সম্মান নষ্ট করে। জনসাধারণকে সড়কে একত্রিত করে এবং সারিবদ্ধভাবে দাঁড় করিয়ে গুলি করে হত্যা করে। জনসাধারণের জীবন ভিক্ষার সুপারিশ করার জন্য স্থানীয় একজন ডাক্তার অগ্রসর হলে শক্তির নেশায় মত্ত হয়ে বর্বর বাহিনী তাকেও হত্যা করে। সেই স্থানে অত্যাচারী জালেম, দাম্ভিক, দীন ও জাতির শত্রু সেনাবাহিনীকে শিক্ষা দেওয়ার জন্য মুজাহিদীনের নেতৃবৃন্দ আমাদের কয়েকজনকে ওয়াজিরিস্তানের খুব দূরের পাহাড় সারিতে শত্রুর উপর হামলার পরিকল্পনা দিয়ে পাঠান।

আমার জন্য গর্বের বিষয় হলো, ওই সফরে আমার সফরসঙ্গী ছিলেন ফারুক ভাই রহিমাহুল্লাহর প্রশিক্ষণপ্রাপ্ত সাথি জাওয়াদ আরিফ শহীদ রহিমাহুল্লাহ। যাই হোক সফরের ভেতর তীব্র বৃষ্টি বর্ষণ হয়। গাড়ি যখন একটি দুর্গম পাহাড়ি স্রোতের মধ্যে দিয়ে যেতে শুরু করে, তখন স্রোতটি ফুলে ওঠে। বৃষ্টির কারণে তাতে পানি স্বাভাবিকের চেয়ে একটু বেশি ছিল। এমন সময় কিছু লোককে দৌড়াতে দৌড়াতে আমাদের দিকে আসতে দেখি। তারা দৌড়াচ্ছিলো এবং হাত দিয়ে আমাদেরকে থামানোর

[621]

জন্য ইশারা করে যাচ্ছিলো। সেই সঙ্গে তারা চেঁচিয়ে আমাদেরকে থামতে বলছিল। তারা কাছে এসে আমাদের গাড়ি ঘিরে নেয় এবং আমাদেরকে সামনে যেতে বারণ করে। কারণ স্রোতের পানি বেড়ে যাওয়ার কারণে সামনে যাওয়া সম্ভব নয়। আমরা বারবার বলেছি, এই পথ আমরা চিনি এবং পানি খুব বেশি একটা নেই, রাতের মধ্যেই আমাদের গন্তব্যে পৌঁছতে হবে। তখন স্থানীয়রা তাদের ঐতিহ্যগত নাটকীয় ভঙ্গিতে স্রোতের ভয়াবহ চিত্র আমাদের সঙ্গে তুলে ধরে বলে: এই স্রোত পার হওয়া কারও পক্ষে সম্ভব নয়। তাদের পীড়াপীড়ির কাছে পরাজিত হয়ে এবং তাদের অভিজ্ঞতা বেশি মেনে নিয়ে তাদের মেহমান হিসেবে রাত কাটাবার সিদ্ধান্ত গ্রহণ করি। আমাদের সম্মতি জেনে স্থানীয়দের চেহারা আনন্দে ঝলমল করে ওঠে এবং তৎক্ষণাৎ তারা উচু আওয়াজে আত্মীয়-স্বজনকে এবং বাচ্চাদেরকে ডাকতে শুরু করে। তারা চেঁচিয়ে চেঁচিয়ে বলতে থাকে, এরা আমাদের মেহমান! তাদের সেবা-যত্ন করতে শুরু করো তোমরা! দেখতে দেখতে চারদিক থেকে শত শত বাচ্চা এসে আমাদের জিনিসপত্র কাঁধে তুলে সামনে চলতে শুরু করে এবং আমাদেরকে তাদের কক্ষে নিয়ে যায়। এরপর তাৎক্ষণিকভাবে আমাদের আহারের জন্য তারা ছাগল জবাই করার সিদ্ধান্ত নেয়। আমরা তাদের এমন সিদ্ধান্তে আপত্তি জানিয়ে বলি, ভাই! ছাগল জবাই করার প্রয়োজন নেই, ডাল তরকারি যা আছে সেগুলোই খেয়ে নেব। কিন্তু কে শোনে কার কথা! এদিকে আজকে আমরাও ছাড় না দেয়ার সিদ্ধান্ত নিয়েছিলাম; কখনও কপট রাগ দেখিয়ে আবার কখনও বুঝিয়ে তাদের সিদ্ধান্ত থেকে ফিরিয়ে আনার চেষ্টা করে যাচ্ছিলাম। আমাদের ঝগড়া দীর্ঘ হয়ে যায়। শেষ পর্যন্ত প্রবীণ ও অভিজ্ঞতা সম্পন্ন একজন সাথিকে সমঝোতাকারী স্থির করা হয় এবং তিনি সিদ্ধান্ত দেন: ছাগলের পরিবর্তে দুটো দেশি মোরগ জবাই করা হবে। ভালো! এই

[622]

সিদ্ধান্তে উভয়পক্ষ সম্মত হয়। রাতে আমাদের মেহমানদারী এত শানদার ছিল যে, আজও তার স্বাদ মুখে লেগে আছে। তারা কাবাব টুকরো টুকরো করে এগিয়ে দেন এবং আমরা পরিতৃপ্ত হয়ে যাবার পরও জোর করে মুখে ঢুকিয়ে দেন। খাবার শেষে জোর করে আমাদের পা টিপে দিতে শুরু করেন। আমাদের ব্যাগ খুলে সেখান থেকে ময়লা জামাকাপড় বের করেন রাতেই ধুয়ে দেয়ার জন্য। এরপর যখন সকাল হয় এবং আমরা তাদের ভদ্রতা সূচক নাশতার পর বের হবার প্রস্তুতি নিই, তখন স্রোতের দিকে তাকিয়ে দেখি এত পরিমাণ পানি রয়েছে যা সন্ধ্যার চেয়ে কয়েক গুণ বেশি বলে মনে হচ্ছে। তখন স্থানীয় ওই ভাইয়েরা তাদের ঐতিহ্যগত নাটকীয় ভঙ্গিতে বলতে লাগলেন, স্রোতের রাস্তা একেবারেই পরিষ্কার, কোনো সমস্যা নেই, গাড়ি আরামে চলে যাবে। আমরা হতবাক হয়ে তাদের দিকে তাকিয়ে থাকি। আমরা বলি: গত সন্ধ্যায় পানি তো আরও কম ছিল আর আপনারা বলেছিলেন যাওয়া অসম্ভব; আর এখন পানি বেড়ে গিয়েছে আর আপনারা বলছেন, রাস্তা ঠিক আছে, এটা কেমন যুক্তি?' ক্রুসেড যুদ্ধে ইসলামের অগ্রসেনা দলের এই মুসলিম ভাইগণ তখন নিষ্পাপ চেহারা করে বলেন: "সন্ধ্যায় রাস্তা ঠিক ছিল কিন্তু আমরা আপনাদেরকে মেহমান বানাতে চাচ্ছিলাম, এ কারণে সন্ধ্যায় আপনাদেরকে বাধা দিয়েছি।" এইসব কিছুর পর তাদের চেহারায় নিম্নোক্ত আয়াতের আলো ফুটে উঠেছিল:

لَا نُرِيدُ مِنكُمْ جَزَاءً وَلَا شُكُورًا

অর্থ: "আপনাদের কাছে আমরা কোনো প্রতিদান বা কৃতজ্ঞতা চাই না।" তাদের শুধু একটাই কথা ছিল, আমাদের জন্য এবং আমাদের পরিবারের জন্য আপনারা দোয়া করবেন। সাইয়েদুনা হযরত আনাস রাযিয়াল্লাহু আনহু বর্ণনা করেন, আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দোয়া করে বলেছেন:

اللهُمَّ اغْفِرْ لِلْأَنْصَارِ، وَلِأَبْنَاءِ الْأَنْصَارِ، وَلِأَبْنَاءِ أَبْنَـاءِ الْأَنْصَـارِ، وَاغْفِـرْ لِنِسَاءِ الْأَنْصَارِ، وَلِنِسَاءِ أَبْنَاءِ الْأَنْصَارِ، وَلِنِسَاءِ أَبْنَاءِ أَبْنَاءِ الْأَنْصَارِ

[illegible]: “[illegible]” [[illegible]]

[illegible]

[illegible]

[illegible] وَيُـؤْثِرُونَ عَلَىٰ أَنفُسِـهِمْ وَلَـوْ كَـانَ بِهِمْ خَصَاصَـةٌ [illegible] ([illegible]: “[illegible]”) [illegible]

পায়। কিন্তু আমার মনের মাঝে প্রিয় মুরব্বী আমার গুরু আহমদ ফারুক রহিমাহুল্লাহর প্রতি শ্রদ্ধাবোধ সে সময় বৃদ্ধি পায়, যখন আমি তার গৃহের কক্ষ দেখতে পাই।

গুপ্ত সংস্থাসমূহের টর্চার সেলগুলোও সাধারণত আরও বেশি প্রশস্ত হয়ে থাকে বললে একটুও বাড়াবাড়ি হবে না। এ কক্ষে যদি আড়াআড়িভাবে কেউ শোয়, তাহলে পা ছড়াতে পারবে না। দৈর্ঘ্যও এর চেয়ে তত বেশি নয়। তাতে প্রবেশ করে প্রথমে মনে হয়েছিল, হয়তো দেয়ালে কোনো দরজা আছে, যা দিয়ে আমরা পাশের অপর একটি কক্ষে প্রবেশ করতে পারবো, আর সেটাই হয়তো আসল কক্ষ; এই কক্ষটি শুধু দেয়ালের জন্যই হয়তোবা। কিন্তু কোনো দরজা আসলে ছিল না। তার কক্ষ দেখে পবিত্র সীরাতের গ্রন্থগুলোতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কক্ষের আলোচনা মনে পড়ে যায়।

ফারুক ভাই রহিমাহুল্লাহর বিশেষ আস্থাভাজন ব্যক্তি উস্তাদ উসামা মাহমুদ হাফিযাহুল্লাহ বলেছেন: « শায়খ আবু ইয়াহইয়া লিবি রহিমাহুল্লাহ এবং শায়খ ইবরাহীম মাগরিবি হাফিযাহুল্লাহকে আমি ফারুক ভাই রহিমাহুল্লাহর কক্ষে এমন সময় নিয়ে যাই, যখন তিনি এবং তার পরিবার ঘরে ছিলেন না। শায়খ ইবরাহীম হাফিযাহুল্লাহ অর্থপূর্ণ ভঙ্গিতে শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহকে সম্বোধন করে বললেন, এটা ফারুকের কক্ষ? শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহ কক্ষের আয়তন ও ধরন দেখলেন। তার চোখ চমকে উঠলো এবং তিনিও একই ভঙ্গিতে বললেন: আলহামদুলিল্লাহ আল্লাহ তাআলার কৃতজ্ঞতা যে, তিনি এমন বান্দাদের সঙ্গ দান করেছেন।

[625]

দৃঢ় বিশ্বাস ও ধৈর্য : নেতৃত্বের জন্য দুটি শর্ত

আল্লাহ তাআলার নেয়ামত সমূহ ও জান্নাতের প্রতি ঈমান ছাড়া এতটা অল্পে তুষ্টি ও অমুখাপেক্ষী জীবন বেছে নেয়া কঠিন। আল্লাহর নেয়ামত সমূহের প্রতি দৃঢ় বিশ্বাস ও তাকওয়াই কঠিন থেকে কঠিন অবস্থায় মানুষের সঙ্গী হয় এবং বিপদ-আপদ সহ্য করা সহজ হয়ে যায়। অতঃপর আল্লাহর প্রতি দৃঢ় আস্থার পাশাপাশি যদি ধৈর্যের গুণ থাকে, তাহলে একে দীনের ক্ষেত্রে ইমামত বলা হয়। আল্লাহ তাআলা ইরশাদ করেন :

وَجَعَلْنَا مِنْهُمْ أَئِمَّةً يَهْدُونَ بِأَمْرِنَا لَمَّا صَبَرُوا ۖ وَكَانُوا بِآيَاتِنَا يُوقِنُونَ ﴿٢٤﴾

অর্থ : "এবং আমি তাদের মধ্যে যারা ধৈর্য ধারণ করেছে এমন কিছু লোককে ঈমান বা অনুসরণীয় বানিয়ে দিয়েছি যারা আমার নির্দেশে লোকদের পথপ্রদর্শনের কাজ করবে আর তারা আমার আয়াতসমূহের প্রতি দৃঢ় বিশ্বাসী।" [সূরা সাজদা ৩২ :২৪]

ধৈর্য ও দৃঢ়বিশ্বাসের মাধ্যমে দীনের ক্ষেত্রে ইমামাহ বা নেতৃত্ব লাভ হয়। আল্লাহ ও তার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওয়াদা সমূহের প্রতি দৃঢ় বিশ্বাস, জান্নাতের নেয়ামত সমূহ এবং জাহান্নামের কঠোরতা ও শাস্তি সমূহের প্রতি দৃঢ় বিশ্বাস, আল্লাহ পাকের শক্তি এবং তার পক্ষ থেকে সাহায্য-সহযোগিতার প্রতি দৃঢ় বিশ্বাস, জিহাদী পথ সঠিক পথ হবার প্রতি দৃঢ় বিশ্বাস, ক্রুসেডারদের মিত্র সেনাবাহিনীর কুফরী এবং তাদের বিরুদ্ধে লড়াই সত্য হবার প্রতি দৃঢ় বিশ্বাস, শাহাদাতের মিষ্টতা ও নেকীর প্রতি দৃঢ় বিশ্বাস—এক কথায় আল্লাহর আয়াতসমূহের প্রতি দৃঢ় বিশ্বাসের যত দিক রয়েছে, ফারুক ভাই রহিমাহুল্লাহ সকল দিক নিজের জীবনে প্রতিফলিত

করতে সচেষ্ট ছিলেন। লোকেরা ক্লান্ত হয়ে উঠতো কিন্তু তিনি ক্লান্ত হতেন না। লোকেরা নিরাশার শিকার হতো কিন্তু তিনি নিরাশ হতেন না; নব উদ্যমে তিনি অগ্রসর হতেন। তার দৃঢ় বিশ্বাস ছিল, ইসলাম বিজয়ী হওয়ার যে লক্ষ্য আমরা স্থির করেছি, সেখানে অবশ্যই পৌঁছুবো এবং এই পথেই আল্লাহর সন্তুষ্টি পাওয়া সম্ভব। তিনি ফেরাউন নমরুদ এবং আবু জাহেলের কর্তৃত্বের অবসানের মধ্য দিয়ে আম্বিয়ায়ে কেরাম আলাইহিমুস সালামের এবং তার অনুসারীদের সাফল্যের প্রতি আস্থাশীল ছিলেন। এক কথায় আল্লাহ তাআলার এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতিটি কথার প্রতি তার অগাধ বিশ্বাস ছিল। খুব সম্ভব অন্তরের এই দৃঢ়তা স্থিরতা ও প্রশান্তি অর্জিত হয়েছে একাগ্রতা সহকারে অধিক পরিমাণে কুরআন তিলাওয়াতের মাধ্যমে।

ইমামাহ'র দ্বিতীয় শর্ত ধৈর্য
নেতৃত্ব গুণের দ্বিতীয় শর্ত ধৈর্যের ক্ষেত্রেও তিনি অগ্রসর ছিলেন। পথের জটিলতায় ধৈর্য, গন্তব্য দূরবর্তী ও পথ দীর্ঘ হওয়াতে ধৈর্য, প্রিয় ভাইদের শাহাদাত ও গ্রেফতারিতে ধৈর্য, ক্ষুৎপিপাসা ও ঠাণ্ডা গরমে ধৈর্য, সুবিধা বঞ্চনা ও জটিলতার কারণে ধৈর্য, প্রিয় মানুষদের বিচ্ছেদে ধৈর্য, শত্রুর পক্ষ থেকে নির্যাতন-নিপীড়নে ধৈর্য, রাত-দিন হামলা ও বোমাবর্ষণে ধৈর্য, যুদ্ধে শত্রুর মোকাবেলায় ধৈর্য, অধিকার বঞ্চিতদের অধিকার বঞ্চনায় ধৈর্য, অভদ্র ও বেয়াদব লোকদের অভদ্রতা ও বেয়াদবীতে ধৈর্য, কুরআনের তিলাওয়াত ও দীনী ইলম অর্জনের পথে ধৈর্য, আমীরের পক্ষ থেকে কঠিন নির্দেশ পালন করতে গিয়ে [627]

ধৈর্য , যুদ্ধ অবস্থায় আত্মরক্ষার কৌশল হিসেবে নিজেকে আল্লাহর রাস্তায় আটকে রাখার ক্ষেত্রে ধৈর্য , তীব্র পেট ব্যথা , দাঁত ও কোমর ব্যথায় ধৈর্য এক কথায় ধৈর্যের যত পথ রয়েছে , সবকটি পথেই ফারুক ভাই রহিমাহুল্লাহকে দেখা যায়।

নিম্নোক্ত হাদীসের উপর তাঁর দৃঢ় বিশ্বাস ছিল এবং তিনি এই হাদীস দিয়ে অন্যদেরকে নসীহত করতেন :

وَمَنْ يَتَصَبَّرْ يُصَبِّرْهُ اللَّهُ

অর্থ “যে ব্যক্তি ধৈর্য ধারণ করতে চায় আল্লাহ তাকে ধৈর্য দান করেন ”। [সহীহ বুখারী]

তার কাছে এমন অজুহাত চলতো না যে , কেউ বলবে, আমার মাঝে ধৈর্য নেই। তিনি বলতেন , যে ধৈর্য ধরতে চায় , আল্লাহ তাকে ধৈর্য দান করেন। তার অধিকাংশ চিঠিপত্রে নিম্নোক্ত হাদীসের অংশটি অবশ্যই থাকতো:

وَاعْلَمْ أَنَّ النَّصْرَ مَعَ الصَّبْرِ

অর্থ : “জেনে নাও , নুসরত বা বিজয় ধৈর্যের সঙ্গেই বেঁধে দেয়া হয়েছে। ” [তাবারানী প্রণীত আল মুজামুল কাবীর]

তিনি বলতেন , রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এই বাণীর সারাংশ হচ্ছে আল্লাহর সাহায্য ও বিজয় ধৈর্যের সঙ্গে সমান্তরালে রয়েছে। এখানে আরবী শব্দ مع الصبر অর্থাৎ ধৈর্যের সঙ্গে ; বলা হয়নি যে , بعد الصبر - ধৈর্যের পরে অর্থাৎ ধৈর্যধারণের সঙ্গে সঙ্গেই আল্লাহর সাহায্য শুরু হয়ে যায় এবং ওই ব্যক্তি আল্লাহর ভালোবাসা ও সঙ্গ লাভের কারণে যে প্রশান্তি লাভ করে , সেটাই আল্লাহর পক্ষ থেকে তার প্রাথমিক সাহায্য বলে প্রমাণিত হয়।

যারা ঈমান এনেছে এবং হিজরত করেছে…
ফারুক ভাই রহিমাহুল্লাহ আল্লাহর দীনের জন্য তার ঘর-বাড়ি ছেড়েছেন এবং খোরাসান ভূখণ্ডে হিজরত করেছেন। সেই সঙ্গে তিনি হিজরতের সুন্নাহের একজন বড় দাঈ ছিলেন। তিনি মনে করতেন, হিজরত ছাড়া জিহাদ সঠিকভাবে বুঝে আসে না এবং কোনো ব্যক্তি হিজরত ছাড়া সঠিক পন্থায় কাঙ্ক্ষিত শ্রম ব্যয় করতে পারেনা। অতঃপর শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর মতো তিনিও কখনও সাময়িক বড় উদ্দেশ্য হাসিলের পরিবর্তে সঠিক চেতনার অধিকারী দীনের ওপর প্রতিষ্ঠিত একটি প্রজন্ম তৈরি করাকে হিজরতের বিশেষ লক্ষ্য বলে মনে করতেন। অপরদিকে ভারত উপমহাদেশে দাওয়াত ও আত্মশুদ্ধির সবচেয়ে বড় মোবারক আন্দোলন ছিল হযরত সাইয়েদ আহমদ শহীদ রহিমাহুল্লাহর তাহরিকুল মুজাহিদীন। তিনি সাইয়েদ রহিমাহুল্লাহকে নিজের নেতা ও পথপ্রদর্শক এবং সমকালীন জিহাদী আন্দোলনকে ওই আন্দোলনের ধারাবাহিকতা মনে করতেন। সাইয়েদ আহমদ শহীদ রহিমাহুল্লাহ হিজরতের পথ অবলম্বন করে খোরাসান অভিমুখে হিজরত করেছিলেন। তার হিজরত ও জিহাদের মাধ্যমে ইসলামের একটি বড় শুদ্ধি ও সংস্কার আন্দোলনের অভ্যুদয় ঘটে, যার বরকত আজ পর্যন্ত চলমান রয়েছে। ফারুক ভাই রহিমাহুল্লাহও হিজরতকেই জিহাদ ও উম্মাহর প্রতিরক্ষার স্বভাবজাত পন্থা মনে করতেন। তিনি বলতেন, হিজরত ছাড়া মুজাহিদ নিজের সর্বস্ব আল্লাহর দীনের পথে ব্যয় করতে পারে না। কারণ সে একাগ্রতা সহকারে জিহাদ ও জিহাদী শিল্প-যোগ্যতাগুলো অর্জন করতে পারে না। তিনি সীরাতে নববী থেকেও হিজরত ও মুহাজিরদের তাৎপর্য বর্ণনা করতেন। রুশ বিরোধী জিহাদের পর জিহাদ অব্যাহত থাকার ব্যাপারেও তিনি ঐ মুহাজিরদের অবদানই গুরুত্বপূর্ণ বলে মনে করতেন, যারা সে সময়ে খোরাসান অভিমুখে পরিবার-

[629]

পরিজন সহকারে হিজরত করেছিলেন এবং সেখানেই থেকে গিয়েছিলেন।

বিপ্লবী প্রজন্ম গড়ে তোলা
ফারুক ভাই রহিমাহুল্লাহ আরব মুজাহিদীনকে সীমাহীন ভালোবাসতেন। এর কারণ হলো, জিহাদের সবকটি অঙ্গনে তাদের বিশেষ মহান অবদান এবং প্রতিটি জিহাদী শিল্পে তাদের দক্ষতা ছিল। আরব মুজাহিদীনের জিহাদের পথে এই বরকতকে তিনি হিজরত ও মাতৃভূমি ত্যাগের সুফল মনে করতেন। তিনি চাইতেন, পাকিস্তানিরাও যেন এই মর্যাদা থেকে পিছিয়ে না থাকে। তিনি পাকিস্তানিদের মাঝে সৎকর্মশীল যোগ্যতা সম্পন্ন যুবকদেরকে বাছাই করে দারুল হিজরতে বসবাসের ব্যবস্থা করতেন। তিনি চাইতেন, আল্লাহর দীন প্রতিষ্ঠিত করার জন্য তারা যেন পুরো সময় ব্যয় করে। তিনি মনে করতেন, দীর্ঘ সময় পর্যন্ত জিহাদের ময়দানে অবস্থান করা দুনিয়ার ভোগবিলাস ও বস্তুবাদী পরিবেশ থেকে বের হয়ে পুরোপুরি সালফে সালেহীনের জীবন পন্থা অবলম্বন করার দ্বারা অন্তর থেকে দুনিয়ার ভালোবাসা বের হয়ে যায়। এর ফলে তারা দীনের জন্য উৎসর্গিত হতে প্রস্তুত হয়। তাদের অন্তর থেকে তাগুত গোষ্ঠী ও শাসকবর্গের ভয়-ভীতি দূর হয়ে যায়। জিহাদের সামরিক যোগ্যতা ও প্রতিভা বিকশিত হয়। এক কথায়, যদি আমাদের হাতে এমন একটি প্রজন্ম তৈরি হয়, তবেই আমরা সফল হবো। আমরা আমাদের কাজ করে দিয়েছি। এবার আমাদের হাতে গড়ে ওঠা প্রজন্মের পালা। তারা নিজেদের চিন্তা-চেতনা নিজ নিজ অঞ্চলে বিস্তার করবে।

কোনো কোনো সাথি বলতেন, এভাবে হিজরত করার দ্বারা সাথিরা সরকারের দৃষ্টিতে পড়ে যায় এবং ফিরে যাবার পথ বন্ধ হয়ে যায়’। কিন্তু উম্মাহর একটি [630]

মহান বিশুদ্ধ প্রজন্ম তৈরির জন্য তিনি ব্যাকুল ছিলেন। তিনি পরিস্থিতিকে সময়ের বিপরীত বলে মনে করতেন। তিনি বলতেন: সময় সবসময় একরকম থাকে না; অবস্থা পরিবর্তন হয়ে যায়। আল্লাহ তাআলা যেভাবে রাত দিন পরিবর্তন করেন, মৌসুম পরিবর্তন করেন, তেমনিভাবে রাজা-বাদশা ও সরকারেরও পরিবর্তন ঘটান। তাই এসবের ভয়ে আমরা আমাদের আসল কাজ ছেড়ে দিতে পারি না। সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুমের পদাঙ্ক অনুসরণকারী, তাকওয়া সাহসিকতা বীরত্ব বদান্যতা পর্বত প্রমাণ মনোবল ধৈর্য সহিষ্ণুতার দৃষ্টান্ত স্থাপনকারী একটি প্রজন্ম গড়ে উঠুক, যারা নেতৃত্বের আসনে অধিষ্ঠিত হবে, উম্মাহর হাল ধরে তাদেরকে বাঁচাবে— ইমাম শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর মতো তিনি এমন প্রজন্মের স্বপ্নদ্রষ্টা ছিলেন। তিনি আত্মশুদ্ধি উন্নত নৈতিকতা বিস্তারের জন্য বয়ান বক্তৃতার মাধ্যমে এই প্রজন্মকে ইহসান শেখাতেন। তিনি শরীয়াহর ক্লাসগুলোর মাধ্যমে আকীদা- বিশ্বাস ও ফিকহুল জিহাদ তাদেরকে বোঝাতেন। তাদের উপলব্ধি পরিপক্ক করতেন। রাসূলে আকরাম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নত সমূহ এবং সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুমের উক্তি তাদেরকে শোনাতেন, যেন জিহাদের অঙ্গনে প্রশিক্ষণপ্রাপ্ত প্রজন্ম তাদের শিকড় থেকে বিচ্ছিন্ন না হয়। তিনি সবর ও তাওয়াক্কুল শেখাতেন। তাকদীরের প্রতি সন্তুষ্টি শেখাতেন। এক কথায় তিনি চাইতেন, পাকিস্তানের সকল অঞ্চল থেকে অমূল্য রতনেরা বেরিয়ে এসে গোত্রীয় অঞ্চলের প্রতিকূল জীবনে ধৈর্যের পরীক্ষার মাধ্যমে এমন যোগ্যতার অধিকারী হোন, যারা দীনের ইমাম হবেন, দাঈ হবেন; সুযোগ পাওয়া মাত্রই নিজ নিজ সমাজে দীন প্রতিষ্ঠার আন্দোলন দাঁড় করাবেন।

[631]

গোলামির আলামত থেকে বেরিয়ে আসা

ফারুক ভাই রহিমাহুল্লাহ বলতেন, সমাজের নিম্ন স্তরে বসবাস করে অনেক বাস্তবতা বোঝাই প্রায় অসম্ভব হয়ে থাকে। পশ্চিমা সংস্কৃতি, আমাদের সমাজে তার মন্দ প্রভাব, আমাদের দেশগুলোতে কাফেরদের কর্তৃত্ব এবং সেগুলোর বাহ্যিক প্রভাব চিনতে পারা, কাফেরদের সভ্যতা সংস্কৃতির প্রতি ঘৃণা ভাব, বীরত্ব সাহসিকতা তৈরি, নিন্দার পরোয়া না করে দীনের প্রতি আস্থাশীল থাকা ইত্যাদি অনেক জটিল বিষয় শুধু স্বাধীন পরিবেশে শ্বাস নেয়া এবং দীনের জন্য হিজরত করার বরকতেই বুঝে আসে। আল্লামা ইবনে খালদুন রহিমাহুল্লাহ বনী ইসরাঈলের জিহাদে অস্বীকৃতির খুব সুন্দর বিশ্লেষণ করেছেন। বনী ইসরাঈল দীর্ঘ সময় যাবৎ ফেরাউনের দাসত্বের শৃঙ্খলে বসবাস করেছিল। তারা নিজেদের চোখ দিয়ে আল্লাহর সাহায্য এবং নবী মূসা আলাইহিস সালামের অলৌকিক বিষয়গুলো দেখেছিল। এত কিছুর পরেও যখন আল্লাহ তাআলা জিহাদের নির্দেশ দেন তখন তারা অস্বীকৃতি জানায়; পৃষ্ঠপ্রদর্শন করে। মূসা আলাইহিস সালামকে বলে:

فَاذْهَبْ أَنتَ وَرَبُّكَ فَقَاتِلَا إِنَّا هَاهُنَا قَاعِدُونَ

অর্থ: "(যদি তাদের বিরুদ্ধে লড়াই করতেই হয়) তাহলে আপনি যান এবং আপনার রব যান এবং তাদের বিরুদ্ধে লড়াই করুন আমরা এখানেই বসে আছি।" [সূরা মায়েদা ০৫:২৪]

এই ঘটনার পর তাদেরকে মরুভূমিতে বিচরণের শাস্তি দেয়া হয়। ৪০ বছর পর্যন্ত তারা মরুভূমিতে বিচরণ করে। দুঃখ কষ্ট ও প্রতিকূলতায় অভ্যস্ত হওয়ার দ্বারা এমন এক প্রজন্ম গড়ে ওঠে, যারা দৃঢ় মনোবল ও পরিপক্ক ইচ্ছা শক্তির অধিকারী ছিল। [ইবনে খালদুন রহিমাহুল্লাহ রচিত ইতিহাস গ্রন্থ মুকাদ্দামা থেকে সংগৃহীত] তাই পরবর্তীতে ওই

প্রজন্ম জিহাদ করে। একইভাবে আজও হিজরত ও জিহাদের কঠিন স্তর অতিক্রমকারী প্রজন্মও সমাজের পরিবর্তন এবং পৃথিবীর পরাশক্তি বিরুদ্ধে লড়াই অবতীর্ণ হওয়ার যোগ্যতা অর্জন করতে পারে। শুধু শহরে বন্দী থেকে দাওয়াতী কাজ করার দ্বারা সম্ভবত এই লক্ষ্য অর্জন সম্ভব নয়।

এই লক্ষ্য অর্জনের জন্য ফারুক ভাই রহিমাহুল্লাহ মুজাহিদীনের একটি সৎকর্মশীল জামাতকে হিজরত ও রিবাতের জীবনে অভ্যস্ত করে তুলতে চাইতেন। তা এমন গ্রুপ হবে, যাদের অন্তর ও মন মস্তিষ্ক থেকে দাসত্বের সংক্রামক ভাইরাস পুরোপুরি বের হয়ে যাবে। সমাজের সিকিউরিটি এজেন্সির ভয়-ভীতি তাদের চিন্তা-চেতনা প্রভাবিত করতে পারবে না এবং সর্বদা প্রতি মুহূর্তে নিজেদের জীবন সম্পদ সবকিছু আল্লাহর দীনের জন্য বিলিয়ে দিতে তারা প্রস্তুত থাকবে।

কিন্তু তার অর্থ এই নয়, ফারুক ভাই রহিমাহুল্লাহর চিন্তা ছিল সমাজের সকল মানুষকে গোত্রীয় অঞ্চলে অথবা আফগানিস্তানে নিয়ে আসা। কখনোই নয়; বরং তিনি চাইতেন, এই সমাজের কিছু সৎকর্মশীল যোগ্যতা সম্পন্ন মুত্তাকী ব্যক্তিকে যদি হিজরত করে সমাজে দীন বাস্তবায়নের ভিতি স্থাপন করা হয়, তাদের হিজরতের দ্বারা মুজাহিদীনের সর্বাঙ্গন ঠিকভাবে পরিচালিত হবে; এর চেয়ে বেশি কারও হিজরতের প্রয়োজন নেই। কিন্তু শুরুতে কোনো আন্দোলনের ভিত্তি স্থাপনের জন্য কিছু প্রদীপ জ্বলতে হয়। এর দ্বারাই সমাজের বাকি অংশের স্থবিরতা দূর হয় এবং দীন বাস্তবায়নের পথ নির্মিত হয়।

[633]

এক পবিত্র প্রজন্ম গড়ে তোলা
যাহোক, ফারুক ভাই রহিমাহুল্লাহর এক দশকের অধিককাল যাবৎ চেষ্টা-প্রচেষ্টার ফলে এমন একটি প্রজন্ম তৈরি হয়, যারা হিজরত, জিহাদ ও ধৈর্যের আগুনে পুড়ে নিখাদ স্বর্ণ হতে পেরেছিলেন। তাঁর প্রশিক্ষণপ্রাপ্ত সাথিরা জিহাদের ভূমিতে অনন্য ছিলেন। যারা তাঁর সান্নিধ্যে সময় কাটিয়েছেন, তারা যেখানেই যেতেন সুবাস ছড়াতেন। এ বিষয়ে তিনি খুবই প্রফুল্লচিত্ত ছিলেন। তিনি বলতেন, আমরা আমাদের কাজ যথেষ্ট করেছি। যদি আমাদের একজন সাথিও অবশিষ্ট থাকেন তবু আমরা সফল হবো। আমাদের থেকে যা কিছু শিখেছে, ওই একজনই পৃথিবীতে সেগুলোর বিস্তার ঘটাবে। ওই একজনই এ হৃদয়ের মিটিমিটি আগুন আবারও প্রজ্জ্বলিত করবে। এই সাথিদেরকে তিনি খুবই ভালোবাসতেন, যারা তার হৃদয় নিংড়ানো রক্ত পানি করা পরিশ্রমের ফলে গড়ে উঠেছিলেন। এই প্রজন্মের সুরক্ষাকে তিনি অগ্রগণ্য মনে করতেন। সবচেয়ে বেশি গুরুত্ব দিতেন। খুব কম জিহাদী আমীর এমন ছিলেন, যারা নিজের সাথিদের সুরক্ষার এতটা খেয়াল রাখতেন। নিজের শেষ চিঠিপত্রে এক জায়গায় তিনি লিখেছেন:

« আমাদের ফার্স্ট প্রায়োরিটি হওয়া উচিত গোত্রীয় অঞ্চল ও খোরাসানে আমাদের বুনিয়াদি সাথিদের নিরাপত্তা। তারা কঠিন অবস্থায়ও আমাদের সঙ্গে ছিলেন এবং বছরের পর বছর জিহাদের ময়দানে কাটিয়েছেন। আমি শুধু জিম্মাদার ও দায়িত্বশীল ব্যক্তিদের কথাই নয়; বরং ছড়িয়ে ছিটিয়ে থাকা সাধারণ সাথিদের কথাও বলছি। তাদেরকে সুরক্ষিত রাখা আমাদের প্রথম কাজ। »

ফারুক ভাই রহিমাহুল্লাহ মনে করতেন, বর্তমান সময়ে আমীর ও দায়িত্বশীলদের আনুগত্যের ব্যাপারে মুজাহিদীনের মাঝে অবহেলা দেখা যায়। এর

[634]

কারণে একদিকে যেমন জিহাদের ক্ষতি হয়, অপরদিকে আল্লাহর অসন্তুষ্টিরও আশঙ্কা রয়েছে। এমনিতেও তিনি জিহাদী কাজে শরীয়তের বিরোধিতা কিছুতেই সহ্য করতে পারতেন না। আমীরের আনুগত্যে দুর্বলতা তেমনি শরীয়ত বিরোধী একটি বিষয়। একাধিক হাদীসে আমীরের আনুগত্যকে আল্লাহ আনুগত্য বলা হয়েছে এবং আমীরের অবাধ্যতাকে আল্লাহর অবাধ্যতা আখ্যায়িত করা হয়েছে।

মনে পড়ে ২০০৭ সালে একবার আমরা তাঁর সঙ্গে আমেরিকার কাঠের পুতুল আফগান আর্মির এক ক্যাম্পে হামলার উদ্দেশ্যে যাই। এক রাতে কয়েক ঘণ্টা পায়ে হাঁটার পর অপারেশন ছাড়াই আমাদের ফিরে আসতে হয়। তিনি সেখানে আমীর ছিলেন না। পরবর্তী দিন সকালে ফারুক ভাই রহিমাহুল্লাহ আমীরের আনুগত্যের শরীয়তের হুকুম বিস্তারিত ভাবে বর্ণনা করেন। তিনি সাথিদেরকে মনে করিয়ে দেন, রাতে চলার সময় আমীর সাহেব যখন নীরব থাকতে বলেছিলেন, সে সময় যে সাথি কথা বলছিলেন তিনি শরীয়তের দৃষ্টিতে অনেক বড় ভুল করেছেন; আমীর সাহেব যখন আলো জ্বালাতে নিষেধ করেছেন তখন কেউ একজন কেন আলো জ্বালিয়েছে?’ এভাবেই তিনি মায়া ধমকি মিশ্রিত করে সাথিদেরকে বোঝাচ্ছিলেন যে, স্মরণ রাখতে হবে, জিহাদে আমীরের আনুগত্যেই প্রতিদান নিহিত রয়েছে এবং তার অবাধ্যতায় শক্ত গুনাহের আশঙ্কা। তিনি উদাহরণ দিয়ে দিয়ে আমীরের আনুগত্যের বিপরীত কাজের বিভিন্ন ধরন স্পষ্ট করে সেগুলো থেকে বাঁচার নসীহত করেন। তিনি আরও বলেন, এমন বিষয়গুলোতে আমীরের আনুগত্য জরুরি যা শরীয়তে জায়েয। তার উপদেশ বাণীগুলো আজও আমার কানে বাজছে।

শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ খোরাসানে আল-কায়েদার আমীর থাকাকালে ফারুক ভাই রহিমাহুল্লাহ একদিন আমাকে জিজ্ঞেস করেন, শায়খ আতিয়াতুল্লাহ [635]

রহিমাহুল্লাহর সঙ্গে আপনার যোগাযোগ রয়েছে? আমি কিছুটা অনির্ভরতা দেখিয়ে বললাম, জি হ্যাঁ সালাম ও দোয়ার সম্পর্ক রয়েছে; কাজের ব্যাপারে বলবো, তিনি কখনও আমাকে কোনো কাজ করতে বলেননি আর আমাদেরও তাকে প্রয়োজন হয়নি। এ কারণে বিশেষ সম্পর্ক তৈরি হয়নি তার সঙ্গে।’ তিনি এরপর মায়া ভরে বোঝাতে লাগলেন, ‘দেখুন আমীরের আনুগত্যের উদ্দেশ্য নিজেকে তার কাছে অর্পণ করা। আপনি তো মুখে আনুগত্যের বাণী উচ্চারণ করেছেন কিন্তু যতক্ষণ আপনি পুরোপুরিভাবে তার কাছে সমর্পণ না করবেন, তিনি কিভাবে আপনাকে নির্দেশ পাঠাবেন?’ অতঃপর বলতে লাগলেন: ‘আপনারই শুরু করতে হবে। আপনি আমীরকে আশ্বস্ত করলে তিনি আপনার প্রতি আস্থা রাখবেন এবং আপনাকে দিয়ে কাজ করাবেন। আপনি যদি দূরে দূরে থাকতে পছন্দ করেন, তাহলে তিনিও আপনার থেকে দূরে থাকবেন। এক কথায় আমীরের সঙ্গে দৃঢ় আস্থার সম্পর্ক তৈরি করা ছাড়া জিহাদী কাজ অগ্রসর করা যেতে পারে না। এ কারণে আপনি আমীরদের সঙ্গে দৃঢ় সম্পর্ক তৈরি করুন।’ তাঁর এই উপদেশে অনেক উপকার পাই। তার পীড়াপীড়ি ও সহায়তার কারণে শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহ এবং শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহর সঙ্গে আমার দৃঢ় সম্পর্ক ও যোগাযোগের ব্যবস্থা হয়।

ফারুক ভাই রহিমাহুল্লাহ তাকে মান্য করার জন্য এই কথাগুলো বলতেন না বরং তিনি নিজেও আমীরদের আনুগত্যে আদর্শ পুরুষ ছিলেন। অথচ তিনি নিজেই একটি বড় জিহাদী জামাআতের দায়িত্বশীল ও আমীর ছিলেন। কিন্তু যখন তার আমীরগণ তাকে পরামর্শের আদলে কোনো নির্দেশ পাঠাতেন, তিনি নিজের সকল কাজ স্থগিত করে আমীরের নির্দেশ মান্য করতেন। তিনি বলতেন, আমীরের পরামর্শ নির্দেশেরই নামান্তর। অনেক সময় এমন হয়েছে যে, কোথাও তার সফরে যাবার অথবা কারও সঙ্গে সাক্ষাতের কথা, কিন্তু আমীরদের

[636]

পক্ষ থেকে নিষেধাজ্ঞা অথবা তাদের পক্ষ থেকে কোনো নির্দেশনার বিরোধিতা হবার আশঙ্কায় তিনি নিজের ইচ্ছা ত্যাগ করতেন। এ বিষয়েও তিনি সমসাময়িক অন্য আমীরদের মাঝে অনন্য ছিলেন। এখানে আরও একটি বিষয় পরিষ্কার করা প্রয়োজন। তার আনুগত্যের পেছনে কোনো স্বার্থ অথবা জাগতিক ভয়-ভীতির স্থান ছিল না। যা কিছুর লোভ-লালসা থাকতে পারে, আল্লাহ তাকে সেই সব কিছুই দান করেছিলেন। মানুষকে দিয়ে স্বার্থ হাসিলের ইচ্ছা থেকে সর্বদাই তাকে আমি দূরে দেখেছি। তিনি শুধু শরীয়তের নির্দেশ সঠিকভাবে পালনের জন্যই এমনটা করতেন।

বীরত্ব ও সাহসিকতা
জিহাদ ফী সাবীলিল্লাহর নেতৃবৃন্দের উল্লেখযোগ্য একটি গুণ হলো বীরত্ব ও সাহসিকতা। ফারুক ভাই রহিমাহুল্লাহর বীরত্বও আল্লাহর নির্দেশের অনুগামী আর তার সতর্কতাও শুধু আল্লাহর হুকুমেরই অধীন। তিনি যেহেতু দাওয়াত ও প্রচার মিডিয়ার সিপাহসালার ছিলেন, এ কারণে সাধারণত তার সামরিক যোগ্যতা সম্পর্কে লোকেরা কমই জেনে থাকে এবং তার দাওয়াতী গুণাবলির দিকেই মনোযোগ আকৃষ্ট থাকে। আল্লাহ তাআলা আমার মতো অক্ষমকে কয়েকটি রণাঙ্গনে তাঁর সান্নিধ্যের সৌভাগ্য দান করেছেন। রণাঙ্গনে তিনি প্রথম সারিতে থাকতেন এবং অন্যদের জন্য দৃষ্টান্ত হতেন। এখানে তার বীরত্বের কিছু ঘটনা পাঠক বর্গের মনোরঞ্জনের উদ্দেশ্যে তুলে ধরছি।

[637]

ক্রুসেদারদের গোলাম আফগান আর্মির <(((৩৭৭ নম্বর পৃষ্ঠায়)))> ... ক্যাম্পে হামলা
২০০৭ সালে আফগানিস্তানের পাকতিকা প্রদেশের বর্ডারে অবস্থিত আমেরিকার গোলাম আফগান আর্মির ক্যাম্পে মুজাহিদীন ভারি অস্ত্রশস্ত্র নিয়ে একটি সুশৃঙ্খল হামলা চালায়। অনেক প্ল্যান প্রোগ্রাম করে এই হামলা চালানো হয়। ঝিলাম শহরের কমান্ডার ফয়সাল আব্দুল হাদী রহিমাহুল্লাহ

92 এই
হামলায় নেতৃত্ব দেন। ওই হামলায় শত্রুপক্ষের যথেষ্ট ক্ষয়ক্ষতি হয় এবং স্থানীয় সূত্র অনুযায়ী প্রায় ১০ জন শত্রু সেনা নিহত হয়।

ওই হামলায় RR 82 MM তোপবাহী একটি দলের দায়িত্ব ফারুক ভাই রহিমাহুল্লাহকে দেয়া হয়। ঘটনাক্রমে আমিও সে দলে থাকি। আমরা শত্রুপক্ষের অনেক কাছাকাছি ছিলাম এবং শত্রুর পক্ষ থেকে তীব্র পাল্টা আক্রমণের আশঙ্কা ছিল। খুব কাছেই উক্ত এলাকার সবচেয়ে বড় মার্কিন ক্যাম্প ছিল, যেখান থেকে আফগান আর্মির প্রতিরক্ষায় তৎক্ষণাৎ মর্টার শেলের লোকদের আসার আশঙ্কা ছিল। ফারুক ভাই রহিমাহুল্লাহর ফায়ারিং দিয়ে অপারেশন শুরু হয়। বুলেটের গন্ধ পাওয়া মাত্রই শত্রুপক্ষের দিক থেকে গুলি বৃষ্টি আরম্ভ হয় এতে সাথিদের মাটিতে শুয়ে পড়তে হয়; কিন্তু তিনি তখনও অবিচল থাকেন এবং অন্য সাথিদেরকে সাহস দিয়ে ফায়ারিং শেখাতে থাকেন। তীব্র গুলি বর্ষণের কারণে বাকি সাথিরা মাটিতে শুয়ে পড়েছিলেন। কিন্তু তিনি

92 কমান্ডার ফয়সাল আব্দুল হাদী ঝিলাম শহরের অধিবাসী ছিলেন। রুশ
বিরোধী জিহাদের সময়ে আফগানিস্তানে সামরিক প্রশিক্ষণ গ্রহণ করেন। পরবর্তীতে কাশ্মীর জিহাদে আত্মনিয়োগ করে কাশ্মীরের প্রশিক্ষণ শিবিরে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০৬ সালে ওয়াজিরিস্তানে হিজরত করেন এবং পাকিস্তানি একটি গ্রুপের নেতৃত্বদান করেন। উন্নত চারিত্রিকতা, বীরত্ব, মেধা ও সাদাসিধে জীবনের কারণে তিনি অনন্য ব্যক্তিত্ব ছিলেন। ২০০৮ সালে আফগান আর্মির এক ক্যাম্পে হামলার সময় আমেরিকার বোমাবর্ষণে শাহাদাত বরণ করেন। আল্লাহ তার প্রতি সন্তুষ্ট হন আমিন!!

[638]

দাঁড়িয়ে থেকে ক্ষেপণাস্ত্র ঠিক করেন এবং একেক জন সাথিকে ডেকে তাকে দিয়ে ফায়ারিং করান।

অপারেশনে রেকি বা শত্রুপক্ষের গতিবিধি পর্যবেক্ষণের দায়িত্ব ছিল শহীদ ডক্টর সার বুলন্দ যুবায়ের রহিমাহুল্লাহর। তাকে একটি উঁচু পাহাড়ে বসানো হয়েছিল। সেখান থেকে ওয়ারলেসের সাহায্যে অবশিষ্ট সাথিদেরকে তিনি গোলার আঘাতস্থল সম্পর্কে বলছিলেন। অপারেশনের কিছু সময় পর আমেরিকান সৈন্যরা শব্দ তরঙ্গের মাধ্যমে আমাদের ওয়ারলেস সিস্টেম জ্যাম করে দিতে শুরু করে। শব্দ তরঙ্গের কারণে ডক্টর সাহেবের আওয়াজ তেমন বোঝা যাচ্ছিলো না— যখন তিনি বলে যাচ্ছিলেন, আমাদের গোলাগুলো শত্রু শিবিরে কোথায় আঘাত হানছে? অগত্যা ফারুক ভাই রহিমাহুল্লাহ অনুমান করে গোলা বর্ষণ করতে থাকেন। অবশ্য তিন চার গোলা ফায়ারিং করার পর ডক্টর সাহেব রহিমাহুল্লাহর এতটুকু আওয়াজ বোঝা যায়, deadly accurate (এককদম ঠিক) এরপর ওয়ারলেস সংযোগ একেবারেই বিচ্ছিন্ন হয়ে যায়।

আমাদের পক্ষ থেকে অল্প কিছু গোলা বর্ষণের পরেই আমেরিকান সেনারা আর্টিলারির মাধ্যমে বোমা বর্ষণ আরম্ভ করে। আমরা কল্পনাও করতে পারিনি, বোম্বিং এতটা তীব্র হবে। মনে হচ্ছিলো, আকাশ থেকে মর্টার শেলের বৃষ্টি হচ্ছে। প্রতি দুই কদম পরপর গোলা ফাটতে থাকে, গাছের ডাল ভাঙতে থাকে। কিন্তু আল্লাহ তাআলা মুজাহিদীনকে হেফাযতে রাখেন। তারা নিশ্চিন্তে কাজ সম্পন্ন করে আমীর সাহেবের নির্দেশে ফেরার প্রস্তুতি নেন। এখন সমস্যা দেখা দেয়, ফিরতি পথে যখন পাহাড়ে চড়তে হবে, তখন আমরা শত্রুর ক্যাম্পের একেবারে বরাবর হয়ে যাই। যদিও পরিকল্পনা ছিল, আমরা মাগরিবের পর ফিরতি পথ ধরবো, যেন অন্ধকারে শত্রুপক্ষ আমাদেরকে দেখতে না পায়; কিন্তু শত্রুরাও জেনে গিয়েছিল, ফেরার পথ একটাই। [639]

এ কারণে তারা অস্ত্র তাক করে ওই পথে ফায়ার ও বোমা বর্ষণ করতে থাকে। তখন হামাগুড়ি দিয়ে আমাদের পাহাড়ে উঠতে হয়। সে সময় ফারুক ভাই রহিমাহুল্লাহ আমাদেরকে সাহস দিতে থাকেন এবং ধীরে ধীরে পেছাতে থাকেন। এক জায়গায় গিয়ে তিনি থেমে যান এবং বলেন, যতক্ষণ পর্যন্ত বাকি সাথিরা না আসবেন এবং সবাই ভালো আছেন কিনা জানতে না পারবো, ততক্ষণ আমি ফিরে যাবো না। কিছু ভাই বারবার বললেন ফিরে যাওয়ার জন্য, এখানে দাঁড়িয়ে কি লাভ? কিন্তু তিনি বোমা বর্ষণের ভিতরেও সেখান থেকে সরতে চান না; বলেন— যদি কোন সাথির আমাদেরকে প্রয়োজন হয়, এজন্য আমি এখানেই থাকবো। ফেরার সময় পথেই অনেক রাত হয়ে গিয়েছিল। ক্রমাগত বোম্বিং হয়। এর মধ্যেই ভাইয়ের প্রিয় সাথি ভাই দাউদ গৌরী হাফিযাহুল্লাহ যোগাযোগ বিচ্ছিন্ন হবার সংবাদ আসে। অপারেশন ক্যামেরা বন্দী করার জন্য তাকে শত্রুপক্ষের কাছাকাছি একটি পাহাড়ে বসানো হয়েছিল; কিন্তু ফেরার সময় অন্ধকারের কারণে তিনি সঠিক জায়গায় পৌঁছতে পারেননি। সে সময় ফারুক ভাই রহিমাহুল্লাহ পুনরায় ক্যাম্পের কাছাকাছি সাথিদেরকে খোঁজার জন্য যাত্রার প্রস্তুতি নেন। সাথিরা তাকে বাধা দিতে চায় কিন্তু তিনি কারও কথা শুনতে চান না। কিন্তু আল্লাহর ইচ্ছায় ওই ভাই তখনই রাস্তা খুঁজে খুঁজে আমাদের কাছে চলে আসেন।

টিয়ারজা কেল্লায় প্রথম হামলা
২০০৯ সালে ওয়ানায় সেনাবাহিনীর অপরাধ এবং তাদের সাহায্যে পরিচালিত ড্রোন হামলাগুলোতে মুজাহিদীনের শাহাদাতের পর ওয়ানা ডেরা ইসমাইল খান রোডের উপর একটি স্কুলে স্থাপিত নাপাক আর্মির টিয়ারজা নামক ক্যাম্পে হামলার পরিকল্পনা করা

[640]

হয়। এই অপারেশনের আমীর ছিলেন মাহবুবুল মুজাহিদীন উসামা আজমরায়ে কেনী রহিমাহুল্লাহ।

অপারেশনে মুজাহিদীন সফলভাবে ক্যাম্পের অন্তর্গত মোর্চাগুলো ধ্বংস করেন এবং আক্রমণকারী প্রথম দল ক্যাম্পের অভ্যন্তরে প্রবেশ করতে সক্ষম হয়। ইনগিমাসী (ফেরার আশা ছেড়ে শত্রুব্যূহ ভেদ করে যারা হামলা চালায়) ওই দলে পাঁচজন ছিলেন। শায়খ আজমরায়ে রহিমাহুল্লাহ এবং তার সাথি ফারুক ভাই রহিমাহুল্লাহ তাদের অন্তর্ভুক্ত ছিলেন। তিনি পাগলের মতো ক্যাম্পের ভেতর ফায়ার করতে করতে ভেতরে ঢুকে যান এবং কাপুরুষ কয়েক পয়সার ভাড়াটে সৈন্যরা দৌড়ে দৌড়ে ভূগর্ভস্থ বাংকারে ঢুকে যেতে থাকে। কিন্তু দীর্ঘযুদ্ধের ফলে তখন পর্যন্ত তাদের সকলের কাছে অস্ত্রের মজুদ প্রায় শেষ হয়ে এসেছিল। তাই এক ভাই তার গ্রেনেড বাংকারের দিকে নিক্ষেপ করে কিন্তু ঘটনাক্রমে তা লক্ষ্যভ্রষ্ট হয়ে বাহিরে পড়েই ফেটে যায়। এর ফলে পাঁচজন সাথি মারাত্মক আহত হন এবং অগত্যা তাদের ফিরে আসতে হয়। ফারুক ভাই রহিমাহুল্লাহ নিজেও আহত ছিলেন। তিনি সম্ভবত পায়ে এবং কোমরে আঘাত পেয়েছিলেন। এই অপারেশনে তিনি পুরোপুরি ফিদায়ী পন্থায় যুদ্ধ করেছিলেন।

টিয়ারজায় দ্বিতীয় হামলা
প্রথম হামলার কিছুদিন পর এক মার্কিন ড্রোন হামলায় মাহবুবুল মুজাহিদীন শায়খ আজ-মরায়ে কেনী রহিমাহুল্লাহ শাহাদাত বরণ করেন। তারপরে সৌদি আরবের মুজাহিদ শায়খ ফাতেহ শাহরী রহিমাহুল্লাহ তানজীমের পক্ষ থেকে সামরিক দায়িত্বশীল নিযুক্ত হন। শায়খ ফাতেহ রহিমাহুল্লাহ আসামাত্রই দ্বিতীয়বার ওই ক্যাম্পে হামলার প্ল্যান করেন। ওই হামলায় একটা ফিদায়ী ট্রাক ব্যবহারের [641]

সিদ্ধান্ত হয়। প্ল্যান ছিল প্রথমে রাতের অন্ধকারে মুজাহিদীন ক্যাম্পের দেয়ালের কাছে গিয়ে বসে পড়বে। তখন একজন ফিদায়ী সাথি বারুদভর্তি ট্রাক নিয়ে দীনের দুশমন সেনাবাহিনীর ক্যাম্পের দেয়াল ভেঙে ঢুকে যাবে। এরপর আক্রমণকারী মুজাহিদীন কেল্লায় প্রবেশ করে অবশিষ্ট সেনাদেরকে নির্মূল করবে।

প্ল্যানিং থেকে আরম্ভ করে শেষ পর্যন্ত এই অপারেশনে শহীদ ফারুক ভাই রহিমাহুল্লাহ উৎসাহের সঙ্গে অংশগ্রহণ করেন। লাল মসজিদে নিষ্পাপ বাচ্চাদের হত্যাকারীদের থেকে প্রতিশোধ নেয়ার নেশা তার ওপর ভর করে। ক্যাম্পের কাছাকাছি ঘর-বাড়ির লোকদেরকে সন্ধ্যার সময় ঘর থেকে বের করে আনা হয়, যেন বারুদ বিস্ফোরণে তাদের কোনো ক্ষতি না হয়। অপরদিকে মুজাহিদীন রাতের অন্ধকারে রওয়ানা করেন। ফারুক ভাই রহিমাহুল্লাহ আগে আগে চলছিলেন এবং পূর্ব অভিজ্ঞতার কারণে সাথিদেরকে পথ প্রদর্শন করতে থাকেন। তার সঙ্গে তার প্রিয়ভাজন মুয়াওয়াজ (জাওয়াদ আরিফ) রহিমাহুল্লাহও চলছিলেন। চাঁদনী রাতে তার চেহারা উদ্দীপনা ও সাহসিকতার দরুন চমকাচ্ছে বলে মনে হচ্ছিলো। তিনি সাথিদেরকে অধিক মাত্রায় যিকির করতে এবং গুনাহ থেকে বেঁচে থাকার নসীহত করে যাচ্ছিলেন। শায়খ ফাতেহ শাহরী রহিমাহুল্লাহ অপারেশনের নেতৃত্ব দিচ্ছিলেন। সকলের মনোবল চাঙ্গা ছিল এবং জবানে আল্লাহর যিকির ও দরূদ জারি ছিল।

মুজাহিদীন যথাস্থানে পৌঁছে যান কিন্তু ফিদায়ী ট্রাক তখনও পৌঁছায়নি। যোগাযোগের দায়িত্ব ছিল ফারুক ভাই রহিমাহুল্লাহর। তিনি বারবার জোর দিয়ে ট্রাকের ভাইদেরকে বলে যাচ্ছিলেন দ্রুত করুন কিন্তু তারা বিলম্ব করে। পরবর্তীতে জানা যায়, স্থানীয় কেউ সূত্রহীন তথ্য দিয়েছে যে, শত্রু অপারেশনের কথা টের পেয়ে গেছে। শত্রুরা [642]

প্রস্তুতি নিয়ে রেখেছে, এ কারণেই ট্রাক প্রেরণের দায়িত্বে থাকা ভাইয়েরা ট্রাক পাঠাচ্ছেন না। ফারুক ভাই রহিমাহুল্লাহ আমাদের সামনেই ওয়ারলেসে সাথিদেরকে বললেন এটা গুজব আর কিছু নয়। আপনি সাহস করুন এবং কাজ চালিয়ে যান। কিন্তু স্থানীয় সাথিরা অস্বীকৃতি জানায়। ফেরার পথে ফারুক ভাই রহিমাহুল্লাহ খুবই অসন্তুষ্ট ছিলেন যে, সাথিরা কেন ট্রাক পাঠালেন না? পরবর্তীতে জানা যায়, ওই তথ্যের কোনো বাস্তবতা নেই, সেটা গুজব ছিল। ফারুক ভাই রহিমাহুল্লাহ তাই সাথিদের ওপর খুবই রাগান্বিত হন। পরের দিন কার্যক্রম পর্যালোচনার জন্য একটি বৈঠক হয়। সেখানে এক ভাই সরল মনে বলেন, রাতে আমি একটি স্বপ্ন দেখেছি, যা এভাবে বিশ্লেষণ করেছি যে, আমরা বিপদে পড়তে যাচ্ছিলাম কিন্তু আল্লাহ আমাদেরকে হেফাযত করেছেন। ফারুক ভাই রহিমাহুল্লাহ আগে থেকেই সাথিদের ভুলে বিরক্ত হয়ে বসে ছিলেন। তৎক্ষণাৎ বলে উঠলেন, হযরত স্বপ্নের ভিত্তিতে সামরিক সিদ্ধান্ত চলে না। পরিষ্কার বলা উচিত, কেউ কেউ ভয় পেয়ে গেছেন, যার কারণে মিশনটি সফল হলো না।’ উপস্থিত সাথিদের মধ্যে যুদ্ধের উত্তেজনায় সবচেয়ে উদ্বেলিত ছিলেন ফারুক ভাই রহিমাহুল্লাহ এবং মিশন ব্যর্থ হবার কারণে তিনি সবচেয়ে বেশি দুঃখ পেয়েছিলেন। সেদিনই আমরা ফারুক ভাই রহিমাহুল্লাহর সাহসিকতা ও বীরত্ব সঠিকভাবে অনুমান করতে পেরেছিলাম।

[643]

একাদশ অধ্যায়: দাওয়াতী ও
মিডিয়া কার্যক্রম

ফারুক ভাই রহিমাহুল্লাহর ব্যক্তিত্বের অনন্য দিক হলো: তিনি একজন দীনের প্রচারক ও জিহাদের দাঈ ছিলেন। তিনি ১৫ বছর বয়স থেকে শাহাদাতের আগ পর্যন্ত দীন প্রচারের জন্য নিজেকে নিয়োজিত রেখেছেন। তার অন্তরে দীনের একজন দাঈর অস্থিরতা এবং এ কাজের জন্য বাস্তবেই প্রাণ উৎসর্গের অনুপ্রেরণা ছিল। জিহাদের দাওয়াত বিস্তারের জন্য বিভিন্ন উপায় মাধ্যম ব্যবহার করে নিজ বার্তা পৌঁছে দেয়ার জন্য সচেষ্ট থাকতেন তিনি। সকল দাওয়াতী কাজের পর মধ্যরাতে আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার কাছে কেঁদে কেঁদে এই দাওয়াত আল্লাহর কাছে কবুল হওয়ার এবং মানুষের মাঝে গ্রহণযোগ্য হবার দোয়া করতেন। আমার মতে ওই সময়ে উর্দু ভাষায় জিহাদ ফী সাবীলিল্লাহর সবচেয়ে বড় দাঈদের তিনি একজন ছিলেন।

উস্তাদ ফারুক ভাই রহিমাহুল্লাহর দাওয়াতী ও মিডিয়া কার্যক্রমের বিস্তারিত আলাপ ছাড়া আমাদের শহীদ ভাইয়ের জীবনী পূর্ণাঙ্গতা পেতে পারে না। অতঃপর এই মিডিয়াই শহীদ উস্তাদ রহিমাহুল্লাহর জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ও প্রভাব বিস্তারকারী অবদান। তাই এই পর্যায়ে বিশদভাবে শহীদ রহিমাহুল্লাহর দাওয়াতী ও মিডিয়া কার্যক্রম আলোচনা করা উচিত।

এরপর মনে রাখতে হবে শহীদ ভাই শুধু জিহাদ ফী সাবীলিল্লাহর দাঈই ছিলেন না; বরং এই অঙ্গনের সংস্কারক অভিভাবক ও পথপ্রদর্শক ছিলেন। এজন্য তার মিডিয়া অঙ্গনের অবদান শুধু জিহাদ ফী সাবীলিল্লাহর দাওয়াতের মাঝেই সীমাবদ্ধ ছিল না; বরং মুজাহিদীনের সংশোধন ও নৈতিক দীক্ষার জন্য

[644]

আত্মশুদ্ধি ও চরিত্র গঠনের বিষয়গুলো নিয়েও তিনি দাওয়াতী কাজে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। এছাড়াও মুজাহিদীনের শরীয়াহ শিক্ষা প্রসঙ্গেও তাঁর অগ্রণী ভূমিকা ছিল মিডিয়া ক্ষেত্রে। এ কারণে জিহাদ ফী সাবীলিল্লাহ-এ অংশগ্রহণের পর তাঁর দাওয়াতী দিকগুলোকে এক নজরে আমরা এভাবে দেখতে পাই:

** জিহাদ ফী সাবীলিল্লাহর দাওয়াত

** মুজাহিদীনের আত্মশুদ্ধি ও নৈতিক গঠন

** মুজাহিদীনের শরীয়াহ ও চিন্তাগত গঠন

** শত্রুদের প্রোপাগান্ডার জবাব

এক কথায় শহীদ ফারুক ভাই রহিমাহুল্লাহ জিহাদী দাওয়াতের সব অঙ্গেই অবদান রাখেন। একদিকে যেমন তিনি জিহাদ বিমুখ হযরতদেরকে দাওয়াত দেন, অপরদিকে তিনি মুজাহিদীনকেও দীনী বিধি-বিধান ও জিহাদের আদব শিষ্টাচার শেখাতে অবদান রাখেন।

আকাবিরদের দিকনির্দেশনা: দাওয়াত ও মিডিয়া অঙ্গনে
শহীদ ফারুক ভাই রহিমাহুল্লাহ যৌবনের শুরু থেকেই দাওয়াত ইল্লাল্লাহর কাজে মশগুল ছিলেন। জিহাদে অংশগ্রহণের পর বিভিন্ন কেন্দ্রে সাথিদের মাঝে ও আনসারদের কাছে তিনি ইনফিরাদী (ব্যক্তিগতভাবে) দাওয়াতী কাজ করেন। কিন্তু দাওয়াতের কাজে পুরোপুরি আত্মনিয়োগ করা, মিডিয়াতে এসে পাকিস্তানের মুসলিমদের নিকট দাওয়াত পৌঁছানো এই কাজগুলো জিহাদী অঙ্গনের নেতৃবৃন্দের নির্দেশেই তিনি শুরু করেন। মিডিয়াতে এসে পাকিস্তানে দাওয়াতী দায়িত্ব গ্রহণের ব্যাপারে শুরুতে তিনি দ্বিধাগ্রস্ত

[645]

ছিলেন। এ ব্যাপারে তার সঙ্গে আমার অনেকবার কথা হয়েছে কিন্তু আমার মনে হয়েছে, তিনি না নিজেকে মুজাহিদীনের প্রতিনিধিত্বের যোগ্য মনে করেন, আর না তার এই আগ্রহ ছিল। তিনি শুরুতে বড়দের এই নির্দেশের ব্যাপারে টালবাহানা করতে থাকেন। অবশেষে কায়েদে জিহাদ, মুজাহিদীনের রাহবার শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহ এবং আমীরুল মুজাহিদীন শায়খ মুস্তফা আবুল ইয়াজিদ রহিমাহুল্লাহ ফারুক ভাই রহিমাহুল্লাহকে মিডিয়ায় এসে মুজাহিদীনের প্রতিনিধিত্ব করার এবং উর্দু ভাষায় জিহাদের দাওয়াত বিস্তারের অকাট্য নির্দেশ দেন। এই অবস্থায় তাঁর আর পিছু হটার কোনো পথ ছিল না। কায়েদে জিহাদ আইমান রহিমাহুল্লাহ এক চিঠিপত্রে ফারুক ভাই রহিমাহুল্লাহকে মুজাহিদীনের মিডিয়া সংগঠিত করার এবং দাওয়াতের জন্য নিজেকে উপস্থাপনে উদ্বুদ্ধ করে বলেন: « জনসাধারণের মাঝে দাওয়াত বিস্তার সীমাহীন জরুরি। এমনিভাবে জনসাধারণের উদ্দেশ্যে এমন ধারাবাহিক বয়ান জারি রাখা জরুরি, যা এই শাসন ব্যবস্থার জুলুমের পর্দা ছিন্ন করবে; স্পষ্ট করে দেবে, তাওহীদের আকীদা ও একত্বের বিশ্বাস লঙ্ঘন করা এবং শরীয়তের শাসনতান্ত্রিক কর্তৃত্ব প্রত্যাখ্যান করাই এই শাসন ব্যবস্থার মূল ভিত্তি। এভাবে জনসাধারণের কাছে দাওয়াত পৌঁছানো এবং তাদেরকে উদ্বুদ্ধ করা জরুরি। আপনি জানেন না, জনসাধারণ কবে বিপ্লবে ফেটে পড়বে? বিপ্লব ইন্ধন ডিপোর মতো, যা অগ্নি স্ফুলিঙ্গের অপেক্ষায় থাকে। কখনও কখনও এমন হয়, আপনি জ্বালানি ডিপোতে অগ্নি প্রজ্জ্বলনের কিছু নিক্ষেপ করলেন কিন্তু ডিপো বিস্ফোরিত হলো না। আবার কখনও সাধারণ অগ্নিস্ফুলিঙ্গের দ্বারাই গোটা ডিপো আগুনে ভরে যায়। মিশরে যা কিছু হয়েছে তা এ বিষয়ের বড় উদাহরণ। কেউ চিন্তা করতে পারছিল

[646]

না, ২৫ শে জানুয়ারির বিক্ষোভ মিছিল পরবর্তীকালের এত বড় ধামাকার কারণ হবে। এ কারণে ধারাবাহিক উৎসাহ দান জরুরি। স্কুলে থাকতে ফরাসি বিপ্লব বিশ্লেষণে একটি বাক্য আমি মুখস্থ করেছিলাম: “অত্যাচার বিপ্লব জন্ম দেয় না বরং অত্যাচারের অনুভূতি বিপ্লব জন্ম দেয়।” মুজাহিদীনের জন্য পাবলিক স্পিকিং-এর যোগ্যতা অর্জন করা অতি জরুরি। এতে বিপ্লবী মহান দৃষ্টিভঙ্গি সাবলীলভাবে উপস্থাপন করা যাবে, যা সকলেই বুঝবে। আহলে বালাগাতদের (ভাষা অলঙ্কার শাস্ত্রবিদ) মতে একে সাবলীল ও অকাট্য শৈলী বলা হয়। »

শায়খ আয-যাওয়াহিরী তার এক পত্রে আরও লিখেছেন:

« আমি আবারও প্রশ্ন করতে চাইবো, পাকিস্তানি জনসাধারণের মাঝে জাগরণ তৈরি, নৈতিকতার উন্নতি সাধন, বাস্তবতা সম্পর্কে অবহিতকরণ ইত্যাদি কাজে মুজাহিদীনের অবদান এত দুর্বল কেন? কি কারণে এখন পর্যন্ত দাওয়াতী উপাদান সমৃদ্ধ ধারাবাহিক ক্লাস সামনে এলো না? কেন এমন দাঈ দেখতে পাই না, যারা দাওয়াত পৌঁছানোর জন্য প্রকাশ্যে আবির্ভূত হবে? এই দাঈগণ শুরু থেকে প্রসিদ্ধ না হলেও কমপক্ষে টকশো'র মাধ্যমে মস্তিষ্ক বিহীন আয়োজক ও সেকুলার সাংবাদিকদের চেয়ে কিছুটা শক্তিশালী তথ্য প্রমাণ দিয়ে কথা বললে এবং সঠিক চেতনা বিশ্বাসের অধিকারী হলে ধীরে ধীরে তারা পরিচিতি লাভ করবে। মুজাহিদীন এমন তিনজন চারজন দাঈ কেন তৈরি করতে পারলেন না, যারা নিরাপত্তার চিন্তা বাদ দিয়ে দাওয়াত পেশ করবেন এবং পাকিস্তানি মুসলিমদের সামনে বাস্তবতা তুলে ধরবেন? এমন কেন হলো না যে, মুজাহিদীন মাসে একটা হলেও তাদের মধ্য থেকে প্রত্যেক দাঈর বয়ান রিলিজ করবে, যেখানে

[647]

বাস্তব অবস্থা, তথ্য-প্রমাণ ও ঘটনা প্রবাহের সাহায্যে সরকার ও পাকিস্তানের সেনাবাহিনীর সমালোচনা করবে। স্মরণ রাখতে হবে, সর্বব্যাপী বিপ্লবের জন্য উত্থিত কোনো জিহাদী আন্দোলনের সামরিক কার্যক্রমের আগে দাওয়াতী ও চিন্তাগত রণাঙ্গন দখলে নিতে হয়। অতঃপর উভয় যুদ্ধক্ষেত্রে ধীরে ধীরে অগ্রসর হতে হয়। »

জিহাদী আমীরদের নির্দেশ পালনে ফারুক ভাই রহিমাহুল্লাহ ২০১০ সালে পাকিস্তানে দাওয়াত ও মিডিয়া অঙ্গনের দায়িত্ব গ্রহণ করেন। যদিও এর আগেই তার বিভিন্ন বয়ান বক্তৃতা ও ক্লাস রিলিজ হতে শুরু করেছিল।

উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর দাওয়াতী ও মিডিয়া কার্যক্রমের পর্যালোচনার জন্য আমরা তার কীর্তিগুলো দুইভাগে বিভক্ত করতে পারি। প্রথম অংশে ঐ সমস্ত বুনিয়াদি দৃষ্টিভঙ্গি ও চিন্তাধারার পরিচয় পেশ করতে পারি, যা তার দাওয়াতের সারবস্তু ছিল।

দ্বিতীয় অংশে ঐ সমস্ত উপায় মাধ্যমের আলোচনা যেগুলো ব্যবহার করে তিনি দাওয়াতী ও মিডিয়া কার্যক্রম বেগবান করেছেন।

ক - দাওয়াতের বুনিয়াদি বিষয়বস্তু

দীনের একজন প্রচারক হিসেবে ফারুক ভাই রহিমাহুল্লাহর দাওয়াত প্রকৃতপক্ষে ছিল কুরআন হাদীসের দাওয়াত। তিনি পূর্ণাঙ্গভাবে দীনে প্রবেশের আহ্বান জানাতেন। কিন্তু বিশেষভাবে যেহেতু তিনি জিহাদের আহ্বায়ক ছিলেন, তাই জিহাদ ফী সাবীলিল্লাহর ওই দৃষ্টিভঙ্গি নিয়ে কথা বলা উচিত, যা তার বুনিয়াদি বিষয়বস্তু ছিল। সমস্ত [648]

বিষয়ে এখানে উল্লেখ করা কঠিন , কিন্তু কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে আলোকপাত করা যেতে পারে।

জিহাদ ফী সাবীলিল্লাহ -এ অংশগ্রহণের দাওয়াত

ফারুক ভাই রহিমাহুল্লাহর দাওয়াতী কার্যক্রমের বুনিয়াদি পয়েন্ট ছিল মুসলিম উম্মাহকে জিহাদ ফী সাবীলিল্লাহর প্রতি আহ্বান করা। তিনি সেই মহান কাজ করতে চাইতেন , যার নির্দেশ আল্লাহ তার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দিয়েছেন। আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা ইরশাদ করেন:

يَا أَيُّهَا النَّبِيُّ حَرِّضِ الْمُؤْمِنِينَ عَلَى الْقِتَالِ ۚ

অর্থ “হে নবী ঈমানদারদেরকে যুদ্ধের ব্যাপারে উদ্বুদ্ধ করুন। ” [সূরা আনফাল, ০৮: ৬৫]

তিনি যুদ্ধের প্রতি উদ্বুদ্ধকরণের মহান কাজে শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর বিখ্যাত গ্রন্থ ‘মুসলিম ভূমির প্রতিরক্ষা ঈমান আনার পর সবচেয়ে গুরুত্বপূর্ণ ফরয ’ পুস্তকখানা অনুবাদ করেন। অনুবাদটি আল্লাহ তাআলা ব্যাপকভাবে কবুল করেন এবং জিহাদের দাওয়াতে এই কিতাব খুব দ্রুতই অবদান রাখে। কত যুবক জিহাদ ফী সাবীলিল্লাহে অংশগ্রহণ করে ফিদায়ী হামলা পর্যন্ত পৌঁছে গিয়েছেন , যারা এই কিতাবের মাধ্যমেই এ পথে এসেছেন!

তিনি বুঝতে পেরেছিলেন , জিহাদের জন্য বের হওয়া আমাদের উপর ফরয এবং মুসলিম হিসেবে আমাদের জন্য জরুরি যে , আল্লাহ প্রদত্ত দায়িত্ব আমরা পালন করবো। তিনি মুসলিম উম্মাহকে জিহাদের দাওয়াত দিতে গিয়ে এই আমলের সুফলগুলো গণনা করে লিখেন :

« জিহাদ গাফিল মুসলিমদের দিশা লাভের উপায়। জিহাদ পরিবার গোত্র ও সমাজে অকল্পনীয় পরিবর্তনের মাধ্যম। জিহাদ কাফেরদের কাছে দীনের দাওয়াত পৌঁছানোর কার্যকরী মাধ্যম। জিহাদ নৈতিক গঠন ও উন্নয়ন সাধনের বিদ্যালয়। জিহাদ ও রিবাতের ভূমিতে বসবাসকারীদের পথপ্রদর্শনের মাধ্যম জিহাদ। জিহাদ হারানো অধ্যায়গুলো পুনর্জীবনের উপায়।

93 »

তিনি একটি অডিও বয়ানে মুসলিমদের অধিকৃত ভূখণ্ড ফিরিয়ে এনে সেগুলোতে পবিত্র শরীয়ত বাস্তবায়নে জিহাদ ফরয হওয়ার বিষয়টি আলোচনা করেছেন। তিনি বলেছেন:

« আমরা বর্তমান অবস্থার দিকে তাকালে এই সিদ্ধান্তে উপনীত হওয়া কঠিন নয় যে, জিহাদ বর্তমানে ফরযে আইন নাকি ফরযে কেফায়া? মুসলিমদের টুকরো টুকরো ভূমি শুধু নয়; শত শত বর্গমাইল ভূমি কাফেরদের দখলে, শুধু আজ থেকে নয় কয়েক শতাব্দী ধরে এমনটা চলে আসছে; ঠিক সে সময় থেকে যখন আন্দালুস (স্পেন) থেকে পূর্ব তিমুর পর্যন্ত আমাদের থেকে ছিনিয়ে নেয়া হয়েছে; ইথিওপিয়া থেকে ফিলিপাইন পর্যন্ত আমাদের থেকে ছিনিয়ে নেয়া হয়েছে। এই সকল ভূমি যতদিন পর্যন্ত পুনরুদ্ধার হবে না; যতদিন পর্যন্ত এসব ভূখণ্ডে ইসলামী শরীয়ত বাস্তবায়িত হবে না, ততদিন পর্যন্ত জিহাদ ফরযে আইন। এটা শুধু আফগানিস্তান ইরাক বা অন্য কোনো জায়গায় সীমাবদ্ধ নয়; বরং বার্মা এক সময় মুসলিমদের অঞ্চল ছিল আজ কাফেরদের দখলে। গোটা হিন্দুস্তান ইসলামের অধীনে ছিল আজ কাফেরদের দখলে; এটা শুধু কাশ্মীরের সমস্যা নয়; এটা গোটা ভারতবর্ষের প্রশ্ন। এমনিভাবে ফিলিপাইনের কিছু এলাকা মুসলিমদের ছিল, আজ

93 উস্তায আহমদ ফারুক রাহমাতুল্লাহি আলাইহি'র ‘এক হাতে কুরআন এক হাতে তলোয়ার’]

[650]

কাফেরদের দখলে। পূর্ব তিমুর আমাদের চোখের সামনে ছিনিয়ে নেয়া হয়েছে। মুসলিমদের থেকে নিয়ে কাফেরদের হাতে দেয়া হয়েছে। এই অঞ্চল পুনরুদ্ধার করা ফরযে আইন। এমনিভাবে আফগানিস্তান পুনরুদ্ধার করাও ফরযে আইন। শিশান কাফেরদের দখলমুক্ত করা ফরযে আইন। অর্ধেক ফ্রান্স পর্যন্ত ইউরোপের পুরা অংশ পুনরুদ্ধার করা ফরযে আইন। বসনিয়া এবং তৎসংলগ্ন অঞ্চলগুলো পুনরুদ্ধার করা ফরযে আইন। মুসলিম শাসনাধীনে থাকা আফ্রিকার ওই পুরো অংশ— বিশেষভাবে উত্তরাংশ পুরোটুকু পুনরুদ্ধার করা ফরযে আইন। এই সকল ভূখণ্ড যতদিন পর্যন্ত পুনরুদ্ধার করা না হবে ; মস্কো যতদিন পর্যন্ত ইসলামী সাম্রাজ্যকে জিযিয়া না দেবে ; যতদিন পর্যন্ত গোটা আন্দালুস পুনরুদ্ধার করা না হবে , ততদিন পর্যন্ত জিহাদ ফরযে আইন। » [সূত্র : আহমদ ফারুক রহিমাহুল্লাহর অডিও বয়ান : [illegible]- حـتى لا تكـون فتنة অর্থ : যতক্ষণ পর্যন্ত ফিতনা নির্মূল না হয় ..]

পাকিস্তানে জিহাদ ফরয ...

ফারুক ভাই রহিমাহুল্লাহর দাওয়াতী ও মিডিয়া কার্যক্রমের বড় অংশ পাকিস্তান জিহাদের দাওয়াত নিয়ে। পাকিস্তান জিহাদের সঙ্গে তার গভীর আন্তরিক সম্পর্ক ছিল। তার দাওয়াতের মূল বিষয়বস্তু প্রিয় মাতৃভূমির উপর চেপে বসা বাতিল শাসকবর্গের পতন ঘটিয়ে পবিত্র শরীয়তের শাসন প্রতিষ্ঠার প্রচেষ্টা ছিল। এই লক্ষ বাস্তবায়নে তিনি নিজের ক্লাস ও দাওরাগুলোর মাধ্যমে সুস্পষ্ট করেছেন যে , আমাদের শাসকবর্গ শরীয়ত বাস্তবায়নে অস্বীকৃতি জানিয়ে এবং কাফেরদেরকে ইসলামের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার কারণে কাফেরদের অন্তর্ভুক্ত বলে গণ্য। তাই এই শাসকবর্গকে হটিয়ে

সৎকর্মশীল প্রকৃত মুসলিমদের হাতে শাসন ক্ষমতা দেয়ার জন্য বাস্তবেই জিহাদ করা পাকিস্তানিদের দায়িত্ব। তিনি তার অধিকাংশ দাওয়াতী ও মিডিয়া কার্যক্রমে পাকিস্তানি শাসন ব্যবস্থা বাতিল হওয়ার এবং শাসকেরা আল্লাহর দীনের বিদ্রোহী জালেম অত্যাচারী হবার বিষয়টি স্পষ্ট করেছেন।

ওঠো, জালিমকে প্রতিহত করো
ফারুক ভাই রহিমাহুল্লাহ পাকিস্তানের শাসন ব্যবস্থা পরিবর্তন করে শরীয়াহ শাসন ব্যবস্থার দাওয়াত দিয়ে এক বয়ানে বলেন:

« সময় হয়ে এসেছ। এখন আমরা চোখ খুলবো। বাস্তবতার মুখোমুখি হবো। পশ্চিমা বিশ্বের প্রদত্ত অত্যাচারী অর্থনৈতিক ব্যবস্থা ধ্বংস করে তদস্থলে শরীয়তের ইনসাফপূর্ণ ব্যবস্থা চালু করবো। মুহাম্মদে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ধর্ম প্রতিষ্ঠা করবো। এই শাসন ব্যবস্থায় কোনো মানুষ কোনো মানুষের গোলাম নয়। সাধারণ মানুষ থেকে খলীফা পর্যন্ত সকলেই আল্লাহর আইনের সামনে নতজানু। সকলেই জবাবদিহিতা করতে বাধ্য। এই ব্যবস্থায় সকলের শরীয়াহ প্রদত্ত অধিকার সংরক্ষিত। দুর্বল শ্রেণি এখানে নিরাপদ। অভাবগ্রস্তের খেয়াল রাখা এখানে বিহিত। ঈমানদার সৎকর্মশীল ব্যক্তিগণ এখানে সম্মানিত এবং পাপাচারী চোর লুটেরা শ্রেণি এখানে বিচারের মুখোমুখি। এই ব্যবস্থার নাম শুনে আমেরিকা নিজেও এবং তার স্থানীয় গোলামেরা প্রকম্পিত। » [সূত্র অধ্যাপক আহমদ ফারুক রহিমাহুল্লাহর অডিও বয়ান, শিরোনাম: বাদশাহদের নয় আল্লাহর এই জমিন]

[652]

পাকিস্তান জিহাদের সাহায্যে এগিয়ে আসুন

শহীদ ফারুক ভাই রহিমাহুল্লাহ প্রিয় মাতৃভূমি জবরদখলকারী শাসকবর্গের পতন ঘটানোর দাওয়াত দিতেন। এই উদ্দেশ্যের জন্য প্রিয় মাতৃভূমির মুসলিমদেরকে বলতেন, যেন তারা মুজাহিদীনকে সম্ভাব্য সর্বপন্থায় সাহায্য করে।
তিনি বলেন :

« ভয় -ভীতির চাদর থেকে বেরিয়ে আসা আমাদের কর্তব্য। আখিরাতকে দুনিয়ার চেয়ে প্রাধান্য দিতে হবে। আল্লাহ তাআলা কুরআনে কারীমে আমাদের অন্তর কাঁপিয়ে প্রশ্ন করেছেন

أَتَخْشَوْنَهُمْ ۚ فَاللَّهُ أَحَقُّ أَن تَخْشَوْهُ إِن كُنتُم مُّؤْمِنِينَ ﴿١٣﴾

অর্থ : “তোমরা তাদেরকে ভয় পাচ্ছো অথচ আল্লাহ বেশি হকদার যে , তোমরা তাকে ভয় করবে — যদি তোমরা ঈমানদার হও। ”

তাই এই দেশের প্রত্যেক ঈমানদারের কর্তব্য হলো , আমেরিকার গোলামদের থেকে মুক্ত হয়ে শরীয়ত বাস্তবায়নের পবিত্র আন্দোলন ও সংগ্রামে মুজাহিদীনকে পৃষ্ঠপোষকতা করা , নিজেদের ঘরের দরজা তাদের জন্য খুলে দেয়া , অর্থ সম্পদ দিয়ে তাদেরকে সহায়তা করা , নিজেদের সন্তানদেরকে এই পথে উৎসর্গ করা, শত্রুর ব্যাপারে মুজাহিদীনের কাছে তথ্য সরবরাহ করা, পরামর্শ , জ্ঞান -বিজ্ঞান , শিল্প দক্ষতা দিয়ে তাদেরকে সহায়তা করা এবং নিজেদের দোয়াতে তাদেরকে শামিল রাখা। এই অঞ্চলের প্রতিটি মুসলমানের কর্তব্য হলো , পাকিস্তানের মুসলিমদের কাঁধে চাপানো ইংরেজ শাসন ব্যবস্থা পতনের আন্দোলনে অংশগ্রহণ করা , যেন বিগত ১০ বছরে গোটা বিশ্বের মুহাজির মুজাহিদীনের সঙ্গে , আরব-অনারব মেহমানদের কারণে আমাদের অঞ্চলে যেই আধিক্য দেখা দিয়েছে , যে কষ্ট হয়েছে , তার ক্ষতিপূরণ যেন সাধিত হয়। এই ভূখণ্ড পুনরায় যেন গোটা বিশ্বের

মুসলিমদের জন্য, সমস্ত অঞ্চলের মুজাহিদীনের জন্য ইহুদী-খ্রিস্টানদের বিরুদ্ধে বৈশ্বিক জিহাদী আন্দোলনের জন্য একটি নিরাপদ কেন্দ্র ও আশ্রয়স্থল হতে পারে। » [সূত্র অধ্যাপক আহমদ ফারুক রহিমাহুল্লাহর অডিও বয়ান, শিরোনাম: বাদশাহদের নয় আল্লাহর এই জমিন]

পাকিস্তান জিহাদ আফগানিস্তান জিহাদেরই পরিশিষ্ট
ফারুক ভাই রহিমাহুল্লাহর কাছে দিনের আলোর
মতো পরিষ্কার বিষয় ছিল এই যে, পাকিস্তান জিহাদ আফগানিস্তান জিহাদের সঙ্গে সম্পৃক্ত। তিনি মনে করতেন, পাকিস্তানিদের জন্য আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ উমর রহিমাহুল্লাহ ও তালেবানকে সহায়তার সবচেয়ে গুরুত্বপূর্ণ পথ হচ্ছে পাকিস্তানি বাতিল রাষ্ট্র ব্যবস্থার বিরুদ্ধে জিহাদ করা। কারণ এই রাষ্ট্র ব্যবস্থার অধীনে সরকার প্রতিবার আফগানিস্তানের মুসলিমদের পিঠে ছুরিকাঘাত করে এবং দীন ও জাতির সঙ্গে বিশ্বাসঘাতকতা করে। তিনি মনে করেন, পাকিস্তানি ইসলাম বিদ্বেষী সেনাবাহিনীর বিরুদ্ধে সফল জিহাদের দ্বারাই আফগানিস্তানে একটি শক্তিশালী ইসলামী সরকার প্রতিষ্ঠা সম্ভব। পাকিস্তানি বাহিনীর নির্যাতন কক্ষে আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ উমর রহিমাহুল্লাহর স্থলাভিষিক্ত মোল্লা উবায়দুল্লাহ আখুন্দের বেদনাদায়ক ঘটনার বয়ানে বলেন: « বাস্তবতা হলো, ফৌজি জেনারেলরা আফগানিস্তানে জিহাদরতদের প্রতি ততটাই বিদ্বেষ পোষণ করে, যতটা করে পাকিস্তানি মুজাহিদীনের প্রতি। পাকিস্তান অথবা পাকিস্তানিদের নিরাপত্তা নিয়ে তাদের কোনো চিন্তা নেই। পাকিস্তানি জনসাধারণের দীন দুনিয়ার কল্যাণ নিয়ে তাদের

[654]

কোনো চিন্তা নেই। তাদের শত্রুতা এমন ব্যক্তিদের প্রতি, যারা আল্লাহ ব্যতীত কারও সামনে নত হতে তৈরি নয় এবং ফিরিঙ্গিদের আইন-কানুন ও গণতান্ত্রিক অসার শাসন ব্যবস্থার বদলে যারা একমাত্র আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার আইন আল্লাহর পৃথিবীতে প্রতিষ্ঠিত করতে চায়। অতএব মুজাহিদ আফগানি হোক অথবা পাকিস্তানি, আরব হোক কিংবা শিশানি —সকলকেই এই জেনারেল শত্রু মনে করে এবং তার মনিব আমেরিকা হোক অথবা ব্রিটেন, চীনা হোক, অথবা রাশিয়া —সকল কাফের গোষ্ঠীর সহায়তা করা ও স্বার্থ রক্ষা করাকে এই সেনাবাহিনী নিজেদের কর্তব্য মনে করে। » [মোল্লা উবায়দুল্লাহ আখুন্দ রহিমাহুল্লাহর শাহাদাতে উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর বিবৃতি]

পাকিস্তানি সিকিউরিটি ফোর্সের হাতে মোল্লা উবায়দুল্লাহ আখুন্দ রহিমাহুল্লাহর শাহাদাতের ঘটনার দিকে ইঙ্গিত করে তিনি বলেন: « এই ঘটনায় এই শিক্ষা নিহিত রয়েছে যে, পাকিস্তান জিহাদ আফগানিস্তান জিহাদেরই পরিশিষ্ট, একটি অপরটির সম্পূরক। কারণ যতক্ষণ পর্যন্ত পাকিস্তানি সেনাবাহিনী ও রাজনৈতিক নেতৃবৃন্দকে পরাজিত করা না হবে এবং ফিরিঙ্গিদের এই নিকৃষ্ট শাসন ব্যবস্থা মূলোৎপাটন করা না হবে, ততক্ষণ পর্যন্ত তারা আফগানিস্তানে একটি বিশুদ্ধ নির্মল শরঈ ইমারা প্রতিষ্ঠার পথে বাধা হয়ে থাকবে। তারা ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের জন্য প্রতিবন্ধকতা তৈরি করবে। তাই পাকিস্তানের এই শাসন ব্যবস্থার শিকড়ে হানা প্রতিটি আঘাত প্রকৃতপক্ষে আফগানিস্তানের জিহাদকে সহায়তা ও পৃষ্ঠপোষকতা দান ও প্রতিরক্ষার মাধ্যম হবে » [মোল্লা উবায়দুল্লাহ আখুন্দ রহিমাহুল্লাহর

[655]

শাহাদাতে উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর বিবৃতি]

তিনি বিশ্বাস করতেন, পাকিস্তান জিহাদ আফগানিস্তান জিহাদেরই সহায়তার মাধ্যম। তিনি বলতেন, পাকিস্তানি সেনাবাহিনী ও সিকিউরিটি এজেন্সিগুলোতে ক্রমাগত হামলার পরেই পাক সরকার বাধ্য হয়েছে আফগানিস্তানের মুজাহিদীন থেকে অত্যাচারী হাত তুলে নিতে। এভাবেই পাকিস্তানের জিহাদ আফগানিস্তান জিহাদের অংশ বলে প্রমাণিত হয়। এক ইন্টারভিউতে তিনি বলেন: « মুজাহিদীনের পক্ষ থেকে সিদ্ধান্তের কারণে পাক সেনা কর্তৃক ইমারত ইসলামিয়াকে দুর্বল করার অপচেষ্টা প্রথমবারের মতো বাধাপ্রাপ্ত হয়েছে। আল্লাহর অনুগ্রহে দুই আড়াই বছর পর আজ আমরা প্রথমবার এই বাস্তবতা লক্ষ্য করছি যে, পাকিস্তানি সরকারের এখন বুনিয়াদি চিন্তার বিষয় হচ্ছে— করাচি, লাহোর পিন্ডি ও ইসলামাবাদের গোপন সংস্থাগুলোর কেন্দ্রগুলোতে, সেনাবাহিনীর অধিদপ্তরে এবং উচ্চপদস্থ অফিসারদের ওপর হামলা কিভাবে বন্ধ করা যায়। এখন তার চিন্তা জগত থেকে সাময়িকভাবে আফগানিস্তানকে কোণঠাসা করার অভিলাষ দূর হয়ে গেছে। আলহামদুলিল্লাহ সকলেই এই বিষয়ের সাক্ষী যে, বিগত দুই বছরে কত দ্রুততার সাথে আফগানিস্তানে সুনিয়ন্ত্রিতভাবে কাজ এগিয়েছে, সেখানকার জিহাদে কতটা ঊর্ধগতি এসেছে। তাই এমনটা বলা সঠিক হবে না যে, এখানে ফ্রন্ট খোলার দ্বারা ওখান থেকে মনোযোগ সরে গিয়েছে। মনোযোগ সরেনি বরং পাকিস্তানি সেনাবাহিনীর বিরুদ্ধে জিহাদের কারণে আফগানিস্তানে জিহাদ শক্তিশালী হয়েছে এবং মুসলিম শিবিরের পেছন দিক নিরাপদ হয়েছে। আল্লাহর দয়া অনুগ্রহে এই লক্ষ্য পুরোপুরিভাবে অর্জন হয়েছে বলে আমরা অনুভব করছি। » [উস্তাদ ফারুক ভাই রহিমাহুল্লাহর বয়ান: ‘পাকিস্তানে জিহাদ কেন?’]

[656]

পাক সেনাবাহিনীর বিরুদ্ধে জিহাদের দাওয়াত ফারুক ভাই রহিমাহুল্লাহর কাছে সেনাবাহিনীর পরিবেশ পরিচিত। তিনি এমন অঞ্চলের অধিবাসী ছিলেন, যা সেনাবাহিনী গঠনকারী অঞ্চল বলে পরিচিত ছিল। সেখানে শৈশবকাল থেকেই সমাজে বিদ্যমান শত শত সদস্যের কারণে সেনাবাহিনীর পরিবেশের সঙ্গে সকলেই পরিচিত হয়ে উঠতো। অতঃপর ক্যাডেট কলেজে শিক্ষা গ্রহণের কারণেও সেনাবাহিনী ও তাদের দৃষ্টিভঙ্গি এবং জীবন আচারে ইংরেজ প্রভাব প্রত্যক্ষ করার সুযোগ হয়েছে। এ কারণে শুরু থেকেই তিনি নিশ্চিত ছিলেন, এরা আর যাই হোক ইসলাম ও মুসলিমদের সেনাবাহিনী নয়। »

সকল অনাচারের জন্য সেনাবাহিনী দায়ী
উস্তাদ ফারুক ভাই রহিমাহুল্লাহর কাছে স্পষ্ট ছিল, পাকিস্তানে কার্যত ক্ষমতাসীন হল সেনাবাহিনী। রাজনীতিবিদদেরকে তিনি সেনাবাহিনীর সেবক মনে করতেন কিন্তু মুসলিমদের আসল শত্রু ও সাপের মাথা এই সেনাবাহিনীকে বিবেচনা করতেন। তিনি বলতেন, এরাতো ওই বাহিনী, যারা আমেরিকা, ব্রিটেন ও পশ্চিমা বিশ্বের সঙ্গে প্রতিরক্ষা ও বাণিজ্যিক চুক্তি করে, করায়। যুদ্ধ, যুদ্ধ বিরোধী শান্তিচুক্তি, সন্ধির পলিসি সেনাবাহিনী তৈরি করে এবং পরবর্তীতে রাজনীতিবিদগণকে শুধু স্বাক্ষর করার জন্য একটি প্রদর্শনী অনুষ্ঠানে ডাকা হয়। মুসলিমদের অধিকাংশ দেশে সেনাবাহিনী সরাসরি পশ্চিমাদের স্বার্থ রক্ষা করে যায় এবং তারাই মুসলিম দেশগুলোতে ক্রুসেডার জায়নবাদী স্বার্থের প্রকৃত রক্ষক। কারা সমুদ্রে মার্কিন নৌবহর, স্থলে মার্কিন ও ন্যাটো সাপ্লাই এবং আকাশপথের নিরাপত্তা ব্যবস্থার সাহায্যকারী? কারা পূর্ব পাকিস্তান ভেঙেছে? কারা বস্তাবন্দী

[657]

লাশ ও বিচার বহির্ভূত এনকাউন্টারের নাটক সাজায়? কারা দেশের নিষ্পাপ ভদ্র যুবকদেরকে গুম করে? কারা জাতীয় সম্পদের ৯০% রক্ষার নামে আত্মসাৎ করে জাতির অবশিষ্ট বড় অংশের দরিদ্রতা ও অসহায়ত্বের কারণ হয়? কাদের সংস্কৃতি হলো নাচ গান ঢোল বাজানো, মেয়ে নাচানো, বিভিন্ন অনুষ্ঠানে মেয়েদের সঙ্গে ড্যান্সিং নিজেদের স্ত্রীদেরকে সহকর্মীদের সঙ্গে বসতে দিয়ে গর্ব করা—এককথায় নির্লজ্জতা ও বেহায়াপনার আবিষ্কারক ও রক্ষক কারা? কারা নিজেদেরকে ছাড়া জনসাধারণ সকলকে বেওকুফ ও ‘ব্লাডি সিভিলিয়ান’ মনে করে? কারা নিজেদেরকেই দেশ ও রাষ্ট্র মনে করে এবং নিজেদের স্বার্থকেই দেশের স্বার্থ অভিহিত করে লুটপাট চালায়? কারা জনসাধারণের অর্থ আত্মসাৎ করে? কারা জনসাধারণের পয়সা লুট করে এবং নিজেদের দেশ উজাড় করে দেয়? কোন সমস্ত সংস্থার পাশবিক অমানবিক চরিত্রের কারণে সৌজন্যতা ও ভদ্রতার না কোনো আলাপ শোনা যায় তাদের মুখে, না কোনো চিহ্ন দেখা যায় তাদের আচরণে? কাদেরকে শুধু মুসলিমদের বিরুদ্ধে ঔদ্ধত্য প্রকাশ ও প্রতারণা করতেই দেখা যায়। এক কথায় মুসলিম দেশগুলোতে সাধারণভাবে এবং প্রিয় মাতৃভূমি পাকিস্তানে বিশেষভাবে সকল অনাচার ও অনিষ্টের জন্য দায়ী সশস্ত্র সেনাবাহিনী।

উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহ পাকিস্তানি ফৌজ এবং সিকিউরিটি সংস্থাগুলোর অপরাধ গণনা করে বলেন: কথাবার্তা ও আবেগের স্থলে কাজ দেখাবার সময় এসেছে। পাকিস্তানি ফৌজ এবং গোপন সংস্থাগুলো এই দেশে মুসলিমদের মাথার উপর চেপে বসা খুবই নিকৃষ্ট কদাকার এক কলঙ্ক। তারা এই অঞ্চলে বসবাসকারী মুসলিমদের রক্ষক নয়; বরং তাদের রক্ত পিপাসু, অর্থ আত্মসাৎকারী এবং মান সম্মান পদদলনকারী। তারাই ওই দুর্ভাগা, যারা বাংলায় হাজার হাজার মুসলিম নারীর সম্মান পদদলিত করে। লাইনে দাঁড়

[658]

করিয়ে বাঙালি যুবকদেরকে গুলি করে হত্যা করে। ঢাকা সহ কত শহরে ভারী কামান দিয়ে গোলা বর্ষণ করে। বেলুচিস্তানের মুসলিমদের ওপর তারা জেট বিমান হেলিকপ্টার সহ এমন সব অস্ত্রশস্ত্র নিয়ে হামলা করে, যেগুলো নিয়ে কোনো নিয়ম তান্ত্রিক সেনাবাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করা হয়। সেগুলো তারা বেসামরিক নাগরিকের বিরুদ্ধে ব্যবহার করে। তারা গোত্রীয় অঞ্চলের ঈমানী মর্যাদাবোধ সম্পন্ন জাতিগুলোকে নিঃশেষ করার জন্য আইপি ফকির রহিমাহুল্লাহর সময় থেকে আজ পর্যন্ত বহুবার গোত্রগুলোর ওপর সৈন্যবাহিনী নিয়ে চড়াও হয় এবং তাদের এলাকাগুলো ধ্বংস করে দেয়। মালাকান্দ ও সোয়াতের উপত্যকা থেকে শরীয়ত বাস্তবায়নের যে আওয়াজ উঠেছে, তা নিস্তব্ধ করার জন্য বিগত তিন বছরে সময়ে সময়ে জুলুম-অত্যাচার ও হত্যাকাণ্ডের এমন দৃষ্টান্ত তারা স্থাপন করেছে, যা নিকট অতীতে খুঁজে বের করা মুশকিল। তারা লাল মসজিদের পবিত্রতা নষ্ট করেছে, আজিমুশশান কুরআনের সম্মান পদদলিত করেছে, উলামায়ে কেরাম ও দীনি শিক্ষার্থীদেরকে হত্যা করেছে, নিষ্পাপ হিজাব পরিহিতা বোনদের রক্ত প্রবাহিত করেছে। তারা এই জাতির একজন পবিত্র কন্যা আফিয়া সিদ্দিকীকে সন্তান-সন্ততি সহকারে কাফেরদের কাছে বিক্রি করে দিয়েছে। তারা মোল্লা আব্দুস সালাম জয়ীফ, উস্তাদ ইয়াসির মোল্লা আব্দুল লতিফ হাকিমী এবং মোল্লা বেরাদার সহ ইমারতে ইসলামিয়ার একাধিক কেন্দ্রীয় নেতাকে গ্রেফতার করেছে। এই হতভাগারা সুযোগ পেলেই পাকিস্তানের মুসলিমদের আশ্রয়ে বসবাসকারী মুহাজিরদেরকে ফিরিঙ্গি মুনিবদের সন্তুষ্টির জন্য গ্রেফতার করে শহীদ করে দিয়েছে।” [শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর শাহাদাতে উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর বিবৃতি]

[659]

চেহারা নয়; সিস্টেম পরিবর্তন করো
ফারুক ভাই রহিমাহুল্লাহর কাছে এ বিষয়টি স্পষ্ট ছিল যে, পাকিস্তানের কতক ব্যক্তিকে ক্ষমতাচ্যুত করা না করার প্রশ্ন নয়; বরং এখানে সমষ্টিগতভাবে শাসন ব্যবস্থা ও সিস্টেম পরিবর্তনের প্রশ্ন। তাই যতক্ষণ পর্যন্ত ইংরেজদের রোপিত এই নিকৃষ্ট বৃক্ষমূল উপড়ে ফেলা না হবে, ততক্ষণ পর্যন্ত দীন প্রতিষ্ঠার কোনো চেষ্টা সফল হতে পারবে না।

তিনি বলেন: “অতএব খুব ভালোভাবে অনুধাবন করা চাই, এটা সেনাবাহিনীর নেতৃবৃন্দ পরিবর্তনের প্রশ্ন নয়। কয়েকজন জেনারেলকে ক্ষমতাচ্যুত করে অন্যদেরকে ক্ষমতায় বসানোর দ্বারা সমস্যার সমাধান হবে না। এখানে চেহারা ও বেশভূষা পরিবর্তনের প্রশ্ন নয় বরং মৌলিক শাসন ব্যবস্থা পরিবর্তনের প্রশ্ন। যতক্ষণ পর্যন্ত একটা সিস্টেম হিসেবে এই শাসন ব্যবস্থা- ক্লাউসউইটজ (Clausewitz) এবং অন্যান্য কাফের চিন্তাবিদের কুফরী মূলনীতির ওপর প্রতিষ্ঠিত রয়েছে, যতক্ষণ পর্যন্ত এ শাসন ব্যবস্থার দৃষ্টিভঙ্গি ও ভাবধারা সূরা তওবা ও সূরা আনফালের কুরআনী রূপ এবং হাদীস গ্রন্থগুলোতে জিহাদ ও সিয়ারের অধ্যায়গুলোর পরিবর্তে ইংরেজদের বই-পুস্তক থেকে গ্রহণ করা হবে, ততদিন পর্যন্ত এই বৃহৎ প্রতিষ্ঠান থেকে ধারাবাহিকভাবে এমন সেনাবাহিনী ও অফিসার বের হবে, যারা দেশকে দীন ইসলামের উপর, বেতন ভাতাকে ঈমানের ওপর, প্রমোশনকে আত্ম মর্যাদার উপর এবং অফিসারদের হুকুমকে আল্লাহর হুকুমের উপর প্রাধান্য দেবে। তারা এই উম্মাহর নাজুক মুহূর্তে এভাবেই আল্লাহর দীনের ক্ষতি করবে —যেমনিভাবে তাদের বাপ দাদারা খেলাফতে উসমানিয়া পতনের সময় এবং ইমারতে

[660]

ইসলামিয়া আফগানিস্তানের সময় করে এসেছে।” [শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর শাহাদাতে উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর বিবৃতি]

এ সেনাবাহিনী ফিরিঙ্গিদের উপমহাদেশীয় রেজিমেন্টের ধারাবাহিকতা
উস্তাদ ফারুক রহিমাহুল্লাহ পাকিস্তানি মুসলিমদেরকে এ বাস্তবতা স্মরণ করিয়ে দিতে চাইতেন যে, পাকিস্তানি ফৌজ প্রকৃতপক্ষে ইংরেজদের জালিম সেনাবাহিনীরই ধারাবাহিকতা। এ বিষয়ে তিনি যুগান্তকারী গবেষণা প্রবন্ধ রচনা করেছেন, যার শিরোনাম হচ্ছে ‘এ্যা কিস কি ফৌজ হ্যায়?’ (এরা কাদের সেনাবাহিনী?) সে প্রবন্ধে তিনি পাকিস্তানি সমাজে এই অপবিত্র সেনাবাহিনীর কার্যকলাপের ইতিহাস সুস্পষ্টভাবে তুলে ধরেছেন। ফারুক ভাই রহিমাহুল্লাহর কলমে লিখিত এই প্রবন্ধ ইতিহাস নিয়ে তার বিস্তারিত ও গভীর গবেষণা, তার আলোকে সমকালীন ঘটনা প্রবাহের সঠিক বিশ্লেষণী ক্ষমতা এবং ইতিহাস থেকে শিক্ষা গ্রহণে তার বিকশিত প্রতিভার প্রকৃষ্ট উদাহরণ। এই পুস্তিকায় উপমহাদেশে ইংরেজদের হাতে গঠিত উপমহাদেশীয় সেনাবাহিনীর ভয়ানক ইতিহাস সুস্পষ্টভাবে তুলে ধরা হয়। এ থেকে আরও জানা যায়, ইংরেজ গোষ্ঠী বাহ্যিকভাবে পাকিস্তানকে স্বাধীনতা দেয়ার পরেও পাকিস্তানী সেনাবাহিনী তাদের মনিবদের প্রকৃত সন্তুষ্টি অর্জনের জন্য সর্বদাই চেষ্টা রত থাকে। ‘এরা কাদের সেনাবাহিনী’ প্রবন্ধটি নিরপেক্ষভাবে উদার মনে পাঠ করার দ্বারা ব্যক্তি মাত্রই বুঝতে পারবে, এই সেনাবাহিনী দীন প্রতিষ্ঠার যেকোনো আন্দোলনকে এতটা নিষ্ঠুর-নির্মম ও হিংস্রভাবে কেমন করে দমন করতে পারে? সেনাবাহিনীর কার্যকলাপ জেনে পাঠক প্রথমে আশ্চর্য হয়ে যাবে। মুসলিম

[661]

ঘরের সন্তান হয়েও এবং বাহ্যিকভাবে ইসলামের কিছু ইবাদত ও আচার পালন করেও কেমন করে তারা এমন হতে পারে? শুধু তাই নয় তারা সরল মনে ইসলাম বাস্তবায়নকে কামনা করা এবং দীন ইসলামের আলোকে রাষ্ট্র পরিচালনার আকাঙ্ক্ষা ব্যক্ত করা সত্ত্বেও কি কারণে লাজ লজ্জার পরোয়া না করে, সমস্ত মানবিক মূল্যবোধ থেকে মুক্ত হয়ে, ইসলাম প্রতিষ্ঠার আন্দোলনকে নির্মূল করতে পারে? এই বিষয়ের পর পাঠকবর্গ যখন প্রবন্ধ পাঠ করে, তখন বুঝতে পারে, খোদ ইংরেজরাই এই সেনাবাহিনীর ভিত্তি স্থাপন করেছে। তাদের সিলেবাস, শিক্ষা-দীক্ষা ও বেড়ে ওঠার সার্বিক পরিবেশ ইংরেজ আইন-কানুন রক্ষা এবং ইসলাম বাস্তবায়নের পথে প্রতিবন্ধকতা তৈরির লক্ষ্যেই সাজানো হয়েছে। এ বিষয়গুলো জেনে পাঠকের বিস্ময় কাটে। এ সেনাবাহিনীকে ওই সফটওয়্যারের সঙ্গে তুলনা করা যেতে পারে, যার ডেভলপার কোনো বিশেষ উদ্দেশ্যে তা তৈরি করেছে। যেমন হিসাব-নিকাশের সফটওয়্যার শুধু হিসাব-নিকাশের কাজ করতে জানে। ছবি বা পিকচারের সফটওয়্যার পিকচার দেখাতে জানে। একইভাবে পাকিস্তানি সেনাবাহিনী একটা সফটওয়্যার। ইংরেজরা তাদেরকে প্রোগ্রামিং করেছে। ইংরেজ আইন-কানুন রক্ষা এবং ইসলামের বিজয় ঠেকানোর জন্যই এই সফটওয়্যার প্রোগ্রামিং করা হয়েছে। এ কারণে ইতিহাসের শিক্ষার্থী একথা জেনে আশ্চর্য হয় না যে, এই সেনাবাহিনী ইংরেজদের নেতৃত্বে আরব ভূখণ্ডে ইংরেজদের পক্ষে যুদ্ধ করেছে এবং বাংলার বুকে হাজার হাজার বাঙালি নারীর সম্ভ্রমহানি করেছে। তারা সোয়াত এলাকায় ছোটো ছোটো বাচ্চাদেরকে কাতারে দাঁড় করিয়ে গুলি করে হত্যা করেছে। অ্যানকাউন্টারে শুধু মুসলিমদেরকেই সন্ত্রাসবাদের অপবাদ দিয়ে হত্যা করেছে। ইতিহাসের শিক্ষার্থী তো তখনই বিস্মিত হতো, যদি

[662]

পাকিস্তানি সেনাবাহিনী এইসব না করতো। এই সেনাবাহিনী নিজ অবস্থা থেকে সরে আসায় তখন সেটা আশ্চর্যের বিষয় হতো। অতএব যে উদ্দেশ্যে ইংরেজরা এ সেনাবাহিনী দেড় শতাব্দী আগে গঠন করেছে, আজ পর্যন্ত সেই উদ্দেশ্য সামনে রেখেই তারা পথ চলছে। ফারুক ভাই রহিমাহুল্লাহ উক্ত প্রবন্ধে সেনাবাহিনীর অপরাধ নামা উল্লেখ করার পর লিখেন:

“এই সমস্ত ঘটনা মিডিয়াতে আসার পর বুদ্ধিজীবী, বিশ্লেষক ও পর্যবেক্ষক মহলের অনেকেই বিস্ময় প্রকাশ করেন; যেন সেনাবাহিনীর হাতে এই সমস্ত অপরাধ সংগঠিত হওয়াটা আহামরি বিষয়। অথচ বাস্তবতা হলো, এই অঞ্চল —বিশেষ করে পাকিস্তানের সেনাবাহিনীর ইতিহাস সম্পর্কে ন্যূনতম জ্ঞান আছে এমন যে কেউ বিশ্লেষক ও পর্যবেক্ষক মহলের এই বিস্ময় দেখে নিজেরা বিস্মিত না হয়ে পারে না।” [ফারুক ভাই রহিমাহুল্লাহ লিখিত ‘এ্যা কিস কি ফৌজ হ্যায়?’]94

সেনাবাহিনীর নিম্ন স্তরে দাওয়াত

কিন্তু ফারুক ভাই রহিমাহুল্লাহ এই বাস্তবতা সম্পর্কে সচেতন ছিলেন যে, ইংরেজদের বিশ্বস্ত ভৃত্য মূলত সেনাবাহিনীর উচ্চ নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ এবং অফিসার শ্রেণিই জেনারেল উচ্চপদস্থ অফিসাররাই। তারাই আমেরিকা এবং ইহুদীদের তত্ত্বাবধানে ইসলামের বিরুদ্ধে যুদ্ধে গুরুত্বপূর্ণ মৌলিক ভূমিকা পালন করে। এ কারণে তিনি যুদ্ধের আগুনে ইন্ধন দাতা নিম্ন পদের সিপাহি শ্রেণিকে জেনারেলদের বিরুদ্ধে বিদ্রোহ করে ধর্মীয় মর্যাদাবোধের বহিঃপ্রকাশ ঘটানোর

94
“এরা কাদের সেনা?”- উস্তায আহমদ ফারুক

[663]

এবং উচ্চপদস্থ অফিসারদের পক্ষ থেকে আসা মুসলিম গণহত্যার নির্দেশ অমান্য করার দাওয়াত দিতে চাইতেন। তাই তিনি ফৌজের নিম্ন শ্রেণিকে সম্বোধন করে বলেন: “আমি এই পর্যায়ে পাকিস্তানি সেনাবাহিনীর সিপাহি এবং নিম্ন পদস্থ অফিসারদেরকে প্রশ্ন করতে চাই, তারা কি কখনও চিন্তা করেনি, কাদের অধীনে তারা কাজ করছে? মুহাম্মাদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দীন ইসলামের সঙ্গে যাদের ন্যূনতম সম্পর্ক নেই তাদের অধীনে? পাকিস্তানের গোটা সেনাবাহিনী প্রত্যেক সিপাহি এবং অফিসার আফগান মুজাহিদীনের সঙ্গে কৃত অন্যায় ও জুলুমের ব্যাপারে রাজি? সেনাবাহিনীর প্রত্যেক সদস্য কি আমেরিকার বিরুদ্ধে লড়াইকারীদেরকে নিজেদেরও শত্রু মনে করে? ইসলামী শাসন ব্যবস্থা প্রতিষ্ঠার আকাঙ্ক্ষা কি সেনাবাহিনীর প্রত্যেক সদস্যের কাছেই এত বড় অপরাধ যার শাস্তি মৃত্যুদণ্ড ছাড়া আর কিছু হতে পারে না? যদি এমনটা না-ই হয়, তাহলে কেন এই সেনাবাহিনীর নিম্নস্তরের সদস্যরা তাদের ওপর চেপে বসা হতভাগা নেতৃত্বকে ছুঁড়ে ফেলেছে না? তারা কি আল্লাহর আযাবের চেয়ে কোর্ট মার্শালকে বেশি ভয় করছে? তারা কি আল্লাহর আদেশের চেয়ে অফিসারদের আদেশ অধিক পালনীয় মনে করে? তারা কি আল্লাহর পরিবর্তে অফিসারদেরকে রিযিক দাতা মনে করে? সরল রাখা চাই, যে মহান রব আপনাদেরকে মায়ের পেটে রিযিক দিয়েছেন তিনি যে কোনো অবস্থায় আপন বান্দাদের কাছে রিযিক পৌঁছাতে সক্ষম। কিন্তু এর জন্য এই রবের উপর তাওয়াক্কুল করে তার খাঁটি বান্দা হতে প্রস্তুত তো হতে হবে।” [মোল্লা উবায়দুল্লাহ আখন্দযাদার শাহাদাতের প্রেক্ষিতে বিবৃতি, উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর]

95

95
“এরা কাদের সেনা?”- উস্তায আহমদ ফারুক

[664]

ফেরাউনের লোকদের মাঝে একজন ঈমানদার
এখানে একটি বিষয় স্পষ্ট করা জরুরি। সেনাবাহিনী কাফেরদের বাহিনী হওয়ার দ্বারা ওই সমস্ত মহান ব্যক্তিদেরকে খাটো করার সুযোগ নেই, যারা ঠিক সেভাবেই সেনাবাহিনীর মাঝে অবস্থান করে যেভাবে ফেরাউনের দরবারে ছিলেন একজন ঈমানদার সভাসদ। সেনাবাহিনীর ওই মহান ব্যক্তিদের কথা বলছি, যারা এই কাফের বাহিনীতে থেকেও ইসলামের সাহায্যে কাজ করেন, মুজাহিদীন ও মুহাজিরদেরকে নিজেদের ঘরে আশ্রয় দেন, সেনাবাহিনীর অফিসার ও ক্রুসেডারদের সেবকদেরকে নিঃশেষ করার জন্য মুজাহিদীনের সঙ্গে সহযোগিতা করেন, সেনাবাহিনীর বিরুদ্ধে বিদ্রোহ করে তাদেরকে ক্ষমতাচ্যুত করে সংস্কারের চেষ্টা করেন, সেনাবাহিনীর অপরাধের তালিকা তুলে ধরেন। এমন ব্যক্তিরা তো জিহাদের অগ্রসৈনিক দল। তারা ঈমানদারদের হৃদয়ের শীতলতা। তারা এমন ব্যক্তি, যাদেরকে আল্লাহ তাআলা নিজের নিদর্শন ও গায়েবী নুসরত হিসেবে বাছাই করেছেন (ঈমানদারদের জন্য তারা আল্লাহর অদৃশ্য সাহায্য)। পরম করুনাময় অসীম দয়ালু আল্লাহর কাছে আমরা এমন ব্যক্তিদের বিরাট প্রতিদান, জিহাদের দ্বিগুণ পুণ্য ও মর্যাদা বৃদ্ধির দোয়া করি। এমন ব্যক্তিদের মাঝে লেফটেন্যান্ট জেনারেল শাহেদ আজীজ শহীদ রহিমাহুল্লাহ, জেনারেল মুজাফফর হোসাইন উসমানী রহিমাহুল্লাহ, মেজর জেনারেল জহিরুল ইসলাম আব্বাসী রহিমাহুল্লাহ, ব্রিগেডিয়ার মুস্তানসির বিল্লাহ রহিমাহুল্লাহ, মেজর আদেল আব্দুল কুদ্দুস শহীদ রহিমাহুল্লাহ, মেজর ডক্টর তারেক শহীদ রহিমাহুল্লাহ, পাকিস্তান নৌ বাহিনীর মহান অফিসার রফিক শহীদ রহিমাহুল্লাহ, নৌ অফিসার ওয়াইস যখরানী শহীদ রহিমাহুল্লাহ এবং তাদের অধীন শত শত নৌ সদস্য, ইসলামের শত্রু পারভেজের ওপর হামলাকারী মুজাহিদীনকে সাহায্য সহায়তাকারী বিমান বাহিনীর

[665]

বিশ জন সদস্য সহ শত শত এমন অজ্ঞাতনামা মুজাহিদ রয়েছেন, যারা ইখলাস লিল্লাহিয়াত দীন প্রতিষ্ঠার চেতনার কারণে ক্রুসেডার সেনাবাহিনীর মাঝে থেকেও দীনের সাহায্য-সহযোগিতার দায়িত্ব পালন করেছেন। আল্লাহ তাদের সকলের উপর তার রহমত অবতীর্ণ করুন এবং তার দীনের সাহায্য-সহযোগিতার জন্য এমন ব্যক্তিদের সংখ্যা বাড়িয়ে দিন। আমীন।

পাকিস্তানি নৌ বাহিনীতে জিহাদের দাওয়াত ফারুক ভাই রহিমাহুল্লাহর দাওয়াতী ও মিডিয়া কার্যক্রমের বরকতে পাকিস্তানি সেনাবাহিনীর মাঝেও দাওয়াতের ব্যাপক প্রচার-প্রসার ঘটে। ব্যথিত হৃদয় নিঃসৃত তার কথাগুলো কাফেরদের সারিতে দাঁড়িয়ে থাকা সৈন্যদের অন্তরেও ঈমানের আলো জ্বালিয়ে দেয়। অনেক সৈন্য তওবা করে সেনাবাহিনীর চাকরি ছেড়ে দেয়। অনেকেই কাফেরদের সাহায্যকারী সেনাবাহিনীর বিরুদ্ধে জিহাদে অংশগ্রহণ করে।

উদাহরণস্বরূপ বলা যেতে পারে পাকিস্তানি নৌ বাহিনীর মাঝে দাওয়াতের কথা। তাঁর লেখালেখি, দরস ও বয়ান শুনে পাকিস্তানি নৌ বাহিনীর শত শত অফিসার ও সিপাহির সামনে সেনাবাহিনীর বাস্তবতা স্পষ্ট হয়ে যায়। এমনকি পূর্বের জীবনের ক্ষতিপূরণ হিসেবে এই সেনাবাহিনীর বিরুদ্ধে জিহাদে তারা ফিদায়ী হামলা করতে, আমেরিকার সেবক বড় অফিসারদেরকে ভূপৃষ্ঠ থেকে সরিয়ে দিতে প্রস্তুত হয়ে যায়। পাকিস্তানি নৌ বাহিনীর এই হৃদয়বান অফিসারগণ বারবার ফারুক ভাই রহিমাহুল্লাহকে বার্তা পাঠিয়ে বলেন, পাকিস্তানি নৌ বাহিনীর নেতৃবৃন্দকে শেষ করা আমাদের জন্য একেবারেই সহজ

[666]

কাজ। কিন্তু তিনি তার ঊর্ধ্বতন নেতৃবৃন্দের পরামর্শে তাদেরকে আমেরিকা ও ভারতের নৌ বাহিনীর উপর হামলার নির্দেশ দেন। সে লক্ষ্যে ইসলামের এই সিংহদল কাফনের কাপড় গায়ে জড়িয়ে এবং মুজাহিদীনকে বায়আত দিয়ে পাকিস্তানি নৌ বাহিনীর ‘পিএনএস জুলফিকার’ জাহাজ কাবু করার চেষ্টা করেন। এই কাজের প্রাণভোমরা জিসান রফিক এবং সেকেন্ড লেফটেন্যান্ট ওয়াইস জাখরানী ফিদায়ী হামলা করে শাহাদাতের পেয়ালা মুখে তুলে নেন।

শহীদ লেফটেন্যান্ট জিসান রফিক রহিমাহুল্লাহ মুজাহিদীনকে বলেনঃ “যখন ২০১১ সালে করাচির মেহরান বেসে মুজাহিদীন হামলা করেন, তখন সেখান থেকে খুব কাছে আমাদের ডিউটি ছিল। আমরা এবং আমাদের অন্য অফিসারগণ কাছ থেকে ওই যুদ্ধ প্রত্যক্ষ করি। কিছু যুবক দুঃসাহসীভাবে পৃথিবীর সপ্তম শক্তিশালী বাহিনীর বিরুদ্ধে লড়াই করে যাচ্ছিলো। তা দেখে আমরা হতবাক হয়ে যাই। অপরদিকে আমাদের অফিসার ও সিপাহিদের কাপুরুষতাও আমাদের পেরেশানি বাড়িয়ে দেয়। অবশেষে আমরা এবং আমাদের বন্ধু আরও ২০ জন অফিসার সিদ্ধান্ত গ্রহণ করি, আক্রমণকারীদের হামলার উদ্দেশ্য বোঝার জন্য তাদের নেতৃবৃন্দের দৃষ্টিভঙ্গি আমরা অনুধাবনের চেষ্টা করবো। অতঃপর আমরা ইন্টারনেটের মাধ্যমে উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর কিছু দরস ডাউনলোড করি। উস্তাদজির পাঠগুলো শুনে বাস্তবতা আমাদের সামনে স্পষ্ট হয়ে যায়। আমরা বুঝতে পারি আমেরিকানদের সুরক্ষায় নিয়োজিত একটা সংস্থার চাকরি করছি আমরা; আমরা তো ইসলামের বিরুদ্ধে লড়াইরত বাহিনীর অগ্রসৈনিক দল। অতঃপর আমরা কায়েদে জিহাদ মাওলানা আসিম উমর রহিমাহুল্লাহর কিতাবগুলো পাঠ করতে শুরু করি। তখন আমাদের চক্ষু আরও খুলে যায়। এ বিষয়গুলো বোঝার পরপর আমরা এবং আমাদের শত শত সৈনিক চাকরি ছেড়ে

[667]

দেয়ার সিদ্ধান্ত নিই। শুধু তাই নয় কাফেরদের মিত্র সেনাবাহিনীর বিরুদ্ধে মুজাহিদীনের কাঁধে কাঁধ মিলিয়ে লড়াইয়েরও সিদ্ধান্ত গ্রহণ করি।”

এমনিভাবে নেভি ডকইয়ার্ডে শাহাদাত বরণকারী ইসলামের বাহাদুর শহীদ সেকেন্ড লেফটেন্যান্ট ওয়াইস জাখরানী রহিমাহুল্লাহ বলেন: “ফারুক ভাই রহিমাহুল্লাহর দরসগুলো শুনে সেনাবাহিনীতে চাকরি করার ভয়াবহতা যখন আমিও উপলব্ধি করতে পারি তখন চাকরি ছেড়ে দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করি। তখন আমাকে আমার একজন প্রিয় মানুষ হযরত মাওলানা তাকী উসমানী সাহেব হাফিযাহুল্লাহর কাছে নিয়ে গিয়ে বলে, এই যুবক নৌ বাহিনীর অফিসারের চাকরি ছেড়ে দিতে চায়। তাকে বোঝানো হোক। হযরত মুফতী সাহেব তখন আমাকে কারণ জিজ্ঞেস করলে আমি বলি: “পাকিস্তানি নৌ বাহিনী মার্কিন সামুদ্রিক জোটের অংশ। ২০০১ সাল থেকে বিশেষভাবে এই বাহিনীর আসল কাজ হচ্ছে নৌ পথে আমেরিকার স্বার্থগুলোকে সুরক্ষা দেয়া। সেই সঙ্গে আফগানিস্তানে আমেরিকার রসদ সরবরাহকে সুরক্ষা দেয়াটাও পাকিস্তানি নৌ বাহিনীর দায়িত্ব। একইভাবে শান্তি মিশনে উপসাগরীয় অঞ্চলে নৌপথে আমেরিকার স্বার্থের জন্য আমাদের বাহিনীর জাহাজ নিয়োজিত।..’ আমার এই আলোচনা শুনে হযরত মুফতী সাহেব হাফিযাহুল্লাহ হতভাগ ও পেরেশান হয়ে যান। বিস্ময় ভরে তিনি আমাকে জিজ্ঞেস করে: « আসলেই পাকিস্তানের সেনাবাহিনী সমুদ্র পথে মার্কিন জোটের অংশ? » আমি মাথা ঝাঁকাবার পর তিনি স্পষ্ট বাক্যে বলেন: « আপনি যা বলেছেন তা যদি সঠিক হয়; পাকিস্তানি নৌ বাহিনী যদি সমুদ্রপথে আমেরিকার প্রতিরক্ষার জন্য কাজ করে, তাহলে আপনার জন্য এই চাকরি করা কখনোই জায়েয হবে না।” »

হযরত মুফতী সাহেবের ফাতওয়া শুনে শহীদ ওয়াইস জাখরানী রহিমাহুল্লাহ নৌবাহিনীতে ইস্তফা দেন। [668]

দীনী আত্মমর্যাদাবোধের কারণে নৌবাহিনীতে অন্যান্য অফিসার ভাইদের প্রতিনিধিত্ব করার জন্য ওয়াজিরিস্তানে এসে ফারুক ভাই রহিমাহুল্লাহর খেদমতে উপস্থিত হন।

মুজাহিদীন মধ্যমপন্থার ওপর অটল রাখা মুজাহিদীনকে বাড়াবাড়ি ছাড়াছাড়ি থেকে বাঁচিয়ে রাখা এবং তাদেরকে আহলে সুন্নাত ওয়াল জামাআতের মধ্যমপন্থি মতাদর্শের ওপর অবিচল রাখা ফারুক ভাই রহিমাহুল্লাহর মিডিয়া ও দাওয়াতী কার্যক্রমের একটা গুরুত্বপূর্ণ অংশ ছিল। তিনি শরীয়াহর দরস বয়ান বক্তৃতা ও লেখালেখির মাধ্যমে মুজাহিদীনকে শরীয়তের সীমারেখার প্রতি যত্নবান হবার এবং কাফেরদের প্রতি কঠোরতার পাশাপাশি ঈমানদারদের প্রতি মুহব্বত ও নম্রতা অবলম্বনের শিক্ষা দিতেন।

মুসলিমের রক্তপাতের নিষিদ্ধতা
জিহাদী কার্যক্রমের সময় সাধারণ মুসলিমদের ক্ষয়ক্ষতির ব্যাপারে অবহেলা এবং উদাসীন থাকাকে তিনি কঠোরভাবে নিন্দা জানাতেন। মুসলিমদের রক্তপাত কবীরা গুনাহ—এ কথা বলে তিনি মুজাহিদীনকে সতর্ক করতেন। এই লক্ষ্যে আমর বিন মারূফ নাহী আনিল মুনকারের সকল পন্থা তিনি অবলম্বন করতেন। যে কাজে আল্লাহর অসন্তুষ্টির লেশমাত্র থাকবে, সে কাজের ব্যাপারে চুপ থাকা তার পক্ষে অসম্ভব ছিল। যারা মুসলিমদের রক্তপাত ঘটিয়ে গর্ব করে; মুসলিমদের রক্তের মর্যাদা পদদলিত করে, এমন ব্যক্তিদের সঙ্গে তার কোনো সম্পর্ক নেই বলে ঘোষণা করতেন। ২০১৩ সালে যখন মর্দান শহরের শেরগড়ে একটা জানাযা কেন্দ্র করে [669]

ধামাকা হয়, যার ফলে ২০ জন সাধারণ মুসলিম নিহতের তথ্য পাওয়া যায়, তখন সাধারণ মানুষের এই প্রবাহিত রক্ত ফারুক ভাই রহিমাহুল্লাহকে অস্থির করে তোলে। তিনি শক্ত ভাষায় এমন কাজের নিন্দা করেন এবং পুরোপুরি ভাবে এমন কাজের সঙ্গে তার সম্পর্কচ্ছেদ ঘোষণা করেন। এতে কিছু দুষ্কৃতিকারী লোকের পক্ষ থেকে তাকে হুমকি দেয়া হয়; কিন্তু তিনি নিজ অবস্থায় অটল থাকেন। এই ট্রাজেডির পর তিনি মুজাহিদীনকে সম্বোধন করে বলেন: “নিঃসন্দেহে এই জুলুমকে জুলুম বলা এবং তার প্রতিহতের জন্য চেষ্টা করা আমাদের ওপর ফরয। যখন হযরত খালিদ রাযিয়াল্লাহু আনহুর হাতে কিছু মুসলিমের রক্ত প্রবাহিত হয়, তখন আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর তরবারি হযরত খালিদ বিন ওয়ালিদ রাযিয়াল্লাহু আনহুর কাজের সঙ্গেও তাঁর কোনো সম্পর্ক নেই বলে ঘোষণা করেছেন। তাহলে এতো জন মুসলিমের অন্যায়ভাবে নির্মম শাহাদাত, এতোগুলো পরিবার অসহায় হওয়া, এতো জন মুসলিমের ক্ষয়ক্ষতিতে কেমন করে নীরব থাকা যেতে পারে? নিঃসন্দেহে আপনারা সকলেই অন্তরের গভীর থেকে এই কাজ অপছন্দ করেছেন। অতএব এই অপছন্দ, ঘৃণা ভাব পুরোপুরিভাবে প্রকাশ করুন, যেন দুনিয়াবাসীর কাছে আপনার অবস্থান স্পষ্ট হয়ে যায়। ঈমানদারগণ যেন জানতে পারে, এমন কাজের সঙ্গে আপনার কিছু মাত্র সম্পর্ক নেই।” [উস্তাদ আহমদ ফারুকের বিবৃতি: ‘শেরগড়ের শহীদগণও আমাদের শহীদ’]

একইভাবে পাকিস্তানের বাজারগুলোতে এবং শিক্ষা প্রতিষ্ঠানে যখন ক্রমাগত অন্যায় হামলা হয়, মুজাহিদীন নামধারী কিছু গ্রুপের সঙ্গে যখন এ হামলার সম্পৃক্ততার কথা জানা যায়, তখন তিনি খুবই বিচলিত হয়ে পড়েন। এক সাক্ষাতে তিনি আমাকে বলেন: “এই হিংস্র কাজ নিষিদ্ধ। আমাদের নাহী আনিল মুনকার

[670]

তথা অসৎ কাজে বারণ করতে হবে। এ কারণে যেকোনো প্রকার ত্যাগ স্বীকার করতে হবে। নাহী আনিল মুনকার করতে গিয়ে শহীদ হওয়া অনেক সম্মানের বিষয়। যদি আমরা ন্যাটো জোটের প্রায় ৫০ টা দেশের বিরুদ্ধে লড়াই করতে পারি, তাহলে এমন গ্রুপের বিরুদ্ধে লড়াই করতে আমরা ভয় করি না, যারা শরীয়তের সীমারেখা লঙ্ঘন করতে তোয়াক্কা করে না।”

তিনি মুসলিমের রক্তের মর্যাদা এবং এ সম্পর্কে তার চিন্তাভঙ্গি প্রকাশ করে এক প্রবন্ধে লিখেন: “আমরা মুসলিমদের রক্তের এক একটি ফোঁটার ব্যাপারেও চিন্তিত ও ব্যথিত। অন্যায়ভাবে প্রবাহিত রক্তের প্রতিটি ফোঁটা আমাদেরকে পীড়া দেয়। মুসলিমদের দুর্দশার কথা শুনে অস্থির হয়ে আমরা ঘর থেকে বের হয়েছি। তাদের দীন, সম্মান ও অর্থ সম্পদ সুরক্ষার জন্য আমরা বের হয়েছি। মুসলিমদের রক্তপাত চূড়ান্ত পর্যায়ে নিষিদ্ধ— এই ঈমান ও বিশ্বাস আমরা পোষণ করি। এই নিষিদ্ধতা দিনের আলোর মতো স্পষ্ট। এতে সংশয় সন্দেহের কোনো সুযোগ নেই। দুর্বল দলীলের ভিত্তিতে মুসলিমদের রক্ত হালাল মনে করা, তাতাররুস (বা একদল মুসলিমকে কাফেররা ঢাল হিসেবে ব্যবহার করলে কাফেরদের পর্যন্ত আঘাত পৌঁছাবার স্বার্থে ব্যবহৃত মুসলিমদেরকে হত্যা করার মাসআলা) বিষয়ে নির্ভরযোগ্য উলামায়ে কেরামের কিতাবে উল্লেখিত শরীয়াহ মূলনীতি পেছনে ফেলে ঢালাও আচরণ করা অথবা প্রমাণ ছাড়া মুসলিমদের ব্যাপারে কোনো অভিযোগ করা— এজাতীয় কর্মপন্থার ব্যাপারে কঠোরভাবে আমরা হুঁশিয়ারি জানাই। কোনো জিহাদী জামাত থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়াতে কোনো মুসলিমকে বিদ্রোহী সাব্যস্ত করে তার বিরুদ্ধে লড়াই করাকে আমরা জায়েয মনে করি না। [‘হাম সারাপা খায়ের বান

[671]

জায়ে ’ (আমরা যেন আপাদমস্তক কল্যাণ হয়ে যাই) — উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর রচিত]

মুসলিমকে তাকফীরের ক্ষেত্রে সতর্কতা

তিনি মুসলিমের রক্তের মর্যাদা ও রক্তপাতের নিষিদ্ধতার স্পর্শকাতর বিষয়ের মতো মুসলিমদেরকে ভাসা ভাসা যুক্তির কারণে কাফের ঘোষণা করতেও শক্তভাবে বারণ করতেন। তিনি বলতেন : “কোনো মুসলিমকে তার কাজ-কর্মের কারণে কাফের ঘোষণা করা খুবই নাজুক ও স্পর্শকাতর বিষয়। এ কারণে এই বিষয়কে জিহাদ ফী সাবীলিল্লাহের বড় বড় উলামায়ে কেরামের কাছে জিজ্ঞেস করা ছাড়া , নিজেদের পক্ষ থেকে কাফের আখ্যায়িত করা অনেক বড় ফিতনার কারণ। আপনাদের মতোই মুজাহিদ দাবিদার কিছু নির্বোধ মানুষের তাকফীরের (কাফের আখ্যায়িতকরণের) মতো ভয়াবহ বিষয়ে দায়িত্বহীন আচরণ দেখে অনেকেই কষ্ট পায় এবং তাদেরকে সংশোধনের জন্য সকল পন্থায় চেষ্টা করে। আরবী ভাষায় লিখিত অসাধারণ প্রবন্ধের শিরোনাম তিনি উর্দুতে তরজমা করেছেন : “আমরা যেন আপাদমস্তক কল্যাণ হয়ে যাই ”। আরবী হলো : فلنكن كالنحلة - এর শাব্দিক অনুবাদ হলো “ আমরা যেন মৌমাছির মতো হয়ে যাই। ” যাই হোক উক্ত প্রবন্ধে ফারুক ভাই রহিমাহুল্লাহ লিখেন :

“কুফরীর ফাতওয়া আমরা অত্যধিক গুরুত্বপূর্ণ শরীয়াহ হুকুম বলে মনে করি। কারণ এটা ইসলাম এবং ইসলামের পরিচয়বাহী বিষয়গুলোকে সুরক্ষা দেয়। এই ফাতওয়ার দ্বারা ইসলাম ও কুফরীর মাঝে পার্থক্য স্পষ্ট হয়। ইসলাম এবং কুফরীর মাঝে কিছু মাত্র মিশ্রণ ও তালগোল পাকাবার পথ বন্ধ করে এই ফাতওয়া। কিন্তু সেই সঙ্গে কাফের আখ্যায়িতকরণের বিষয়ে সীমালঙ্ঘন করা খুবই ভয়াবহ ব্যাপার। এ বিষয়ে আমরা পুরোপুরি

সতর্কতার উপর জোর আরোপ করি। এই বিষয়ে সালফে সালেহীন উলামায়ে কেরামের মতো সতর্ক অবস্থান গ্রহণে আমরা জোর দিই। গণিতের মূলনীতির মতো এই জাতীয় বিধি -বিধান কে আমরা সকল ব্যক্তির হস্তক্ষেপে ছেড়ে দিতে পারি না ; শরীয়াহর ইলমে আরবী বর্ণমালাও যার জানা নেই , এমন ব্যক্তিকেও আমরা উক্ত মাসায়েল গবেষণার অনুমতি দেব , তা হতে পারে না। অর্ধশিক্ষিত ব্যক্তিরা এসব বিষয় নিয়ে আলাপ-আলোচনা করবে; যার ওপর যেভাবে ইচ্ছা বিধান প্রয়োগ করবে ; উলামায়ে কেরাম যে সমস্ত শরীয়াহ মূলনীতি সুস্পষ্টভাবে নির্ধারণ করেছেন সেগুলো নিয়ে খামখেয়ালি করবে , সেটা কিছুতেই মেনে নেয়ার মতো নয়। এ কারণে আমরা কুফরীর ফাতওয়ার ব্যাপারে যথেষ্ট সতর্কতা অবলম্বন করি এবং মূলনীতির প্রতি যত্নবান থাকি। এ কারণে প্রান্তিকতার শিকার কিছু মানুষ আমাদেরকে মুর্জিয়া অপবাদ দেয়। আবার প্রকৃত মুর্জিয়া গোষ্ঠী আমাদেরকে কট্টরপন্থি বলে অপবাদ দেয়। এই অপবাদ ও মিথ্যাচারের অভিযোগ আমরা আল্লাহর কাছে পেশ করি। ”

[উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর বিবৃতি م سـراپا خـير بن جـائيں ‘আমরা আপাদমস্তক কল্যাণ হয়ে যাই ’]

• তিনি ধর্মের ব্যাপারে বাড়াবাড়িকে মুজাহিদীনের ধ্বংসের কারণ মনে করতেন। তিনি বর্ণনা করতেন , হাদীস অনুযায়ী পূর্ববর্তী জাতির ধ্বংসের কারণ ছিল ধর্মের ব্যাপারে বাড়াবাড়ি। তিনি আরও বর্ণনা করতেন , নিকট অতীতে আলজেরিয়া , পাকিস্তান এবং ইরাকসহ অন্যান্য শহরে মুজাহিদীনের মাঝে কট্টরপন্থা ও প্রান্তিকতার ব্যাধির কারণে জিহাদ ফী সাবীলিল্লাহর অপূরণীয় ক্ষতি হয়েছে। তিনি মনে করতেন , কাফের গোষ্ঠী এবং তাদের মিত্রদের জুলুম -অত্যাচার ও হিংস্রতার

প্রতিক্রিয়ায় কখনও কখনও মুজাহিদীনের মাঝে কট্টরপন্থা ছড়িয়ে পড়ে। পরিণতি বিচারে এমন কট্টরপন্থি চিন্তা-ভাবনাকে তিনি জিহাদের জন্য ক্ষতিকারক মনে করতেন। তিনি বলতেন, কাফের ও মুনাফিকদের জুলুম-অত্যাচারের জবাবে আমরা তো ইসলামের সুউচ্চ আখলাক ও নীতি-নৈতিকতা পরিত্যাগ করতে পারি না। মুজাহিদীনকে তিনি শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর বই-পুস্তক পাঠের উপদেশ দিতেন। কারণ সে সমস্ত রচনায় কট্টরপন্থা ও সীমালঙ্ঘন থেকে বেঁচে থাকার ব্যাপারে মুজাহিদীনের জন্য অনেক উপকারী ও সহায়ক বিষয় রয়েছে। বিশেষ করে যুগের খাওয়ারিজদের দৃষ্টিভঙ্গির বিরুদ্ধে শায়খ আতিয়াতুল্লাহ রচিত “প্রতিরক্ষা জিহাদের ব্যাপারে একটি প্রশ্নের জবাব” এবং আলহিসবা ফোরামকে দেয়া শায়খ আতিয়াতুল্লাহ রহিমাহুল্লাহর হেকমত প্রজ্ঞা ও সারগর্ভ ইন্টারভিউ পাঠ করার নসীহত করতেন।

২০১৩ সালে ইরাক ও সিরিয়াতে আদ দাউলাতুল ইসলামিয়া বা দাউলা নামে প্রসিদ্ধ গ্রুপ বিস্তৃত এলাকা দখল করে রাষ্ট্র ঘোষণা করে। ঘোষণা করা মাত্রই মুজাহিদীনকে হত্যা করা, তাদের অর্থ সম্পদ বাজেয়াপ্ত করা, বিরোধী সকলকে কাফের আখ্যায়িত করা, কেউ বায়আত প্রদান না করলে হত্যা করা, উম্মাহর উলামায়ে কেরাম ও সম্মানিত প্রবীণ ব্যক্তিদেরকে লাঞ্ছিত করা—এজাতীয় এমন সব কর্মকাণ্ড ওই গ্রুপের দ্বারা সংঘটিত হতে থাকে, যা তাদেরকে আহলে সুন্নাত ওয়াল জামাআতের মধ্যমপন্থা থেকে বিচ্যুত করে। এমন পরিস্থিতিতে প্রথম প্রথম উম্মাহর উলামায়ে কেরাম ওই গ্রুপের সংস্কার সংশোধনের প্রতি মনোযোগী হন। কিন্তু এই সংশোধন প্রচেষ্টার ফলাফল যখন এই হয় যে, যতই চিকিৎসার চেষ্টা করা হবে ততই রোগের জীবাণু ছড়াবে, তখন জিহাদী নেতৃবৃন্দ ওই গ্রুপের সঙ্গে

[674]

তাদের কোনো সম্পর্ক নেই বলে জানিয়ে দেন। সেই সঙ্গে তাদের চিন্তাধারা দৃষ্টিভঙ্গি বিস্তারিতভাবে অপনোদন করতে শুরু করেন। মুজাহিদীন যেন এই ফিতনা থেকে বেঁচে থাকতে পারে সে উদ্দেশ্যেই নেতৃবৃন্দ ওই গ্রুপের বিরুদ্ধে কলম ধরেন।

সেই ধারাবাহিকতায় জিহাদী বড় বড় উলামায়ে কেরামের মতো তিনিও নিজ দায়িত্ব পালন করে মুজাহিদীনের মাঝে চিন্তাধারা, দৃষ্টিভঙ্গি সংশোধন প্রচেষ্টা আরম্ভ করেন। এই উদ্দেশ্যে তিনি প্রসিদ্ধ আরবী প্রবন্ধ রচনা করেন যার শিরোনাম হচ্ছে : فلنكن كالنحلة - শাব্দিক অর্থ : 'আমরা যেন মৌমাছির মতো হয়ে যাই'। আরব বিশ্বে এই প্রবন্ধ অনেক পাঠকপ্রিয়তা অর্জন করে এবং সিরিয়ার উলামায়ে কেরাম প্রজ্ঞা ও সারগর্ভ এই প্রবন্ধ মুজাহিদীনকে পাঠ করার উপদেশ দেন। একইভাবে ফারুক ভাই উর্দু ভাষায়ও দায়েশ নামক ফিতনার ব্যাপারে সাথিদেরকে সতর্ক করার জন্য এবং এই গ্রুপের সঙ্গে আমাদের কোনো সম্পর্ক না থাকার কথা মুসলিম উম্মাহকে জানানোর জন্য বেশ কিছু লেখালেখি করেন। ফারুক ভাই রহিমাহুল্লাহর দৃষ্টিভঙ্গি ছিল, দায়েশ শুধু একটি গ্রুপের নাম নয়; বরং এটা একটা কট্টরপন্থি চিন্তাধারা এবং সীমালঙ্ঘনমূলক দৃষ্টিভঙ্গির নাম। পৃথিবীর যেকোনো জামাআত এই দৃষ্টিভঙ্গির শিকার হতে পারে। এ কারণে নিজেদের মাঝে এই ব্যাধির চিকিৎসা জারি রাখা এবং সকল মুজাহিদকে আহলে সুন্নাত ওয়াল জামাআতের আকীদা-বিশ্বাস ও দৃষ্টিভঙ্গির ওপর অটল রাখা নেতৃবৃন্দের দায়িত্ব।

এক লেখায় তিনি দায়েশ গ্রুপের পরিচয় তুলে ধরে বলেন: "প্রিয় ভাইয়েরা! খুবই দুঃখের সঙ্গে বলতে হয় যে, উম্মাহর ইতিহাসের এই নাজুক পর্বে 'দাওলাতুল ইসলাম ফিল ইরাক ওয়াশ শাম' নামক

জামাতের নেতৃবৃন্দ তাদের সংগঠকদের পবিত্র পথ ছেড়ে সুস্পষ্ট পথভ্রষ্টতা ও বিচ্যুতির পথে চলছে। এই পথভ্রষ্টতা এতটাই বেড়েছে যে , সকল প্রকার সংশোধন প্রচেষ্টা এখানে ব্যর্থ। ভুল শোধরাবার সকল পথ বন্ধ করে দেয়া হয়েছে। যতই দিন যাচ্ছে ততই বিশৃঙ্খলা বৃদ্ধি পাচ্ছে। ”

[উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর বিবৃতি مجاہدین کو درپیش ایک اہم فتنہ ‘মুজাহিদীন কো দার পেশ এক আহাম ফিতনা’ (মুজাহিদীনের সামনে একটি গুরুতর ফিতনা)]

আরেক লেখায় তিনি দায়েশ নামক গ্রুপের অপরাধ গণনা করে লিখেন , তারা মুসলিমদের সর্বসম্মত আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ উমর রহিমাহুল্লাহর বিপরীতে নতুন আমীর ঘোষণা করেছে , তাকফীর বা কাফির আখ্যায়িতকরণের বিষয়ে সীমালঙ্ঘন করেছে , মুসলিমদের রক্তের মর্যাদা অবহেলা করেছে , তাদেরকে বায়আত দেওয়া সকলের জন্য জরুরি ঘোষণা করেছে , বিরোধীদের রক্তপাত যেকোনো অজুহাতে বৈধ সাব্যস্ত করেছে , জিহাদী প্রবীণ ব্যক্তিদেরকে তুচ্ছ -তাচ্ছিল্য ও লাঞ্ছিত করেছে , সকল প্রসিদ্ধ নির্ভরযোগ্য জিহাদী অঙ্গনের উলামায়ে কেরামের ফাতওয়াকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়েছে , মুসলিম জনসাধারণের সঙ্গে বন্ধুত্বের সম্পর্কের পরিবর্তে তাদের ব্যাপারে লাঞ্ছনা মূলক দৃষ্টিভঙ্গি পোষণ করেছে , নিজেদেরকে গোটা উম্মাহর মাঝে সর্বশ্রেষ্ঠ মনে করেছে , দল প্রীতি ও দলান্ধতায় ডুবে গিয়ে মুজাহিদীনের ঐক্য বিনষ্ট করেছে, মুজাহিদীনকে শাখাগত ও ঘরানাগত তাআসসুব (সংকীর্ণ মানসিকতার পক্ষপাতিত্ব) এর মাধ্যমে বহু দলে বিভক্ত করেছে এবং আদব -আখলাক শিষ্টাচার ও ভদ্রতার ধর্মীয় মানদণ্ডের পুরোপুরি বিরোধিতায় লিপ্ত হয়েছে। » ওই লেখায় তিনি এ বিষয়টিও স্পষ্ট করেন যে , দায়েশ নামক গ্রুপটা আহলে

সুন্নাত ওয়াল জামাআতের দৃষ্টিভঙ্গি থেকে বিচ্যুত হবার কারণে বিদআতপন্থিদের অন্তর্ভুক্ত। আর সাধারণ মুসলমানের উচিত বিদাতপন্থিদের থেকে দূরে থাকা।

একইভাবে তিনি ‘আমরা আপাদমস্তক কল্যাণ হয়ে যাই’ শিরোনামের লেখায় মুজাহিদীনের দৃষ্টিভঙ্গির সারসংক্ষেপ উল্লেখ করেছেন। জিহাদী অঙ্গনের মাশায়েখ ও উলামায়ে কেরামের কাছ থেকে ঐ সমস্ত দৃষ্টিভঙ্গি তিনি শিখেছেন। জিহাদী দৃষ্টিভঙ্গির এই উজ্জ্বল দিগন্ত আহলে সুন্নাত ওয়াল জামাআতের সাধারণ মানহাজের সার নির্যাস। তিনি সকল মুজাহিদকে আহলে সুন্নাহের ঐ সমস্ত পয়েন্টগুলো কেন্দ্র করেই ঐক্যবদ্ধ হবার দাওয়াত পেশ করেছেন। পয়েন্টগুলো নিম্নে উল্লেখ করা হচ্ছে:

০১. মুসলিম উম্মাহর প্রতি বিনয় ও নম্রতা প্রদর্শন করা। সকল মুসলিমের সঙ্গে একাত্মতা পোষণ করা এবং আল্লাহ তাআলার সাহায্য লাভের পর উম্মাহর সমর্থন লাভের চেষ্টা করা।

০২. তাকফীর বিষয়ে বাড়াবাড়ি ও প্রান্তিকতা থেকে বেঁচে থাকা।

০৩. উলামায়ে কেরামকে কদর (যথার্থ মূল্যায়ন) করা। জিহাদী অঙ্গনের ব্যক্তিদের সঙ্গে উলামায়ে কেরামের যেকোনো রকমের দূরত্ব মেটাতে চেষ্টা করা।

০৪. মুসলিমদের রক্তের মর্যাদা রক্ষার প্রতি যত্নবান হওয়া এবং দুর্বল দলীল-প্রমাণের ভিত্তিতে এ বিষয়ে কথা বলতে সতর্ক থাকা।

০৫. উম্মাহর বর্তমান সংকটাপন্ন অবস্থা বিবেচনায় রেখে মুসলিমদের সঙ্গে নরম আচরণ করা এবং তাদেরকে দাওয়াত প্রদানে ধারাবাহিকতা অবলম্বন করা।

০৬. উম্মাহকে সর্বাধিক গুরুত্বপূর্ণ ও মৌলিক পয়েন্টের উপর ঐক্যবদ্ধ করা। এর মধ্যে তালিকার [677]

শীর্ষে রয়েছে আমেরিকা এবং ইহুদীদের বিরুদ্ধে লড়াই।

০৭. দাওয়াতী বিষয়ের গুরুত্ব অনুধাবন করা এবং জিহাদী কর্মকাণ্ডের সঙ্গে দাওয়াতের ওতপ্রোত সম্পর্ক মাথায় রাখা।

০৮. মুজাহিদীনের মাঝে গুরুত্বের সঙ্গে শরীয়াহ রাজনীতির বুঝ তৈরি করা।

০৯. মতপার্থক্য করার শরীয়াহর আদব ও ভদ্রতা রক্ষা করা।

১০. সমাজে পবিত্র শরীয়াহ বাস্তবায়ন প্রচেষ্টার পাশাপাশি দলের মধ্যেও শরীয়তের বিধি-বিধান গুরুত্বের সঙ্গে পালন করা।

১১. শাসক নির্বাচনে অবশ্যই শুরা তথা পারস্পরিক পরামর্শের নীতি অবলম্বন করা। এমন পরামর্শক তথা উপদেষ্টা পরিষদ গঠন করা, যেখানে শরীয়তের দাবি ও শর্তাবলী উপস্থিত থাকে। উম্মাহর পরামর্শ দানের অধিকার ক্ষুণ্ণ না করা।

১২. সাধ্যের ভেতর সকল উপায় অবলম্বন, যেটুকু না হলেই নয় ততটুকু ভূমি বিজয় ও শক্তি অর্জনের আগেই ইমারত বা রাষ্ট্র ঘোষণা করতে তাড়াহুড়া না করা।

১৩. দল প্রীতি বা ব্যক্তি বিশেষের প্রতি আস্থা বিশ্বাস পোষণে বাড়াবাড়ি থেকে বেঁচে থাকা।

১৪. আহলে সুন্নাহ ওয়াল জামাআতের উলামায়ে কেরামের পারস্পরিক ইলমী মতপার্থক্যগুলো জিহাদের ময়দানে টেনে না আনা।

১৫. ভালো কাজে আমীরের আনুগত্যের প্রতি যত্নবান হওয়া।

[678]

১৬. ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের প্রতিরক্ষায় ঐক্যবদ্ধ হওয়া। কথা ও কাজ দিয়ে ইমারতকে সাহায্য সমর্থন করা।

১৭. তাযকিয়ায়ে নফস, আত্মশুদ্ধি ও অন্তর পরিশুদ্ধ করার প্রতি মনোযোগী হওয়া।[96]

জিহাদের আদব সমূহ এবং কাজ -কর্মের পরিশুদ্ধি

মুজাহিদীনকে জিহাদ ফী সাবীলিল্লাহর শরীয়াহগত আদব শিষ্টাচার শেখানোটা ফারুক ভাই রহিমাহুল্লাহর দাওয়াতী ও মিডিয়া কার্যক্রমের একটি উল্লেখযোগ্য অংশ ছিল। তিনি মনে করতেন, জিহাদে আমরা যত বেশি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাহ অনুসরণ করবো, ততই আমরা আল্লাহর পক্ষ থেকে সাহায্য ও বিজয়ের নিকটবর্তী হতে পারবো। মুজাহিদীনকে তিনি এমন দৃষ্টিভঙ্গি ও অভ্যাস থেকে বাঁচিয়ে রাখতে চেষ্টা করতেন যেগুলো আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার অসন্তুষ্টির কারণ। শুধু বাহ্যিক আমল সংশোধনের প্রচেষ্টাই নয়; সাধারণভাবে মুজাহিদীনের আত্মিক পরিশুদ্ধির ব্যাপারেও তিনি মনোযোগী ছিলেন।

তিনি আখিরাতের ভয়, সবর, ধৈর্যধারণ, অবিচলতা, সততা, আল্লাহর প্রশংসা ও কৃতজ্ঞতা, জিহাদের প্রস্তুতি, শাহাদাতের ফযীলত ও মর্যাদা, আল্লাহর ওয়াদা ও প্রতিশ্রুতির প্রতি আস্থা ইত্যাদি শিরোনামে অনেক দরস প্রদান করেন। তিনি অন্তরের পরিশুদ্ধি, গুনাহ পরিত্যাগ, নিয়তের পরিশুদ্ধির মতো বিষয়গুলোর প্রতিও মনোযোগ দেন। তিনি অন্তর পরিশুদ্ধি বিষয়ে এক দরসে বলেন: “অনেক বড় মাপের

---

[96] উস্তায আহমদ ফারুক রহমতুল্লাহি আলাইহির বিবৃতি م سراپا خیر بن جائیں

লোকও পিছলে গিয়েছে —নিকট অতীতেও আবার দূর অতীতেও। কারণ তাদের অন্তরে কিছু ব্যাধি ছিল।
প্রিয় ভাইয়েরা! এ কথাগুলো আমাদেরকে কাঁপিয়ে দেয়ার মতো, আল্লাহকে ভয় করা উচিত। এ বিষয়ে প্রত্যেকেরই উচিত নিজের অন্তরের খোঁজখবর নেয়া। দুনিয়াবাসী তাকে যা কিছুই মনে করুক, একজন মুজাহিদ মনে করে, একজন আলেম মনে করে, একজন নেককার সৎকর্মশীল মনে করে। কিন্তু তার অন্তরে কোন্ সব ব্যাধি রয়েছে, সেটা আল্লাহ তাআলা জানেন নাকি সে নিজে জানে? (আল্লাহ ঠিকই জানেন কিন্তু সে নিজে জেনেও না জানার ভান করে থাকে) এ কারণে এদিকে মনোযোগ দিলেই চিকিৎসা করানো সম্ভব হবে। আর যদি সে ব্যক্তি উদাসীন থাকে, তাহলে ওই রোগগুলো ধরা সহজ ব্যাপার নয়। মানুষের মন অনেক ধোঁকাবাজ। আর শয়তানকে তো আল্লাহ তাআলা বলেছেন غرور - অর্থাৎ সে আপাদমস্তক প্রতারণা ছাড়া আর কিছুই নয়। তাই আমরা বুঝতে পারলাম এরা সকলেই প্রতারক। তারা আপনার নিজেকে নিয়ে ভাবতে দেয় না। আপনার অন্তর থেকে আপনার প্রতি মনোযোগ তারা সরিয়ে দেয় এবং এমন কাজে ব্যস্ত রাখে, যেন মানুষ নিজের অন্তর পর্যন্ত পৌঁছতে না পারে। অন্তর পর্যন্ত পৌঁছানোর মৌলিক তিনটি পথ রয়েছে: একটি হল শ্রবণ, একটি হল দর্শন এবং তৃতীয়টি হল কথন। এই তিনটি মৌলিক পথ। আল্লাহ তাহলে কুরআনে কারীমে ইরশাদ করেন:

إِنَّ السَّمْعَ وَالْبَصَرَ وَالْفُؤَادَ كُلُّ أُولَٰئِكَ كَانَ عَنْهُ مَسْئُولًا ﴿٣٦﴾

অর্থ: “নিঃসন্দেহে কান চোখ এবং অন্তর সবকিছুর ব্যাপারেই জিজ্ঞেস করা হবে।” (সূরা বনী ইসরাঈল ১৭:৩৬) [উস্তাদ ফারুক রহিমাহুল্লাহর আলোচনা — ‘কলব কি হেফাযত’]

তিনি এক দরসে আল্লাহর উপর তাওয়াক্কুল ভরসা এবং তার প্রতিশ্রুতির প্রতি আস্থা পোষণের দৃষ্টিভঙ্গি সম্পর্কে বলেন: “সর্বাবস্থায়

দৃষ্টি আল্লাহর প্রতি নিবদ্ধ রাখার নামই তাওয়াক্কুল। কোনো বাহ্যিক উপায় -উপকরণ থাকুক কিংবা না থাকুক। বাহ্যিক উপায় -উপকরণ ছিনিয়ে নেয়ার পরও মানুষ নিরাশ হবে না বরং মনে করবে , এই সব কিছু আল্লাহ তাআলার হাতে রয়েছে। আজও যদি আল্লাহ তাআলাকে আমরা সন্তুষ্ট করতে পারি এবং তিনি যে মুহূর্তে যা ঘটার সিদ্ধান্ত গ্রহণ করবেন , কে আছে আল্লাহর হুকুমে প্রতিবন্ধকতা তৈরি করতে পারে ? আল্লাহ যদি কাউকে উপরে উঠিয়ে ছেড়ে দেয়ার সিদ্ধান্ত নেন ; কোনো ব্যবস্থা , কোনো রাজত্ব বা রাষ্ট্রকে ধ্বংসের সিদ্ধান্ত নেন ; আল্লাহ যদি তার তিনজন চারজন বান্দার কোনো গ্রুপকে বিজয়ী করার সিদ্ধান্ত গ্রহণ করেন , তাহলে কোন জিনিস আল্লাহর সিদ্ধান্ত বাতিল করতে পারে ? فلا راد لفضله - আল্লাহ যাকে অনুগ্রহ দান করতে চান , কেউ তা ব্যাহত করতে পারে না .. لا معقب لحكمه - আল্লাহ তাআলা যে সিদ্ধান্ত নেন , সেটার উপর অন্য কেউ সিদ্ধান্ত নিতে পারে না। অতএব আল্লাহর সিদ্ধান্ত , নির্ধারণ , ইচ্ছা , হুকুম ও নির্দেশ সব কিছুর উপর বিজয়ী।
পূর্বেও আমরা আল্লাহর প্রতি মনোযোগী ছিলাম , এখনও আল্লাহর প্রতি মনোযোগী থাকবো। যত কঠিন পরিস্থিতি আসুক, দেয়ালে যদি আমাদের পিঠ ঠেকেও যায় , তখনও আমরা আল্লাহর প্রতি আস্থা রাখবো “تؤتي الملك من تشـاء وتـنزع الملك ممن تشـاء - আপনি যাকে ইচ্ছা তাকে রাজত্ব দান করেন এবং যাকে ইচ্ছা তার কাছ থেকে রাজত্ব ছিনিয়ে নেন ” (সূরা আলে ইমরান ০৩ :২৬) [আহমদ ফারুক রহিমাহুল্লাহর আলোচনা : বিবৃতি اللہ کے وعدوں پر یقین ‘আল্লাহর প্রতিশ্রুতি সমূহের প্রতি আস্থা ’]

খ - দাওয়াতী ও মিডিয়া কার্যক্রমের উপায় উপকরণ

ফারুক ভাই রহিমাহুল্লাহর মিডিয়া কার্যক্রমের উপায় মাধ্যম নিয়ে বিস্তারিত আলোচনার আগে ওই সমস্ত মিম্বর নিয়ে আলোচনা করতে চাচ্ছি, যেগুলো নির্মাণ করে তিনি মুসলিম উম্মাহ পর্যন্ত নিজের দাওয়াত পৌঁছিয়েছেন। নূরের ওই সমস্ত মিম্বরের তালিকা নিম্নে দেয়া হলো:

ক – আস-সাহাব উর্দু

২০০৭ সালে সৌভাগ্যপূর্ণ শাহাদাত লাভের আগ পর্যন্ত এই মিডিয়া সংস্থা দেখ ভালের দায়িত্ব ছিল ফারুক ভাই রহিমাহুল্লাহর ওপর। এই মিম্বরের মাধ্যমে তিনি ডজন ডজন জিহাদী ভিডিও তৈরির কাজ করেছেন এবং তত্ত্বাবধান করেছেন। এই মিডিয়া তাঁর অডিও দরস ও বিবৃতি প্রকাশের কাজও করতো। পরবর্তীতে এই সংস্থার নাম রাখা হয় আস-সাহাব উপমহাদেশ।

খ - ইদারা হিত্তিন

শায়খ মুস্তফা আবুল ইয়াযিদ রহিমাহুল্লাহর নির্দেশে শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ ২০০৬ সাল থেকে এই ম্যাগাজিন প্রকাশ করেন। পরবর্তীতে ২০০৭ সালে শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহ আলাদা হয়ে যাবার পর থেকে ফারুক ভাই রহিমাহুল্লাহ নিজের শাহাদাতের আগ পর্যন্ত এই ম্যাগাজিনের প্রধান দায়িত্ব পালন করেন। এই সময়ের মধ্যে হিত্তিন ম্যাগাজিনের মোট আটটি সংখ্যা প্রকাশিত হয়। এটি পাকিস্তানের গুরু গম্ভীর ইলমী অঙ্গনে বেশ গ্রহণযোগ্যতা অর্জন করে। প্রমাণ উপস্থাপনের ধরন এবং ইলমী মাপকাঠি বিচারে এই ম্যাগাজিন জিহাদী দাওয়াতের জন্য সত্যিই একটি আদর্শ মাপকাঠি হিসেবে বিবেচিত হয়। যেহেতু এই ম্যাগাজিনে প্রবন্ধগুলো স্থান পেত সবিস্তারে, এ কারণে এটি

[682]

প্রকাশে কোনো নির্ধারিত তারিখের প্রতি লক্ষ্য রাখা হত না।

এছাড়াও নাওয়ায়ে আফগান জিহাদ, ইন্টারনেটের কিছু ফোরাম ও ওয়েবসাইটের মাধ্যমেও তিনি নিজ দাওয়াত প্রচার করেন।

দাওয়াত ও মিডিয়া কার্যক্রমের জন্য তিনি ওই সময়ের সকল বৈধ মাধ্যম ও উপকরণ যথাযথ ব্যবহার করেন। তিনি কর্মদক্ষতা কর্মকৌশল ও বিন্যাস-প্রতিভা ব্যবহার করে দাওয়াতী কাজগুলো সুবিন্যস্ত করেন। সমস্ত কাজে সুচারু রূপ নিশ্চিতের ব্যাপারে তিনি খুবই সচেতন ছিলেন। তার মিডিয়া উপকরণ ও উপায় মাধ্যম নিয়ে আলোচনা করলে তালিকাটি এমন হবে:

০১. কিতাব ও পুস্তক পুস্তিকা

০২. অনুবাদ

০৩. দরস ও বয়ান বক্তৃতা

০৪. জিহাদী ভিডিও

০৫. দাওয়াতী চিঠিপত্র

এখন এই বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে। এ কথাও স্মরণ রাখা চাই, এই তালিকায় থাকা উপায় মাধ্যম সম্পর্কে আলোচনায় তার সকল মিডিয়া কার্যক্রমের উল্লেখ সম্ভব নয়। এ কারণে গুরুত্বপূর্ণ কাজগুলো এখানে উল্লেখ করা হচ্ছে।

কিতাব ও বই পুস্তক ফারুক ভাই রহিমাহুল্লাহ বিভিন্ন বিষয়ে কিতাব, বই-পুস্তক ও প্রবন্ধ নিবন্ধ রচনা করেন। সেগুলোর মাঝে কিছু হিত্তিন ম্যাগাজিনে প্রকাশিত হয় আর কিছু হিত্তিন মিডিয়া থেকে আলাদা বই [683]

হিসেবে প্রকাশিত হয়। ওই সমস্ত বই পুস্তক এবং প্রবন্ধ নিবন্ধের তালিকা কিছুটা এমন :

০১. ‘এ কিস কি ফৌজ হ্যায়’ পাকিস্তানি সেনাবাহিনী যে ইংরেজ বাহিনীর ক্রমধারা, সে বিষয়টা বিস্তারিত আলোচনার জন্য তিনি এই গ্রন্থ রচনা করেন। সেই সঙ্গে এখানে পাকিস্তানের সেনাবাহিনীর জুলুম-নির্যাতনের ইতিহাস উল্লেখ করা হয়। বইয়ের দ্বিতীয় অংশে বেলুচিস্তান বিষয়ে সারসংক্ষেপ আলোচনা করা হয়। তাতে প্রমাণ করা হয়, বেলুচ জাতিগোষ্ঠীর ধর্মীয় আত্মমর্যাদাবোধের কারণে ইংরেজ বাহিনী এবং তাদের উত্তরসূরি পাকিস্তানি আর্মি সর্বদাই তাদের অর্থ-সম্পদ বাজেয়াপ্ত করে এসেছে।

০২. ‘শয়তানি মুসাল্লাস’ এই গ্রন্থ আসলে ইংরেজ লেখকের The Garrison State গ্রন্থের অনুবাদ ও সারসংক্ষেপ। সেই সঙ্গে ফারুক ভাই রহিমাহুল্লাহর মন্তব্য-নোটগুলো এই গ্রন্থের তাৎপর্য আরও বাড়িয়ে দেয়। এই গ্রন্থ দ্বারা স্পষ্ট হয়, কেমন করে উপমহাদেশে কিছু শ্রেণি ইংরেজদের সেবা করেছে। পাশাপাশি এই গ্রন্থে উপমহাদেশীয় ইংরেজ বাহিনীর জরায়ু থেকে পাকিস্তানি সেনাবাহিনীর জন্ম গ্রহণের ইতিহাসও তুলে ধরা হয়।

০৩. ‘হাম সারাপা খায়ের বন জায়ে’ উস্তাদ ফারুক রহিমাহুল্লাহ আরবী فلنكن كالنحلة□□□□□□ - নামে যে পুস্তিকাটি রচনা করেছেন, তারই অনুবাদ এটি। আল-কায়েদার দৃষ্টিভঙ্গি ও মানহাজ বর্ণনার জন্য এটি রচনা করা হয়েছে। কট্টরপন্থি ও সীমা অতিক্রমকারীদের সঙ্গে মতপার্থক্যের আলোচনাও এতে স্থান পেয়েছে।

০৪. ‘পাকিস্তান মেঁ জিহাদ জারি রেহনা চাহিয়ে’ শাহাদাত লাভের কিছুদিন আগে তিনি এই পুস্তিকা শেষ করেন। এতে তিনি পাকিস্তানে জিহাদ জারি রাখার শরঈ,

ঈমানী, সামরিক, নৈতিক ও বুদ্ধিবৃত্তিক দলীল প্রমাণ সবিস্তারে আলোচনা করেছেন।

০৫. ‘মুজাহিদীন কো দর পেশ এক আহাম ফিতনা’ এতে আদদাওলাতুল ইসলামিয়া নামক গ্রুপের সঙ্গে মুজাহিদীনের মতবিরোধ এবং এই গ্রুপের সঙ্গে কোনো সম্পর্ক না থাকার বিষয়টি আলোচনা করা হয়েছে।

০৬. ‘এহি হামারা রাস্তা হ্যায়’ এইমাত্র যে গ্রুপের আলোচনা করা হলো, তাদের বিপরীতে মুজাহিদীনের মানহাজ ও কর্মপন্থা নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

০৭. ‘দুশমনকে খেলাফ তাইয়ারি: ঈদাদ কি হাইসিয়াত’

০৮. ‘আম্নিয়াত, কিয়া আম্নিয়াত তাওয়াক্কুল কে মুনাফি হ্যায়?’ এই বিস্তারিত আলোচনায় ফারুক ভাই রহিমাহুল্লাহ সতর্কতা অবলম্বন ও নিরাপত্তা কৌশলের শরঈ গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরেছেন।

০৯. ‘আওর ফাতাহ কি খবারেঁ আনে লাগি’ মুজাহিদীনের বিজয়ের এবং কাফের গোষ্ঠীর পরাজয়ের বিভিন্ন লক্ষণ নিয়ে এখানে আলোচনা করা হয়েছে।

১০. ‘চেহরুঁ কি নেহি কুফরি নেজাম কি তাবদিলি মাকসুদ হ্যায়’

১১. ‘কিয়া আপ ইস জাঙ্গ মেঁ পারচামে শরীয়ত তালে খাড়ে হ্যাঁ’

১২. ‘কুফফারকে মোকাবালে মেঁ মুসলমানুঁ কি পাস্ত হাতমী আওর মারঊবিয়াতকে আসবাব আওর উনকা এলাজ’

১৩. ‘জিহাদ ফী সাবীলিল্লাহ মেঁ শিরকাত ও তাআউন কে চালিস তরীকে’

১৪. ‘চীন এক ‘দোস্ত’ মুলক হ্যায়’ এই আলোচনায় তিনি চীনের ইসলাম বিদ্বেষ এবং উইঘুরের মুসলিমদের উপর চীনের জুলুম-অত্যাচারের কাহিনী তুলে ধরেছেন।

[685]

১৫. ‘আহলে পাকিস্তান ফায়সালা কুন দো রাহে পার ’-এই আলোচনায় পাকিস্তানি মুসলিমদেরকে পবিত্র শরীয়তের বরকত সম্পর্কে সচেতন করা হয়েছে।

১৬. ‘ও শের ফের হুশিয়ার হোগা ’-এই আলোচনা গোটা বিশ্বে জিহাদের বিস্তার ঘটা এবং আরব বিশ্বে নবজাগরণের প্রেক্ষাপটে লেখা হয়েছে।

১৭. ‘খোরাসান কে জিহাদ মেঁ আল্লাহ কি নিশানিয়াঁ ’

১৮. ‘জিনহেঁ দেখকার আল্লাহ ইয়াদ আয়ে ! শায়খ সাঈদ (মুস্তফা আবূ ইয়াজিদ) রহিমাহুল্লাহ ’

১৯. জিহাদী মানহাজ ও কর্মপন্থা সবিস্তারে সুবিন্যস্তভাবে আলোচনার জন্য একটি গ্রন্থ আরম্ভ করেছিলেন কিন্তু শেষ করতে পারেননি। তবে গ্রন্থখানার খসড়া অনেকটাই প্রস্তুত হয়ে গিয়েছিল।

২০. ‘শামশিরে বে নিয়াম ’ পাকিস্তান জিহাদ সম্পর্কে শরঈ মূল্যায়ন তুলে ধরার জন্য ফারুক ভাই রহিমাহুল্লাহর অনুরোধে শায়খ আবু ইয়াহিয়া রহিমাহুল্লাহ এই কিতাব রচনা করেন। ফারুক ভাই রহিমাহুল্লাহর তত্ত্বাবধানে মাওলানা মুহাম্মদ আলী সিদ্দিকী আব্দুস সামাদ শহীদ রহিমাহুল্লাহ উক্ত গ্রন্থ অনুবাদ করেন এবং ফারুক ভাই রহিমাহুল্লাহ নিজে তাতে কিছু পয়েন্ট যুক্ত করেন। গ্রন্থখানার আরবী নাম — حد السنان في قتال حكومة وجيش باكستان

২১. এক হাথ মেঁ তলোয়ার আওর এক হাথ মেঁ কুরআন (নাওয়ায়ে আফগান জিহাদ ম্যাগাজিনের জন্য প্রবন্ধ)

তরজমা ও অনুবাদ

শহীদ ফারুক ভাই রহিমাহুল্লাহ জিহাদে অংশগ্রহণ করা মাত্রই সর্বপ্রথম আরবী ভাষা থেকে উর্দুতে জিহাদী কিতাব, বই-পুস্তক, প্রবন্ধ-নিবন্ধ ও দরস অনুবাদে ব্যস্ত হয়ে পড়েন। তার অনূদিত কিছু কিতাব নিম্নরূপ:

০১. صليبى صيہونى فساد اور صرف تيرے ليے اللہ اور عالمى تحريک جہاد - এই দুটি পুস্তিকা মুহসিনে উম্মাহ শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহ এবং কায়েদে জিহাদ শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহর কিছু দরসের অনুবাদ নিয়ে তৈরি।

০২. اشتہارى مجرموں کى فہرست مرتب کيجئے - এটা আসলে শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর প্রবন্ধের অনুবাদ। শায়খের প্রবন্ধটি হচ্ছে: قوائم محمد بن مسلمة

০৩. خلافت کن صفات کے حامل لوگوں کے ہاتھوں قائم ہوتى ہے؟ - এটিও শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর الخلافة كيف ومتى؟ প্রবন্ধের তরজমা।

০৪. جہاد کى فضيلت کے بقدر احکامات جہاد کا علم بھى حاصل کيجئے - শায়খ আবু ওয়ালিদ আল আনসারী হাফিযাহুল্লাহ এর فقه الجهاد على قدر فضله - প্রবন্ধের অনুবাদ নিয়ে তৈরি।

০৫. ايمان کے بعد اہم ترين فرض عين এটা শায়খ আব্দুল্লাহ আযযাম রহিমাহুল্লাহর যুগান্তকারী গ্রন্থ دفاع عن أراضي المسلمين من أهم فروض الاعيان - এর অনুবাদ।

০৬. شريعت يا شہادت এটা শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর পক্ষ থেকে পাকিস্তানে জিহাদ ঘোষণার অনুবাদ।

[illegible]. مجاہدین کے لیے جہادی عمل سے متعلق عمومی ہدایات [illegible] التوجيهات العامة للعمل الجهادي - [illegible]

[illegible]. نصرت اسلام کی پکار [illegible] وثيقة نصرة الاسلام [illegible]

[illegible]

[illegible]:

[illegible]. النبي اولى بالمؤمنين من انفسهم

[illegible]. سلسلہ دروس حديث توحيد باری تعالی - [illegible] ([illegible])

[illegible]. [illegible]

[illegible]. اپنے دين پر فخر کيجيے

[illegible]. اعداد اور نصرت الہی

[illegible]. اللہ کے وعدوں پر يقين کيجئے

[illegible]. بے مقصديت اور اس کا علاج

[illegible]. جہاد کی قبوليت کی شرائط

[illegible]. حتي لا تكون فتنة

[illegible]. حقيقت دنيا اور اخرت

[illegible]. حمد اور شکر

[illegible]. شہادت اور صبر

[illegible]. صبر ايک عظيم عبادت

[illegible]. صدق کی حقيقت

[illegible]. قلب کی حفاظت

১৬. مسلمان خاتون سے قران کو مطلوب کردار

বয়ান বক্তৃতা :

০১. ‘پاکستان میں جہاد کیوں’ - ২০১০ সালে সাহাব মিডিয়ার সঙ্গে উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর ইন্টারভিউ

০২. ‘وہ پہنچے بارگاہ حق میں کتنے سرخرو ہو کر’ - ২০১১ সালে শায়খ উসামা বিন লাদেন রহিমাহুল্লাহর শাহাদাতে প্রদত্ত বিবৃতি

০৩. ‘شہید ہو کے ہاں مگر نشاط دل میں بھر گیا' -২০১২ সালের শায়খ আহসান আজীজ রহিমাহুল্লাহর শাহাদাতে শোক বিবৃতি

০৪. ২০১২ সালে কমান্ডার বদর মনসুর রহিমাহুল্লাহ এর শাহাদাতে শোক বিবৃতি

০৫. ‘قومی مفاد اور ملکی سلامتی کی قربان گاہ پر ایک اور چڑھاوا' - ২০১২ সালে ন্যাটো ও আমেরিকান সেনাবাহিনীর রসদ সরবরাহে সহযোগিতার পরিপ্রেক্ষিতে বিবৃতি

০৬. “برما امت مسلمہ کے سینے پر ایک اور زخم” - দক্ষিণ এশিয়ায় মুসলিম সংখ্যালঘুদেরকে জাতিগত নিধনের পরিপ্রেক্ষিতে ২০১২ সালে প্রদত্ত বিবৃতি

০৭. “بادشاہوں کی نہیں اللہ کی ہے یہ زمین” - ২০১২ সালে পাকিস্তানের রাজনৈতিক স্রোত এবং নতুন প্রধানমন্ত্রী নির্বাচনের পরিপ্রেক্ষিতে বিবৃতি

০৮. “عجیب شخص تھا کہ جو قلم کی لاج رکھ گیا” - ২০১২ সালে মাওলানা নাসির নসীব খান রহিমাহুল্লাহ এবং মাওলানা আসলাম শাইখপুরী রহিমাহুল্লাহর শাহাদাতে বিবৃতি

০৯. “قــران کی پکــار”- ২০১২ সালে আফগানিস্তানে আমেরিকান সেনাবাহিনীর হাতে কুরআন পাকের সম্মানহানির প্রেক্ষাপটে পাকিস্তান বাসীর প্রতি বার্তা

১০. ২০১২ সালে ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের নেতা মোল্লা উবায়দুল্লাহ আখন্দযাদা রহিমাহুল্লাহ আইএসআই ’র টর্চার সেলে শাহাদাত বরণের পরিপ্রেক্ষিতে বিবৃতি

১১. “پاکستان؛ مسائل اور حل” - ২০১৩ সালে পাকিস্তানের রাজনৈতিক ও সামাজিক হালচাল তুলে ধরে প্রদত্ত বিবৃতি

১২. “معــرک□ اســلام و جم□وریت میں فتح حق کی □وگی” - ২০১৩ সালে মাওলানা অলিউর রহমান মেহসুদ রহিমাহুল্লাহর শাহাদাত এবং দেশে নির্বাচনের পরিপ্রেক্ষিতে প্রদত্ত বিবৃতি

১৩. “حــاجی شــریعت اللّٰ□ کی زمین پر اللّٰ□ کی شــریعت س□ بغـاوت”- ২০১৩ সালে ধর্মীয় দলগুলোর বিরুদ্ধে সরকারি ক্র্যাকডাউনের প্রেক্ষাপটে বাংলাদেশি জনসাধারণের প্রতি বার্তা

১৪. “ل□و میں بھیگی ایک اور عید مبــارک □و”- ২০১৪ সালে ضرب عضب - নামক অপারেশন চলাকালে ঈদবার্তা

১৫. “اب □ی تو قتال کا وقت ایا ہے” - ২০১৪ সালে ضرب عضب - নামক অপারেশনের পরিপ্রেক্ষিতে প্রদত্ত বিবৃতি

১৬. ২০১৪ সালের শায়খ ইমরান আলী সিদ্দিকী (হাজী অলিউল্লাহ) রহিমাহুল্লাহর শাহাদাতে শোকবার্তা

জিহাদী ভিডিও

আস-সাহাব উর্দু মিডিয়ার মাধ্যমে প্রচারিত প্রায় সকল ভিডিও প্রকাশ , সেগুলোর বিষয়বস্তু রচনা এবং সুদীর্ঘ ডকুমেন্টারি ফিল্মের স্ক্রিপ্ট লেখার দায়িত্ব ফারুক ভাই রহিমাহুল্লাহ পালন করেন। নিম্নে আমরা সর্বাধিক গুরুত্বপূর্ণ দাওয়াতী বিষয়বস্তু বিবেচনায় কিছু গুরুত্বপূর্ণ ভিডিওর তালিকা তুলে ধরছি যেগুলো ফারুক ভাই রহিমাহুল্লাহর পরিচালনা ও তত্ত্বাবধানে প্রকাশিত হয় :

** "امام برحق"- গাযী আব্দুর রশিদ রহিমাহুল্লাহ এবং লাল মসজিদ নিয়ে ডকুমেন্টারি ফিল্ম (১৪২৯ হিজরী)

** " پاسبان حرم" - (শাহাদাত বরণকারী নেতৃবৃন্দকে নিয়ে পরিচিতি মূলক ধারাবাহিক ফিল্ম ; তিনটি ফিল্ম : উস্তাদ মুহাম্মদ আফজাল রহিমাহুল্লাহ , মাওলানা সাঈদুল্লাহ রহিমাহুল্লাহ এবং ডাক্তার আরশাদ ওয়াহিদ রহিমাহুল্লাহ (১৪২৯ হিজরী)

** "سات سال□ صلیبی جنگوں ک□ نتائج"- মুসলিম বিশ্বের বিরুদ্ধে আমেরিকার যুদ্ধের সাত বছর পূর্তি উপলক্ষে কেন্দ্রীয় আস-সাহাব মিডিয়ার ডকুমেন্টারি ফিল্ম অনুবাদ (১৪২৯ হিজরী)

** " پھر س□ غز□ کی تبا□ی کی □میں تاب ن□یں" - ইসরাইল কর্তৃক গাজায় হামলার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় আস-সাহাব মিডিয়ার ডকুমেন্টারি ফিল্মের অনুবাদ (১৪৩০ হিজরী)

** "مغرب کا تاریک مستقبل" - ২০০৭ সালে আমেরিকায আসন্ন অর্থনৈতিক সংকট নিয়ে কেন্দ্রীয় আস -সাহাব মিডিয়ার ডকুমেন্টারি ফিল্মের অনুবাদ (১৪৩০ হিজরী)

** " ک□ خون صد □زار انجم س□ □وتی ہے سحر پیدا" - গোটা বিশ্বে মুসলিমদের উপর নির্যাতন -নিপীড়ন বিশেষ

করে পাকিস্তানি সেনাবাহিনী কর্তৃক নির্যাতন - নিপীড়ন নিয়ে ডকুমেন্টারি ফিল্ম (১৪৩১ হিজরী)

** "یہ جہاد فرض عین ہے پھر تردد کیسا" - ২০১০ সালে আফগানিস্তানে মার্কিন সিআইএ'র ঘাঁটিতে আত্মউৎসর্গী হামলাকারী জর্ডানি মুজাহিদের অসিয়ত অনুবাদ (১৪৩১ হিজরী)

** "بتاؤ تم کس کا ساتھ دو گے" - পাকিস্তানি সেনাবাহিনীর অপরাধসমূহ নিয়ে ডকুমেন্টারি ফিল্ম (১৪৩৩ হিজরী)

** "جاء الحق وزهق الباطل" - কাফেরদেরকে ইসলামের দাওয়াত দেওয়ার জন্য ডকুমেন্টারি ফিল্ম (১৪৩৩ হিজরী)

** " شریعت یا جمہوریت " - গণতন্ত্রের মুখোশ উন্মোচনের জন্য একটি ছোট তথ্যচিত্রের সিরিজ

দাওয়াতী চিঠিপত্র

উলামায়ে কেরামের উদ্দেশ্যে প্রেরিত চিঠিপত্র

ফারুক ভাই রহিমাহুল্লাহ আল-কায়েদার পাকিস্তানি দায়িত্বশীল হিসেবে পাকিস্তানের বড় বড় উলামায়ে কেরাম এবং সমাজের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের প্রতি দাওয়াতী চিঠিপত্র প্রেরণ করেন। সাধারণভাবে তার চিঠিগুলোর ইতিবাচক উত্তর এসেছে এবং উলামায়ে কেরাম তার আবেগ উদ্দীপনাকে মূল্যায়ন করেছেন। ওই চিঠিপত্রের দ্বারা তার দাওয়াতী গুণাবলির বহিঃপ্রকাশ ঘটে , উলামায়ে কেরামের প্রতি তার শ্রদ্ধাবোধ ও মুহব্বতের

দৃষ্টিভঙ্গি জানা যায়। এই ধারাবাহিকতায় যে সমস্ত চিঠিপত্র তিনি প্রেরণ করেন, তন্মধ্যে কিছু বিস্তারিত আলোচনা সংবলিত এবং কিছু সংক্ষিপ্ত। ফারুক ভাই রহিমাহুল্লাহ লিখিত এই চিঠিপত্র তার একনিষ্ঠতা লিল্লাহিয়াত ও অন্তরের অস্থিরতার কথা তুলে ধরে। চিঠিপত্রগুলো তার মাঝে থাকা হিকমত প্রজ্ঞা বুদ্ধিমত্তা দাওয়াতী আদব ও ভদ্রতার রুচিবোধের প্রকৃষ্ট উদাহরণ। এই কারণে শুধু নমুনা হিসেবে শায়খুল ইসলাম মুফতী তাকী উসমানী সাহেব হাফিযাহুল্লাহ-এর খেদমতে প্রেরিত ফারুক ভাই রহিমাহুল্লাহর একটি পত্র এই কিতাবে তুলে ধরা হলো:

মুফতী তাকী উসমানী সাহেব হাফিযাহুল্লাহর উদ্দেশ্যে প্রেরিত একটি পত্র

বিসমিল্লাহির রাহমানির রাহীম

রবিউস সানী ১৪৩৩ হিজরী

মুহতারাম জনাব মুফতী তাকী উসমানী সাহেব হাফিযাহুল্লাহর খেদমতে

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহ

আল্লাহ রাব্বুল ইজ্জতের কাছে দোয়া করি, এই পত্রটি যেন আপনি সর্বোত্তম ঈমানী ও দৈহিক সুস্থ অবস্থায় হাতে পান। আল্লাহ তাআলা আপনার ইলমি ব্যস্ততা, সময়, আমল, পরিবার-পরিজন এবং অর্থ সম্পদে আরও অধিক বরকত দান করুন। আপনাকে দেখা- অদেখা সকল প্রকার অনিষ্ট থেকে হেফাযত রাখুন। আপনার সৎকর্ম এবং উত্তম প্রচেষ্টাগুলো কবুল ও মঞ্জুর করে নিন। তিনি আমাদের প্রতি এবং আপনার প্রতি সন্তুষ্ট হয়ে যান, আমীন।

[693]

মুহতারাম মুফতী সাহেব!

আজ ১৪৩৩ হিজরীর রবিউস সানী মাসের এই সময়ে অধম বান্দা আপনার কাছে কিছু লাইনের মাধ্যমে সম্বোধন করার দুঃসাহস দেখাচ্ছে। নিঃসন্দেহে আকাঙ্ক্ষা ছিল আমরা নিজেরা আপনার খেদমতে উপস্থিত হয়ে আপনার পায়ের কাছে বসে দোয়া-নসীহত ও দিকনির্দেশনা লাভ করবো। মসজিদ মাদরাসার নূরানী পরিবেশে বসে অন্তর জগতের কিছু পাথেয় গ্রহণ করবো। কিন্তু আল্লাহ তাআলা সাক্ষী, মনের এই তীব্র বাসনা সত্ত্বেও আমাদের অবস্থা এ কাজের অনুকূল নয়। এ সময়ে আল্লাহর নাম নেওয়া এবং একাকী আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার বিধানাবলী প্রতিষ্ঠার স্বপ্ন দেখা এমন অপরাধ হয়ে দাঁড়িয়েছে, যাতে অভিযুক্ত হলে আল্লাহর অক্ষম দুর্বল মুজাহিদ বান্দাদেরকে প্রথমে শহর ছেড়ে জঙ্গল ও পাহাড় পর্বতে চলে যেতে হয় এবং সেখানেও মাথার ওপর ড্রোন বিমান এবং তাদের পশ্চাদ্ধাবনের জন্য অত্যাধুনিক অস্ত্রশস্ত্র সজ্জিত স্থল বাহিনী ছুটে চলে। এভাবেই তারা আল্লাহর বান্দাদের জীবন দুর্বিষহ করে তোলে। এটাতো আল্লাহ তাআলার বিশেষ অনুগ্রহ যে, তিনি কারাগারের ছোটো কুঠুরিতেও কোনো মুজাহিদকে প্রশান্তি ও মানসিক স্থিরতা দান করেন এবং পৃথিবীর সকল নেয়ামত কাছে থাকা সত্ত্বেও বদ দীন কাফেরের জীবন সংকীর্ণ করে দেন। এজন্য আল্লাহর প্রিয় বান্দাদের সংকীর্ণতার মাঝে আজব রকমের প্রশস্ততা রয়েছে। এই হিজরতের জীবনেও এক বিস্ময়কর প্রশান্তি রয়েছে। এই ক্লান্তি ও কষ্টের মাঝেও এক অবর্ণনীয় স্বাদ রয়েছে। আল্লাহ তাআলা আমাদেরকে এই ফিতনা-ফাসাদের যুগে ঈমানের ওপর অটল রাখুন এবং ঈমানের ওপরেই আমাদের দুনিয়ার জীবনের সমাপ্তি ঘটান আমীন। অতএব আপনি আমাদের অপারগতা কবুল করে নিন। মুজাহিদীনের

[694]

এই প্রতিকূলতা এবং শত্রুপক্ষের শক্তি খর্ব করার জন্য দোয়া করুন।

আমার মুহতারাম মুফতী সাহেব!

অনেকদিন থেকেই ইচ্ছা ছিল মনের উদ্দীপনা ও অনুভূতিগুলো উপযুক্ত কারও মাধ্যমে আপনার কাছে পৌছাবো, কিন্তু কোনো মাধ্যম বা পথ খুঁজে পাচ্ছিলাম না। সর্বদাই মনে হয়েছে অপরিচিত কারও মারফত চিঠি পাঠালে সম্ভবত আপনি সত্যতার ওপর ভরসা না করায় জবাব দেবেন না। অনেক খোঁজাখুঁজির পর অবশেষে আল্লাহ তাআলা একটি পথ দেখান। তাই আল্লাহর সাহায্যে এই কয়েকটি লাইন আপনার সম্মুখে রয়েছে।

হে আমার শ্রদ্ধেয় অভিভাবক এবং স্নেহশীল গুরু!

আপনার গ্রন্থ সমূহ অধ্যয়ন করে আমি অধম বান্দা সরাসরি না হলেও এক মাধ্যমে আপনার শিষ্যত্বের মর্যাদা অর্জন করে। তিরমিযী শরীফের শরাহগুলো (দরসে তিরমিযী এবং তাকরিরে তিরমিযী) উভয় কিতাবের চমৎকার চমৎকার লেখাগুলো পাঠ করেছি। তাকমিলায়ে ফাতহুল মুলহিম তো শুরু থেকে শেষ পর্যন্ত অধ্যয়নের তাওফীক হয়েছে। জিহাদ ও ইমারত সংক্রান্ত অধ্যায়গুলো আলাদা মনোযোগ দিয়ে পড়া হয়েছে। খুবই উপকার পেয়েছি। এখন বুখারী শরীফের ব্যাখা গ্রন্থ ইনআমুল বারি'ও দেখতে শুরু করেছি। কিতাবুল ইলম অধ্যায়ের কিছু অংশ চোখে পড়েছে। এমনিভাবে ইসলাহী খুতুবাত, জাহানে দিদাহ, সিয়াসাতে শারঈয়্যাহ, তাকলীদ কি শারঈ হাইসিয়াত সহ আরও কিছু কিতাব পাঠ করার সৌভাগ্য হয়েছে। কোনো লৌকিকতা কিংবা কৃত্রিমতা ছাড়াই বলতে চাই, নিঃসন্দেহে ব্যক্তিগতভাবে আমার জন্য এই সমস্ত কিতাব অনেক উপকারী প্রমাণিত হয়েছে। বিশেষ করে ফাতহুল মুলহিম পাঠ করার দ্বারা তো প্রত্যেকবারই

[695]

এক বিস্ময়কর বক্ষ উন্মোচন অনুভূত হয়েছে। আমি মুজাহিদ সাথিদেরকেও দৈনন্দিন জীবনের আদব-আখলাক সম্পর্কিত কয়েকটি অধ্যায় সেই সঙ্গে জিহাদ ও ইমারতের কয়েকটি গুরুত্বপূর্ণ আলোচনা ফাতহুল মুলহিম থেকেই পড়াই। নিঃসন্দেহে এটি ভারতবর্ষের উলামায়ে কেরামের লেখা সর্বোৎকৃষ্ট হাদীস-ব্যাখ্যা গ্রন্থের মাঝে গণ্য। আল্লাহ তাআলা এই গ্রন্থকে উম্মাহর জন্য উপকারী প্রমাণিত করুন এবং আপনার মর্যাদা উন্নতির কারণ বানিয়ে দিন, আমীন।

হে আমার প্রিয় মুহতারাম!

এই পত্র লেখার আসল উদ্দেশ্য হচ্ছে একথা আরজ করা যে, মিডিয়া এবং কিছু ফিতনাবাজ লোক সোয়াত উপত্যকা পর্যন্ত ছড়িয়ে ছিটিয়ে থাকা গোত্রীয় অঞ্চলের মুজাহিদীনের ব্যাপারে নেতিবাচক কথা বলে বেড়ায়। সরাসরি যোগাযোগ না থাকার কারণে কখনও কখনও উলামায়ে কেরামের মাঝে কেউ কেউ সে সমস্ত কথা বিশ্বাস করে নেন। নিঃসন্দেহে এক্ষেত্রে আমাদেরই ত্রুটি, আমরা যোগাযোগ স্থাপন করতে সক্ষম হইনি। কিন্তু এর কারণ পূর্বেও হযরতের কাছে তুলে ধরেছি; পরিস্থিতির প্রতিকূলতার কারণে বিগত দশটা বছর উলামায়ে কেরামের সঙ্গে মজবুত সম্পর্ক স্থাপন করা আমাদের জন্য খুবই কঠিন হয়ে দাঁড়িয়েছে। এরপরেও সাম্প্রতিক বছরগুলোতে যোগাযোগ উন্নয়নের প্রতি আমরা মনোযোগ দিয়েছি এবং আলহামদুলিল্লাহ উল্লেখযোগ্য উলামায়ে কেরামের দোয়া ও সমর্থন হাসিল করার সৌভাগ্য হয়েছে। তারই ধারাবাহিকতায় আপনার কাছে চিঠিপত্র প্রেরণ।

হযরতের কাছে আমাদের বুনিয়াদি দরখাস্ত হলো, আপনি আমাদেরকে আপনার থেকে পৃথক মনে করবেন না। আমরা আপনারই সন্তান। আপনি মিম্বর মেহরাবের মাধ্যমে শরীয়তের যে সমস্ত হুকুম আহকাম ও বিধি-বিধান উম্মাহর কাছে পৌঁছে দিচ্ছেন, সেগুলো বাস্তবে

[696]

প্রতিষ্ঠিত ও বাস্তবায়িত করার জন্যই আমরা প্রচেষ্টারত। প্রকৃতপক্ষে তাওফীকদাতা তো একমাত্র আল্লাহ রাব্বুল ইজ্জত। নাউযুবিল্লাহ আমরা কখনোই দীন ইসলাম ও স্বদেশের শত্রুদের এজেন্ট নই। শুধু আবেগ উদ্দীপনার বশবর্তী হয়ে ফিতনা বিস্তারকারী কোনো গ্রুপও নই। আমাদের দাওয়াত এবং লক্ষ্য উদ্দেশ্য পুরোপুরি সুস্পষ্ট। সাইয়েদ আহমদ শহীদ রহিমাহুল্লাহ এবং শায়খুল হিন্দ রহিমাহুল্লাহ যে দাওয়াত নিয়ে দাঁড়িয়ে ছিলেন, আমাদেরও সেই একই দাওয়াত। আমাদের দৃষ্টিতে পাকিস্তান প্রতিষ্ঠার ৬৫ বছর পরেও এই দেশ ফিরিঙ্গি দালালদের থেকে মুক্ত হতে পারেনি এবং এই অঞ্চলে ইসলামের কোনো একটি শাস্তি বিধানও কার্যকর হয়নি। আমাদের লক্ষ্য আল্লাহর ভূখণ্ডে আল্লাহর শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করা; এছাড়া অন্য কিছু নয়। বিক্ষিপ্ততা, বিভক্তি, জাতীয় ও ভাষাগত বিরোধ, বিভিন্ন প্রকার সামাজিক ও রাজনৈতিক সংকটের শিকার আমাদের এই রাষ্ট্র, যেই কালিমায়ে তাইয়্যেবার নামে প্রতিষ্ঠিত হয়েছিল, সেই মহান কালেমা যেন এখানে বাস্তবায়িত হয়। শরীয়তী শাসন ব্যবস্থা বাস্তবায়নের দাবি করার অপরাধে আমাদেরকে নিজেদের গৃহ থেকে বের হয়ে যেতে হয়েছে। আমাদের গোত্রীয় অঞ্চলের ভাইদের বসতি ধ্বংস করে দেয়া হয়েছে। পাকিস্তানের গোপন এজেন্সির জেলে আমাদের সাথি ভাইয়েরা; এমনকি আমাদের উলামায়ে কেরাম ও দাওয়াতী অঙ্গনের সাধকদেরকে নগ্ন করে নির্মম-নিষ্ঠুর নির্যাতন করা হয়েছে। আমাদের মা-বোনদেরকেও এই জুলুম-অত্যাচার থেকে রেহাই দেয়া হয়নি। তারাও জেলে নির্যাতন-নিপীড়নের শিকার হয়েছে, তাদের সম্ভ্রমহানি করা হয়েছে। যে সমস্ত এলাকায় আমরা আশ্রয় পেয়েছি সেখানকার শত শত মসজিদ শহীদ করে দেয়া হয়েছে। ড্রোন হামলার মাধ্যমে আমাদেরকে শিকার করার জন্য

[697]

আমেরিকার সঙ্গে পুরোপুরি সহযোগিতা করা হয়েছে। একদিকে আমেরিকা এবং তার মিত্র জোট তাদের টেকনোলজি নিয়ে আমাদের উপর হামলা করেছে, অপরদিকে পাকিস্তানের সেনাবাহিনী ভারতকে বন্ধু রাষ্ট্র অভিহিত করে ভারত সীমান্ত থেকে সেনাবাহিনী সরিয়ে আমাদের পেছনে লেলিয়ে দিয়েছে। আজ আমাদের সঙ্গে ঠিক সেই আচরণ করা হচ্ছে, যেমনটা আসহাবে কাহাফের ব্যাপারে কুরআনে কারীমে ইরশাদ করা হয়েছে:

اِنَّهُمْ اِنْ يَّظْهَـــرُوْا عَلَيْكُمْ يَرْجُمُـــوْكُمْ اَوْ يُعِيْـــدُوْكُمْ فِيْ مِلَّتِهِمْ وَلَنْ تُفْلِحُوْٓا اِذًا اَبَدًا

তারা যদি তোমাদের খবর জানতে পারে, তবে পাথর মেরে তোমাদেরকে হত্যা করবে, অথবা তোমাদেরকে তাদের ধর্মে ফিরিয়ে নেবে। তাহলে তোমরা কখনই সাফল্য লাভ করবে না। (20)

আমাদের সামনে শুধু দুটি পথ খোলা রাখা হয়েছে — ফিরিঙ্গিদের চাপিয়ে দেয়া শাসক শ্রেণির আদর্শ মেনে নিয়ে তাদের জাতীয়তাবাদী ধারায় ফিরে আসা অথবা জীবন বিসর্জনের জন্য প্রস্তুত হওয়া। কিন্তু ইনশাআল্লাহ যেই প্রভু এখন পর্যন্ত ইস্তিকামাত তথা অবিচলতা দান করেছেন, প্রতিটি নাজুক মুহূর্তে সাহায্য করেছেন, তিনি সামনেও আমাদেরকে ছেড়ে যাবেন না। যিনি ইরাকে আমেরিকাকে মাটিতে নাক ঘষে পালাতে বাধ্য করেছেন, ইনশাআল্লাহ তিনি আমেরিকা এবং তার সকল আঞ্চলিক ও বৈশ্বিক মিত্র বাহিনীকে খোরাসানেও পরাজিত করবেন।

আপনার কাছে শুধু এতোটুকুই আবেদন, আমাদেরকে আপনার দোয়া থেকে মাহরুম করবেন না। অন্তরে আমাদের ব্যাপারে যদি কোনো দ্বিধা সংশয় থাকে, তাহলে অনুগ্রহ করে সেটা দূর করে নিন। আমরা আপনার সন্তান ও শিষ্য। ইনশাআল্লাহ সময় এ কথা প্রমাণ করে দেবে, এই অঞ্চলে উলামায়ে কেরাম এবং দীনদারদের প্রকৃত নিরাপত্তার পেছনে আল্লাহ তাআলার সাহায্য -

সহযোগিতার পর এই মুজাহিদীনেরই ভূমিকা ছিল, থাকবে। সেই সঙ্গে আমাদের আরও দরখাস্ত হচ্ছে, আমাদের সবচেয়ে বেশি প্রয়োজন ইলমি দিকনির্দেশনা। আমাদের সামনে পাহাড়ের মতো এত বড় বড় মাসায়েল আসে, যেগুলো সমাধান করার জন্য উলামায়ে কেরামের কমিটি বসতেও কেঁপে যায়। সে সমস্ত বিষয়ে সমাধানের জন্য আপনার ইলমি দিকনির্দেশনা খুবই প্রয়োজন। আল্লাহ তাআলার কাছে দোয়া করি, তিনি আপনার বক্ষকে আমাদের জন্য উন্মোচন করে দিন এবং আমাদের মাথার উপর আপনার ছায়া দীর্ঘায়িত করুন, আমীন।

এই জিহাদী আন্দোলন আপনারই আন্দোলন। এখানে যখনই কোনো ত্রুটি, অসঙ্গতি, দুর্বলতা আপনার চোখে পড়বে, তখনই আপনার ভদ্র সন্তান মনে করে আমাদেরকে সংশোধন করে দেবেন এবং কান ধরে ভুল শুধরে দেবেন। ইনশাআল্লাহ আপনি দেখবেন, আল্লাহর সীমারেখা আমরা কিছুতেই লঙ্ঘন করবো না। আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আপনার ইলম, মাল-দৌলত সন্তান-সন্ততি সময় ও কাজ-কর্ম— সব কিছুর মাঝে বরকত দান করুন এবং সকল প্রকার অনিষ্ট থেকে আপনাকে হেফাযত করুন, আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

উলামা ও মুজাহিদীনের খাদেম

আহমদ ফারুক রহিমাহুল্লাহ

[আল-কায়েদা পাকিস্তানের দাওয়াত ও প্রকাশনা বিভাগের দায়িত্বশীল]

[699]

দ্বাদশ অধ্যায়:
সৌভাগ্যময় শাহাদাত

উম্মাহর বড় বড় আল্লাহ ওয়ালাদের মতো ফারুক ভাই রহিমাহুল্লাহর শেষ জামানা ঈমানী আবেগ উদ্দীপনা ও আধ্যাত্মিক উন্নতির সিঁড়ি অতিক্রমের সময় ছিল। তিনি নিশ্চিত ছিলেন আখিরাতের সফরের সময় ঘনিয়ে এসেছে। ওই সময়টাকে তিনি এমন কিছু ইঙ্গিত দান করেন, যা দ্বারা বোঝা যায়, তার কাজ পূর্ণাঙ্গ হয়ে গেছে এবং পরের জগতে পাড়ি জমানোর সময় নিকটবর্তী হয়ে গেছে। নির্যাতন-নিপীড়নের প্রবাদ হয়ে ওঠা, দীন ও জাতির শত্রু সেনাবাহিনীর উত্তর ওয়াজিরিস্তান অপারেশন দিয়ে ফারুক ভাই রহিমাহুল্লাহর শাহাদাতের ঘটনা শুরু হয়।

জরবে ওজব অপারেশন
২০১৪ সালে উত্তর ওয়াজিরিস্তানে পাকিস্তানি সেনাবাহিনী আমেরিকার সাহায্য-সহযোগিতায় বিরাট অপারেশন আরম্ভ করে। হাটে- বাজারে এবং ঘর-বাড়ির ওপর জেট বিমান দিয়ে কয়েক টন ওজনের গোলা বর্ষণ করা হয়। সেই সঙ্গে গোটা

[700]

উত্তর ওয়াজিরিস্তানের অধিবাসীদেরকে বান্নু ও শহরতলিতে চলে যেতে বলে। উত্তর ওয়াজিরিস্তানের অধিবাসীদের একটা বড় অংশ পাকিস্তানের সেনাবাহিনীর দেখানো পথ দিয়ে লাঞ্ছিত অবস্থায় নিজেদের অঞ্চল ত্যাগের চেয়ে আফগানিস্তানের পাহাড়ে গিয়ে হিজরতের জীবন যাপন করার সিদ্ধান্ত নেয়। অবশিষ্ট অংশ এক মাস সময়ের মধ্যে ধীরে ধীরে অপমানিত অবস্থায় পাকিস্তানের অন্যান্য জেলায় চলে যায়।

ক্রুসেডার এবং তাদের সহযোগীদের কৌশল
উত্তর ওয়াজিরিস্তানে অপারেশনের পরিকল্পনা আমেরিকা এবং তাদের তাবেদার পাকিস্তানি আর্মি যৌথভাবে তৈরি করে। পরিকল্পনা এমন ছিল—সর্বপ্রথম ওয়াজিরিস্তানের বসতির ওপর নির্মমভাবে আকাশ থেকে বোমাবর্ষণ করা হবে। ফলে গোত্রীয় এলাকার জনসাধারণ সে জায়গা ত্যাগ করতে বাধ্য হবে। এভাবেই উক্ত অঞ্চল খালি হয়ে যাওয়ার দ্বারা মুজাহিদীন জনসাধারণের সহায়তা ও আশ্রয় থেকে বঞ্চিত হয়ে একা হয়ে যাবে। অপরদিকে অপারেশনের ঘোষণা করে এজেন্সিতে দীর্ঘ কারফিউ জারি করা হবে এবং বান্নু জেলার দিক থেকে স্থল হামলা শুরু হবে। ফলে উত্তর ওয়াজিরিস্তানের চারদিকে ছড়িয়ে ছিটিয়ে থাকা মুজাহিদীন ধীরে ধীরে সঙ্কুচিত হয়ে আফগানিস্তান-বর্ডারের পাহাড়ি এলাকায় জড়ো হতে বাধ্য হবে।

এভাবে অবরুদ্ধ জায়গায় মুজাহিদীনের নেতৃবৃন্দকে খোঁজ করা আমেরিকার পক্ষে সহজ হয়ে যাবে এবং তারা বেছে বেছে নেতৃবৃন্দের উপর হামলা করতে পারবে।

[701]

মুজাহিদীনের কর্ম পন্থা কর্মকৌশল
কোনো গেরিলা আন্দোলনে যে পক্ষের শক্তি সামর্থ্য ও সরঞ্জামাদি কম, তাদের জন্য কোনো দেশের রেগুলার আর্মির সরাসরি মোকাবেলায় অবতীর্ণ হওয়ার সমীচীন নয়। অ্যাম্বুশ সিস্টেমের যুদ্ধে মূলনীতি হলো: শত্রু যখন ছড়িয়ে পড়ে, মুজাহিদীন তখন এক জায়গায় সরে আসে; আর শত্রুপক্ষের তুফান যখন বন্ধ হয়ে যায় এবং কোনো অঞ্চল দখল করে তারা নিশ্চিন্ত হয়ে বসে যায়, তখন গেরিলা বাহিনীর দায়িত্ব শুরু হয়; তারা গুহা থেকে বের হয়ে শত্রুর একেকটা শিরার ওপর হামলা করে। শত্রুর বড় হামলার সময় ভূমি রক্ষার জন্য এক জায়গায় থিতু হয়ে থাকা গেরিলা বাহিনীর যুদ্ধের মূলনীতি নয়। বরং পিছু হটে নিজেদের সরঞ্জাম ইত্যাদি বাঁচিয়ে স্থান ও কৌশল পরিবর্তন করে যুদ্ধ করা শুরু থেকেই গেরিলা বাহিনীর নেতৃবৃন্দের কৌশল বলে বিবেচিত হয়ে আসছে। আধুনিক যুদ্ধগুলোর ইতিহাস এ কথার সাক্ষী—বিশেষ করে বর্তমান সময়ে আফগানিস্তান জিহাদে মহান তালেবান মার্কিন হামলার সময় যেভাবে পিছনে সরে এসেছে এবং পুনরায় সারিবদ্ধ হয়ে গেরিলা যুদ্ধ শুরু করেছে, সে যুদ্ধে আল্লাহর সাহায্যে আজ আঠারো বছর পরে তালেবান ইতিপূর্বে যেকোনো সময়ের চেয়ে সবচেয়ে বেশি শক্তিশালী ও প্রতিষ্ঠিত এবং আফগানিস্তানের দুই-তৃতীয়াংশ অঞ্চল তাদের দখলে।

কিন্তু তার অর্থ এই নয়, শত্রুপক্ষের হামলার সময় মোটেও প্রতিরোধ করা যাবে না; বরং একেবারে পিছনে সরে আসার চেয়ে ধীরে ধীরে শত্রুর ক্ষয়-ক্ষতি করতে করতে পেছনে সরে আসা উচিৎ। একে সমর শাস্ত্রের পরিভাষায় ট্যাক্টিক্যাল উইথড্রয়াল বলা হয়। অর্থাৎ যুদ্ধ করতে করতে ধীরে ধীরে পেছন দিকে সরে আসা। এটাও সে সময় সম্ভব যখন মুজাহিদীনের কোমরের দিকে দীর্ঘ পাহাড়ের সারি অথবা নিরাপদ এলাকা [702]

থাকে। কৌশল অনুযায়ী পেছনে সরে আসার সময় শত্রু পক্ষের উপর ভারী অস্ত্র দিয়ে গোলা নিক্ষেপ করা, শত্রু কাফেলার ওপর আঘাত হানা, মাইন বিস্ফোরণে শত্রুপক্ষের গাড়ি উড়িয়ে দেয়া এবং বড় রেঞ্জের বন্দুক দিয়ে শত্রুর সৈন্যদেরকে ঘায়েল করার নিয়ম রয়েছে। সেই সঙ্গে পেছনে সরে এসে শত্রুকে সুযোগ দেয়া হয়, যেন তারা পুরো এলাকায় ছড়িয়ে পড়ে এবং মুজাহিদীনের ফাঁদে আটকা পড়ে যায়। এরপর শত্রু পক্ষের এমন অবস্থা হয় যে, হামলা তো নিজ ইচ্ছায় করেছিল কিন্তু পরবর্তীতে নিজ ইচ্ছায় সে অঞ্চল থেকে সরে আসার সুযোগ তাদের হয় না।

মুজাহিদীনের প্রতিরক্ষা ব্যবস্থা ওয়াজিরিস্তানে অপারেশন আরম্ভ হওয়ার পর মুজাহিদীন উপর্যুক্ত মূলনীতি সামনে রেখে আল্লাহর উপর ভরসা করে আমেরিকার আজ্ঞাবহ সেনাবাহিনীকে প্রতিরোধের পরিকল্পনা তৈরি করে। পরিকল্পনা মোতাবেক মুজাহিদীনের একটা দল ওয়াজিরিস্তানের পূর্ব দিকে চলে গিয়ে সেনাবাহিনীকে ফাঁদে ফেলে আক্রমণের দায়িত্ব পান। ওই পূর্বাঞ্চলের কেন্দ্র ছিল মীর আলী। সেখানে মুজাহিদীন একদিকে সেনা কাফেলাকে আঘাত হানায় এবং বিভিন্ন বিস্ফোরক দ্রব্য বিস্ফোরণে রত থাকেন; অপরদিকে নিজেদের সরঞ্জাম ও পরিবার-পরিজনকে নিরাপদে পশ্চিম দিকে আফগান বর্ডারের পাহাড়ের গুহায় সরিয়ে নেয়ার ব্যবস্থা করতে থাকেন। অপারেশন আরম্ভ হবার প্রায় দুই মাস পর্যন্ত মীর আলী, খাইসুর, স্পিনওয়াম এলাকায় সেনাবাহিনীকে কঠোর প্রতিরোধের মুখোমুখি হতে হয়।

[703]

পরবর্তীতে ওই অঞ্চল থেকে জনসাধারণ সরে যাবার পর মুজাহিদীনকেও পশ্চিম দিকের সীমান্তবর্তী এলাকায় ডেকে আনা হয়। তারা এখানে ডায়াগন دیگون ک□ علاق□ میں دفــاعی مراکز قــائم کــی□ >(((৪২১ নম্বর পৃষ্ঠার ৯ /১০ নম্বর লাইন)))> এলাকায় প্রতিরক্ষা কেন্দ্র তৈরি করে। আনসার মুহাজির সকলে মিলে ইংরেজদের তাবেদার সেনাবাহিনীকে প্রতিরোধের লক্ষ্যে লড়াই শুরু করেন। কিন্তু এরই মধ্যে আমেরিকা পাকিস্তানি সেনাবাহিনীর গুপ্তচরদের মাধ্যমে মুহাজিরদের সামরিক কেন্দ্র টার্গেট করে ড্রোন হামলা করে। এতে আরব ও উপমহাদেশীয় মুজাহিদীনের কেন্দ্রে মুহাজিরদের স্থল ভাগের কয়েকজন নেতা শাহাদাত বরণ করেন। তাদের মাঝে আল - কায়েদার একজন সামরিক দায়িত্বশীল শহীদ মাহদি কুর্দি রহিমাহুল্লাহ , শহীদ তাজ মাক্কি রহিমাহুল্লাহ , পাকিস্তানিদের মধ্যে করাচির ইঞ্জিনিয়ার সুহাইল রহিমাহুল্লাহ , গুজরাটের আযযাম রহিমাহুল্লাহ এবং কাশ্মীরের উস্তাদ ইঞ্জিনিয়ার হাফেজ সাআদ রহিমাহুল্লাহ সহ বেশ কিছু মুজাহিদ শাহাদাত বরণ করেন।

এরপর থেকে আমেরিকার ড্রোন হামলা অনেক বেড়ে যায় এবং ক্রমাগত ড্রোন হামলা চলতে থাকে। এই অপারেশনে আমেরিকা প্রধানত আল-কায়েদার মুজাহিদীনের সামরিক কেন্দ্রগুলোতে এবং দায়িত্বশীলদেরকে টার্গেট করে হামলা করতে শুরু করে।

এই অবস্থায় আল -কায়েদা -নেতৃত্ব এই সিদ্ধান্ত গ্রহণ করে , ড্রোন হামলা থেকে নিরাপত্তার জন্য আমাদের সাথিদেরকে , নেতৃবৃন্দকে এবং সরঞ্জামের বড় অংশ আফগানিস্তান ও পাকিস্তানের নিরাপদ অঞ্চলে স্থানান্তর করাই উপযুক্ত। সেই সঙ্গে প্রতিরোধ যুদ্ধের জন্য আমাদের একদল সাথি ওয়াজিরিস্তানে থেকে স্থানীয় ভাইদের সঙ্গে যুদ্ধ করে যাবেন।

এটা খুবই দীর্ঘ সময় সাপেক্ষ ও কষ্টসাধ্য কাজ ছিল। হাজার হাজার মুজাহিদ নারী-শিশুদেরকে সঙ্গে নিয়ে ওয়াজিরিস্তান থেকে বের হওয়ার ব্যবস্থা করে দেয়া সহজ ব্যাপার নয়। কারণ জায়গায় জায়গায় সেনাবাহিনী বসে থাকার খবর পাওয়া যাচ্ছিলো। আকাশে মার্কিন ড্রোন ও মিসাইল যুদ্ধের জন্য ঘোরাঘুরি করছিল। অপরদিকে মুজাহিদীনের জিনিসপত্র ও অস্ত্রশস্ত্রের বিরাট বোঝা নিরাপদে অন্যত্র স্থানান্তর করা খুবই কঠিন কাজ ছিল। এই বিরাট কর্মযজ্ঞের মধ্যেই মুজাহিদীনের স্নেহশীল মহান নেতা, ধৈর্য অবিচলতা ও বীরত্বের পাহাড়, করাচির হাজী ওলীউল্লাহ ইমরান সিদ্দিকী রহিমাহুল্লাহ তার কিছু সাথি সহচরসহ ওয়াজিরিস্তান থেকে বের হবার পথে আমেরিকার ড্রোন হামলায় শাহাদাত বরণ করেন।

শেরে খোদা সাইয়েদুনা আলী মুর্তাজা রাযিয়াল্লাহু আনহুর মতো কীর্তি
হিজরতের সফরে বিশ্ব জগতের সরদার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর প্রিয় ব্যক্তি শেরে খোদা আলী মুর্তাজা রাযিয়াল্লাহু আনহুকে মক্কায় রেখে গিয়েছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ফেলে যাওয়া কাজ ও আমানতগুলো যথাস্থানে পৌঁছে দেয়ার দায়িত্ব পালন করে হযরত আলী রাযিয়াল্লাহু আনহু পরবর্তীতে মদীনায় আসেন। হযরত আলী হায়দার রাযিয়াল্লাহু আনহুর এই কাজ খুবই বিপজ্জনক ও আত্মঘাতী ছিল। হযরত আলী রাযিয়াল্লাহু আনহু নিজের জীবন হাতে নিয়ে রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হিজরতের সফরকে নিরাপদ করতে সাহায্য করেন। এভাবেই তার এই কাজ কিয়ামত পর্যন্ত উচ্চ মনোবল সম্পন্ন যুবকদের জন্য নমুনা

[705]

হয়ে যায়। যুদ্ধের এই বিশেষ পর্যায়ে আমাদের প্রিয় ফারুক ভাই রহিমাহুল্লাহও সাইয়েদুনা আলী রাযিয়াল্লাহু আনহুর মতো ভূমিকা পালন করেন।

আল-কায়েদা-নেতৃত্ব মুজাহিদীন, তাদের পরিবার এবং নেতৃবৃন্দকে যুদ্ধের এলাকা থেকে নিরাপদে বের করে দেয়ার দায়িত্ব ফারুক ভাই রহিমাহুল্লাহকে প্রদান করে। সেই সঙ্গে সামানপত্র এবং প্রতিরক্ষা যুদ্ধে নিয়োজিত অবশিষ্ট সাথিদের পরিচালনার দায়িত্বও প্রদান করা হয়। তার সঙ্গে অচলতার পাহাড় সাহসিকতার প্রতীক মাওলানা কারী উবায়দুল্লাহ ইমরান রহিমাহুল্লাহকে এই কাজে সহকারী নিযুক্ত করা হয়।

যুদ্ধের এই পর্যায়ে এজাতীয় কাজ ছিল খুবই ঝুঁকিপূর্ণ এবং বিপদ ঘেরা। কিন্তু এতটা কঠিন অবস্থাতেও ফারুক ভাই রহিমাহুল্লাহর মতো নেতার উপস্থিতির খুবই প্রয়োজন ছিল। তিনি আল্লাহর উপর তাওয়াক্কুল ও ভরসা করে উক্ত দায়িত্ব পালন করেন। অবস্থার ভয়াবহতা তার অবিচলতা ও মনোবলকে কিছু মাত্র কমিয়ে দিতে পারেনি। উল্টো তিনি অধিক আগ্রহ-উদ্দীপনা সহকারে নিজের নিরাপত্তার কথা চিন্তা না করেই সকল গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করতে থাকেন।

শাওয়াল উপত্যকায় অবস্থান
এ সময় তিনি শাওয়াল উপত্যকার এক গৃহে কেন্দ্র স্থাপন করেন। শাওয়াল এলাকা একদিকে আফগানিস্তানের সীমান্তের সঙ্গে মিলে যায় অপরদিকে দক্ষিণ ওয়াজিরিস্তানের ওয়ানা (ভানা) এলাকায় যাওয়ার পথও সেটা। এখানে বসে উভয় দিকে মুজাহিদীনকে গাইড দেয়া তার জন্য সম্ভব ছিল।

তিনি এই সময়ে সাথিদের সফরের পরিকল্পনা করতেন। তাদের পথের খরচ এবং ভবিষ্যতের জন্য জিনিসপত্র

[706]

দিয়ে দিতেন। সাথিদেরকে পরস্পরে সংযুক্ত রাখার জন্য ব্যবস্থা বলে দিতেন। সবচেয়ে বড় কথা, এই বিপদে সর্বাবস্থায় ধৈর্য অবলম্বন, আল্লাহর সাহায্যের প্রতি আস্থা এবং অটলতা অবিচলতার উপদেশ দিতেন। অপরদিকে ওই জায়গাটাতে তার অবস্থান অন্যান্য সাথি বিশেষ করে যুদ্ধফ্রন্টের সাথিদের জন্য আশা ও মনোবল বৃদ্ধির বাতিঘর ছিল।

শাওয়াল উপত্যকায় নিচ দিয়ে ড্রোন ফ্লাই এরই মধ্যে ফারুক ভাই রহিমাহুল্লাহর কেন্দ্রে সাথিদের যাতায়াত বৃদ্ধি পেয়ে গিয়েছিল। রোজই সামানপত্র এবং মানুষ বোঝাই গাড়ি ওখানে আসতো এবং দিকনির্দেশনা নিয়ে সামনের দিকে বিদায় হয়ে যেত। এদিকে শাওয়াল উপত্যকায় অস্বাভাবিক রকম বেশি মাত্রায় ড্রোন বিমান নিচে দিয়ে ফ্লাই করতে আরম্ভ করে। কিন্তু তিনি জিদ ধরেন, যতক্ষণ পর্যন্ত সকল সাথি —বিশেষভাবে আরব দায়িত্বশীল ও নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ না বের হবেন, ততক্ষণ পর্যন্ত আমিও বের হবো না।

ওই সময় আমি অধম খাইবার এজেন্সি অভিমুখী সফরে যাওয়ার পথে ফারুক ভাই রহিমাহুল্লাহর কাছে পৌঁছি। এভাবেই ভাইয়ের শেষ জীবনের কিছু সময় তার সঙ্গে কাটাবার সৌভাগ্য আমার হয়। তিনি আমাদের সফরের আগাগোড়া পরিকল্পনা ও নকশা তৈরি করে দেন এবং সম্ভাব্য সকল প্রকার সুযোগ-সুবিধার ব্যবস্থা করেন। সে সময় আমি জোরালোভাবে আবেদন করি, অনুগ্রহ করে তিনি যেন এখান থেকে বের হয়ে নিরাপদ কোথাও চলে যান। এখানে অনেক সাথি রয়েছেন এবং যে কেউ কাজগুলো করে দিতে পারবেন। কিন্তু তিনি মুচকি হেসে আমাকে জবাব দেন: “যতক্ষণ পর্যন্ত কিছু আরব বুযুর্গ এখানে থাকবেন, যতক্ষণ পর্যন্ত নিরাপদে এখান থেকে তাদের রওনা হওয়া সম্ভব না হবে, আমিও [707]

কিছুতেই বের হবো না। ” আসলে ওই সময় খুব বেশি মাত্রায় ড্রোন বিমানের কারণে কিছু আরব হযরতের রওনা হতে দেরি হচ্ছিলো। কিন্তু কিছু সাথি অবশিষ্ট থাকা অবস্থায় তিনি নিজে নিরাপদ জায়গায় চলে যেতে চাচ্ছিলেন না। তাকে দেখে সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুর এই গুণের কথা স্মরণ হয় :

وَيُؤْثِرُونَ عَلَىٰٓ أَنفُسِهِمْ وَلَوْ كَانَ بِهِمْ خَصَاصَةٌ ۚ

অর্থ : “তারা নিজেদের ওপর অন্যদেরকে প্রাধান্য দেয় যদিও নিজেরা অভাবের মধ্যে থাকে। ” [97]

সাথি ভাইদের নিরাপত্তাকে প্রাধান্য দেয়া

ফারুক ভাই রহিমাহুল্লাহ যে গৃহে থাকতেন সেখানে একটি মজবুত পরিখা বানানো হয়েছিল। যখনই আকাশে বিমানের আওয়াজ শোনা যেত তৎক্ষণাৎ তিনি সকল সাথিকে গুহায় ঢুকে যেতে বলতেন। কিন্তু তাঁর উপর শাহাদাতের আগ্রহ এমনভাবে ছেয়ে যায় , তিনি নিজের জীবনের কোনো পরোয়া না করে অন্য সাথিদেরকে সতর্কতা অবলম্বন এবং নিরাপত্তার ব্যাপারে অবহেলা না করার জন্য দিকনির্দেশনা দিতে থাকতেন। সাথিদের সফরের ব্যাপারে , বেশভূষার ব্যাপারে - এক কথায় বিস্তারিতভাবে সকল বিষয়ে সতর্কতা অবলম্বনের পরামর্শ দিতেন। কিন্তু কয়েকবার এমন হয়েছে যে , আকাশে জেট বিমান ঘুরছে এবং সামনে - পেছনে বোম্বিং চলছে কিন্তু তিনি নিশ্চিন্তে কাজে ব্যস্ত। বাধ্য হয়ে কখনও যদি পরিখায় নামতেও হতো তাহলেও সবার শেষে নামতেন এবং সবার আগে বেরিয়ে আসতেন।

আমার মনে হয় তার এই দৃষ্টিভঙ্গি তার পূর্বের রুচি প্রকৃতির বিপরীত ছিল। এর আগে তিনি

[97] সূরা হাশর , আয়াত নং: ০৯

নিরাপত্তাকে যথেষ্ট গুরুত্ব দিতেন। সতর্কতা অবলম্বনকে ঐশী নির্দেশনা মনে করতেন এবং জিহাদী কাজের পূর্ণতার জন্য একে আবশ্যকীয় জানতেন। কিন্তু এই শেষ সময়ে তার দৃষ্টিভঙ্গি থেকে শুধু এক বিশেষ অনুভবের কথাই বোঝা যায়। তার কাজ-কর্ম দিয়ে যেন তিনি বলতে চাচ্ছিলেন, আমি আমার কাজ সম্পূর্ণ করেছি। এখন আমার যাত্রার সময় এসেছে। » এ কারণে আমি ওই সময়ের আগে তাকে এতটা নিশ্চিন্ত ধীর স্থির সম্ভবত কখনোই দেখিনি। শেষের এই গোটা সময়টাতে আমি তার মধ্যে দুশ্চিন্তার কোনো চিহ্ন দেখিনি।

মার্কিন ফাঁদের গুজব ইত্যবসরে স্থানীয় সূত্রে একটা তথ্য পাওয়া যায়। ফারুক ভাই রহিমাহুল্লাহর ঘর যে এলাকায়, সেখানে নাকি আমেরিকানরা কোনো বিশেষ টার্গেটের উপর হামলা করার পরিকল্পনা করছে। বাহ্যিকভাবেই ওই এলাকায় ফারুক ভাই রহিমাহুল্লাহর কেন্দ্র ছাড়া মুজাহিদীনের অন্য কোনো কেন্দ্র ছিল না। সেজন্য সাথিরা তাঁকে ওই ঘর ছেড়ে দেয়ার পরামর্শ দেয়। সে সময় ওই ঘরে তাঁর সঙ্গে ছিলেন মহান চিন্তাবিদ মুবাল্লিগে জিহাদ আযযাম আমরিকী

98রহিমাহুল্লাহ। সিদ্ধান্ত হয়, এই
দুই হযরত পৃথক পৃথক জায়গায় চলে যাবেন। কিন্তু বাইরে ড্রোন বিমান ঘোরাঘুরি করায় সে সময় বের হওয়াটাও ঝুঁকিপূর্ণ ছিল।

98 আমেরিকার নাগরিক আদম ইয়াহিয়া গাদান। তিনি আযযাম আমরিকী নামে পরিচিত। তিনি ১৯৯৫ সালে আমেরিকায় ইসলাম গ্রহণ করেন। তালেবানের শাসনামলে হিজরত করে আফগানিস্তানে আসেন। হিজরতের পর তিনি আরবি ভাষা শিক্ষা ও শরিয়া জ্ঞান অর্জনে মনোযোগ দেন। পরবর্তীতে তিনি আস সাহাব মিডিয়াতে যুক্ত হয়ে ইংরেজি ও আরবি ভাষায় দ্বীনী দাওয়াতের কাজ করতে থাকেন। অসামান্য মেধা এবং শরিয়া ইলমের পরিপক্কতায় তিনি অনন্য ব্যক্তিত্ব ছিলেন। ফারুক ভাই রাহমাতুল্লাহি আলাইহির শাহাদাতের কিছুদিন পর জানুয়ারি ২০১৫ সালে তিনিও মার্কিন ড্রোন হামলায় শাহাদাত বরণ করেন। আল্লাহ তার প্রতি সন্তুষ্ট হোন! আমীন!!

[709]

এরই মধ্যে মিডিয়াতে ফারুক ভাই রহিমাহুল্লাহর শাহাদাতের সংবাদ প্রচার হয়। সাংবাদিকরা এ নিয়ে বিরাট রিপোর্ট করে। কিন্তু তিনি সম্পূর্ণ সুস্থ ও নিরাপদ ছিলেন। এ ঘটনায় তিনি বুঝে যান, এভাবে গুজব রটিয়ে শত্রুপক্ষ তাকে ধোঁকা দিতে চাচ্ছে। শত্রুরা একথা ভাবাতে চাচ্ছে, তারা তাঁর ঠিকানা জানে না, অথচ তারা জানে।

মেহসুদ পাহাড়-সারি: ফারুক ভাই রহিমাহুল্লাহর শেষ নির্বাচন এক সপ্তাহে যখন ড্রোন কম দেখা যাচ্ছিলো, তখন তিনি ওখান থেকে বের হয়ে অন্য একটি স্থানে চলে যান। স্থান পরিবর্তনের পর তার কাছে দুটো অপশন ছিল: আফগানিস্তানে নিরাপদ অঞ্চলে বের হয়ে যাওয়া অথবা পুনরায় ওয়াজিরিস্তানের আরও ভেতরে মেহসুদ ডেরায় চলে যাওয়া। তিনি সে সময় মেহসুদ অঞ্চলের মাকিন এলাকার দূরবর্তী ডেরায় চলে যাওয়ার অপশন বাছাই করেন। মৌলিকভাবে এই বাছাইয়ের কারণ ছিল: মেহসুদ মুজাহিদীনের সঙ্গে আস্থা পূর্ণ সম্পর্কে। আবার এমনও হতে পারে যে, তিনি ওই সময়টাতে ওয়াজিরিস্তানের যুদ্ধ ফ্রন্টে অবস্থানকারী ভাইদের থেকে বেশি দূরে যেতে চাচ্ছিলেন না। মেহসুদ অঞ্চলের বরফ ঢাকা পাহাড় থেকে বের হয়ে দীর্ঘ ডেরা মাকিন শহর পর্যন্ত যায়। উল্লেখ্য যে, মেহসুদ অঞ্চলে চলে আসার দাওয়াত দিয়েছিলেন মুজাহিদীনের বুযুর্গ চিন্তাবিদ মেহসুদ মুজাহিদীনের একজন স্নেহশীল অভিজ্ঞতা সম্পন্ন নেতা মাস্টার আজম তারেক মেহসুদ রহিমাহুল্লাহ-কমান্ডার খালেদ সাঈদ মেহসুদ রহিমাহুল্লাহর পরামর্শে। যদিও তিনি ওয়াজিরিস্তানে তার আট বছর অবস্থানকালে সেখানকার চারটা বড় বড় গোত্র অর্থাৎ আহমদ যাঈ

[710]

ওয়াজির, ইতমান যাঈ ওয়াজির, মেহসুদ ও দাওয়ারী উপজাতির এলাকা দিয়ে সময়ে সময়ে অতিক্রম করতে হয়েছে এবং এই চার গোত্রের বড় বড় মুজাহিদ ও নেতৃবৃন্দের সঙ্গে তার ঘনিষ্ঠ সম্পর্ক ছিল, দাওয়াত, সংস্কার, সামরিক বিষয়ে তাদের পরামর্শ সভায় তিনি থাকতেন, যথাসম্ভব সকল মুজাহিদের সঙ্গে সহযোগিতা ও কাঁধে কাঁধ মিলিয়ে জিহাদ ফী সাবীলিল্লাহ করতেন। কিন্তু এসব কিছুর ভেতরে মেহসুদ গোত্রের সঙ্গে তার সম্পর্ক মুহব্বত ভালোবাসা ও আস্থা সবচেয়ে বেশি ছিল। যেহেতু তিনি নিজের জীবনের শেষ দিনগুলো এখানে কাটিয়েছেন, তাই এ সম্পর্কে কিছু আলোচনায় তাঁর সঙ্গে মেহসুদ গোত্রের মুজাহিদীনের বিশেষ সম্পর্কের বিষয়টি তুলে ধরবো।

২০০৬ সাল থেকেই মেহসুদ গোত্রে তার যাতায়াত শুরু হয়। শুরুতে আরব হযরতদের সঙ্গে সাক্ষাৎ পরামর্শ কিংবা নৈতিক প্রশিক্ষণের ক্লাসগুলোতে অংশগ্রহণের জন্য এখানে আসতে হতো। কিন্তু ২০০৮ সালে যখন তার সাথিদের ওপর দক্ষিণ ওয়াজিরিস্তানে ভানাতে পাকিস্তানি সেনাবাহিনীর গুপ্তচরবৃত্তির ফলে ক্রমাগত কিছু আমেরিকান ড্রোন হামলা হয়, তখন তিনি তার আমীর শায়খ মুস্তফা আবুল ইয়াজিদ রহিমাহুল্লাহর নির্দেশে মেহসুদ অঞ্চলে চলে যান। এই স্থানান্তরের পেছনে একদিকে যেমন তার নিরাপত্তা নিশ্চিত করা উদ্দেশ্য ছিল অপরদিকে সেখানে যাওয়ার ফলে আল-কায়েদার কেন্দ্রীয় নেতৃবৃন্দের নৈকট্য ও পরামর্শে অংশগ্রহণের সুযোগও অনেক বেড়ে যায়। ওই সময় মহান কায়েদে জিহাদ আমীরুল মুজাহিদীন বাইতুল্লাহ মেহসুদ রহিমাহুল্লাহর সঙ্গে তার কয়েকবার সাক্ষাৎ হয়। তারা উভয়ে দীর্ঘ বৈঠকে মিলিত হন। তাতে সামরিক, মনস্তাত্ত্বিক, আত্মশুদ্ধি মূলক বিষয় নিয়ে এবং পাকিস্তানি রাজনীতির হালচাল সম্পর্কে বিস্তারিত

[711]

মতবিনিময় করেন। এই বৈঠকগুলোতে শহীদ ডাক্তার আবু খালেদ রহিমাহুল্লাহও উপস্থিত ছিলেন। সেই সাথে শহীদ বাইতুল্লাহ মেহসুদ রহিমাহুল্লাহর কঠোর ন্যায়পরায়ণতার কারণে ডাক্তার সাহেব রহিমাহুল্লাহ তার চিকিৎসার দায়িত্ব পালন করেন। এই সাক্ষাৎগুলোর মাধ্যমে একদিকে যেমন তাদের মাঝে পারস্পরিক আস্থা ও সাহায্য-সহযোগিতার সম্ভাবনা বৃদ্ধি পায়, অপরদিকে মেহসুদ মুজাহিদীনের অন্যান্য নেতা ও উলামায়ে কেরামের সঙ্গে তার ঘনিষ্ঠ সম্পর্ক তৈরি হয়।

সুকৌশলী আমীর মাওলানা অলিউর রহমান মেহসুদ রহিমাহুল্লাহ সম্পর্কে…
২০০৯ সালে আমীর বাইতুল্লাহ মেহসুদ রহিমাহুল্লাহ মার্কিন ড্রোন হামলায় শাহাদাত বরণ করার পর মেহসুদ মুজাহিদীনের নেতৃত্ব গ্রহণ করেন আলেমে রব্বানী সুকৌশলী আমীর মাওলানা অলিউর রহমান মেহসুদ রহিমাহুল্লাহ। মেহসুদ গোত্রে জিহাদের ময়দান নির্মাতাদের তিনি একজন ছিলেন এবং ইমারতে ইসলামিয়ার সময়কাল থেকেই জিহাদের ময়দানে ছিলেন। জামিয়া ইমদাদিয়া ফয়সালাবাদ থেকে দাওরা হাদীসের সনদ লাভ করার পর কিছুদিন তিনি ইলমে দীন শিক্ষাদানে রত থাকেন। আফগানিস্তানে আমেরিকার বর্বর হামলার পর জিহাদী কর্মকাণ্ড এবং মুহাজিরদের সাহায্যে ব্যস্ত হয়ে পড়েন। মুহাজিরীনের সাহায্য-সহযোগিতা এবং তাদের সুরক্ষার ব্যবস্থা সুশৃঙ্খল করার জন্য তিনি নিজের কিছু সঙ্গী-সাথিকে জড়ো করে মেহসুদ গোত্রের মুজাহিদীনকে সাংগঠনিক রূপ দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন। পুনরায় তিনি উত্তর ওয়াজিরিস্তানে গমন করে মোল্লা বাইতুল্লাহ মেহসুদ রহিমাহুল্লাহকে মুজাহিদীনের নেতৃত্বভার

[712]

গ্রহণ করতে বাধ্য করেন। তার চেষ্টা-প্রচেষ্টার ফলে মেহসুদ গোত্রের মুজাহিদীন এক বিপ্লবী দল রূপে সঙ্ঘবদ্ধ হন আর তিনি আমীর বাইতুল্লাহ মেহসুদ রহিমাহুল্লাহর মেহসুদ গোত্রের উত্তরসূরি হন। মাওলানা অলিউর রহমান রহিমাহুল্লাহ নেতৃত্ব সামলে নিতেই মুজাহিদীনের মেহসুদ গোত্র পুরোপুরি শৃঙ্খলাবদ্ধ ও মূলনীতি মাফিক ঢেলে সাজান। প্রতিটা হালকায় খোদাভীরু উলামায়ে কেরামকে আমীর নিযুক্ত করেন। মুজাহিদীনের শরীয়াহ ও নৈতিক প্রশিক্ষণের ব্যবস্থা করেন। শরীয়াহর বিচার-ফয়সালার জন্য কাজী নিযুক্ত করেন এবং মেহসুদ গোত্রের প্রতিটি কোণা থেকে দখলদার সেনাবাহিনীর ওপর তীব্র হামলা শুরু করেন। তিনি কর্মকৌশল ও দৃঢ় প্রত্যয়ের মাধ্যমে বেশ কিছু ফিতনার মোকাবেলা করেন। দুষ্কৃতিকারীদেরকে দমন করেন। মুজাহিদীনের সারি পবিত্রকরণ এবং তাদের শরীয়াহ ও নৈতিক শিক্ষা-দীক্ষার ব্যবস্থা করেন। সবর তথা ধৈর্যধারণ, উচ্চ মনোবল ও সাহসিকতা মাওলানা অলিউর রহমান রহিমাহুল্লাহ এর উল্লেখযোগ্য গুণ ছিল। মুসলিমদের রক্তপাতের ব্যাপারে যথেষ্ট সতর্কতা অবলম্বন করতেন। মতবিরোধের পথ বন্ধ করার জন্য কয়েকবার নিজের অধিকার ছেড়ে দিয়েছিলেন। পাকিস্তানি মুজাহিদীনের মাঝে উন্নত গুণাবলি দূরদৃষ্টি খোদাভীতি এবং অবিচলতার দিক থেকে তিনি অনন্য নেতা ছিলেন।

অন্যান্য ঈমানী গুণের পাশাপাশি আমীর মাওলানা অলিউর রহমান রহিমাহুল্লাহ আল্লাহর দীনের সাহায্যের জন্য ঘর-বাড়ি পরিত্যাগ করে আসা মুহাজিরীনের সাহায্য-সহযোগিতায় সবার আগে ছিলেন। অন্যান্য মুহাজিরীনের মতোই আল-কায়েদার সাথিদের সঙ্গে তার সম্পর্ক এমন ছিল, যেন এক প্রাণ দুই দেহ। আল-কায়েদার নেতৃবৃন্দের সঙ্গে দীর্ঘ পরামর্শ সভায় তিনি থাকতেন এবং নিজের বিভিন্ন

[713]

কাজ তিনি পারস্পরিক পরামর্শের ভিত্তিতে করতেন। আল-কায়েদার নেতারাও মাওলানা সাহেব রহিমাহুল্লাহকে নেতৃবৃন্দের মাঝে গণ্য করতেন। মুহাজিরীনের সাহায্য-সহযোগিতার ক্ষেত্রে আল্লাহ তাআলা তাকে অনেক বড় অবদান রাখার তাওফীক দিয়েছেন। জিহাদের আকাবিরীন হযরতের নিরাপত্তা ও সাহায্য-সহযোগিতার কাজ আল্লাহ তাআলা তার দ্বারা করিয়েছেন। এসব কিছুকে আল্লাহ তাআলা তার জন্য পরকালের পাথেয় বানিয়ে দিন এবং তার প্রতি সন্তুষ্ট হোন, আমীন।

আল-কায়েদার অন্যান্য দায়িত্বশীল-এর মতোই ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে মাওলানা অলিউর রহমান রহিমাহুল্লাহর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। অধিকাংশ সময় এই দুই নেতার দীর্ঘ বৈঠক হতো। জিহাদ, সমর, ইসলাহ বিষয় নিয়ে তারা মতবিনিময় ও পরামর্শ করতেন। মাওলানা অলিউর রহমান রহিমাহুল্লাহর জীবন ক্যানভাসে আল-কায়েদা ও মেহসুদ অঞ্চলের মুজাহিদীনকে একই পাখির দুই ডানা বলে মনে হতো।

অবশেষে মুসলিম উম্মাহর এই মহান নেতা ২০১৩ সালের মে মাসে পাকিস্তানি সেনাবাহিনীর বিশ্বাসঘাতকতার ফলে উত্তর ওয়াজিরিস্তানে মার্কিন ড্রোন হামলায় শাহাদাত বরণ করেন। যে সময় মাওলানা অলিউর রহমান মেহসুদ রহিমাহুল্লাহর দুঃসংবাদ আমরা পাই, তখন ঘটনাক্রমে আমি আল-কায়েদার দুইজন মহান নেতা শায়খ ইবরাহীম আল মাগরিবি হাফিযাহুল্লাহ এবং উস্তাদ আহমদ ফারুক রহিমাহুল্লাহর সঙ্গে বসা ছিলাম। এক সাথি ভাই মাওলানা রহিমাহুল্লাহর শাহাদাতের সংবাদ নিয়ে আসেন। শোনা মাত্রই ওই দুই হযরত এতটা চিন্তিত হয়ে যান, যেমনটা নিজেদের কোনো মহান নেতার মৃত্যুতে হয়ে থাকেন। সম্ভবত আমি ফারুক ভাই রহিমাহুল্লাহকে এতটা চিন্তিত হতে আর কখনও দেখিনি। তার চোখ দিয়ে পানি ঝরতে থাকে। তিনি [714]

মাওলানা অলিউর রহমান রহিমাহুল্লাহর প্রশংসা করেন। তার মহান কীর্তি অবদান উন্নত চরিত্র এবং খোদাভীতির সাক্ষ্য প্রদান করেন। তিনি এক বিবৃতিতে পাকিস্তানে বসবাসকারী মুসলিম এবং মেহসুদ গোত্রের আত্ম মর্যাদা সম্পন্ন ঈমানদারদের কাছে মাওলানা রহিমাহুল্লাহর শাহাদাত কেন্দ্র করে কিছু শোক বার্তা তুলে ধরেন। তার একটা অংশ এখানে উদ্ধৃত করা সমীচীন মনে হচ্ছে। উক্ত বার্তায় তিনি বলেন:

“সর্বপ্রথম আমি আপনাদের কাছে আপনাদের আরও এক সন্তান, একজন মহান নেতা, একজন প্রজ্ঞাবান সংস্কারক, একজন নির্ভীক মুজাহিদ, একজন সত্য উচ্চারণকারী আলেমে দীন মাওলানা অলিউর রহমান মেহসুদ রহিমাহুল্লাহর শাহাদাতে শোক প্রকাশ করছি। আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার কাছে কামনা, তিনি যেন মাওলানা সাহেবের মর্যাদা উন্নীত করেন, জিহাদের পথে কাটানো তার প্রতিটি মুহূর্ত কবুল করে নেন, মুজাহিদীনের মাঝে ঐক্য সাধনের জন্য তার সকল চেষ্টা-প্রচেষ্টাকে তার মাগফেরাত ও ক্ষমার মাধ্যম হিসেবে গ্রহণ করেন, তার রক্ত পাকিস্তানের অধিবাসীর নবজাগরণের এবং মুজাহিদীনের মাঝে আরও অধিক অবিচলতা ও ঐক্য বৃদ্ধির কারণ হিসেবে কবুল করেন, আমীন।

আমার প্রিয় জাতি! আজ আরও একবার ওয়াজিরিস্তানের ভূখণ্ডে মেহসুদ গোত্র তার এক কলিজার টুকরাকে এক ভয়াবহ যুদ্ধে উৎসর্গ করে দিয়েছে, যেন এই দেশে শরীয়তের বসন্ত আসে এবং এই অঞ্চলের অধিবাসীগণ আমেরিকা ও তার মিত্রশক্তির আগ্রাসন থেকে মুক্তি লাভ করে। আত্মমর্যাদাশীল এই সমস্ত মুজাহিদ অত্যন্ত প্রতিকূল ও বিরূপ অবস্থায় নিজেদের রক্ত দিয়ে ত্যাগ-তিতিক্ষা ও সাহসিকতার এমন সোনালী ইতিহাস রচনা করে যাচ্ছেন, এই অধিক অঞ্চলের অধিবাসীরা যে ঋণ কখনোই শোধ করতে পারবে না। [715]

গোত্রীয় অঞ্চলে চলমান এই যুদ্ধ গোটা উপমহাদেশের ভবিষ্যত নির্ধারণের যুদ্ধ। এই যুদ্ধে ইসলামের যোদ্ধাগণ লাশের বাঁধ তৈরি করে প্রিয় উম্মাহকে রক্ষা করে যাচ্ছে। হে আমার প্রিয় গোত্রবাসী! তারাই আপনাদের প্রকৃত নেতা এবং অনুগ্রহশীল। তারাই সত্য চিনেছেন এবং দুনিয়ার তিরস্কার নিন্দার তোয়াক্কা না করে সেই সত্য তুলে ধরেছেন। সাজ-সরঞ্জাম না থাকা সত্ত্বেও বাতিলের বিরুদ্ধে লড়াইয়ের ময়দানে অবতীর্ণ হয়েছেন। তারা ইসলামের ওই প্রকৃত সিংহ, যারা আম্বিয়া আলাইহিমুস সালাম এবং সাহাবায়ে কেরাম রাযিয়াল্লাহু আনহুমের পথ অনুসরণ করছেন, প্রতিকূলতা সত্ত্বেও সত্যের বাণী উচ্চারণ করছেন, হিজরত ও নুসরতের কাঁটা বিছানো কিন্তু প্রেমময় পথে তারা চলছেন। ত্যাগী ও সুসংবাদের অধিকারী আল্লাহর এই বান্দারা উম্মাহকে প্রশান্তিময় একটি সন্ধ্যা এবং সম্মান ও গৌরবের একটি প্রভাত উপহার দেয়ার জন্য নিজেদের দেহ ছিন্ন-বিচ্ছিন্ন করে দিয়েছেন। এ কাজে তারা সন্তুষ্ট রয়েছেন। তাদেরকে চিনুন। তাদেরকে মূল্যায়ন করুন। তাদেরকে সাহায্য-সহযোগিতা করুন এবং তাদের দাওয়াতে লাব্বাইক বলুন। এমনই একজন মহান ব্যক্তি ছিলেন আমাদের প্রিয় ভাই এবং মুহতারাম কায়েদ মাওলানা অলিউর রহমান মেহসুদ রহিমাহুল্লাহ। তার ব্যাপারে এমনটাই আমাদের প্রত্যাশা, আল্লাহ তার জন্য যথেষ্ট। তিনি সুদীর্ঘ জিহাদী সফর এবং মুহাজিরীন মুজাহিদীনের দৃষ্টান্তহীন সাহায্য-সহযোগিতার দীর্ঘ অধ্যায় রচনার পর কিছুদিন আগে উত্তর ওয়াজিরিস্তানে ড্রোন হামলায় শাহাদাত বরণ করেন। আল্লাহ তাকে নিজ সন্তুষ্টি দান করুন। তার মর্যাদা বাড়িয়ে দিন এবং আম্বিয়া আলাইহিমুস সালাম ও সিদ্দিকদের সঙ্গে তার ঠিকানা তৈরি করুন। মেহসুদ গোত্রকে আল্লাহ তাআলা

[716]

মুহাম্মদী শরীয়তের মাঝে আরও গভীরতা , সংযুক্তি , অবিচলতা, জিহাদের পথে ধৈর্য ও সহিষ্ণুতা দান করুন। কারণ সবর ও ইয়াকীনের মাধ্যমেই দীন , ইমামত (নেতৃত্ব) ও আমানত লাভ হয়। মেহসুদ গোত্রকে আল্লাহ ইয়াকীন ও দৃঢ়বিশ্বাস অন্তর স্থাপন করে দিয়ে গন্তব্য পানে অগ্রসর হবার তাওফীক দান করুন। আল্লাহ তাদেরকে এই বিশ্বাস দান করুন যে , সত্যের পথে পরীক্ষা ও প্রতিকূলতা এসেই থাকে ; কিন্তু পরিশেষে শুভ পরিণতি হকপন্থিদেরই পদচুম্বন করে। এমনটাই বলেছেন আল্লামা ইবনে কাইয়িম রহিমাহুল্লাহ :

والحق منصور وممتحن فلا تعجب فهذه سنة الرحمن

لكنما العقبة لاهل الحق ان فاتت هنا كانت لدى الديان[99] [100]

আমীর খালেদ মেহসুদ রহিমাহুল্লাহর সঙ্গে শেষ সাক্ষাৎ

মেহসুদ গোত্রে সর্বশেষ যখন তিনি অবরুদ্ধ ছিলেন এবং সকল সাথির সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন করে দিয়েছিলেন , ঐ দিনগুলোতে আমীরে মুজাহিদীন মেহসুদ গোত্রের সাহসিকতা ও বীরত্বের প্রতীক কমান্ডার খালেদ সাঈদ সাজনা রহিমাহুল্লাহ ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে সাক্ষাতের উদ্দেশ্যে আগমন করেন। তার সঙ্গে ফারুক ভাই রহিমাহুল্লাহর অনেক শ্রদ্ধা ও ভালোবাসার সম্পর্ক ছিল। কমান্ডার খালেদ সাঈদ রহিমাহুল্লাহ একদিকে সাহসিকতা ও অবিচলতায় ঈর্ষণীয় ব্যক্তিত্ব ছিলেন অপরদিকে উন্নত আখলাক, বিনয় , শরীয়ত অনুসরণ এবং মুহাজিরদের সাহায্য -সহযোগিতা ও ভালোবাসার

[99] এই কবিতাগুলোর অনুবাদ এভাবে করা যেতে পারে : "সত্যকে সাহায্য করা হয় আর পরীক্ষার সম্মুখীন করা হয়। এতে আশ্চর্য হবার কিছু নেই , কারণ এটাই রহমানের সুন্নত। কিন্তু পরিণতিতে সত্যপন্থীরাই সফল হয় — দুনিয়াতে যদি নাও হয় আল্লাহর কাছে তো অবশ্যই তারাই সফল হয়।"

[100] উস্তায আহমদ ফারুক রহমতুল্লাহি আলাইহির বিবৃতি معرکۂ اسلام اور جمہوریت میں فتح حق کی ہوگی থেকে উদ্ধৃত

ক্ষেত্রে সমকালীনদের মাঝে অনন্য ছিলেন। এক কথায় পাকিস্তানি সেনাবাহিনীর অপারেশন জারি থাকা অবস্থায় অপরদিকে মেহসুদ অঞ্চলের মুজাহিদীন কিছু বিশৃঙ্খলাকারীর অবরোধে আটকা অবস্থায় খালেদ আমীর সাহেব রহিমাহুল্লাহ একা সশরীরে কোনো রক্ষী ছাড়াই ফারুক ভাই রহিমাহুল্লাহর ঠিকানায় আগমন করেন, তার সিকিউরিটির বিভিন্ন দিক পর্যবেক্ষণ করেন এবং সামরিক বিষয়ে পরামর্শ করে বিদায় নেন। মেহসুদ অঞ্চলের সাহসী আত্মমর্যাদাশীল সিংহ দল ফারুক ভাই রহিমাহুল্লাহর নিরাপত্তার দায়িত্ব পালন করে যাচ্ছিলেন। জিহাদী নেতাদের মাঝে খালেদ আমীর সাহেব রহিমাহুল্লাহ শেষ ব্যক্তি ছিলেন, যিনি শাহাদাতের কিছুদিন আগে ফারুক ভাই রহিমাহুল্লাহর সঙ্গে সাক্ষাৎ করেন। মেহসুদ গোত্রের মুজাহিদীনের প্রতি ফারুক ভাই রহিমাহুল্লাহর আস্থা ও ভালোবাসার এটাই প্রকৃষ্ট উদাহরণ। কমান্ডার আমীর খালেদ মেহসুদ রহিমাহুল্লাহ ২০১৫ সালের নভেম্বর মাসে আমেরিকান ড্রোন হামলায় শাহাদাত বরণ করেন। আল্লাহ তার প্রতি সন্তুষ্ট হোন, আমীন।

একাকী বন্দীর মতো অবরুদ্ধ
মেহসুদ এলাকায় বিভিন্ন আনসারের বাড়িতে ফারুক ভাই রহিমাহুল্লাহকে রাখা হয়। ড্রোনকে ধোঁকা দেয়ার জন্য তাকে পাঁচদিনের জন্য এক কক্ষে আবদ্ধ থাকতে হয়। ঐ কক্ষে শুকনো রুটি এবং পানি দিয়ে তার দিন গুজরান করতে হয়। জানুয়ারি মাসে মেহসুদ ডেরার আকাশচুম্বী পাহাড়ের ওপর কোনো আগুন ছাড়া শীতের মধ্যে থাকতে হয়। এ সময় রাতে আলো জ্বালানোর সুযোগ থাকতো না —আলো জ্বালানো হলে

[718]

শত্রু বুঝে যেতে পারে এখানে কেউ আছে, সে আশঙ্কায়।

একাকিত্বের এই জগতে মারেফতের অনেক অর্থ, অনেক অধ্যায় ফারুক ভাই রহিমাহুল্লাহর বুঝে আসে। আল্লাহর একত্ব নিয়ে চিন্তা-ভাবনা করা এবং এই বিশ্বজগতের রহস্য ও প্রজ্ঞা ঈমানী দূরদৃষ্টি দিয়ে বোঝার সুযোগ তিনি লাভ করেন। এতসব কষ্ট এবং শাহাদাতের সময় ঘনিয়ে আসা সত্ত্বেও ফারুক ভাই রহিমাহুল্লাহর অবিচলতার পা কিছু মাত্র পিছলে যায়নি। তিনি সকল সাথিকে শুধু উপদেশ ও অসিয়ত করছিলেন, কিছুতেই তারা যেন নত না হন, আমেরিকা ও মিত্রশক্তির বিরুদ্ধে লড়াই যেন তারা বন্ধ না করেন। তিনি সাথিদের মনোবল বৃদ্ধি করতে থাকেন। হতাশ হতে নিষেধ করেন।

শেষ নিঃশ্বাসের সময়ও উম্মাহর চিন্তা
যখন তিনি অনুমান করতে পেরেছিলেন, শত্রু তার পেছনে রয়েছে এবং তিনি পুরোপুরি বেষ্টনীর মধ্যে রয়েছেন; শাহাদাতের সম্ভাবনা যখন প্রবল হয়ে যায়, এমন প্রতিকূল ও কঠিন অবস্থার ভিতরেও তিনি মুসলিম উম্মাহ ও মুজাহিদীনের জন্য তিনটি খুবই গুরুত্বপূর্ণ কাজ করেন। ফারুক ভাই রহিমাহুল্লাহর এই গুণ নিয়ে যদি চিন্তা করা হয়, তাহলে নিশ্চিত বোঝা যায়, তিনি সমকালের সত্যপন্থি ইমাম ছিলেন। তিনি দেয়ালে নিজের শাহাদাত দেখতে পাচ্ছিলেন, আকাশে চারিদিকে ড্রোন বিমান মাথার ওপর ঘোরাঘুরি করছিল। এলাকা থেকে সাধারণ জনবসতি প্রায় সরিয়ে ফেলা হয়েছিল। এ অবস্থায় তার জন্য ওই অবরোধ থেকে বের হওয়া কঠিন কাজ ছিল। কিন্তু তিনি আল্লাহর এই সিদ্ধান্তে সন্তুষ্ট ছিলেন। তিনি যেন নীরবে এ কথা বলে যাচ্ছিলেন: “হে আল্লাহ যদি আপনি আমাকে এই ময়দানে [719]

শহীদ করতে চান, তাহলে আমি পুরোপুরি প্রস্তুত। আপনার ভালোবাসার তরে উৎসর্গিত হওয়ার জন্য আমি প্রস্তুত। সাইয়েদুনা ইসমাইল আলাইহিস সালাম যেমনিভাবে তার পিতা ইবরাহীম আলাইহিস সালামকে বলেছিলেন: আব্বাজান! আপনি ছুরি চালান আমি কুরবান হওয়ার জন্য তৈরি আছি— হে আল্লাহ আমিও তেমনি প্রস্তুত।”

এই অবস্থায়ও তিনি কিছু মহান কাজ করেন:

** আল-কায়েদা উপমহাদেশের মুজাহিদীনের উদ্দেশ্যে তিনি নিজের শেষ অডিও বয়ান রেকর্ড করেন। উক্ত বিবৃতিতে তিনি জিহাদ চালু রাখা, সবর, ধৈর্য, অবিচলতা ধরে রাখা, নিরাশ না হওয়া এবং নেতৃবৃন্দের শাহাদাতে হতাশ না হবার উপদেশ দেন। সে সঙ্গে পেশোয়ারে আর্মি পাবলিক স্কুলে পরিচালিত হামলা জায়েয না হওয়া, নিষ্পাপ শিশুদেরকে হত্যার সঙ্গে তার এবং তার জামাতের কোনো সম্পর্ক না থাকার কথা ঘোষণা করেন। সবদিকে বোমাবর্ষণ এবং শাহাদাতের ধারা প্রবাহ সত্ত্বেও ওই সময় ফারুক ভাই রহিমাহুল্লাহর উপর কোনো দুশ্চিন্তার চিহ্ন লক্ষ্য করা যায়নি। কিন্তু যখন কিছু নির্বোধ লোক আর্মি পাবলিক স্কুলে হামলা করে শত শত শিক্ষার্থীকে পিতাদের অপরাধের কারণে অন্যায়ভাবে হত্যা করে, তখন তিনি কাটা মুরগির মতো ছটফট করতে থাকেন। তিনি বলতে থাকেন, আমরা যেই জিহাদ ও দীন প্রতিষ্ঠা করার জন্য নিজেদের জীবন উৎসর্গ করছি, পেশাওয়ার স্কুলের ঘটনা তার জন্য খুবই ক্ষতিকারক প্রমাণিত হবে। আল্লাহর সন্তুষ্টির পাশাপাশি সকল মুজাহিদের কাজের দুর্নামের কারণ হবে এই ঘটনা। পাকিস্তানের মুসলিমদের অন্তর থেকে মুজাহিদীনের মুহব্বত ভালোবাসা বেরিয়ে যাওয়ার কারণ হবে এই অন্যায়।

[720]

এই ঘটনায় তিনি এতটা ব্যথিত হয়েছিলেন, যা ভাষায় প্রকাশ করার মতো নয়। তাই তিনি বারবার সাথিদেরকে নসীহত করতে থাকেন, এ ঘটনার সঙ্গে আমাদের সম্পর্ক না থাকা এবং উক্ত ঘটনা শরীয়তের দৃষ্টিতে নিষিদ্ধ হবার কথা ঘোষণা করা আমাদের জন্য জরুরি। আল-কায়েদা উপমহাদেশের তৎকালীন মুখপাত্র উস্তাদ উসামা মাহমুদ হাফিযাহুল্লাহ যে সময় এক বিবৃতিতে পেশোয়ার আর্মি পাবলিক স্কুলে সংঘটিত হামলার সঙ্গে তাদের সম্পর্ক না থাকার কথা ঘোষণা করেন, ওই সময় ফারুক ভাই রহিমাহুল্লাহ তার শাহাদাতের মাত্র তিন দিন আগে তার নামে একটি পত্র লিখেন। পত্র থেকে কিছু অংশ তুলে ধরা হলো:

“পেশোয়ার ঘটনার পর দুশ্চিন্তায় আমার অবস্থা অনেক খারাপ ছিল। কিন্তু আপনার বিবৃতি ও আলোচনা ইউসুফজাই'র কাছ থেকে (বিবিসি রেডিওতে) শুনে অনিচ্ছাকৃতভাবে মুখ থেকে দোয়া ও তাকবীর বের হয়ে এসেছে। আল্লাহ আপনার মর্যাদা উন্নীত করুন। আল্লাহর ওয়াস্তে এই অন্যায়ের ব্যাপারে পুরোপুরি সুস্পষ্ট অবস্থান নিতে হবে। দুনিয়া আখিরাতে এই অন্যায়ের সঙ্গে আমাদের কোনো সম্পর্ক নেই। এটি আপনার জন্য এবং আমার সম্মানিত আমীর শায়খ আসিম উমর রহিমাহুল্লাহর প্রতি আমার শেষ কথা। শরীয়ত বহির্ভূত কোনো কাজের ব্যাপারে গোলমেলে কথা বলার প্রয়োজন নেই।”

** অবরুদ্ধ অবস্থায় তিনি পাকিস্তানে দীন প্রতিষ্ঠার জিহাদ চালু রাখা, এই সংগ্রামের গুরুত্ব ও শরীয়তী অবস্থান স্পষ্ট করার জন্য একটি পুস্তিকা রচনা করেন, যা পরবর্তীতে ‘পাকিস্তানে জিহাদ চালু রাখা উচিত’ নামে প্রকাশিত হয়। ওই পুস্তিকায় তিনি শরীয়ত, ঈমান, সমরনীতি, নৈতিকতা ও বুদ্ধিভিত্তিক দলীল প্রমাণ আলাদা

[721]

আলাদাভাবে বর্ণনা করে পাকিস্তানে জিহাদের প্রয়োজনীয়তা তুলে ধরেন। পুস্তিকাটি পাঠ করার দ্বারা একদিকে যেমন পাকিস্তানে জিহাদ অব্যাহত রাখার ব্যাপারটি অনুধাবিত হয়, অপরদিকে আলেমে রব্বানী আহমদ ফারুক রহিমাহুল্লাহর দৃঢ় সংকল্প, মনোবল এবং শেষ মুহূর্তে আল্লাহর সাহায্য-সহযোগিতার প্রতি আস্থার বহিঃপ্রকাশ ঘটে। নিঃসন্দেহে আমেরিকা ও মিত্রশক্তি পাকিস্তানি আর্মির সকল শক্তি সামর্থ্য ও অস্ত্রশস্ত্র তার ঈমান ও আস্থায় কিছু মাত্র চির ধরাতে পারেনি। শত্রুপক্ষ তাকে এক পা-ও পেছনে সরাতে পারেনি। তিনি নিজের জায়গায়, নিজের দৃষ্টিভঙ্গি ও দৃঢ়সংকল্পে সর্বদাই বিজয়ী ও প্রতিষ্ঠিত ছিলেন। আল্লাহ তাআলা তার প্রতি সন্তুষ্ট হোন, আমীন।

** সে সময় ফারুক ভাই রহিমাহুল্লাহর কাছে কায়েদে জিহাদ শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহর প্রজ্ঞা ও সারগর্ভ জিহাদী ইতিহাস এবং তার দূরদর্শিতামূলক দৃষ্টিভঙ্গির আলোকে রচিত ‘ফুরসান’ গ্রন্থের একটি কপি ছিল। তার কাছে কাগজ-কলমের ব্যবস্থা ছিল না। তাই তিনি ভয়েস রেকর্ড করে উক্ত গ্রন্থের কিছু অধ্যায় অনুবাদ করেন। এ কাজটি শুরু করার পর কয়েকটি অধ্যায় তিনি শেষ করেন। তার শাহাদাতের পর তার আত্মীয় ও সহচর শহীদ রায়হান আফফান রহিমাহুল্লাহ সেগুলো সংকলন ও বিন্যস্ত করেন।

** ওই সময় তিনি তার বিশদ অসিয়ত নামা রচনা করেন। সেটি তার নিকটতম সাথি ও প্রিয় ব্যক্তি দাউদ গৌরী হাফিযাহুল্লাহর নামে চিঠি আকারে ছিল। জ্ঞান-প্রজ্ঞাগর্ভ ওই অসিয়ত নামায় তার আত্মীয়-স্বজন ও কাছের মানুষজন ছাড়াও সকল মুসলিমের প্রতি অনেক উপদেশ বাণী ও মূল্যবান কথা রয়েছে। ইসলামের এক মহান নেতা শেষ নিঃশ্বাস ত্যাগের সময় কতটা ঈমান ও [722]

আস্থা অন্তরে ধারণ করেন, তার প্রকৃষ্ট উদাহরণ উক্ত চিঠি। আমাদের এই গ্রন্থের শেষ অধ্যায়ে অসিয়ত নামাটি বিস্তারিত লিখে দেয়া হয়েছে।

বন্দী মুক্ত করো! : নববী নির্দেশে আমল করো

মেহসুদ ডেরায় ওই দিনগুলোতে ফারুক ভাই রহিমাহুল্লাহর ঠিকানা থেকে একটু দূরে আল-কায়েদার অধীনে পরিচালিত যুদ্ধ বন্দীদের একটি বন্দীশালা ছিল। মুজাহিদীনের হাতে গ্রেফতার কাফের সৈন্য এবং তাদের হাই-প্রোফাইল সাহায্যকারীদেরকে রাখার জন্য ওই বন্দীশালা তৈরি করা হয়। বন্দী বিনিময়ের উদ্দেশ্যেই এই প্রকল্প। মুসলিম বন্দী এবং বিশেষ করে মুসলিম মা- বোনদেরকে কাফের ও মিত্রশক্তির হাত থেকে মুক্ত করা জিহাদ ফি সাবীলিল্লাহের মৌলিক উদ্দেশ্য। গোটা পৃথিবীর কারাগারগুলোতে লক্ষ লক্ষ মুসলিম নারী-পুরুষ -কাফের গোষ্ঠী ও মিত্রশক্তির কাছে বছরের পর বছর বন্দী হয়ে আছে। তাদের মুক্তির জন্য সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করা মুসলিমদের উপর ওয়াজিব। ইসলামী ফিকহের উলামায়ে কেরামের সুস্পষ্ট ভাষ্য অনুযায়ী মুসলিম মা-বোনদের মুক্তির ব্যবস্থা করার জন্য যদি মুসলিমদের সকল সম্পদ বিলিয়ে দিতে হয়, তবুও এই কাজে ত্রুটি করা যাবে না। বন্দী ভাই-বোনদের মুক্তির জন্য কাফের গোষ্ঠী ও মিত্রগোষ্ঠীর সৈন্যদেরকে গুম করে বন্দী বিনিময়ের চেষ্টা করা বর্তমান সময়ের উপযুক্ত একটি ব্যবস্থা।

অপরদিকে মুসলিমদের দেশে বিভিন্ন সহায়তা কার্যক্রম ও উন্নয়ন প্রকল্পের আড়ালে এনজিওগুলোর বিদেশি কাফের প্রতিনিধিরা আমাদের সমাজে এসে কুফরী শক্তির নানান লক্ষ্য বাস্তবায়ন করে। তারা মুসলিম উম্মাহর ভূমিগুলোতে আমেরিকা ও [723]

মিত্রশক্তির জন্য ঠিকানা ও উপযুক্ত আশ্রয় তৈরি করে। সেই সঙ্গে গুপ্তচরবৃত্তি করেও তারা কাফেরদের পরিকল্পনা সফল করতে ভূমিকা রাখে।[101]

এক কথায় মুসলিম বন্দী এবং বিশেষ করে বন্দী মা-বোনদের মুক্তির জন্য আল-কায়েদার আমীর মুহতারাম কায়েদুল মুজাহিদীন আইমান আযা-যাওয়াহিরী রহিমাহুল্লাহর নির্দেশনা অনুযায়ী পাকিস্তানের বিভিন্ন শহর থেকে বিভিন্ন বিদেশি কাফেরকে গ্রেফতার করা হয়। বিদেশি বন্দীদের মধ্যে ছিল মার্কিন ইহুদী নাগরিক ওয়ারেন ওয়েইনস্টাইন (Warren weinstein)। তিনি সত্তরের দশক থেকেই মার্কিন সহায়তার নামে বিভিন্ন অঞ্চলে কাজ করে যাচ্ছিলেন এবং এরই মধ্যে আমেরিকার কয়েকটি নিকৃষ্ট মিশন বাস্তবায়নে ভূমিকা রেখেছিলেন। গ্রেপ্তার হবার সময় তিনি ইউএসএইড (USAID)-এর দক্ষিণ এশিয়া অঞ্চলের গুরুত্বপূর্ণ পদাধিকারী ছিলেন। একইভাবে ইতালির নাগরিক নাস্তিক গিয়োভানি লো পোর্তো (Giovanni Lo Porto) ছিল আরেকজন বন্দী। ব্রিটিশ সহায়তাকারী সংস্থার গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে সে পাকিস্তানে এসেছিল। শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহ এই বন্দীদের বিনিময়ে উম্মাহর কন্যা আফিয়া সিদ্দিকী (আল্লাহ তাকে কাফেরদের হাত থেকে মুক্তি দান করুন) সহ সকল মুসলিম বোনকে মুক্ত করার দাবি জানান।

[101] এই কাফেররা যদিও আমাদের দেশে আমাদের সরকার ও শাসকবর্গের অনুমতি নিয়ে আসে কিন্তু সরকার তো নিজেই ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধের কারণে নিরাপত্তা লাভের যোগ্য নয়; কারণ তাদের বিরুদ্ধে জিহাদ করা ফরজ, তাহলে কেমন করে অন্যদেরকে তারা নিরাপত্তা দিতে পারে? দ্বীনের সঙ্গে বিশ্বাসঘাতকতা করে অন্যদেরকে যে নিরাপত্তা দেবে, তা কেমন করে গ্রহণযোগ্য হতে পারে? এরপরেও যদি মেনে নেয়া হয় বিদেশি কাফেররা এক রকম নিরাপত্তা নিয়ে আমাদের দেশে এসেছে, তবু তো মুসলিম সমাজে ইসলাম বিরোধী কার্যকলাপ, ওই অঞ্চলের মুসলিম জনসাধারণের বিরুদ্ধে শাসকবর্গের যুদ্ধে অংশগ্রহণ এবং এমনই বিভিন্ন অপরাধের কারণে ওলামায়ে কেরামের সুস্পষ্ট মত অনুযায়ী তাদের নিরাপত্তা ব্যাহত হয়ে যায়। আল্লাহ তাআলা সর্বজ্ঞ। এ বিষয়ে আরো বিস্তারিত জানার জন্য শাইখ আইমান আল জাওয়াহিরি হাফিজাহুল্লাহর التبرئة গ্রন্থটি পাঠ করা উপকারী হবে।

কুরআনে কারীমের মুজেযা ও অলৌকিক শক্তি; বন্দীদের ইসলাম গ্রহণ

শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহর পক্ষ থেকে কঠোর নির্দেশ জারি করা হয়েছিল, কাফেররা নিঃসন্দেহে মুসলিমদের ওপর বন্দী অবস্থায় জুলুম-নির্যাতনের পাহাড় চাপিয়ে দেয় কিন্তু আমরা বন্দীদের সঙ্গে ইসলামী শিক্ষা অনুযায়ী ভালো ব্যবহার করবো। শায়খের নির্দেশনা অনুযায়ী মুজাহিদীন ওই বন্দীদের সম্ভাব্য সকল সুযোগ-সুবিধার ব্যবস্থা করেন। মুজাহিদীন নিজেরা হালকা- পাতলা খেয়ে দিন পার করতেন কিন্তু বন্দীদেরকে ভালো ভালো খাবার খাওয়াতেন। তাদের সুস্থতা ও বিশ্রামের প্রতি পুরোপুরি খেয়াল রাখতেন। মুজাহিদীনের নেতৃবৃন্দের পক্ষ থেকে আদেশ ছিল, কোনো সাথি যেন বন্দীদের সঙ্গে কঠোরতা বা মারপিট না করে। সাথিরা চেষ্টা করতেন ইসলামের সত্যতা তুলে ধরে তাদের অন্তরে ইসলামের মুহব্বত বসিয়ে দিতে। এই উদ্দেশ্যে কুরআনে কারীমের অনুবাদ পাঠ করতে তাদেরকে বলতেন এবং কখনও প্রসিদ্ধ মুবাল্লিগে ইসলাম জিহাদী দাওয়াতের সাধক ইয়ামেনের শায়খ আন্ওয়ার আল আওলাকী শহীদ রহিমাহুল্লাহর ইংরেজি দরসগুলো শোনাতেন।

শুরুতে বন্দীরা কুরআনে কারীমের অনুবাদ পাঠ করতে অনীহা প্রকাশ করে। সময় পার করার জন্য তারা বিভিন্ন বিনোদনের বস্তু দাবি করে; কিন্তু পরবর্তীতে মুজাহিদীনের আখলাক ও আচার-আচরণ দ্বারা প্রভাবিত হয়ে এবং দীন ইসলামের প্রতি তাদের অবিচল আস্থায় বিস্মিত হয়ে উভয় বন্দী কুরআনে কারীমের অনুবাদ নিজে থেকেই পাঠ করতে শুরু করেন।

এখানে আরও একটি কথা বলে রাখা ভালো। মুজাহিদীন কখনও বন্দীদেরকে ধর্ম পরিবর্তন করতে জোর-

[725]

জবরদস্তি করেননি। এমনটা করা উলামায়ে কেরামের দৃষ্টিতে আল্লাহর একটি আয়াতের বিরুদ্ধাচরণ বলে গণ্য। আয়াতটি হচ্ছে :

لَا إِكْرَاهَ فِي الدِّينِ

- অর্থ : দীনের বিষয়ে কোনো জোর জবরদস্তি নেই। (সূরা আল বাকারা , ০২: ২৫৬)

তবে মুজাহিদীন নম্রতার সাথে ভালো আচরণ করে তাদের হৃদয় ইসলামের প্রতি আকৃষ্ট করতে চেষ্টা করতেন এবং আল্লাহ তাআলার কাছে তাদের ইসলাম গ্রহণের জন্য দোয়া করতেন। আরও একটি বিষয় স্পষ্ট করে তাদেরকে জানিয়ে দিতেন , আপনারা ইসলাম গ্রহণ করলেও আপনাদের বন্দী অবস্থার পরিবর্তন হবে না।

কিন্তু মহান কুরআনের অলৌকিক শক্তি কিয়ামত পর্যন্ত বহমান থাকবে। কিছুদিন পরেই নাস্তিক ইতালিয়ান নাগরিক — যিনি কিছুদিন আগেও বিশ্ব জগতের কোনো রব থাকার কথা অস্বীকার করতেন ; সাথিরা যখন তাকে জিজ্ঞেস করেছিলেন : “এই দুনিয়ার কোনো রব রয়েছে ?” তখন তিনি মুচকি হেসে জবাব দিয়েছিলেন : “may be” (হতে পারে আছে); যে কাফের সকল আসমানি ধর্মের প্রতি নিরাশ হয়ে নাস্তিকতা কবুল করে নিয়েছিলেন — কুরআনে কারীম পাঠ করতে গিয়ে অস্থির হয়ে ওঠেন। এরপর একদিন কারাগারের শিকে আওয়াজ দিয়ে রক্ষী মুজাহিদকে বলে ওঠেন , আমাকে মুসলিম বানাও !

৭০ বছরের ইহুদী ওয়ারেন ওয়েইনস্টাইন যখন কুরআনে কারীম নিয়ে চিন্তা -ভাবনা করে ফলাফল পর্যন্ত পৌঁছেন , তখন রাতের শেষ প্রহরে পাশ ফিরতে ফিরতে হঠাৎ উঠে পড়েন , কারাগারের শিকে আওয়াজ করেন এবং রাত দুইটা বাজে দুজন প্রহরী মুজাহিদকে বলেন : আমাকে কালেমা পড়িয়ে মুসলিম বানাও। পাহারাদার ভাইয়ের মুখ থেকে সাথে সাথে তাকবীর বাণী বের হয়।

তিনি আনন্দ ও বিস্ময়ে ভরে তাকে বলেন: “চাচা এখন তো রাত! আগামীকাল শুক্রবার দিন সকালে উঠে গোসল করে ইসলাম কবুল করলেই তো ভালো হয়।” ওয়ারেন ওয়েইনস্টাইনের অন্তরে ঈমানের নূর চমকাচ্ছিলো। তিনি শান্ত কন্ঠে বলে ওঠেন: “যদি আমি এই রাতে মারা যাই তাহলে কি কাফির হয়ে দুনিয়া থেকে বিদায় নেব না? এমনটা কখনোই হতে পারে না, এজন্য রাতের এই শেষ প্রহরেই আমাকে ইসলামে প্রবেশ করাও।”

এককথায় মুজাহিদীনের মাঝে মার্কিন ইহুদী ওয়ারেন ওয়েইনস্টাইন হয়ে ওঠেন চাচা ইসহাক আল আমরিকি। ইতালিয়ান নাগরিক Giovanni Lo Porto হয়ে ওঠেন মুহাম্মদ ইতালাবি। তাদের ইসলাম গ্রহণে সকলের মাঝে আনন্দের বন্যা বয়ে যায়। রবের প্রতি এবং তাঁর প্রিয় কিতাবের প্রতি সকলের আস্থা বৃদ্ধি পায়। আল্লাহর পক্ষ থেকে এই মহান কারামতে সকলের মনোবল বৃদ্ধি পায়। এই বন্দীরা মুজাহিদীনের সঙ্গে থেকে তাদের অবস্থা খুব ভালোভাবে দেখেছেন। আমেরিকা ও পাকিস্তানি বিমান বাহিনীর হামলার সময় মুজাহিদীনের দুর্বলতা ও অসহায়ত্ব তারা প্রত্যক্ষ করেছেন। এমন অবস্থায় তাদের মাঝে মুসলিম হওয়ার আগ্রহ মুজাহিদীনের অন্তরে ইসলামের সত্যতার প্রতি আস্থা আরও বাড়িয়ে দেয়। সেই সঙ্গে কাফের বাহিনীর দুর্বলতা এবং ইসলামী লস্করের বিজয়ী হবার প্রতিও তারা আস্থাবান হয়ে ওঠে। চাচা ইসহাক অপারেশনের কিছুদিন আগেই মুসলিম হয়ে গিয়েছিলেন কিন্তু ভাই মুহাম্মদ ইতালাবী বোম্বিং চলা অবস্থায় ইসলাম গ্রহণ করেন। আল্লাহ তাআলা তাদের উভয়ের প্রতি সন্তুষ্ট হোন এবং তাদের উপর রহম করুন, আমীন।

মার্কিন বন্দী ওয়ারেন ওয়েইনস্টাইনের নিরাপত্তা ও অন্যান্য ব্যবস্থাপনা বিষয়ের দায়িত্বশীল উস্তাদ উসামা মাহমুদ হাফিযাহুল্লাহ চাচা ইসহাকের ইসলাম গ্রহণের পরবর্তী অবস্থা সম্পর্কে [727]

বলেছেন: “চাচা ইসহাকের মুসলিম হবার পর যখন আমি তার কেন্দ্রে যেতাম, তখন চাচা ইসহাক এবং পাহারাদার ভাইদের মুহব্বত ও সম্পর্ক দেখে কখনও মনে হতো, একজন স্নেহশীল পিতা তার অত্যন্ত আদরের ছেলেদের সঙ্গে সময় কাটাচ্ছেন। চাচা কুরআনে কারীমের সঙ্গে অতি মুহব্বতের কারণে খুব অল্প সময়ের মাঝে আরবী শেখেন। এরপর যখন ভাষাগত দিক থেকে কুরআনের আয়াতগুলো তিনি বিশ্লেষণ করতেন এবং সাথে থাকা ভাইয়েরা আরবী নিয়ম-কানুনের ছোটো ছোটো ভুলগুলো মজা করে মুচকি হেসে ঠিক করে দিতেন, তখন মনে হতো, কুরআনের সঙ্গে তার সম্পর্ক নতুন নয়; অনেক দিনের।”

মুজাহিদীনের নেতৃবৃন্দ চাচা ইসহাকের ইসলাম গ্রহণের কারণে এতটা আনন্দিত হন যা ভাষায় প্রকাশ করার মতো নয়। অথচ বস্তুবাদী বিচারে এতে তাদের ক্ষতি হয়েছিল। কারণ ইসলাম গ্রহণের পর কোনো অবস্থাতেই তাকে হত্যা করা যাবে না; অথচ কাফের বন্দীদেরকে ফুকাহায়ে কেরামের মত অনুযায়ী জিহাদী কল্যাণ বিবেচনায় হত্যা করার সুযোগ রয়েছে। কিন্তু মুজাহিদীন কাফেরদেরকে হত্যা করার দ্বারা যতটা আনন্দিত হন, তাদের ইসলাম কবুল করার দ্বারা আনন্দিত হন তার চেয়ে বেশি। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওপর শতশত দরূদ ও সালাম। মুজাহিদীন প্রিয় নবীর উম্মাহর মাঝে একজন নতুন সদস্য পেয়ে অধিক আনন্দিত হন। এ কারণে সকল মুজাহিদের অন্তরে চাচা ইসহাকের প্রতি ভালোবাসা স্থান করে নেয়। সকলেই তার নেতৃত্ব মেনে নেন। এমনকি কায়েদে জিহাদ শায়খ আইমান আয-যাওয়াহিরী রহিমাহুল্লাহ নিজে চাচা ইসহাক রহিমাহুল্লাহর সঙ্গে পত্রবিনিময় করেন এবং বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন। এই সম্পর্কে উস্তাদ উসামা মাহমুদ হাফিযাহুল্লাহ যা বলেছেন তা কিছুটা নিম্নরূপ:

[728]

